যৎ কিঞ্চিৎ কুরুতে ভৃত্যঃ	১১৮
যৎ শক্তৈব বহন্ত্যন্তঃ	৫৪
যত্রোদকং তত্র বসন্তি হংসাঃ	২০৯
যথা ক্রমেণ গৃহ্ণন্তি	১২২
যথা কাষ্ঠঞ্চ কাষ্ঠঞ্চ	২৫১
যথা খরশ্চন্দনভারবাহী	১০৬
যথা খাত্বা খনিত্রেণ	৩১৫
যথা চতুর্ভিঃ কনকং পরীক্ষ্যতে	১০৯
যথা ধেনুসহস্রেণ	৩১৬
যথা যথাহি পুরুষঃ	২৩৮
যদর্জ্জিতং প্রাণহরৈঃ	৪০
যদি নিত্যমনিত্যেন	৩৬২
যদি ভবতি বিহীনঃ	৬৭
যদি যাস্যসি নাথ নিশ্চিতং	২৫২

বিষয়াঃ	পত্রাঙ্কাঃ
যদি রামা যদি রমা	৩৫০
যদ্বিত্তাঢ্যাঃ প্রথলপুরুষাঃ	২০১
যদীচ্ছেৎ পুনরাগন্তুং	২৪৩
যদীচ্ছসি শীবকর্ত্তুং	৩২৮
যদীচ্ছেচ্ছাশ্বতীং প্রীতিং	১৭৯
যদ্দূরং যদ্দুরারাধ্যং	৩৪৭
যন্ন নির্য্যাস্ত্রণসুখং	২৩১
যন্মনোরথগতেরগোগচরং	১৭২
যয়োরেব সমং বিত্তং	৫৮
যস্য চিত্তং দ্রবীভূতং	২৯৪
যস্য ত্রিবর্গশূন্যানি	২২৫
যস্য নাস্তি স্বয়ং প্রজ্ঞা	২৬৮
যস্য পুত্রো বশীভূতো	২৪
যস্য পুত্রো ন বিদ্বাংসঃ	১৯৩
যস্য ভার্য্যা বিরূপাক্ষী	৮
যস্য ভার্য্যা সদা তুষ্টা	৮
যস্য যস্য হি যো ভাবঃ	৩৪
যস্য স্নেহো ভয়ং তস্য	৩১১
যস্য হস্তৌ চ পাদৌ চ	১৬৫
যস্যার্থাস্তস্য মিত্রাণি	১৭২
যস্যোপায়সহস্রেণ	২৭৭
যস্মাচ্চ প্রিয়মিচ্ছেত্তু	৩২৮
যস্মিন্ কর্ম্মণি সিদ্ধেঽপি	৪৩৩৭৬
যস্মিন্ দেশে ন সম্মানং	২০
যস্মিন্ রুষ্টে ভয়ং নাস্তি	২৬৬

বিষয়াঃ	পত্রাঙ্কাঃ
যাতু ভার্য্যা শুচির্দক্ষা	১৪
যান্তি ন্যায়প্রবৃত্তস্য	২১৬
যাবৎস্বস্থমিদং শরীরমজরং	১০৪
যাবৎস্বস্থো হ্যয়ং দেহঃ	৯৭
যুগান্তে প্রচলেন্মেরুঃ	২৮৯
যুদ্ধেষু ভাগ্যচপলেষু	৬৫
যে তাবন্মলয়োপকণ্ঠ	৭৩
যে তু সংবৎসরং পূর্ণং	২৯০
যেন কেন হি পুষ্পেণ	১৯৮
যেন সম্যগধীতেন	২
যেনার্জ্জিতাঃ স্ত্রিয়ো ভৃত্যাঃ	১০৭
যে বালভাবেন পঠন্তি বিদ্যাং	৪৫
যেষাং ন বিদ্যা ন তপো ন দানং	২৬৪
যেষাং শ্রীমদ্ যোশোদা	৩০১
যোঽত্তি যস্য যদা মাংসং	৩৭০
যো ধ্রুবাণি পরিত্যজ্য	২২
যো মোহান্মন্যতে মূঢ়ঃ	৩৩৫
যো হি মানুষ্যমাসাদ্য	১৫৫
যৌবনং জরয়া গ্রস্তং	১৩৬
র।	
রক্ষং করোতি রাজানং	২১০
রজ্জোরপ্যুপরি ভ্রমন্তি	৮৮
রহস্যভেদং পৈশুন্যং	৩
রাজপত্নী গুরোঃ পত্নী	১৩০
রাজা কুর্ব্বীত ধর্ম্মেণ	৮৫

বিষয়াঃ	পত্রাঙ্কাঃ
রাজা রাষ্ট্রকৃতং পাপং	১৭০
রাজা বেশ্যা যমশ্চাগ্নিঃ	৩২৫
রাজ্ঞি ধর্ম্মিণি ধর্ম্মিষ্ঠাঃ	৩১৪
রূপযৌবনসম্পন্নাঃ	৫৬
রূপ্যং বশৈশ্চর্বলং ভূত্যৈঃ	৯২
রেরে চাতক পাতিতোহসি	২৫৪
রোগী চিরপ্রবাসী	৩৭৫
ল।	
লক্ষ্মীর্লক্ষণহীনোহস্তি	২১২
লঙ্ঘয়েচ্ছাস্ত্রমর্য্যাদাং	৮৮
লজ্জাবতঃ কুলীনস্য	২৫৬
লব্ধব্যান্যেব লভতে	১৫১
লব্ধে জ্ঞানে গুরুং দ্বেষ্টি	৫৪
লব্ধা জন্ম সহশ্রিয়া	১৩৯
লাক্ষাদিতৈলনীলিনাং	২৮৬
লালনাৎ বহবো দোষাঃ	২৮
লালয়েৎ পঞ্চবর্ষাণি	৮২
লাবণ্যদ্রবিণব্যয়ো ন	২৫০
লিঙ্গপূজনধর্ম্মাত্মা	৮৫
লুব্ধকেন বনং গত্বা	৯০
লুব্ধমর্থেন গৃহ্নীয়াৎ	১৭২
লুব্ধানাং যাচকঃ শত্রুঃ	২৬৯
লেখকঃ পাঠকশ্চৈব	১১৩
লোকযাত্রা ভয়ং লজ্জা	২০
লোকা যথা কিল তথা	৯০

বিষয়াঃ	পত্রাঙ্কাঃ
লোভশ্চেদগুণেন কিং	৩৩৮
লৌকিকে কর্ম্মণি রক্তঃ	২৮৬
ব	
বজ্রাদ্ বজ্রকৃতং প্রণশ্যতি ভয়ং	১৩২
বণিক্ প্রমাদী ভৃতকশ্চ মানী	২২৪
বয়সঃ পরিণামেহপি	৩১০
বরং দরিদ্রঃ শ্রুতিশাস্ত্রপাটবং	৩৪
বরং ন রাজ্যং ন কুরাজ	১৭১
বরং নরঃ সৎপুরুষাবমানিতঃ	৬৭
বরং বনং বরং ভিক্ষা	৩৩
বরং বিন্ধ্যাটব্যামনশন	১৩৩
বরং প্রাণপরিত্যাগঃ	৩৩৪
বরং বনে ব্যাঘ্রগজেন্দ্র	২৬৩
বরং হি নরকে বাসঃ	৩৩
বরয়েৎ কুলজাং প্রাজ্ঞঃ	২২
বর্জ্জয়েৎ ক্ষুদ্রসংবাদং	৩
বল্মীকং মধুজালাঞ্চ	১২২
বশ্যাঃ পুত্রাশ্চ ভৃত্যাশ্চ	১০৭
বশ্যাঃ সুতা বিত্তকরী চ বিদ্যা	২২৯
বাচাং শৌচঞ্চ মনসঃ	২০৬
বাজিনো যত্র তত্রাহং	১৯৫
বাজিবারণমূষাণাং	৭৪
বাপীকূপতড়াগানাং	২৮৭
বাহুবীর্য্যবলং রাজ্ঞঃ	২০৩

বিষয়াঃ	পত্রাঙ্কাঃ
বিত্তং দেহি গুণান্বিতেষু	২৫৭
বিত্তায়ত্তাঃ সদা ধর্ম্মাঃ	৯২
বিত্তেন রক্ষ্যতে ধর্ম্মঃ	১২১
বিদগ্ধবনিতাপাঙ্গ	২৫১
বিদ্যাঘাতোঽনভ্যাসঃ	৩৭৩
বিদ্যা নাম নরস্য	৩৫
বিদ্যা মিত্রং প্রবাসেষু	১২৯
বিদ্যার্থী সেবকঃ পান্থঃ	২৭২
বিদ্বত্ত্বঞ্চ নৃপত্বঞ্চ	৩৭
বিদ্বান প্রশস্যতে লোকে	২৬১
বিদ্বানেব হি জানাতি	৩২৩
বিধেঃ কন্যাযুগ্মং	২১৩
বিনয়ং রাজপুত্রেভ্যঃ	৩০৫
বিন্ধ্যাঃ পুরা রবিরথাবধি	২৮৭
বিপদি ধৈর্য্যমথাভ্যুদয়ে	২১৪
বিপ্রয়োর্বিপ্রবহ্ন্যোশ্চ	১৮০
বিপ্রাস্মিন নগরে	৩৩৫
বিপ্রো বৃক্ষস্তস্য মূলঞ্চ সন্ধ্যা	২৭৩
বিমাননং দুশ্চরিতানুকীর্ত্তনং	২৩০
বিবেকিনমনুপ্রাপ্তা	৩০৮
বিষং বেশ্ম দরিদ্রস্য	১৮৯
বিষাদপ্যমৃতং গ্রাহ্যং	২৩
বীণা বংশশ্চন্দনং	২১৪
বৃক্ষং ক্ষীণফলং	৩১
বৃথা বৃষ্টিঃ সমুদ্রেষু	১২৫
বৃদ্ধকালে মৃতা ভার্য্যা	২২৩
বৃদ্ধঃ প্রসিদ্ধো বিবুধো	৯৪
বৃদ্ধাং স্ত্রিয়ং নবং মদ্যং	১৮৯
বেদবেদাঙ্গতত্ত্বজ্ঞঃ	১১৩
বৈরিণা সহ সন্ধায়	২১০
ব্যাঘ্রীব তিষ্ঠতি জরা	১০৩
ব্যাধস্যাচরণং ধ্রুবস্য	৩৪৪
ব্যায়ামিকোঽস্মি	৩২২
ব্যালাশ্রয়াপি বিকলাপি	৩৫৩
ব্যালী কণ্ঠপ্রদেশে	১০

শ।

বিষয়াঃ	পত্রাঙ্কাঃ
শকটং পঞ্চহস্তেন	১৩০
শক্যো বারয়িতুং	৫৬
শঙ্কনীয়ো হি সৌমিত্রে	১৮১
শত্রোরপত্যানি বশং গতানি	৭৪
শতাৎ স্যাদ্ বিকলো মিত্রং	১৭৮
শনৈঃ কন্থা শনৈঃ পন্থাঃ	৪৪
শরীরস্য গুণানাঞ্চ	৩৬২
শর্ব্বরীভূষণং চন্দ্রঃ	৩৫৬
শশিনি খলু কলঙ্কঃ	১৬৯
শশিদিবাকরয়োর্গ্রহপীড়নং	১৪৩
শাকেন রোগাবর্দ্ধন্তে	২৭৪
শাঠ্যেন মৈত্রং কপটেন	২০৮
শান্তিতুল্যং তপো নাস্তি	২৪০

বিষয়াঃ	পত্রাঙ্কাঃ
শাশ্বতং বিধিবদ্ধানং	৪৪
শাস্ত্রঞ্চ হন্যতে কাব্যৈঃ	১৫২
শিক্ষয়ন্তি ন যাচন্তি	৩৭৬
শিরঃ সুধৌতং চরণৌ সুনির্ম্মলৌ	১৯৫
শিরসা ধার্য্যমাণেন	৩৪২
শিশুরপি নিপততি সিংহঃ	৭১
শীতভীতশ্চ বিপ্রশ্চ	৩৪৫
শীতমুষ্ণং ক্ষুধা তৃষ্ণা	১৬০
শীতলং চন্দনং লোকে	২৬৫
শীতলাং চন্দনং লোকে	২৬৫
শীতাংশৌ যদি সৌরতং	২৪৯
শীলেন হি ত্রয়ো লোকাঃ	৩৬৬
শুদ্ধভূমিগতং তোয়ং	২৬০
শুনঃ পুচ্ছমিব ব্যর্থং	২০৫
শুষ্কং মাংসং পয়ো মীনং	১৯০
শুষ্কমাসং স্ত্রিয়ো বৃদ্ধা	১৯০
শূর্পবাতং নখাগ্রাম্বু	১৯৮
শৈলে শৈলে ন মাণিক্যং	২৭
শোকস্থানসহস্রাণি	৩৫৫
শোকারাতিভয়ত্রাণং	১৭৭
শ্মশানান্তে রতেরন্তে	৩০৬
শ্রুতং দৃষ্টং স্পৃষ্টং	২৪৭
শ্রুত্বা ধর্ম্মং বিজানাতি	১৪৮
শ্রূয়তাং ধর্ম্মসর্ব্বস্বং	৩
শ্লোকেন বা তদর্দ্ধেন	২৮

বিষয়াঃ	পত্রাঙ্কাঃ
ষ।	
ষট্‌কর্ণো ভিদ্যতে মন্ত্রঃ	২০৭
ষণ্মাসমথবা বর্ষং	১১৮
স।	
সংসারকটুবৃক্ষস্য	২৯৪
সংসারতাপদগ্ধানাং	৯৭
স এব গুণবান্ ধন্যঃ	২৭৭
স এবায়ং পার্থঃ	১৪৪
সকৃজ্জল্পন্তি রাজানঃ	১০০
সকৃদ্দুষ্টঞ্চ যো মিত্রং	৬২
সঙ্ঘাতঃ শ্রেয়সো মূলং	১৮৩
সঞ্চিতং ক্রতুষু	৩৯
সঞ্চিতং নিহিতং ভূমৌ	৪০
স জাতো যেন জাতেন	২৩৪
স জীবতি গুণা যস্য	৩০৯।৩৬১
সৎকুলে যোজয়েৎ কন্যাং	৫১
সৎসঙ্গঃকেশবে ভক্তিঃ	৩৬৩
সৎসঙ্গাৎ ভবতি হি	২৯২
সততং দানধর্ম্মা চ	১৪
সততং মঙ্গলৈর্যুক্তা	১৩
সত্যং মনোরমঃ কামঃ	১০৫
সত্যং মাতা পিতা জ্ঞানং	৩০১
সত্যেন ধার্য্যতে পৃথ্বী	১২৯
সদ্বৃত্তোঽপ্যেষ জাত্যাং	৭০
সদ্ভিরাসীত সততং	১২০

বিষয়াঃ	পত্রাঙ্কাঃ
সৱাঙ্গুষ্টাল্পসন্তুষ্টা	১৩
সদৃশে পুরুষত্বেহপি	১৪৫
সদ্যঃ পক্বং ঘৃতং দ্রাক্ষা	১৯১
সদ্যঃ প্রজ্ঞাহরী তুম্বী	৩৫০
সদ্যো বলকরাণ্যাহুঃ	১৯১
সন্তঃ সন্তোষশৃঙ্গস্থা	২৭৯
সন্তোষামৃততৃপ্তানাং	১৯১
সন্তোষস্ত্রিষু কর্ত্তব্যঃ	১৮৩।৩১৭
সন্তোষৈশ্বর্য্যসুখিনাং	২৫৭
সন্তোহপি ন প্রকাশন্তে	৩০৭
সন্ধ্যায়াং গর্জ্জিতে মেঘে	১৯২
সন্ধৌ বিরোধে দানে চ	৮৬
সফলত্বং সপক্ষত্বং	৩১
স বন্ধুর্যো হিতং যুঙ্ক্তে	৫
সমস্তৈর্নায়কগুণৈঃ	২৫৩
সমানি সমশীর্ষাণি	১১১
সমানে শোভিতে প্রীতিঃ	৩২
সমুদ্রাবরণা ভূমিঃ	৩৬৫
সম্ভূতঃ পঞ্চধা কায়ঃ	১৩৬
সর্পঃ ক্রূরঃ খলঃ ক্রূরঃ	৩৫৮
সর্ব্বমেব পরিত্যজ্য	৩২
সর্ব্বং পরবশং দুঃখং	১৫৩
সর্ব্বাঃ সম্পত্তয়স্তস্য	২৩৭
সর্ব্বেষামেব শৌচানাং	১৬৪
সর্ব্বে ক্ষয়ান্তা উদয়াঃ	২৫৫

বিষয়াঃ	পত্রাঙ্কাঃ
সর্ব্বেষামেব রত্নানাং	২৪৬
সর্ব্বৌষধীনামমৃতা প্রধানা	২৬৫
সহবসতামপ্যসতাং	৬১
সহবর্দ্ধিতয়োর্নাস্তি	১৩৫
সাধয়তি যৎপ্রয়োজনং	২২৩
সাধুনাং দর্শনং পুণ্যং	২৯০
সানন্দং সদনং	২৯৩
সাধুভাস্তে নিবর্ত্তন্তে	৯৬
সাধ্বী সুশীলসম্পন্না	১২
সা ভার্য্যা যা গৃহে দক্ষা	১১।১২
সা ভার্য্যা যা প্রিয়ং ব্রূতে	১১
সা ভার্য্যা যা শুচির্দক্ষা	১০১
সিংহাদেকং বকাদেকং	১৭৩
সিংহিকাসুতসন্ত্রস্তঃ	৩৪১
সুখং স্বপিতি নিশ্চিন্তঃ	২৩১
সুখস্যানন্তরং দুঃখং	১৫৩
সুখার্থী চেত্ত্যজেদ্‌বিদ্যা	২৬৭
সুবর্ণপুষ্পাং পৃথিবীং	২৭৬
সুশ্রান্তোহপি বহেদ্‌ভারং	১৭৫
সুহৃদি নিরন্তরচিত্তে	১৭৮
সুভিক্ষং কৃষকে নিত্যং	৩৬৬
সুসিদ্ধমৌষধং ধর্ম্মং	৩৩২
সেবিতব্যো মহাবৃক্ষঃ	৩৬৩
স্কন্ধেনাপি বহেচ্ছত্রুং	১৭৬
স্ত্রীণাং দ্বিগুণ আহারঃ	২৩

বিষয়াঃ	পত্রাঙ্কাঃ
স্ত্রীসঙ্গমে তথা গীতে	১৮২
স্থানভ্রষ্টা ন পূজ্যন্তে	২৪২
স্থানং প্রধানং ন বলং প্রধানং	৩৪২
স্থানস্থিতস্য পদ্মস্য	৩২
স্থানেষ্বেব নিযোজ্যানি	৫৯
স্থিরঃ সুহৃদ্ভৃত্যচয়োঽনুকূলঃ	২৩২
স্নানং নাম মনঃপ্রসাদজননং	১৯৮
স্নিগ্ধং পশ্যতি সুস্মিতং	২৩০
স্ফুলিঙ্গালিঙ্গনাৎ ক্রুদ্ধঃ	১৮
স্বচ্ছং সজ্জনচিত্তবৎ	৩২৬
স্বচ্ছন্দবনজাতেন	৩৭১
স্বকর্ম্মধর্ম্মার্জ্জিতজীবিকানাং	৪৯
স্বগৃহেঽপি দরিদ্রাণাং	৯৪
স্বভাবেন হি তুষ্যন্তি	৩১১
স্বয়ং কর্ম্ম করোত্যাত্মা	১৪৭
স্বর্গস্থিতানামিহ জীবলোকে	২০৩
স্বর্গাপবর্গয়োঃ পুংসাং	৩৪৪
স্বহস্তগ্রথিতা মালা	২৭৫
হ।	
হংসো ন ভাতি	৩২৪
হতং জ্ঞানং ক্রিয়াহীনং	২৩৩
হতমশ্রোত্রিয়ং শ্রাদ্ধং	৩৭২
হস্তর্যাতি ন গোচরং	৩৬
হস্তস্য ভূষণং দানং	৩৫৭
হস্তী স্থূলতনুঃ	২৯৫
হস্তীহ্যঙ্কুশ মাত্রেণ	১৮৬
হস্তৌ দানবিবর্জ্জিতৌ	২৯৮
হিত্বা বান্ধবসন্নিধিং	৩৪০
হেলা স্যাৎ কার্য্যনাশায়	৩৬০

শ্লোক-সূচী সমাপ্তঃ।

শ্লোক-সংখ্যাসূচী

অধ্যায়াঃ			শ্লোকাঃ
প্রথমঃ	...	...	৬৪
দ্বিতীয়ঃ	...	...	৬৩
তৃতীয়ঃ	...	...	৭৮
চতুর্থঃ	...	...	৭১
পঞ্চমঃ	...	...	৬৭
ষষ্ঠঃ	...	...	১১৩
সপ্তমঃ	...	...	১১০
অষ্টমঃ	...	...	১১৫
নবমঃ	...	...	২৩
দশমঃ	...	...	৪৬
একাদশঃ	...	...	৪৪
দ্বাদশঃ	...	...	৩০
ত্রয়োদশঃ	...	...	৩৭
চতুর্দ্দশঃ	...	...	৩৯
পঞ্চদশঃ	...	...	১৬
ষোড়শঃ	...	...	৬০
সপ্তদশঃ	...	...	২৪
	মোট	...	১০০০

বৃদ্ধ-চাণক্যঃ

প্রথমঃ অধ্যায়ঃ।

মঙ্গলাচরণম্।

(১)

একদন্তং ত্রিনয়নং জ্বালানলসমপ্রভম্।
গণাধ্যক্ষং গজমুখং প্রণমামি বিনায়কম্॥

উজ্জ্বল অনল-তুল্য, লোহিত বদন,
একদন্ত ত্রিনয়ন দেব গজানন।
সেই গণপতি-পদে করি নমস্কার,
বিনায়ক বিঘ্ন দূর করুন আমার॥

(২)

প্রণম্য শিরসা বিষ্ণুং ত্রৈলোক্যাধিপতিং প্রভুম্
নানাশাস্ত্রোদ্ধৃতং বক্ষ্যে রাজনীতি-সমুচ্চয়ম্॥

ত্রিলোক-পালক বিষ্ণু সর্ব্ব-শক্তিমান,
নতশিরে নমি তাঁরে হ'য়ে ভক্তিমান্।
নানা শাস্ত্র-উপদেশ করিয়া উদ্ধার,
বর্ণন করিব রাজনীতি নীতিসার॥

গ্রন্থোপযোগিতা।

(৩)

অধীত্যেদং যথাশাস্ত্রং নরো জানাতি সত্তমঃ।
ধর্ম্মোপদেশবিখ্যাতং কার্য্যাকার্য্যং শুভাশুভম্॥

করে যে এ গ্রন্থ যথাবিধি অধ্যয়ন,
মানবে সত্তম বলি তাহার গণন।
কি অশুভ কিবা শুভ কার্য্য কি অকার্য্য,
এই গ্রন্থ-জ্ঞানে তাহা হইবে নির্দ্ধার্য্য॥

(৪)

যেন সম্যগধীতেন প্রজ্ঞা বিস্তরতো নৃণাম্।
সত্যশীলরতো নিত্যং হিংসাক্রোধবিবর্জ্জিতঃ॥

করিয়া নিবিষ্টচিত্তে ইহা অধ্যয়ন,
জ্ঞানের বিস্তৃতি লাভ করে জনগণ।
নিত্য সত্য শৌচে রত অবশ্য সে হয়,
হিংসা ক্রোধ দূরে তার যায় সুনিশ্চয়॥

(৫)

তদহং সম্প্রবক্ষ্যামি লোকানাং হিতকাম্যয়া।
যস্য বিজ্ঞানমাত্রেণ সর্ব্বজ্ঞত্বং প্রপদ্যতে॥

কামনা করিয়া ত্রিলোকের উপকার,
বর্ণিব সমস্ত নীতি করিয়া বিস্তার।
যাঁর ইথে থাকে সদা সমুজ্জ্বল জ্ঞান,
সংসারে সর্ব্বজ্ঞ বলি তাঁহার আখ্যান॥

নীতি-কথারম্ভঃ।

(৬)

শ্রূয়তাং ধর্ম্ম-সর্ব্বস্বং শ্রুত্বা চৈবোপধারয়েৎ।
আত্মনঃ প্রতিকূলানি ন পরেষাং সমাচরেৎ॥

নিয়ত ধর্ম্মের মর্ম্ম করিবে শ্রবণ,
শ্রবণ করিয়া তাহা করিবে ধারণ।
নিজের অপ্রিয় যাহা নিশ্চয় বুঝিবে,
তাহার প্রয়োগ পর প্রতি না করিবে॥

অবশ্য-বর্জ্জ্যম্।

(৭)

রহস্যভেদং পৈশুন্যং পরদোষানুকীর্ত্তনম্।
কলহং পরনিন্দাঞ্চ দূরতঃ পরিবর্জ্জয়েৎ॥

গুপ্ত মন্ত্রণার ভেদ, খল-ব্যবহার,
কলহ অথবা পর-নিন্দার প্রচার।
সত্য মিথ্যা অপরের দোষ-সংকীর্ত্তন,
সকল প্রযত্নে দূরে করিবে বর্জ্জন॥

(৮)

বর্জ্জয়েৎ ক্ষুদ্রসংবাদমরিষ্টস্য চ দর্শনম্।
বিবাদং সহ মিত্রেণ প্রীতিঞ্চ সহ শত্রুভিঃ॥

ক্ষুদ্র জন সহ না করিবে আলাপন,
না করিবে অমঙ্গল বস্তু দরশন।
বিবাদ মিত্রের সনে কভু না করিবে,
শত্রু সনে মিত্রতাও অবশ্য ত্যজিবে॥

(৯)

পরবাদং পরস্বেচ্ছাং পরিহাসং পরস্ত্রিয়া।
পরবেশ্মনি বাসঞ্চ ন কুর্ব্বীত কদাচন॥

বিবাদ পরের সনে পরগৃহে বাস,
পরের রমণী সহ হাস্য-পরিহাস।
আর না করিবে কভু পরস্বহরণ,
এই চারি কার্য্য যত্নে করিবে বর্জ্জন॥

অবশ্য-পাল্যম্।

(১০)

উত্তমৈঃ সহ সঙ্গঞ্চ পণ্ডিতৈঃ সহ সৎকথা।
অলুব্ধৈঃ সহ মিত্রত্বং কুর্ব্বাণো নাবসীদতি॥

উত্তম জনের সনে সংসর্গ করিলে,
পণ্ডিতের সহ সদা সৎকথা কহিলে।
করিলে নির্লোভ সহ মিত্রতা-স্থাপন,
সে জন না হয় কভু অশুভ-ভাজন॥

মিত্র-লক্ষণম্।

(১১)

পরোঽপি হিতবান্ বন্ধুর্বন্ধুরপ্যহিতঃ পরঃ।
অহিতো দেহজো ব্যাধির্হিতমারোগ্যমৌষধম্॥

পরও করিলে হিত বন্ধু বলি তায়,
অহিত করিলে বন্ধু শত্রু হয়ে যায়।
দেহ হ'তে জাত ব্যাধি না হয় আপন,
বনজ ঔষধ করে আরোগ্য-সাধন॥

(১২)

স বন্ধুর্যো হিতং যুঙ্‌ক্তে স পিতা পুত্রপোষকঃ।
তন্মিত্রং যত্র সদ্‌ভাবঃ স দেশো যত্র নির্বৃতিঃ॥

তিনি বন্ধু—যিনি হিত করেন সাধন,
তিনি পিতা—যিনি পুত্রে করেন পালন।
তিনি মিত্র—যাঁতে হয় সদ্ভাব-স্থাপন,
তারে বলি দেশ—যাহা শান্তির কারণ॥

(১৩)

জীবনে যস্য জীবন্তি মিত্রাণীষ্টাঃ সবান্ধবাঃ।
সফলং জীবিতং তস্য আত্মার্থে কো ন জীবতি॥

মিত্রের জীবনে যিনি নিজে প্রাণবান্,
তাঁহারেই মিত্র ব'লেছেন মতিমান।
সেই মিত্র-লাভে হয় সফল জীবন,
যে চায় নিজের প্রাণ সেত' সাধারণ॥

কাল-কুশলতা।

(১৪)

কালেন রিপুণা সন্ধিঃ কালে মিত্রেণ বিগ্রহঃ।
কালং করণমাশ্রিত্য কালং ক্ষিপতি পণ্ডিতঃ॥

শত্রু সহ সন্ধি কার্য্যে পরিণত হয়,
অনুষ্ঠিত করে যদি বুঝিয়া সময়।
মিত্র সহ বিগ্রহও যথাকালে হ'লে,
অবশ্যই সে বিগ্রহে সদ্য ফল ফলে।

অতএব কালে জানি প্রধান সাধন,
পণ্ডিত প্রতীক্ষা তার করে অনুক্ষণ॥

(১৫)

কালে সংবর্দ্ধতে বীজং কালে গর্ভং প্রমুঞ্চতি।
কালো জনয়তে পুত্রং পুনঃ কালোঽপি সংহরেৎ॥

যথাকালে হয় বীজ গর্ভে সংবর্দ্ধিত,
কালে সেই গর্ভ হয় ভূমিতে পতিত।
কালের প্রভাবে পুত্র কন্যা জন্ম লয়,
কালের কৌশলে তারা পুনঃ পায় লয়॥

(১৬)

কালাৎ প্ররোহতি বিশ্বং পুনঃ কালঃ প্রবর্ত্ততে।
স্থূলসূক্ষ্মগতিঃ কালো বিবিধং তস্য চোচ্যতে॥

কাল হ'তে এই বিশ্ব হয় অঙ্কুরিত,
কালের প্রভাবে হয় পুনঃ বিবর্দ্ধিত।
স্থূল সূক্ষ্ম আদি নানা কালেরই গতি,
অতএব কাল হয় সবার নিয়তি॥

(১৭)

কঃ কালঃ কানি মিত্রাণি কো দেশঃ কৌ ব্যয়াগমৌ
কস্যাহং কা চ মে শক্তিরিতি চিন্ত্যং মুহুর্ম্মুহুঃ॥

কোন্ কালে কোন্ কাজ হয় সুবিহিত,
কি প্রকার মিত্র হ'তে হয় সদা হিত।
কোন্ দেশ শুভপ্রদ কিবা আয়-ব্যয়,
আমি কার কত শক্তি আমার সঞ্চয়।
এইরূপ চিন্তা যদি করে বার বার,
তবেই সহজ হয় কঠিন সংসার॥

(১৮)

কালঃ পচতি ভূতানি কালঃ সংহরতে প্রজাঃ।
কালঃ সুপ্তেষু জাগর্ত্তি কালো হি দুরতিক্রমঃ॥

সকল প্রাণীরে কাল কালে জীর্ণ করে,
কাল হ'লে প্রজাকুল সমূলে সংহরে।
সকলে হ'লেও সুপ্ত কাল জাগরিত,
কালেরে দুরতিক্রম জানিবে নিশ্চিত॥

দাতুরদাতুশ্চ লক্ষণম্।

(১৯)

অদাতা পুরুষস্ত্যাগী ধনং সন্ত্যজ্য গচ্ছতি।
দাতারং কৃপণং মন্যে মৃতোঽপ্যর্থং ন মুঞ্চতি॥

অদাতা পুরুষ ত্যাগী বলে গণ্য হয়,
এখানেই ধন রেখে যায় যমালয়।
দাতা দান-পুণ্য লয়ে পরলোকে যায়,
এ কারণ তারে বলে কৃপণ সবায়॥

অপাত্রে প্রয়োগফলম্।

(২০)

মূর্খশিষ্যোপদেশেন দুষ্টস্ত্রীভরণেন চ।
দুঃখিতৈঃ সম্প্রয়োগেণ পণ্ডিতোঽপ্যবসীদতি॥

মূর্খ শিষ্যগণে উপদেশ বিতরণ,
আর দেখ, দুষ্টভার্য্যা ভরণ-পোষণ।
দরিদ্র জনের সনে ধনের প্রয়োগ,
বিজ্ঞও অবশ্য ইথে করে দুঃখভোগ॥

অপচয়-হেতূক্তিঃ ।

(২১)

নারী নশ্যতি রূপেণ তপঃ ক্রোধেন নশ্যতি ।
স্নেহো দূরপ্রবাসেন শূদ্রান্নেন দ্বিজোত্তমঃ ॥

সৌন্দর্য্য-গৌরবে নারী প্রায় হয় নষ্ট,
অতিক্রোধে তপস্বীর তপ হয় ভ্রষ্ট ।
দূরদেশবাসে স্নেহচ্ছেদ প্রায় হয়,
শূদ্রান্নভোজনে দ্বিজ নষ্ট সুনিশ্চয় ॥

কুনারী-লক্ষণম্ ।

(২২)

যস্য ভার্য্যা বিরূপাক্ষী কশ্মলা কলহপ্রিয়া ।
উত্তরোত্তরদাত্রী চ সা জরা ন জরা জরা ॥

বিরূপ-নয়না আর কলহকারিণী,
মুখে মুখে প্রতিকূল উত্তরদায়িনী ।
যে ভার্য্যা বিবেকহীনা কিংবা কদাচারা,
তারেই জানিবে জরা—জরা নহে জরা ॥

(২৩)

যস্য ভার্য্যা সদা দুষ্টা পরবেশ্মাভিগামিনী ।
কুচেলা ত্যক্তলজ্জা চ সা জরা ন জরা জরা

পরিধানে যার সদা মলিন বসন,
বিনা প্রয়োজনে পর-গৃহে পর্য্যটন ।
করে যে নিন্দিত-কার্য্য লজ্জা পরিহার,
জরা নহে জরা—জরা সে ভ্যার্য্যা তাহার ॥

(২৪)

নাস্তীতিবাদিনী নিত্যং ক্ষুৎপিপাসাসমন্বিতা।
ভর্তৃঘ্নী নির্দ্দয়া দীনা সা জরেতি স্মৃতা বুধৈঃ॥

দীনা দয়াহীনা ক্ষিন্না ক্ষুধা-পিপাসায়,
"নাই নাই" বলে যদি কেহ কিছু চায়।
যে করে পতির প্রতিকূল আচরণ,
তাদৃশ নারীরে জরা কন সুধীগণ॥

বেশ্যানিন্দা।

(২৫)

মিথ্যা রুদন্তি বিহসন্তি সদার্থহেতোঃ,
আশ্বাসয়ন্তি পুরুষং মতিবঞ্চনায়।
তস্মান্নরেণ কুলশীলসমন্বিতেন,
বেশ্যাঃ শ্মশানঘটিকা ইব বর্জ্জনীয়া॥

কখন রোদন কভু হাস্য অভিনয়ে,
প্রযত্ন যাদের সদা ধনের সঞ্চয়ে।
প্রবঞ্চিতে করে মিথ্যা আশ্বাস প্রদান,
শ্মশানবাসিনী যেই প্রেতিনী সমান।
অতি যত্নে কুল-শীল-মতিমান্ জন,
এ হেন বেশ্যাকে সদা করিবে বর্জ্জন॥

স্ত্রীণাং দুঃসেব্যতা।

(২৬)

ন দানেন ন মানেন নার্জ্জবেন ন সেবয়া।
ন শাস্ত্রেণ ন শস্ত্রেণ সর্ব্বথা বিষমাঃ স্ত্রিয়ঃ॥

সেবা সরলতা দান মান প্রদর্শন,
শাস্ত্র উপদেশ কিংবা শস্ত্র-উত্তোলন।
এসব উপায় যদি প্রয়োজিত হয়,
বিষমা রমণী তথাপিও বশ্য নয়॥

স্ত্রীণাং বর্জ্জনীয়তা।

(২৭)

অতি প্রচণ্ডা বহুপাককারিণী,
বিবাদশীলা স্বয়মেব তস্করী।
আক্রোশবীজা পরবেশ্মগামিনী,
ত্যজ্যা তু ভার্য্যা দশপুত্রসূরপি॥

অত্যন্ত কোপনা বহু ভোজনকারিণী,
বিবাদনিরতা পরগৃহ-বিহারিণী।
আক্রোশ-স্বভাবা চৌর্য্য কার্য্যে সদা মতি,
ত্যজিবে সে ভার্য্যা যদি দশপুত্রবতী॥

(২৮)

ব্যালী কণ্ঠপ্রদেশে বরমতুলবিষোদ্গারিণী ধারণীয়া,
ক্রোষ্টব্যা বা শিখাগ্রে ঘনরুধিরবসাভীষণা ব্যাঘ্রকন্যা।
বহ্নেরালিঙ্গনীয়া বরমপি চ শিখা কাকজিহ্বাকরালা,
ন স্ত্রী সেব্যা বিদগ্ধৈঃ পরনরগমন-ভ্রান্তচিত্তা বিরক্তা।

অতি বিষ-উদ্গারিণী সর্পী সুভীষণা,
কণ্ঠে ধরা বরং ভাল হয় বিবেচনা।
ঘন-রক্ত-বসাযুক্তা ব্যাঘ্রী ভয়ঙ্করী,
শিখায় ধারণ বরং ভাল মনে করি।

প্রজ্বলিত অনলের শিখা-আলিঙ্গন,
করিবে তাহাও ভাল বলে বিজ্ঞজন।
কিন্তু পরসেব্যা নারী বিজ্ঞেরা কখন,
কদাচ কিছুতে নাহি করিবে গ্রহণ।
কাকজিহ্বা যথা সব দ্রব্যে হয় রত,
কুনারীর পররুচি তদ্রূপ সতত।
আর দেখ পর প্রতি করে সমাদর,
এহেন ভীষণা নারী ত্যজে বিজ্ঞনর॥

সৎপত্নী-লক্ষণম্।

(২৯)

সা ভার্য্যা যা প্রিয়ং ব্রূতে স পুত্রো যত্র নির্বৃতিঃ।
স ভৃত্যো যস্তু চিত্তজ্ঞঃ, তদ্বীজং যৎ প্ররোহতি॥

তারে বলি ভার্য্যা যেই প্রিয় কথা কয়,
তারে বলি পুত্র যাহা হ'তে শান্তি হয়।
সেই ভৃত্য কার্য্য করে বুঝিয়া আশয়,
তারে বলি বীজ যাহা অঙ্কুরিত হয়॥

(৩০)

সা ভার্য্যা যা গৃহে দক্ষা সা ভার্য্যা যা প্রিয়ংবদা।
সা ভার্য্যা যা পতিপ্রাণা সা ভার্য্যা যা প্রজাবতী॥

গৃহকার্য্যে ভার্য্যা দক্ষা ভার্য্যা বলি গণ্য,
মধুরভাষিণী ভার্য্যা ভার্য্যা বলি ধন্য।
তারে বলি ভার্য্যা যার সদা পতি প্রাণ,
তারে বলি ভার্য্যা যার হয় সুসন্তান॥

(৩১)

(সা ভার্য্যা যা গৃহে দক্ষা সা ভার্য্যা যা প্রিয়ংবদা।)
নিত্যস্নাতা সুগন্ধা চ নিত্যঞ্চ প্রিয়ভাষিণী॥

গৃহে কার্য্যে দক্ষা নিত্য সুপ্রিয়ভাষিণী,
নিত্যস্নাতা দিব্যগন্ধা ভার্য্যা বলে জানি॥

(৩২)

সাধ্বী সুশীলসম্পন্না সুরূপা চ গুণান্বিতা।
দেবাগ্নিগুরুভক্তা চ সা ভার্য্যা ভোগমোক্ষদা॥

নিত্য দেব-অগ্নি-গুরু-ভক্তা পতিব্রতা,
সুরূপা সুগুণান্বিতা সদা শীলরতা।
এইরূপ ভার্য্যা যদি ভাগ্যে লাভ হয়,
ভোগ মোক্ষ সুখ তার করায়ত্ত রয়॥

পতিব্রতালক্ষণম্।

(৩৩)

আর্ত্তার্ত্তে মুদিতে হৃষ্টা প্রোষিতে মলিনা কৃশা।
মৃতে ম্রিয়েত যা পত্যৌ সা স্ত্রী জ্ঞেয়া পতিব্রতা॥

দুঃখিতে দুঃখিতা হর্ষে হর্ষযুক্তা হয়,
প্রবাসে থাকিলে পতি দীনভাবে রয়।
পতির মরণে যত্নে হয় সহমৃতা,
অবশ্য জানিবে সেই নারী পতিব্রতা॥

ভার্য্যা-প্রশংসা।

(৩৪)

সদা হৃষ্টাল্পসন্তুষ্টা মিথ্যাব্যয়পরাঙ্মুখী।
যস্য হ্যেতাদৃশী ভার্য্যা দেবেন্দ্রোঽহসৌ ন মানুষঃ॥

সদা হৃষ্টা অল্পে তুষ্টা যে রমণী রয়,
নিয়ত অযথা ব্যয়ে পরাঙ্মুখী হয়।
সংসারে তাদৃশী ভার্য্যা লভে ভাগ্যবান্,
হ'লেও মানুষ, হয় দেবেন্দ্র সমান॥

(৩৫)

দেবব্রাহ্মণভক্তা চ নিত্যং ধর্ম্মানুষঙ্গিণী।
যস্য ভার্য্যা মুদা নিত্যং দেবেন্দ্রোঽহসৌ মহীতলে॥

ধর্ম্মকার্য্যে অনুগতা হর্ষান্বিতমতি,
সদা ভক্তিমতী দেব-ব্রাহ্মণের প্রতি।
হেন গুণবতী পত্নী সংসারে যাঁহার,
শচীপতি-সম সুখ মর্ত্ত্যেই তাঁহার॥

(৩৬)

সততং মঙ্গলৈর্যুক্তা সততং ধর্ম্মবৎসলা।
সততং জ্ঞানশীলা চ সততং দ্বিজপূজকা॥
ভর্ত্তৃভক্তা চ সততং সর্ব্বসৌভাগ্যবর্দ্ধিনী।
যস্য চৈতাদৃশী ভার্য্যা দেবেন্দ্রোঽহসৌ ন মানুষঃ॥

সতত মঙ্গলময় চিহ্নে বিভূষিতা,
জ্ঞানে শীলে নিত্য যার স্বধর্ম্মপ্রিয়তা।
দ্বিজ-পূজা-রতা সর্ব্ব সৌভাগ্য-বর্দ্ধিনী,
পতি-দেবতার প্রিয়-পথানুবর্ত্তিনী।

পত্নী যার হয় হেন সাধ্বী গুণবতী,
সে মানুষ নয়—অমরার শচীপতি॥

(৩৮)

যা তু ভার্যা শুচির্দক্ষা মিষ্টান্না প্রিয়বাদিনী।
অপ্রমত্তা ভর্ত্তৃভক্তা সা শ্রীরিত্যুচ্যতে বুধৈঃ

সুনিপুণ গৃহকার্য্যে পূত আচরণে,
অনালস্য যার সদা পতিশুশ্রূষণে।
রন্ধনে সুদক্ষা আর মধুর-ভাষিণী।
পণ্ডিতেরা ক'ন তারে লক্ষ্মীস্বরূপিণী॥

(৩৯)

সততং দানধর্ম্মা চ দ্বিজশুশ্রূষণে রতা।
দেবাগ্নিগুরুভক্তা চ সা ভার্য্যা ভোগ-মোক্ষদা

দ্বিজসেবা-দান-ধর্ম্মে সদা যার মন,
দেব-অগ্নি-গুরুগণে করে যে সেবন।
এইরূপ ভার্য্যা হ'তে ভোগ-মোক্ষ হয়,
শাস্ত্রের বচন ইহা জানিবে নিশ্চয়।

(৪০)

কার্য্যেষু মন্ত্রী করণেষু দাসী,
স্নেহেষু মাতা ক্ষময়া ধরিত্রী।
ধর্ম্মেষু পত্নী শয়নে চ বেশ্যা,
ষট্ কর্ম্মভিঃ স্ত্রী কুলমুদ্ধরেৎ তু॥

কার্য্যে করে মন্ত্রি-তুল্য সুমন্ত্রণা দান,
স্বহস্তেই করে কার্য্য দাসীর সমান।

স্নেহ বিতরণে যেন দ্বিতীয়া জননী,
ক্ষমা প্রদর্শনে যেন প্রত্যক্ষ ধরণী।
ধর্ম্মপত্নী-তুল্য ধর্ম্ম করে আচরণ,
শয্যায় বেশ্যার মত সরাগ শয়ন।
এই ছয় গুণ যে পত্নীতে বিদ্যমান,
বৃদ্ধি করে সেই নারী পতি-কুলমান॥

(৪১)

এবমেব ক্রিয়াযুক্তা সর্ব্বসৌভাগ্যদায়িনী।
যস্যৈষা চ ভবেদ্ভার্য্যা দেবেন্দ্রেহসৌ ন মানুষঃ॥

এইরূপ গুণযুক্তা সৌভাগ্যদায়িনী,
ধর্ম্মপত্নী যার সর্ব্বসৌখ্যবিধায়িনী।
মর্ত্ত্যের মানব তিনি কেবল আকারে,
জানিবে দেবেন্দ্র বলি তাঁহারে প্রকারে॥

(৪২)

ভার্য্যাবন্তঃ ক্রিয়াবন্তঃ সত্ততং গৃহমেধিনঃ।
ভার্য্যামূলং কুলং সর্ব্বং তস্মাদ্ভার্য্যা পরা গতিঃ॥

ভার্য্যাযুক্ত হ'য়ে গৃহী হবে ক্রিয়াবান,
ভার্য্যাই কুলের মূল গতির নিদান॥

(৪৩)

অর্দ্ধং ভার্য্যা শরীরস্য ভার্য্যাভীষ্টতমা সুখম্।
ভার্য্যা মূলং ত্রিবর্গস্য ভার্য্যামৈত্রেণ নশ্যতি।

সর্ব্বাভীষ্ট সুখ ভার্য্যা হ'তে লাভ হয়,
তাই শাস্ত্র ভার্য্যাকেই অর্দ্ধ অঙ্গ কয়।

ভার্য্যা হয় ধর্ম্ম আদি ত্রিবর্গের মূল,
প্রতিকূল হইলেই নষ্ট করে কুল॥

বিশেষেণাবলম্বনীয়ঃ।

(৪৪)

অতিজীবতি বিত্তেন সুখং জীবতি বিদ্যয়া।
কিঞ্চিজ্জীবতি শিল্পেন ঋতে কর্ম্ম ন জীবতি

বিভবে জীবন রক্ষা অনায়াসে হয়,
থাকে যদি বিদ্যা সুখে রক্ষা সুনিশ্চয়।
শিল্পকার্য্যে অল্প সুখে জীবন-যাপন,
বিনা কর্ম্মে নাহি হয় জীবন ধারণ।

গণিকানুরাগদৌর্লভ্যম্।

(৪৫)

গ্রাবেষু তৈলং সুকৃতং কৃতঘ্নে,
শীতং হুতাশে পতনং হিমাংশৌ।
উৎপদ্যতে দৈববশাৎ কদাচিৎ,
বেশ্যানুরাগঃ সহজস্তু ন স্যাৎ॥

কৃতঘ্নে কুশল কর্ম্ম, পাষাণেতে স্নেহ,
হুতাশনে শীতলতা দেখেছে কি কেহ?
চন্দ্রের পতন পৃথিবীতে নাহি হয়,
যদি দৈববশে হয় স্বাভাবিক নয়।
গণিকার অনুরাগ হ'লে কারো প্রতি,
তাহা যে সহজ নহে বুঝিবে সুমতি॥

প্রকৃতেদুর্ব্বারতা।

(৪৬)

কাকঃ পদ্মবনে ধৃতিং ন লভতে হংসশ্চ কূপোদকে,
ক্রোষ্টা সিংহগুহান্তরে সুবিপুলে নীচস্ত ভদ্রাসনে।
কুস্ত্রী সৎপুরুষং ন জাতু ভজতে সা সেব্যতে দুর্জ্জনৈঃ,
যা যস্য প্রকৃতির্বিধাতৃবিহিতা সা তস্য কিং বার্য্যতে॥

কমল-কাননে কাক শান্তি নাহি পায়,
কূপোদকে কোথা হর্ষ হংসের হিয়ায়।
শৃগালের সুখ নাই সিংহের গহ্বরে,
ভদ্রাসনে নীচ প্রীতি লাভ নাহি করে।
অসাধ্বী সাধুরে কভু না করে ভজন,
দুর্জ্জনেরা দুষ্টনারী সেবে অনুক্ষণ।
যাহার প্রকৃতি যাহা [illegible] বিধাতার,
তাহার অন্যথা করে সাধ্য কিবা কার?

উপেক্ষা-কুফলম্।

(৪৭)

ভুজঙ্গমে বেশ্মনি দৃষ্টনষ্টে,
দেহে চিকিৎসা-বিনিবৃত্ত-রোগে।
হস্তাদ্গতে বিদ্বিষি জাগরূকে,
শল্যে প্রকোষ্ঠান্তরিতে ধৃতিঃ কা॥

গৃহ-মধ্যে দুষ্ট সর্প যদ্যপি লুকায়,
দেহে রোগ অসাধ্য হইলে চিকিৎসায়।

সাবধান রিপু যদি অনায়ত্ত হয়,
সশল্য ভবনে শান্তি কভু নাহি রয়॥

ক্লেশ-কারণম্।

(৪৮)

স্ফুলিঙ্গালিঙ্গনাৎ ক্রুদ্ধ-কৃষ্টসর্পোপসর্পণাৎ
মকরালয়পাতাচ্চ কষ্টং নৃপতিসেবনম্॥

অগ্নি আলিঙ্গন কিংবা সমুদ্রে পতন,
পুচ্ছে ধরি বিষধর সর্পে আকর্ষণ।
বরঞ্চ এসব কাজ কোন মতে হয়,
নৃপতির সেবা কিন্তু কষ্ট অতিশয়॥

গৌরব-কারণম্।

(৪৯)

নাগো ভাতি মদেন কং জলরুহৈঃ পূর্ণেন্দুনা শর্ব্বরী,
বাণী ব্যাকরণেন হংসমিথুনৈর্নদ্যঃ সভা পণ্ডিতৈঃ।
শীলেন প্রমদা জবেন তুরগো নিত্যোৎসবৈর্মন্দিরম্,
সৎপুত্রেণ কুলং ফলৈর্বসুমতী লোকত্রয়ং শম্ভুনা॥

মদে হস্তী, পদ্মে জল, পণ্ডিতে সমিতি,
হংসযুগে নদীজল, শস্যে বসুমতী।
ব্যাকরণে বাণী শোভে, শিবে লোকত্রয়,
বেগে তুরগের শোভা হয় অতিশয়॥

সাধুপুত্রে কুল আর চরিত্রে রমণী,
পূর্ণ-শশধরে শোভে সতত রজনী।
নিয়ত উৎসব যে মন্দিরে বিদ্যমান,
শোভায় উজ্জ্বল নিত্য হয় সেই স্থান॥

আত্মরক্ষণোপায়-চিন্তা।

(৫০)

দুষ্টা ভার্য্যা শঠং মিত্রং ভৃত্যশ্চোত্তরদায়কঃ।
সসর্পে চ গৃহে বাসো মৃত্যুরেব ন সংশয়ঃ॥

ভার্য্যা যার অতি দুষ্টা, মিত্র শঠ অতি,
সমান উত্তর দেয় ভৃত্য যার প্রতি।
সর্পের সহিত যার এক ঘরে বাস,
অবশ্য জানিবে তার ঘটিবে বিনাশ॥

(৫১)

আপদর্থে ধনং রক্ষেদ্দারান্ রক্ষেদ্ধনৈরপি।
আত্মানং সততং রক্ষেদ্দারৈরপি ধনৈরপি॥

আপদে উদ্ধার হেতু ধনের সঞ্চয়,
পত্নী-রক্ষা তরে ধন করিবেক ব্যয়।
ধনপত্নী-ত্যাগ যদি হয় প্রয়োজন,
আত্মরক্ষা তরে তেয়াগিবে সুধীজন॥

(৫২)

আপদর্থে ধনং রক্ষেচ্ছ্রীমতশ্চ কিমাপদঃ।
কদাচিচ্চলিতা লক্ষ্মীঃ সঞ্চিতাপি বিনশ্যতি॥

আপদের জন্য ধন করিবে সঞ্চয়,
ধনবান্ মানবের বিপত্তি না হয়।
কমলা চঞ্চলা কিন্তু হইবে যখন,
অবশ্য বিনষ্ট হবে সুসঞ্চিত ধন॥

(৫৩)

যস্মিন্ দেশে ন সম্মানং ন বৃত্তির্ন চ বান্ধবঃ।
ন চ বিদ্যাগমোঽপ্যস্তি বাসং তত্র ন কারয়েৎ

যে দেশে নাহিক বিদ্যা-শিক্ষার উপায়,
সম্মান সুহৃদ্-বন্ধু না থাকে যথায়।
যে দেশেতে নাহি হয় জীবিকা-অর্জ্জন,
সেই দেশ বিচক্ষণ করিবে বর্জ্জন॥

(৫৪)

ধনিকঃ শ্রোত্রিয়ো রাজা নদী বৈদ্যস্তু পঞ্চমঃ।
পঞ্চ যত্র ন বিদ্যন্তে ন তত্র দিবসং বসেৎ॥

ঋণদাতা ধনী আর বেদজ্ঞ ব্রাহ্মণ,
নৃপতি সুজলা নদী বৈদ্য বিচক্ষণ।
এই পঞ্চ নাহি থাকে নিয়ত যথায়,
একদিন নাহি বাস করিবে তথায়॥

(৫৫)

লোকযাত্রাভয়ং লজ্জা দাক্ষিণ্যং ত্যাগশীলতা।
পঞ্চ যত্র ন বিদ্যন্তে ন কুর্য্যাত্তত্র সঙ্গতিম্॥

জীবিকা-অর্জ্জনোপায় লজ্জা ও অভয়,
দানদক্ষ ত্যাগশীল লোক মহাশয়।

উন্নতির উচ্চতম এ পাঁচ প্রকৃতি,
যেথায় না আছে তথা না কর বসতি॥

গুণ-পরীক্ষা।

(৫৬)

জানীয়াৎ প্রেষণে ভৃত্যান্ বান্ধবান্ ব্যসনাগমে।
মিত্রং চাপত্তিকালে তু ভার্য্যাঞ্চ বিভবক্ষয়ে॥

কার্য্যভার দিয়া ভৃত্যে গুণ বুঝি লবে,
বিপদ্ সময়ে বন্ধু পরীক্ষা করিবে।
মিত্রের পরীক্ষা লবে আপৎ-সময়,
ভার্য্যার বিভবক্ষয়ে হবে পরিচয়॥

(৫৭)

আপৎসু মিত্রং জানীয়াৎ রণে শূরং রহঃ শুচিম্
ভার্য্যাঞ্চ বিভবে ক্ষীণে দুর্ভিক্ষে চ প্রিয়াতিথিম্॥

বিপদে পরীক্ষা হয় মিত্রের মিত্রতা,
যুদ্ধক্ষেত্রে জানা যায় বীরের বীরতা।
যুবক-যুবতী যদি একত্র নির্জ্জনে,
শুচিতা তাদের পরীক্ষিত সেইক্ষণে।
জানিবে বিভবনাশে আপন ভার্য্যায়,
দুর্ভিক্ষেই অতিথিপ্রিয়তা জানা যায়॥

(৫৮)

আতুরে ব্যসনে প্রাপ্তে দুর্ভিক্ষে শত্রুসঙ্কটে।
রাজদ্বারে শ্মশানে চ যস্তিষ্ঠতি স বান্ধবঃ॥

পীড়ায় বিপদে আর দুর্ভিক্ষ সময়ে,
শ্মশানে রাজার দ্বারে আর শত্রুভয়ে।
এ সবে সহায় আসি যেই জন হয়,
তারেই যথার্থ বন্ধু জানিবে নিশ্চয়॥

নিশ্চিতত্যাগ-দোষঃ।

(৫৯)

যো ধ্রুবাণি পরিত্যজ্য হ্যধ্রুবং পরিষেবতে।
ধ্রুবাণি তস্য নশ্যন্তি হ্যধ্রুবং নষ্টমেব হি॥

নিশ্চিত বিষয় ত্যাগ করিয়া যে জন,
অনিশ্চিত বিষয়েতে করে আকিঞ্চন।
নষ্ট হয় তাহার সে নিশ্চিত বিষয়,
অনিশ্চিত অবশ্যই শেষে নষ্ট হয়॥

বিবাহে কুলবিচারঃ।

(৬০)

বরয়েৎ কুলজাং প্রাজ্ঞো বিরূপামপি কন্যকাম্
রূপশীলাং ন নীচস্য বিবাহঃ সদৃশে কুলে॥

সৎকুল-সম্ভবা যদি কুরূপাও হয়,
সে কন্যারে বিজ্ঞজন যত্নে বরি লয়।
সুরূপা নীচের কন্যা কিন্তু তেয়াগিবে,
বিবাহ সমান কুলে শোভন হইবে॥

অবিশ্বাস-পাত্রম্।

(৬১)

নখিনাঞ্চ নদীনাঞ্চ শৃঙ্গিণাং শস্ত্রপাণিনাম্।
বিশ্বাসো নৈব কর্ত্তব্যঃ স্ত্রীষু রাজকুলেষু চ॥

বেগবতী নদী আর নারী শস্ত্রধারী,
নখী শৃঙ্গী জন্তু আর রাজ-কর্ম্মচারী।
এ সকলে বিশ্বাস না করিবে কখন,
করিলে বিষম ফল হবে সংঘটন॥

কুতঃ কিং গ্রহীতব্যম্।

(৬২)

বিষাদপ্যমৃতং গ্রাহ্যমমেধ্যাদপি কাঞ্চনম্।
নীচাদপ্যুত্তমাং বিদ্যাং স্ত্রীরত্নং দুষ্কুলাদপি॥

বিষেও থাকিলে সুধা করিবে গ্রহণ,
কুস্থান হইতে তুলি লইবে কাঞ্চন।
নীচজাতি হইতেও সুবিদ্যা শিখিবে,
কন্যারত্ন হীনকুল হ'তেও লইবে॥

নারীস্বাভাবিকগুণঃ।

(৬৩)

স্ত্রীণাং দ্বিগুণ আহারো লজ্জা চাপি চতুর্গুণা।
সাহসং ষড়্গুণং চৈব কামশ্চাষ্টগুণঃ স্মৃতঃ॥

দ্বিগুণ পুরুষ হ'তে নারীর আহার,
লজ্জা হয় চারিগুণ অধিক তাহার।

সাহস ষড়্গুণ বেশী নারীদেহে রয়,
কাম আটগুণ তার জানিবে নিশ্চয়॥

অনৃতং সাহসং মায়া মূর্খত্বমতিলোভিতা।
অশৌচত্বং নির্দ্দয়ত্বং স্ত্রীণাং দোষাঃ স্বভাবজাঃ

অশুচিতা নির্দ্দয়তা অসত্য ভাষণ,
লোভিতা মূর্খতা আর মায়া প্রকটন।
অবিচারে সব কাজে সাহস প্রকাশ,
এ সব নিসর্গ-দোষ স্ত্রীতে করে বাস॥

প্রথম অধ্যায় সমাপ্ত।

দ্বিতীয়ঃ অধ্যায়ঃ।

সৌভাগ্য-প্রশংসা।

(১)

ভোজ্যং ভোজনশক্তিশ্চ রতিশক্তির্বরাঙ্গনা।
বিভবো দানশক্তিশ্চ নাল্পস্য তপসঃ ফলম্॥

ভোজনের বস্তু আর আহারে ক্ষমতা,
ঐশ্বর্য্য-মাৎসর্য্যহীন প্রদানে পটুতা।
উত্তমা রমণী রতিশক্তি এ সকল,
মানবের নহে অল্প তপস্যার ফল॥

(২)

যস্য পুত্রো বশীভূতো ভার্য্যা ছন্দানুগামিনী
বিভবে যশ্চ সন্তুষ্টস্তস্য স্বর্গ ইহৈব হি॥

এ সংসারে যার পুত্র বশীভূত রয়,
সকল বিষয়ে পত্নী অনুগতা হয়।

সন্তুষ্ট যাহার মন যথাপ্রাপ্ত ধনে,
এখানেই তার স্বর্গ বলে বিজ্ঞজনে ॥

পিতা-পুত্র-মিত্র-পত্নীপ্রশংসা ।

(৩)

তে পুত্রা যে পিতুর্ভক্তাঃ স পিতা যস্তু পোষকঃ
তন্মিত্রং যত্র বিশ্বাসঃ সা ভার্য্যা যত্র নির্বৃতিঃ ॥

সেই পুত্র, পিতৃপদে ভক্ত অনুক্ষণ,
সেই মিত্র, যিনি হন বিশ্বাসভাজন ।
সেই পিতা, সদা যিনি করেন পালন,
সেই পত্নী, শোক তাপ যে করে বারণ ॥

দুর্ম্মিত্রম্ ।

(৪)

পরোক্ষে কার্য্যহন্তারং প্রত্যক্ষে প্রিয়বাদিনম্ ।
বর্জ্জয়েত্তাদৃশং মিত্রং বিষকুম্ভং পয়োমুখম্ ॥

অসাক্ষাতে কার্য্যনাশ করে যেই জন,
সমক্ষেতে করে প্রিয় মধুর ভাষণ ।
বিষে পরিপূর্ণ কুম্ভ মুখেমাত্র ক্ষীর,
ত্যজিবে তাদৃশ দুষ্ট বন্ধুজনে ধীর ॥

অতিবিশ্বাস-দোষঃ ।

(৫)

ন বিশ্বসেৎ কুমিত্রে চ মিত্রে চাতি ন বিশ্বসেৎ ।
কদাচিৎ কুপিতং মিত্রং সর্ব্বং গুহ্যং প্রকাশয়েৎ ॥

দুষ্টমিত্রে কভু নাহি বিশ্বাস করিবে,
মিত্রেও একান্ত নাহি বিশ্বাস রাখিবে।
কি জানি কখনও যদি মিত্র করে রোষ,
করিতেও পারে ব্যক্ত গুহ্য সব দোষ॥

মন্ত্রগুপ্তিঃ।

(৬)

মনসা চিন্তিতং কার্য্যং বাচা নৈব প্রকাশয়েৎ
মন্ত্রেণ রক্ষয়েদ্ গূঢ়ং কার্য্যঞ্চাপি নিয়োজয়েৎ॥

মনের চিন্তিত কার্য্য বাক্যে না কহিবে,
মন্ত্রণায় গূঢ়কার্য্য গোপন করিবে।
যদি হয় গুপ্তকার্য্যে লোক নিয়োজিতে,
মন্ত্রণায় সাধ তাহা সাবহিত চিতে॥

পরগৃহবাস-নিন্দা।

(৭)

কষ্টঞ্চ খলু মূর্খত্বং কষ্টঞ্চ খলু যৌবনম্।
কষ্টাৎ কষ্টতরঞ্চৈব পরগেহনিবাসনম্॥

মূর্খতায় মানবের অতিশয় ক্লেশ,
যৌবনে চঞ্চল চিত্ত তা হ'তে বিশেষ।
কষ্ট হ'তে কষ্টতর পরগৃহে বাস,
সাবধান হও ইথে যদি সুখ-আশ॥

দ্রব্যোৎকর্ষেণাকরভেদঃ।

(৮)

শৈলে শৈলে ন মাণিক্যং মৌক্তিকং ন গজে গজে।
সাধবো নহি সর্ব্বত্র চন্দনং ন বনে বনে॥

না মিলে মাণিক কভু সকল গিরিতে,
নাহি থাকে মুক্তা কভু সকল করীতে।
সব স্থানে কভু নাহি মিলে সাধুজন,
না মিলে সকল বনে সুরভি চন্দন॥

নিয়োগ-নিপুণতা।

(৯)

পুত্রাশ্চ বিবিধৈঃ শীলৈর্নিয়োজ্যাঃ সততং বুধৈঃ।
নীতিজ্ঞাঃ শীলসম্পন্না ভবন্তি কুলপূজিতাঃ॥

নানা নীতিযুক্ত শিষ্টাচারে বিজ্ঞজন,
করিবেক পুত্রগণে নিত্য নিয়োজন।
নীতিজ্ঞ সুশীল কুলে যে সব তনয়,
বংশের ভূষণ বলি তারা গণ্য হয়॥

পুত্রশিক্ষা-প্রসঙ্গঃ।

(১০)

মাতা শত্রুঃ পিতা বৈরী বালো যাভ্যাং ন পাঠ্যতে
সভামধ্যে ন শোভেত হংসমধ্যে বকো যথা॥

জনক-জননী হন শত্রুর সমান,
তনয়েরে তাঁরা যদি বিদ্যা না শিখান।

পণ্ডিত-সভাতে মূর্খ শোভা নাহি পায়,
যেমন বকের শোভা হংসের সভায়॥

(১১)

লালনাদ্‌ বহবো দোষাস্তাড়নাদ্‌ বহবো গুণাঃ।
তস্মাৎ পুত্রঞ্চ শিষ্যঞ্চ তাড়য়েন্ন তু লালয়েৎ

সন্তানে আদর দিলে বহু দোষ হয়,
শাসনে অশেষ গুণ জানিবে নিশ্চয়।
অতএব কিবা পুত্র কিবা ছাত্রগণে,
না দিবে আদর কভু রাখিবে শাসনে॥

(১২)

শ্লোকেন বা তদর্দ্ধেন তদর্দ্ধার্দ্ধাক্ষরেণ বা।
অবন্ধ্যং দিবসং কুর্য্যাদ্দানাধ্যয়নকর্ম্মভিঃ॥

এক কিংবা অর্দ্ধশ্লোক কর অধ্যয়ন,
কিংবা পড় তার অর্দ্ধ—তদর্দ্ধ চরণ।
অধ্যয়ন-অধ্যাপনা কার্য্যে মতিমান্‌,
সার্থক করিবে দিন হয়ে সাবধান॥

অগ্নিবৎ পীড়কোল্লেখঃ।

(১৩)

কান্তাবিয়োগঃ স্বজনাপমানো,
রণস্য শেষঃ কুনৃপস্য সেবা।
দরিদ্রভাবো বিষমা সভা চ,
বিনাগ্নিনৈতে প্রদহন্তি কায়ম্‌॥

পত্নীর বিয়োগ-ব্যথা সহ্য নাহি হয়,
যুদ্ধে জয়ী শত্রু পীড়া দেয় অতিশয়।
স্বজনের কৃত অপমানে অতিক্লেশ,
কুৎসিত-নৃপতি-সেবা অসহ্য বিশেষ॥
সংসারে দারিদ্র-যোগ দুঃখের নিদান,
সে সভা বিষমা যথা নাই জ্ঞানবান্।
এ সব অশুভ যোগ সংঘটন যার,
অগ্নি বিনা দেহ হয় দগ্ধ নিত্য তার॥

বিনাশহেতু-বর্ণনম্।

(১৪)

নদীতীরে চ যে বৃক্ষাঃ পরগেহেষু কামিনী।
মন্ত্রিহীনাশ্চ রাজানঃ শীঘ্রং নশ্যন্ত্যসংশয়ম্॥

নদীতীরে অবস্থিত মহীরুহগণ,
পরগৃহে যে কামিনী করয়ে যাপন।
আর যেই সচিব-বিহীন মহীপতি,
ধ্রুব নাশ পায় শীঘ্র শাস্ত্রের ভারতী॥

বলবিশেষ-প্রশংসা।

(১৫)

বলং বিদ্যা চ বিপ্রাণাং রাজ্ঞাং সৈন্যবলং তথা।
বলং বিত্তং চ বৈশ্যানাং শূদ্রাণাঞ্চ কনিষ্ঠিকা॥

ব্রাহ্মণের বেদবিদ্যা সুবিশেষ বল,
রাজার সৈনিক-বল জানিবে প্রবল।

বৈশ্যের বিভব বল বলি গণ্য হয়,
শূদ্রের শুশ্রূষা বল জানিবে নিশ্চয়॥

নির্ধন-নিন্দা।

(১৬)

নির্ধনং পুরুষং বেশ্যা প্রজা ভগ্নং নৃপং ত্যজেৎ।
খগা বীতফলং বৃক্ষং ভুক্ত্বা অভ্যাগতা গৃহম্॥

নির্ধন পুরুষে বেশ্যাগণ ত্যাগ করে,
রাজ্যনাশ হলে ত্যজে প্রজারা রাজারে।
ফলহীন বৃক্ষে পক্ষী না করে আশ্রয়,
ভোজনান্তে গৃহি-গৃহ অতিথি ত্যজয়॥

(১৭)

অদৃষ্টপূর্ব্বা বহবঃ সহায়াঃ সর্ব্বে পদস্থস্য ভবন্তি বশ্যাঃ।
অর্থৈর্বিহীনস্য পদচ্যুতস্য ভবেন্নি কালে স্বজনো হি শত্রুঃ

যে মানব হয় সদা পদে প্রতিষ্ঠিত,
সকলেই তার বাধ্য থাকে সুনিশ্চিত।
সাহায্য অজ্ঞাতসারে ক'রে থাকে তার,
দরিদ্রের প্রতি কিন্তু উল্টা ব্যবহার।
ভাগ্যবশে পদচ্যুত যদি কেহ হয়,
মিত্রও তাহার শত্রু-তুল্য হয়ে রয়।

স্বার্থ সম্বন্ধ-কথা।

(১৮)

গৃহীত্বা দক্ষিণাং বিপ্রাস্ত্যজন্তি যজমানকম্।
প্রাপ্তবিদ্যা গুরুং শিষ্যা দগ্ধারণ্যং মৃগাস্তথা॥

ক্রিয়ার দক্ষিণা দ্বিজ যদি হাতে পান,
যজমান-গৃহ ত্যজি নিজগৃহে যান।
বিদ্যা লভি শিষ্য যায় গুরুরে ছাড়িয়া,
দগ্ধ বন ত্যজি পশু যায় পলাইয়া॥

(১৯)

বৃক্ষং ক্ষীণফলং ত্যজন্তি বিহগাঃ শুষ্কং সরঃ সারসাঃ,
নির্দ্রব্যং পুরুষং ত্যজন্তি গণিকা ভ্রষ্টশ্রিয়ং মন্ত্রিণঃ।
পুষ্পং পর্য্যুষিতং ত্যজন্তি মধুপা দগ্ধং বনান্তং মৃগাঃ,
সর্ব্বঃ কার্য্যবশাজ্জনোঽভিরমতে কস্যাস্তি কো বল্লভঃ॥

ফলহীন তরু ত্যজে বিহঙ্গমগণ,
সারসেরা শুষ্ক সরঃ করয়ে বর্জ্জন।
নির্ধন পুরুষে ত্যাগ করে গণিকায়,
মন্ত্রী ত্যাগ করে রাজ্যরহিত রাজায়।
পর্য্যুষিত পুষ্প ত্যাগ করে ভৃঙ্গগণ,
মৃগগণ করে ত্যাগ দাবদগ্ধ বন।
প্রয়োজনবশে সবে সদা রত হয়,
বিনাপ্রয়োজনে কেহ প্রিয় কারো নয়॥

মিত্রতায়া অপাত্রত্বম্।

(২০)

দুরাচারী দুষ্টদৃষ্টির্দুরাবাসী চ দুর্জ্জনঃ।
যন্মৈত্রী ক্রিয়তে পুংসা স তু শীঘ্রং বিনশ্যতি

কুৎসিত আচার যার দৃষ্টি পাপময়,
দুষ্টস্থানে বাস যার নিন্দিত আশয়।

এ সকল সনে মৈত্রী যে করে স্থাপন,
অচিরে তাহার মৃত্যু কে করে বারণ?

সমানমৈত্রী-প্রশংসা।

(২১)

সমানে শোভতে প্রীতি রাজ্ঞি সেবা চ শোভতে
বাণিজ্যং ব্যবহারেষু স্ত্রী দিব্যা শোভতে গৃহে॥

সমানে সমানে ভাল হয় ভালবাসা,
ভাল হয় রাজসেবা যদি সুখে আশা।
বাণিজ্য শোভন হয় ক্রয় ও বিক্রয়ে,
সুন্দরী নারীর শোভা নিজের আলয়ে॥

স্থানোৎকর্ষঃ।

(২২)

স্থানস্থিতস্য পদ্মস্য মিত্রে সলিল-ভাস্করৌ।
স্থানচ্যুতস্য তস্যৈব ক্লেদ-দাহকরাবুভৌ॥

সরোবরে সরসিজ থাকে যতক্ষণ,
সূর্য্য আর জল করে মিত্রতা রক্ষণ।
কিন্তু সে কমলে যদি তুলে লয়ে যায়,
সূর্য্য করে দগ্ধ তারে সলিল পচায়॥

শরীররক্ষণ-প্রশংসা।

(২৩)

সর্ব্বমেব পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ।
শরীরস্য প্রনষ্টস্য সর্ব্বমেব বিনশ্যতি॥

দ্বিতীয়ঃ অধ্যায়ঃ।

সব পরিত্যাগ করি কেবল শরীর,
সকল প্রযত্নে রক্ষা করিলেন ধীর।
সকলের মূল দেহ যদি নষ্ট হয়,
সকল বিনষ্ট হ'ল জানিবে নিশ্চয়॥

কুগৃহবাস-নিন্দা।

বরং হি নরকে বাসো ন চ দুশ্চরিতে গৃহে
নরকাৎ ক্ষীয়তে পাপং কুগৃহাৎ পরিবর্দ্ধতে॥

বরঞ্চ নরকে বাস কিছু ভালো হয়,
দুশ্চরিত্রে অপবিত্র গৃহে বাস নয়।
নরকভোগের পর পাপ হয় ক্ষয়,
কুগৃহ-নিবাসে পাপ হইবে সঞ্চয়॥

পরাধীনতা-নিন্দা।

বরং বনং বরং ভিক্ষা বরং ভারোপজীবনম্
বরং মৃত্যুঃ শরীরস্থ নাধিকারেণ জীবনম্॥

বরং বনে বাস আর ভিক্ষান্নে জীবন,
বরং শ্রমজীবি-কার্য্যে জীবন ধারণ।
দেহের বিনাশ বরং অল্প প্রিয় হয়,
স্বাতন্ত্র্যহীন জীবন নিন্দিত নিশ্চয়॥

আনুগত্যোপায়ঃ।

(২৬)

জনস্যাশয়মালোক্য যো যথা পরিতুষ্যতি।
তং তথৈবানুবর্ত্তেত পরারাধনপণ্ডিতঃ ॥

যে জন যাহাতে সদা পরিতুষ্ট হয়,
তাহাই করিবে তার বুঝিয়া আশয়।
পর-আরাধনে যিনি একান্ত নিপুণ,
শিখিতে হইবে তার এই মহাগুণ ॥

(২৭)

যস্য যস্য হি যো ভাবস্তস্য তস্য বিভাব্য তম্
অনুপ্রবিশ্য মেধাবী তং তমাত্মবশং নয়েৎ ॥

স্বভাব যেরূপ যার বুঝিতে পারিবে,
সেই ভাবে মিশি তারে স্ববশে আনিবে।
ভাবে ভাব মিশাইয়া প্রবেশি অন্তরে,
বিজ্ঞজন বাধ্য করে সবে অকাতরে ॥

বিদ্যাপ্রশংসা।

(২৮)

বরং দরিদ্রঃ শ্রুতিশাস্ত্রপাঠকো
নচার্থযুক্তঃ শ্রুতিশীলবর্জ্জিতঃ।
সুলোচনঃ ক্ষীণপটোঽপি শোভতে,
ন নেত্রহীনঃ কনকাদ্যলঙ্কৃতঃ ॥

বেদাধ্যায়ী যদি কভু দরিদ্রও হয়,
নিশ্চয় জানিবে তাহা শ্লাঘার বিষয়।

কিন্তু বেদজ্ঞানহীন আচার-বর্জ্জিত,
পণ্ডিত-সমাজে নহে হয় প্রশংসিত॥
ছিন্ন-জীর্ণ-পরিধান যাহার বসন,
সেও শোভা পায় যদি হয় সুলোচন।
কিন্তু স্বর্ণবিভূষণে হ'লেও ভূষিত,
নেত্রহীন নাহি হয় কদাপি শোভিত॥

(২৯)

মাতেব রক্ষতি পিতেব হিতে নিযুঙ্‌ক্তে,
কান্তেব চাভিরময়ত্যপনীয় দুঃখম্।
কীর্ত্তিঞ্চ দিক্ষু বিতনোতি দদাতি লক্ষ্মীং,
কিং কিং ন সাধয়তি কল্পলতেব বিদ্যা॥

রক্ষা করে যাহা নিজ জননীর মত,
জনক সদৃশ সদা হয় হিতে রত।
নানাবিধ দুঃখ নাশি রতি-সন্বিধান,
অনুক্ষণ করে যেই পত্নীর সমান॥
দিকে দিকে কীর্ত্তি করে সতত বিস্তার,
বিতরণ করে আর ঐশ্বর্য্য অপার।
অসাধ্য কি আছে বল এ হেন বিদ্যার,
বিচারিয়া সেই বিদ্যা সাধ অনিবার॥

(৩০)

বিদ্যা নাম নরস্য রূপমধিকং প্রচ্ছন্নগুপ্তং ধনম্,
বিদ্যা ভোগকরী যশঃশুভকরী বিদ্যা গুরূণাং গুরুঃ।
বিদ্যা বন্ধুজনো বিদেশগমনে বিদ্যাক্ষয়ং [illegible]লম্,
বিদ্যা রাজসু পূজ্যতে বহুধনো বিদ্যাবিহীনঃ পশুঃ॥

রূপের আধিক্য হয় নরের বিদ্যায়,
বিদেশে বন্ধুর মত বিদ্যা সঙ্গে যায়।
ভোগ-যশ মানবেরে বিদ্যা করে দান,
নৃপতি সমীপে বিদ্যা বাড়ায় সম্মান॥
হিতার্থী গুরুর গুরু জানিবে বিদ্যায়,
সর্ব্বথা সুগুপ্ত ভাবে রক্ষা করা যায়।
অক্ষয় সম্বল বিদ্যা, বিদ্যাহীন যেই,
ধনী হইলেও লোকে পশুতুল্য সেই॥

(৩১)

হস্তৈর্যাতি ন গোচরং কিমপি শং পুষ্ণাতি সর্ব্বাত্মনা,
হ্যর্থিভ্যঃ প্রতিপাদ্যমানমনিশং বৃদ্ধিং পরাং গচ্ছতি।
কল্পান্তেষ্বপি ন প্রয়াতি নিধনং বিদ্যাখ্যমন্তর্ধনম্,
যেষাং তান্ প্রতি মানমুজ্‌ঝত নৃপাঃ কস্তৈঃ সহ স্পর্দ্ধতে

হিংসকের প্রতিহিংসা স্বাভাবিক হয়,
বিদ্যার বেলায় কিন্তু তাহা কভু নয়।
বিদ্যায় করিলে হিংসা সে তাহা না করে,
সর্ব্বপ্রাণে হিংসকের কুশল বিতরে॥
প্রার্থি-জনে দানে বিদ্যা কভু না ফুরায়,
দানে-দানে প্রতিদিন বাড়িয়াই যায়।
কল্পান্তেও কভু তার না হয় মরণ,
এমনি অপূর্ব্ব বিদ্যা হৃদয়ের ধন॥
যাঁরা হন সেই বিদ্যাধনে ধনবান্,
হে নৃপ! তাঁদের প্রতি দেখাও সম্মান
সাধারণ ধনে যারা হয় ধনবান্,
কোনক্রমে তারা নয় তাঁদের সমান॥

(৩২)

বিদ্বত্ত্বঞ্চ নৃপত্বঞ্চ নৈব তুল্যং কদাচন।
স্বদেশে পূজ্যতে রাজা বিদ্বান্ সর্ব্বত্র পূজ্যতে॥

বিদ্যা আর রাজপদ না হয় সমান,
উভয়ের এ জগতে নহে তুল্য মান।
কেবল নিজের দেশে রাজা পূজা পায়,
পণ্ডিত পূজিত হন যথায় তথায়॥

(৩৩)

ধনন্তু যস্যাস্তি ন রাজতো বা, ন চৌরতো বাপি ভয়ং কদাচিৎ।
বিদ্যাখ্যমন্তর্দ্ধনমর্জ্জয়েত্তৎ, অন্যদ্ধনং নশ্যতি সর্ব্বমেব॥

যে ধনের নাই ভয় নৃপতি হইতে,
তস্করে যে ধন কভু না পারে লইতে।
সে বিদ্যা অর্জ্জবে অন্তরের মহাধন,
সর্ব্বরূপে নষ্ট হয় সাধারণ ধন॥

বিদ্যার্থি-ব্যবহারঃ।

(৩৪)

অহেরিব গণাদ্ভীতো মিস্টান্নাচ্চ বিষাদিব।
রাক্ষসীভ্য ইব স্ত্রীভ্যঃ স বিদ্যা মধিগচ্ছতি॥

দলে মেশা বিদ্যার্থীর সমুচিত নয়,
সর্পের সমান তারে করিবেক ভয়।
অধিক মিষ্টান্নে ব্যাধি-সম্ভাবনা আছে,
তাই বিষবৎ না যাইবে তার কাছে।

রাক্ষসীরা নরে করে সর্ব্বদা ভক্ষণ,
মানিবে রাক্ষসী সম সর্ব্বথা স্ত্রীজন।
এইরূপ মনে যার সদা থাকে ভয়,
বিদ্যালাভ তার ভাগ্যে হইবে নিশ্চয়॥

বশীকরণ-নীতিঃ।

(৩৫)

উত্তমঃ প্রণিপাতেন শূরো ভেদেন যুজ্যতে।
নীচঃ স্বল্পপ্রদানেন সমস্তুল্যপরাক্রমৈঃ॥

উত্তমে আনিবে বশে প্রণতি করিয়া,
দুর্ব্বল করিবে বীরে ভেদবুদ্ধি দিয়া।
করিবে অত্যল্পদানে বাধ্য নীচজনে,
সমানে করিবে বশ বল প্রদর্শনে॥

কৃপণনিন্দা।

(৩৬)

ত্যজেৎ স্বামিনমত্যুগ্র-মনুগ্রাৎ কৃপণং ত্যজেৎ।
কৃপণাদবিশেষজ্ঞং সর্ব্বথা পরুষাক্ষরম্॥

অতিক্রোধী প্রভুরেও করিবে বর্জ্জন,
তা'হতে কৃপণ প্রভু বর্জ্জনীয় হন।
তা হ'তেও মূর্খ প্রভু বর্জ্জনীয় হয়,
বর্জ্জিবে পরুষভাষী প্রভুরে নিশ্চয়॥

(৩৭)

অর্থেন কিং কৃপণহস্তগতেন তেন,
রূপেণ কিং গুণপরাক্রমবর্জ্জিতেন।
মিত্রেণ কিং ব্যসনকালপরাঙ্মুখেন,
জ্ঞানেন কিং বহু শঠাধিকমৎসরেণ॥

কৃপণের হাতে যদি গিয়া পড়ে ধন,
কোনো কার্য্য সেই ধনে না হয় সাধন।
বলবীর্য্য-বিবর্জ্জিত গুণহীন জন,
যেবা, বৃথা তার রূপে কিবা প্রয়োজন?
আপদ্ বিপদে যদি হয় পরাঙ্মুখ,
হেন মিত্র লাভ হলে কিবা আছে সুখ।
থাকিলে বিপুল জ্ঞান কিবা ফল হয়,
শঠতা-মাৎসর্য্যে যার দূষিত হৃদয়॥

(৩৮)

সঞ্চিতং ক্রতুষু নোপযুজ্যতে,
যাচিতং গুণবতে ন দীয়তে।
তৎ কদর্য্য-পরিসঙ্গতং ধনম্,
চোর-পার্থিব-গৃহেষু ভুজ্যতে॥

যাগকার্য্যে ন্যস্তধন যদি না ব্যয়িত,
গুণবান্ প্রার্থিজনে না হয় অর্পিত।
কৃপণ জনের হস্তগত সেই ধন,
চোর কিংবা রাজা তাহা করিবে গ্রহণ॥

(৩৯)

সঞ্চিতং নিহিতং ভূমৌ পরামৃষ্টং মুহুর্মুহুঃ ।
আখোরিব কদর্য্যস্য ধনং দুঃখায় কেবলম্ ॥

ভূগর্ভেতে যতনে প্রোথিত করি রাখে,
মাঝে মাঝে সাবধানে স্পর্শ করে দেখে।
যে জন কৃপণ তার মূষিকের মত,
দুঃখেরি কারণ হয় ধন সুসঞ্চিত ॥

(৪০)

ন কল্প্যতে বা পরলোক-সিদ্ধয়ে,
ন কীর্ত্তয়ে নাপি সুখোপভুক্তয়ে ।
তয়া মনস্তাপভুবৈব কিং শ্রিয়া,
দুর্ভার্য্যয়েব স্বপদার্থবন্ধ্যয়া ॥

যাহা হ'তে নাহি হয় পরকাল জয়,
নাহি যশ নাহি ভোগসুখের উদয়।
সেরূপ সম্পদে পদে পদে মনঃক্লেশ,
লভিবে মানবে ইহা জানিবে বিশেষ ॥
কুপত্নী হইতে যথা রুদ্ধ ধর্ম্মদ্বার,
সেধনে জানিবে তথা নিতান্ত অসার ॥

(৪১)

যদর্জ্জিতং প্রাণহরৈঃ পরিশ্রমৈঃ, মৃতস্য তৎ সংবিভজন্তি রিক্থিনঃ
কৃতঞ্চ যদ্দুষ্কৃতমর্থলিপ্সয়া, তদেব দৈবোপহতস্য যৌতুকম্ ॥

প্রাণপাত পরিশ্রমে অর্জ্জিত যে ধন,
মরিলে বণ্টন ক'রে লয় অংশিগণ।

সেই অর্থ লাভাশায় হ'ল যে দুষ্কৃত,
যৌতুক স্বরূপে তাহা হবে অনুস্যূত ॥

(৪২)

দীনা বিবসনা রুক্ষাঃ কপালাঙ্কিত-পাণয়ঃ ।
দর্শয়ন্তীহ লোকানামদাতুঃ ফলমীদৃশম্ ॥

ইহ কালে করে না যে কভু কিছু দান,
এই চিহ্ন হবে তার দেহে বিদ্যমান ।
দীন, বস্ত্রহীন, রুক্ষ, ভিক্ষাপাত্র করে,
বিশেষ মড়ার খুলি লয়ে ভিক্ষা করে ॥

(৪৩)

দানং ভোগো নাশঃ, তিস্রো গতয়ো ভবন্তি বিত্তস্য
যো ন দদাতি ন ভুঙ্‌ক্তে, তস্য তৃতীয়া গতির্নাশঃ ॥

দান, ভোগ, নাশ,—গতি এ তিন ধনের,
না খেলে না দিলে যোগ হয় তৃতীয়ের ॥

বিমর্শ-প্রশংসা ।

(৪৪)

চলত্যেকেন পাদেন তিষ্ঠত্যেকেন বুদ্ধিমান্ ।
নাপরীক্ষ্য পরং স্থানং পূর্ব্বমায়তনং ত্যজেৎ ॥

প্রথম পদেতে গতি করিয়া ধীমান্,
দ্বিতীয়ে করিয়া ভর করে অবস্থান ।
নিশ্চয় না করি পরস্থান বুদ্ধিমান্,
ত্যাগ না করিবে কভু নিজ পূর্ব্বস্থান ॥

শত্রুত্যাগ-কর্ত্তব্যতা।

(৪৫)

দেশং ত্যজেৎ বৃত্তিহীনং সবৃত্তিকং সমাবিশেৎ
ত্যজেৎ কৃপণভূপালং শত্রুং সামান্যতস্ত্যজেৎ ॥

বৃত্তির ব্যবস্থা যেথা আছে সবিশেষ,
বুদ্ধিমান্ সেই দেশে করিবে প্রবেশ।
যে দেশে জীবিকা নাহি হয় উপার্জ্জন,
সেই দেশ অবশ্যই করিবে বর্জ্জন॥
কৃপণ নৃপতি আর শত্রু সাধারণ,
ইহাও যতনে ত্যাজ্য বলে বিজ্ঞজন॥

নারীনদ্যোস্তুল্যতা।

(৪৬)

নদ্যশ্চ নার্য্যশ্চ সমস্বভাবাঃ,
স্বাতন্ত্র্যভাবেন বলাধিকত্বাৎ।
তোয়ৈশ্চ দোষৈশ্চ নিপাতয়ন্তি,
নদ্যো হি কূলানি কুলানি নার্য্যঃ॥

নদী নারী উভয়েই স্বভাবে সমান,
নদী বেগে নারী কামে যেন একপ্রাণ।
জল-বেগে নদী সদা ভাঙ্গে নিজ কূল,
স্বভাব দূষিত হ'লে নারী নাশে কুল॥

শ্রিয়ো বৈয়র্থ্যম্।

(৪৭)

কিং তয়া সুমহত্যাপি শ্রিয়া দেশান্তরস্থয়া।
রিপবো যাং ন পশ্যন্তি সুহৃদ্ভির্যা ন ভুজ্যতে॥

দেশান্তরে থাকে যদি অতুল বিভব,
কেবা তার প্রতি করে বিশিষ্ট-গৌরব?
মিত্র যাহা না ভুঞ্জিল, শত্রু না দেখিল,
তাহার গৌরব তবে কোথায় রহিল।

পরিহার্য্য-কর্ম্মোপদেশঃ।

(৪৮)

যস্মিন্ কর্ম্মণি সিদ্ধেঽপি লভ্যতে ন ফলোদয়ঃ
অসিদ্ধে তু মহদ্দুঃখং তদ্‌বুধঃ কথমাচরেৎ॥

যে কার্য্য হ'লেও সিদ্ধি নাহি ফলোদয়,
অসিদ্ধ হইলে কিন্তু মহাদুঃখ হয়।
সেরূপ নিষ্ফল কার্য্য বিচারিয়া মনে,
করিবেন পরিত্যাগ সদা বিজ্ঞজনে॥

কর্ম্মফলম্।

(৪৯)

নিপানমিব মণ্ডূকাঃ সরঃ পূর্ণমিবাণ্ডজাঃ।
শুভকর্ম্মাণমায়ান্তি সহায়াশ্চ ধনানি চ॥

কর্ম্মবশে ভেক যথা অল্পজলে রয়,
মীনগণ প্রাপ্ত হয় পূর্ণ জলাশয়।

তদ্রূপ সুকর্ম্মফলে শুভকর্ম্মি-জন,
সহায় সম্পদ্‌লাভ করে অনুক্ষণ ॥

পূর্ব্বকৃত-সুকৃত-ফলম্ ।

(৫০)

মনোঽনুকূলাঃ প্রমদাঃ রূপবত্যঃ স্বলঙ্কৃতাঃ ।
বাসঃ প্রাসাদপৃষ্ঠেষু ভবন্তি শুভকর্ম্মণাম্ ॥

মনোমত নারী সালঙ্কারা রূপবতী,
আর মহাসুখপ্রদ প্রাসাদে বসতি ।
যারা নিত্য করে শুভকর্ম্ম আচরণ,
তাহাদের ভাগ্যে ইহা হয় সংঘটন ॥

উদ্যমক্রমঃ ।

(৫১)

শনৈঃ কন্থা শনৈঃ পন্থাঃ শনৈঃ পর্ব্বতলঙ্ঘনম্ ।
শনৈর্বিদ্যা চ ধর্ম্মশ্চ পঞ্চৈতানি শনৈঃ শনৈঃ ॥

কাঁথা-শিল্প, দীর্ঘপথ-অতিক্রম, আর,
পর্ব্বত-লঙ্ঘন, বিদ্যার্জ্জন, ধর্ম্মাচার ।
অল্পে অল্পে উদ্যম করিলে অবিরত,
এ পঞ্চ কর্ম্মেতে সিদ্ধি হয় সুনিশ্চিত ॥

শাশ্বতফলক-কর্ম্মাণি ।

(৫২)

শাশ্বতং বিধিবদ্দানং শাশ্বতং সত্যভাষণম্ ।
শাশ্বত প্রগুণা বিদ্যা হৃদ্যং মিত্রঞ্চ শাশ্বতম্ ॥

বিধি অনুসারে দান জানিবে অক্ষয়,
সত্য ভাষণের ফল ক্ষয় নাহি হয়।
গুণান্বিত জ্ঞান আর মিত্র সহৃদয়,
কোনো কালে ইহাদের নাহি হয় ক্ষয়॥

বিদ্যার্থিলক্ষণম্।

(৫৩)

ন ভোজনে বিলম্বী স্যাৎ ন চ স্যাৎ স্ত্রীষু সেবকঃ।
সুদূরমপি বিদ্যার্থী ব্রজেদ্‌গরুড়-বেগবৎ॥

ভক্ষণে অধিককাল ক্ষেপ না করিবে,
কদাচ স্ত্রীজনে অনুরাগী না হইবে।
বেগগামী গরুড়ের গতির মতন,
বিদ্যার্থী সুদূর পথ করিবে গমন॥

(৫৪)

যে বালভাবে ন পঠন্তি বিদ্যাং,
যে যৌবনস্থা অধনা অধীরাঃ।
তে শোচনীয়া ইহ জীবলোকে,
মনুষ্যরূপেণ মৃগাশ্চরন্তি॥

যারা বাল্যকালে বিদ্যা নাহি উপার্জ্জিল,
যৌবনে অধন আর অধীর রহিল।
তারা জীবলোকে নানা অনুতাপ পায়,
নররূপী মৃগতুল্য চরিয়া বেড়ায়॥

সৎপথ-নির্দ্দেশঃ॥

(৫৫)

তর্কোঽপ্রতিষ্ঠঃ শ্রুতয়ো বিভিন্নাঃ,
নাসৌ মুনির্যস্য মতং ন ভিন্নম্।
ধর্ম্মস্য তত্ত্বং নিহিতং গুহায়াম্,
মহাজনো যেন গতঃ স পন্থাঃ॥

তর্কেতে সিদ্ধান্ত কদাচিত নহে স্থির,
পরস্পর বিরুদ্ধতা রয়েছে শ্রুতির।
হেন মুনি নাই যার ভিন্ন নহে মত,
ধর্ম্মতত্ত্ব হয় জ্ঞানি-জ্ঞান-গুহাগত।
তাই বলি শাস্ত্র-বিধি মাথায় লইয়া,
মহাজন-দৃষ্ট পথে যাইবে চলিয়া॥

পরহৃদয়-ভাব-জ্ঞানোপায়ঃ।

(৫৬)

আকারৈরিঙ্গিতৈর্গত্যা চেষ্টয়া ভাষণেন চ।
নেত্রবক্ত্রবিকারাভ্যাং জ্ঞায়তেঽন্তর্গতং নৃণাম্

আকার ইঙ্গিত গতি উদ্যম ভাষণে,
নেত্রের বিকৃতি মুখভঙ্গী সন্দর্শনে।
সংসারের ব্যবহারে সুবিজ্ঞ সুধীর,
মানবের মনোগত ক'রে লবে স্থির॥

(৫৭)

উদীরিতার্থঃ পশুনাপি বুধ্যতে,
হয়াশ্চ নাগাশ্চ বহন্তি চোদিতাঃ।

অনুক্তমপ্যূহতি পণ্ডিতো জনঃ,
পরেঙ্গিতজ্ঞানফলা হি বুদ্ধয়ঃ ॥

প্রকট মনের ভাব পশুতেও জানে,
তাই হয় হস্তী নিয়োজিত হয় যানে।
বলা না হলেও প্রয়োজনীয় বিষয়,
বিজ্ঞজন জ্ঞানবলে তাহা বুঝি লয়।
যাহা হ'তে জানা যায় পরের ইঙ্গিত,
"বুদ্ধি" তাহারই নাম হয়েছে বিহিত ॥

নৈসর্গিক বৈচিত্রম্।

(৫৮)

কেচিদ্ভয়েন বিভজন্তি বিনীত-ভাবম্,
অন্যে জনা বিভব-লোভকৃতপ্রযত্নাঃ।
কেচিচ্চ সাধুজনসংসদি কীর্ত্তি-লোভাৎ,
সদ্ভাববান্ জগতি কোঽপি ন সাধুরস্তি ॥

কেহ ভয়ে বিনয়ের করে অভিনয়,
কেহ বা বিভবলাভে করিয়া আশয়।
কেহ সাধুজন মধ্যে যশের আশায়,
ব্যবহারে আপনারে বিনয়ী জানায় ॥
কিন্তু অকপট সাধু সাধু-শীলবান্,
একটীও এ জগতে নহে বিদ্যমান ॥

(৫৯)

কেচিৎ স্বভাব-গুণিনোঽত্র যথা কপিত্থাঃ,
বার্ত্তাকু-পাকসদৃশা ভুবি সন্তি চান্যে।

দৃষ্টা উর্ব্বারুফলতুল্যাজড়াস্তথান্যে,
তেন ত্রিধৈব ভুবন-ত্রিতয়েঽপি সত্ত্বাঃ ॥

কপিত্থ ত্রিদোষনাশী বলে বিজ্ঞজন,
জগতে "স্বভাবগুণী" তাহার গণন।
সেরূপ স্বভাবগুণী কেহ কেহ হয়,
বেগুণ সেরূপ গুণসমন্বিত নয় ॥
বেগুণের মত গুণী আছে কত অন্য,
তাহাতে উর্ব্বারু ফল অতীব জঘন্য।
উর্ব্বারুতে জড়তা গুণ আছে অতিশয়,
সেইরূপ জাড্যগুণী অনেকেই হয় ॥
কপিত্থ বার্ত্তাকু আর যেরূপ উর্ব্বারু,
ইহাদের ত্রিধা গুণে ভেদ বিদ্যমান।
সেইরূপ ত্রিভুবনে মানবসমাজে,
এই তিন গুণ-যুক্ত মানব বিরাজে ॥

কর্ম্মবিশেষে তৃপ্ত্যভাবঃ।

(৬০)

ন তৃপ্তিরস্তি মিষ্টানামিষ্টানাং প্রিয়বাদিনাম্
সুতানাঞ্চ সুখানাঞ্চ জীবিতস্য ধনস্য চ ॥

মিষ্টদ্রব্য সুত সুখ আয়ু আর ধন,
ইহাতে আকাঙ্ক্ষা-শূন্য বল কোন্ জন ?
আর প্রিয়ভাষী মিত্র যত বৃদ্ধি হয়,
বৃদ্ধির আকাঙ্ক্ষা তার বদ্ধমূল রয় ॥

(৬১)

তৃপ্যেন্ন রাজা ধনসঞ্চয়েন, ন সাগরো ভূমিজলাগমেন।
ন পণ্ডিতঃ সাধুসুভাষিতেন, তৃপ্যেন্ন চক্ষুঃ প্রিয়দর্শনেন ॥

ধনের সঞ্চয়ে তৃপ্ত নহে নরপতি,
জলদানে নহে তৃপ্ত কভু নদীপতি।
পণ্ডিত অতৃপ্ত সদা সাধু-সুভাষণে,
নয়ন অতৃপ্ত নিত্য প্রিয়সন্দর্শনে ॥
এ সকল যত হয় ততই সে চায়,
'আরো পাবো' বলি মগ্ন থাকে আকাঙ্ক্ষায়।

নূতনত্বম্।

(৬২)

গান্ধর্ব্বং গন্ধসংযুক্তং তাম্বূলং ভারতী কথা।
ইষ্টা ভার্য্যা প্রিয়ং মিত্রম্ অপূর্ব্বাণি দিনে দিনে ॥

সঙ্গীত, সুগন্ধযুক্ত মনোরম পাণ,
মহাভারতের কথা অমৃত-সমান।
প্রিয়া পত্নী, প্রিয় মিত্র এ সব সতত,
অপূর্ব্ব বলিয়া হয় সুবুদ্ধি-সম্মত ॥

গৃহেঽপি মোক্ষযোগ্যতা।

(৬৩)

স্বকর্ম্ম-ধর্ম্মার্জ্জিত-জীবিকানাম্,
স্বেষ্বেব দারেষু সদা রতানাম্।
জিতেন্দ্রিয়াণামতিথি-প্রিয়াণাম্,
গৃহেঽপি মোক্ষঃ পুরুষোত্তমানাম্ ॥

স্ববৃত্তি-স্বধর্ম্মে যদি জীবিকা অর্জ্জন,
আর নিজ স্ত্রীতে যদি সদা রত মন।
দুর্দ্দম ইন্দ্রিয় যার আছে সুসংযত,
অতিথি-সেবায় যার মন থাকে রত।
বনে গিয়া বল' তার কিবা ফলোদয়,
সে সত্তম মানবের গৃহে মুক্তি হয়॥

দ্বিতীয় অধ্যায় সমাপ্ত॥ ২ ॥

তৃতীয়ঃ অধ্যায়ঃ।

অবাধসুখ-দৌর্লভ্যম্।

(১)

কস্য দোষঃ কুলে নাস্তি ব্যাধিনা কে ন পীড়িতাঃ।
ব্যসনং কেন ন প্রাপ্তং কস্য সৌখ্যং নিরন্তরম্॥

কার বংশে নাহি দোষ? কে নহে পীড়িত?
কুলে দোষ দেহে ব্যাধি প্রায় সম্ভাবিত।
সংসারে বিপদ কার না হয় ঘটন?
দুঃখময় ভবে বল' সুখী কোন্ জন॥

কুলাদি-জ্ঞানোপায়ঃ।

(২)

আচারঃ কুলমাখ্যাতি দেশমাখ্যাতি ভাষণম্।
সম্ভ্রমঃ স্নেহমাখ্যাতি বপুরাখ্যাতি ভোজনম্॥

আচারে হইবে নিজ কুল-পরিচয়,
ভাষাভঙ্গী হ'তে জন্মভূমি স্থির হয়;
আদর হইতে হয় প্রীতির প্রমাণ,
ভোজনের শক্তি সাক্ষ্য দেয় দেহমান॥

পুত্রাদি-নিয়োগ-বিধানম্।

(৩)

সৎকুলে যোজয়েৎ কন্যাং পুত্রং বিদ্যাসু যোজয়েৎ।
ব্যসনে যোজয়েচ্ছত্রুম্ ইষ্টং ধর্ম্মেণ যোজয়েৎ॥

সুবুদ্ধি সৎকুলে কন্যা করিবে প্রদান,
পুত্রে বিদ্যাভ্যাসে নিযোজিবে মতিমান্।
অরিকে করিবে হেন যাতে দুঃখ পায়,
মিত্রে দেখাইবে ধর্ম্ম-লাভের উপায়॥

কুলীন মহিমা।

(৪)

এতদর্থং কুলীনানাং নৃপাঃ কুর্ব্বন্তি সংগ্রহম্।
আদিমধ্যাবসানেষু ন ত্যজন্তি চ তে নৃপম্॥

উন্নতির কাল কিম্বা ভোগের সময়,
অথবা বিপদে নৃপে ত্যজিতে না হয়।
করেন কুলীনগণ এ নীতি পালন,
করেন রাজারা তেঁই কুলীন স্থাপন॥

দুর্জ্জন-কথা।

(৫)

দুর্জ্জনস্য চ সর্পস্য বরং সর্পো ন দুর্জ্জনঃ।
সর্পো দশতি কালে তু দুর্জ্জনস্তু পদে পদে॥

সর্প ও দুর্জ্জন এই দু'য়ে তুলনায়,
দুর্জ্জন হইতে সর্পে ভাল বলা যায়।
অবসর পেয়ে সর্প করয়ে দংশন,
দুর্জ্জন নিয়ত বিঘ্ন করে সংঘটন॥

(৬)

মধুঘটশতসিক্তে স্বাদুতা নাস্তি নিম্বে,
ঘৃতপলশতহোমৈঃ শীতলত্বং ন বহ্নেঃ।
হলশতপরিকৃষ্টেঽপ্যূষরে নাস্তি শস্যম্,
ত্যজতি ন নিজভাবং দুর্জ্জনঃ সেবিতোঽপি॥

শতঘট মধু যদি নিম্বে সিক্ত হয়,
তথাপি না হয় তার মাধুর্য্য-উদয়!
বহ্নিতে নিক্ষিপ্ত হ'লে ঘৃত শত পল,
কখনো সে হুতাশন না হয় শীতল।
অনুর্ব্বর ক্ষেত্র কৃষ্ট হ'লে শত বার,
শস্য লাভ তাহা হ'তে নাহি হয় আর।
যতই সেবিত কেন হ'ক না দুর্জ্জন,
তাহার স্বভাব ত্যাগ না করে কখন॥

(৭)

উপকারশতেনৈব দুর্জ্জনঃ কেন গৃহ্যতে।
সাধুঃ সম্মানমাত্রেণ ভবত্যেবাত্ম-বিক্রয়ী॥

শত উপকারে বাধ্য না হয় দুর্জ্জন,
সামান্য সম্মানে সাধু সুপ্রসন্ন হন॥

(৮)

দুর্জ্জনৈঃ সহ সঙ্গেন সজ্জনোঽপি বিনশ্যতি।
জলং প্রসন্নমপ্যাশু পঙ্কঃ কর্দ্দমতাং নয়েৎ॥

কর্দ্দম-সম্পর্কে যথা সুনির্ম্মল জল,
অতিশীঘ্র হ'য়ে যায় অত্যন্ত সমল।
দুর্জ্জনের সঙ্গে তথা মিশিলে সজ্জন,
সঙ্গদোষে হ'য়ে যায় অচিরে দুর্জ্জন॥

(৯)

প্রিয়ংবদেঽপি বিশ্বাসো ন কার্য্যো দুর্জ্জনে ক্বচিৎ।
ধত্তেঽমৃতং স জিহ্বাগ্রে হৃদি হালাহলং বিষম্॥

যদ্যপি দুর্জ্জন কভু প্রিয়ভাষী হয়,
বিশ্বাস স্থাপন তায় সমুচিত নয়।
রসনার অগ্রভাগে অমৃত তাহার,
হলাহল বিষে পূর্ণ হৃদয় মাঝার॥

(১০)

দুর্জ্জনস্য মুখে প্রীতির্বাচি চন্দনশীতলতা।
হৃদয়ে তস্য দুর্ব্বুদ্ধিঃ কুলিশাদপি কর্কশা॥

দুর্জ্জন দেখায় মুখে অত্যন্ত প্রণয়,
চন্দন সমান সুশীতল কথা কয়।

হৃদয়ের মধ্যে তার বজ্রের সমান,
কঠিন কু-বুদ্ধি থাকে সদা বিদ্যমান॥

(১১)

জাতে জ্ঞানে গুরুং দ্বেষ্টি মখে পূর্ণে তু ঋত্বিজম।
পুত্রে জাতে প্রিয়াং দ্বেষ্টি কৃতকার্য্যো হি দুর্জ্জনঃ॥

জ্ঞান লাভ হলে গুরু উপেক্ষিত হয়,
ক্রিয়া সাঙ্গে পুরোহিত তদ্রূপ নিশ্চয়।
পুত্রজন্মে পত্নী প্রতি জন্মে থাকে দ্বেষ,
দুর্জ্জন সম্পর্কহীন কার্য্য হ'লে শেষ॥

(১২)

যৎ শ্রুত্বৈব বহন্ত্যন্তঃ সন্তঃ সন্তাপসন্ততিম্।
হেলয়ৈব হসন্তস্তদসন্তঃ কর্ম্ম কুর্ব্বতে॥

শ্রবণ মাত্রেই যার সন্তাপ উদয়,
সাধুর হৃদয়ে সদা সমুদিত হয়;
হাসিতে হাসিতে সেই কর্ম্ম আচরণ,
হেলায় ক'রিতে পারে দুষ্ট জনগণ॥

সাধুতা।

(১৩)

প্রলয়ে ভিন্নমর্য্যাদা ভবন্তি কিল সাগরাঃ।
সাগরা ভেদমিচ্ছন্তি প্রলয়েঽপি ন সাধবঃ॥

সাগর কভু না করে বেলা অতিক্রম,
প্রলয় কালেতে কিন্তু না থাকে এ ক্রম।

প্রলয়ে হ'লেও সাগরের সে বিকার,
সাধুতে না হয় কভু হেন ব্যভিচার॥

(১৪)

তনুরূপকারঃ সাধুষু, বিকশতি পরমপ্সু তৈলবিন্দুরিব।
নীচেষ্বসৌ মহানপি, সঙ্কুচতি যথা ঘৃতং তুহিনে॥

এক বিন্দু তৈল জলে নিক্ষিপ্ত হইলে,
ছড়াইয়া যায় তাহা তখনি সে জলে।
সাধু প্রতি হয় যদি অল্প উপকার,
ফল ফলে তাহা হ'তে অনন্ত অপার।
নীচ জনে কৃত হ'লে মহা উপকার,
তা হয় শিশিরে ক্ষিপ্ত ঘৃতের আকার.
শিশির সম্পর্কে ঘৃত সঙ্কুচিত হয়,
নীচ জনে উপকার তদ্রূপ নিশ্চয়॥

(১৫)

নিগুণেষ্বপি সত্ত্বেষু দয়াং কুর্ব্বন্তি সাধবঃ।
ন হি সংহরতে জ্যোৎস্নাং চন্দ্রশ্চাণ্ডালবেশ্মনি॥

নির্গুণ জনেও দয়া করে সাধুগণে।
চন্দ্র কি দেয় না আলো চণ্ডাল-ভবনে?

মূর্খতা।

(১৬)

মূর্খস্তু পরিহর্ত্তব্যঃ প্রত্যক্ষো দ্বিপদঃ পশুঃ।
ভিনত্তি বাক্যশল্যেন অদৃশ্যঃ কণ্টকো যথা॥

মূর্খজনে বিবর্জ্জিবে যত্নে মতিমান্,
দ্বিপাদ হ'লেও মূর্খ পশুর সমান।
অদৃশ্য কণ্টক যথা পাদে বিদ্ধ হয়,
বাক্যবাণে বিদ্ধ তথা করয়ে হৃদয়॥

(১৭)

রূপ-যৌবন-সম্পন্না বিশাল-কুল-সম্ভবাঃ।
বিদ্যাহীনা ন শোভন্তে নির্গন্ধা ইব কিংশুকাঃ

রূপবান্ কিম্বা যুবা পরম কুলীন,
শোভা নাহি পায় যদি হয় বিদ্যাহীন।
দেখিতে পলাশ পুষ্প হ'লেও সুন্দর,
গন্ধহীন বলি কেহ না করে আদর॥

(১৮)

শক্যো বারয়িতুং জলেন হুতভুক্ ছত্রেণ বর্ষাতপৌ,
নাগেন্দ্রো নিশিতাঙ্কুশেন সমদো দণ্ডেন গোগর্দ্দভৌ।
ব্যাধির্ভেষজসংগ্রহৈশ্চ বিবিধৈর্মন্ত্রপ্রয়োগৈর্বিষম্,
সর্ব্বস্যৌষধমস্তি শাস্ত্রবিহিতং মূর্খস্য নাস্ত্যৌষধম্॥

বারি-অভিষেকে বহ্নি হয় নির্ব্বাপিত,
ছত্র দ্বারা হয় রৌদ্র-বৃষ্টি নিবারিত।
শাণিত অঙ্কুশে শান্ত মত্ত হস্তী হয়,
গো গর্দ্দভ দণ্ডাঘাতে সদা বাধ্য রয়॥
বিবিধ ঔষধে ব্যাধি উপশম হয়,
মন্ত্রের প্রয়োগে সর্পবিষ হয় ক্ষয়।
সকলের মহৌষধ শাস্ত্রে বিদ্যমান,
মূর্খের নাহিক কিন্তু ঔষধ বিধান॥

(১৯)

মূর্খোঽপি শোভতে তাবৎ লম্বশাটপটাবৃতঃ।
তাবচ্চ শোভতে মূর্খো যাবৎ কিঞ্চিন্ন ভাষতে

মূর্খও সুন্দর বেশ করিয়া ধারণ,
সভা মধ্যে শোভা পায় গুণীর মতন॥
কিন্তু সেই শোভা তার ততক্ষণ রয়।
যতক্ষণ সভা মধ্যে কথা নাহি কয়॥

বিশেষ-গুণবর্ণনম্ঃ।

(২০)

কোকিলানাং স্বরো রূপং স্ত্রীণাং রূপং পতিব্রতম্
বিদ্যা রূপং কুরূপাণাং ক্ষমা রূপং তপস্বিনাম্॥

কোকিল হ'লেও কালো রূপ তার স্বর,
নারীর সতীত্ব হয় রূপ মনোহর।
কুরূপ জনের রূপ প্রকাশে বিদ্যায়,
তপস্বি-জনের রূপ জানিবে ক্ষমায়॥

বিফলতা।

(২১)

প্রাগল্ভ্যহীনস্য জনস্য বিদ্যা,
শস্ত্রং যথা কাপুরুষস্য হস্তে।
ন তুষ্টিমুৎপাদয়তে পরেষাম্,
অন্ধস্য দারা ইব দর্শনীয়াঃ॥

বাগ্মিতা-বিহীন-বিদ্যা বিফল জানিবে,
সন্তোষ পরের মনে দিতে না পারিবে।
যথা কাপুরুষ-করে অস্ত্র বিফলিত,
নারী-দর্শনের সুখে অন্ধ বিড়ম্বিত॥

সফলতা।

(২২)

অগ্নিহোত্র-ফলা বেদাঃ শীলবৃত্তিফলং শ্রুতম্
রতিপুত্রফলা দারা দানশক্তিফলং ধনম্॥

বেদ-মন্ত্রভাগ করি যত্নে অধ্যয়ন,
নিত্যই করিবে অগ্নিহোত্র আচরণ।
শ্রুতিভাগ-অধ্যয়নে হইবে সকল,
পবিত্র জীবিকা আর চরিত্র সফল।
কামনা করিয়া মনে উত্তম সন্ততি,
যথাবিধি ভার্য্যাসহ করিবেক রতি।
ধন-দানে দানশক্তি করিবে সফল,
অন্যথা জানিবে ব্যর্থ হবে এ সকল॥

বৈবাহিক-সম্বন্ধঃ।

(২৩)

যয়োরেব সমং বিত্তং যয়োরেব সমং কুলম্।
তয়োর্বিবাহো মৈত্রী চ ন তু পুষ্ট-বিপুষ্টয়োঃ॥

সমান সম্পদ আর একরূপ কুল,
পরস্পর হ'লে সে বিবাহ অনুকূল।

একজন যদি ক্লিষ্ট অন্য পুষ্ট হয়,
সে বিবাহে মৈত্রী কভু সম্ভাবিত নয়॥

প্রয়োগযোগ্যতা।

(২৪)

স্থানেষ্বেব নিযোজ্যানি ভৃত্যাশ্চাভরণানি চ।
ন হি চূড়ামণিঃ প্রাজ্ঞৈঃ পাদাদৌ প্রতিবধ্যতে॥

যথাস্থানে নিয়োজিবে ভৃত্য আভরণ,
প্রাজ্ঞ পদে চূড়ামণি না করে ধারণ॥

(২৫)

কনক-ভূষণ-সংগ্রহণোচিতো,
যদি মণিস্ত্রিগুণী প্রতিবধ্যতে।
ন স বিরৌতি ন চাপি বিশোভতে,
ভবতি যোজয়িতুর্বচনীয়তা॥

সংগ্রহ করিতে গিয়া স্বর্ণ-অলঙ্কার,
স্বর্ণ মধ্যে মণি দিয়া গাঁথে যদি হার।
তাহাতে না কাঁদে মণি নহে অশোভন,
সে গ্রন্থনকর্ত্তা হয় নিন্দার ভাজন॥

মনস্বিবৃত্তিঃ।

(২৬)

কুসুম-স্তবকস্যেব দ্বয়ী বৃত্তির্মনস্বিনঃ।
মূর্দ্ধ্নি বা সর্ব্বলোকস্য শীর্য্যতে বন এব বা॥

কুসুমস্তবকে যথা দেখি বৃত্তিদ্বয়,
হয় শিরে শোভে নয় বনে শুষ্ক হয়।
মনীষী মানুষে সেইরূপ দেখা যায়,
কুটীরেই থাকে কিম্বা নৃপতিসভায়॥

(২৭)

ন সদশ্বাঃ কশাঘাতং ন সিংহো ঘনগর্জ্জিতম্
পরৈরঙ্গুলিনির্দ্দিষ্টং ন সহন্তে মনস্বিনঃ॥

শ্রেষ্ঠ অশ্ব কশাঘাত না সহে কখন,
সিংহও সহেনা কভু মেঘের গর্জ্জন।
মনস্বী মনুষ্য অন্য-অঙ্গুলিহেলন,
সহিতে পারে না—পায় অত্যন্ত বেদন॥

পরাপকারি-পরিণামঃ।

(২৮)

অপকারিষু মা পাপং চিন্তয়স্ব মহামতে।
স্বয়মেব হি নশ্যন্তি কূলজাতা ইব দ্রুমাঃ॥

অপকারী জনে পাপ-বুদ্ধি না করিবে,
প্রতিকার তরে ব্যস্ত কভু না হইবে।
নদীকূলজাত তরু নদীর ভাঙ্গনে,
পড়িয়া হারায় প্রায় যেমন আপনে।
তেমনি যে অপকারী ওহে মহামতি,
মরিয়া যাইবে শীঘ্র যমের বসতি॥

(২৯)

সহ বসতামপ্যসতাং, জলরুহজলবদ্ভবত্যসংশ্লেষঃ।
দূরেঽপি সতাং বসতাং, ভবতি হি কুমুদেন্দুবৎ প্রীতিঃ॥

থাকিলেও দূর দেশে প্রকৃত সজ্জন,
দূর হ'তে তাঁর সঙ্গে হইবে মিলন।
কুমুদিনী কত দূরে চন্দ্র বা কোথায়,
আমোদ যামিনীযোগে উভয়েই পায়॥
অসতের সহ বাসে না হয় মেলন,
জলে ও কমল-ফুলে মেশে না যেমন॥

ধূর্ত্ততা।

(৩০)

আমুখং রমণীয়ানি মধ্যে তু বিরসানি চ।
অন্তে বৈরায়মাণানি সঙ্গতানি খলৈঃ সহ॥

মুখখানা মধুমাখা মধ্যে রস নাই,
শত্রুতায় সাধে স্বার্থ ধূর্ত্ত দেখ্‌তে পাই।

(৩১)

সফলত্বং সপক্ষত্বম্ আর্জ্জবং গুণসঙ্গতিম্।
দর্শয়ন্তঃ প্রবিশন্তঃ খলা ঘ্নন্তি শরা ইব॥

গুণের সংযোগে শর গতিশীল হয়,
পক্ষ ও ফলক তার দেহে সদা রয়।
দেহও দেখহ তার অত্যন্ত সরল,
খলের তুলনা তার হয় অবিকল।

'আত্মপক্ষ' ব্যক্তি তুল্য করে অভিনয়,
'ফল' লাভে প্রলোভিত করে অতিশয়।
'সরলতা' নিজ'গুণ' করি প্রদর্শন,
শরীরে প্রবেশি নাশে শরের মতন॥

(৩২)

দূরাৎ সঙ্কুচিতগ্রীবো মন্দং মন্দং প্রভাষতে।
শনৈরুদ্ধরতে পাদম্ এতৎ ধূর্ত্তস্য লক্ষণম্॥

দূর হ'তে নিজ গ্রীবা করে অতি নত,
ধীরে ধীরে কয় কথা সুসভ্যের মত।
ধীরে ধীরে সাবধানে পাদক্ষেপ করে,
অন্তরে দুরভিসন্ধি ধূর্ত্ত এত ধরে॥

অযোগ্য-মৈত্রী।

(৩৩)

সকৃদ্দুষ্টস্তু যো মিত্রং পুনঃ সন্ধাতুমিচ্ছতি।
স মৃত্যুমুপগৃহ্লাতি গর্ভমশ্বতরী যথা॥

মিত্র সনে স্নেহচ্ছেদ হ'লে একবার,
মিলনের অভিলাষ পুনর্ব্বার যার।
মরিবারে অশ্বতরী যথা গর্ভ ধরে,
সেও তথা আনে মৃত্যু আপনার করে॥

গুণিজন-প্রশংসা।

(৩৪)

কদর্থিতস্যাপি হি ধৈর্য্যবৃত্তে-
র্ন শক্যতে সর্ব্বগুণান্ প্রমার্ষ্টুম্।

অধোমুখস্যাপি কৃতস্য বহ্নেঃ,
নাধঃ শিখা যাতি কদাচিদেব॥

দৈন্যদশাগ্রস্ত যদি হন গুণিজন,
সবগুণ তবু তারে ছাড়ে না কখন।
প্রজ্বলিত বহ্নি যদি অধোমুখ হয়,
তথাপি তাহার শিখা নিম্নগামী নয়॥

(৩৫)

গুণবন্তোঽপি সীদন্তি ন গুণগ্রাহকো যদি।
সগুণঃ পূর্ণকুম্ভো হি যথা কূপে নিমজ্জতি॥

গুণগ্রাহী না থাকিলে গুণী দুঃখ পায়,
গুণী পূর্ণকুম্ভ যথা কূপে ডুবে যায়॥

শ্রেষ্ঠত্ববিচারঃ।

(৩৬)

ভূতানাং প্রাণিনঃ শ্রেষ্ঠাঃ প্রাণিনাং বুদ্ধিজীবিনঃ।
বুদ্ধিমৎসু নরাঃ শ্রেষ্ঠাঃ নরেষু ব্রাহ্মণাঃ স্মৃতাঃ॥

সৃষ্ট বস্তু মধ্যে শ্রেষ্ঠ হয় প্রাণবান্,
তার মধ্যে শ্রেষ্ঠ হন যিনি বুদ্ধিমান্।
বুদ্ধিমান্-প্রাণিমধ্যে শ্রেষ্ঠ নরগণ,
নরগণ মধ্যে শ্রেষ্ঠ যাঁহারা ব্রাহ্মণ॥

(৩৭)

ব্রাহ্মণেষু চ বিদ্বাংসো বিদ্বৎসু কৃতবুদ্ধয়ঃ।
কৃতবুদ্ধিষু কর্ত্তারঃ কর্ত্তৃষু ব্রহ্মবেদিনঃ॥

ব্রাহ্মণগণের শ্রেষ্ঠ যাঁহারা বিদ্বান্,
বিদ্বান্‌গণের শ্রেষ্ঠ বেদ-জ্ঞানবান্।
বেদজ্ঞানিমধ্যে শ্রেষ্ঠ যাঁরা ক্রিয়ান্বিত,
তাঁহাদের মধ্যে শ্রেষ্ঠ ব্রহ্মজ্ঞানী যত॥

(৩৮)

দুঃশীলোঽপি দ্বিজঃ পূজ্যো ন তু শূদ্রো জিতেন্দ্রিয়ঃ
কঃ পরিত্যজ্য গাং দুষ্টাং দুহ্যাচ্ছীলবতীং খরীম্॥

দুঃশীল দ্বিজও হয় পূজ্য অতিশয়,
জিতেন্দ্রিয় শূদ্র তার সম কভু নয়।
দুষ্টা গাভী পরিত্যাগ করি কোন্ জন,
শান্তশীলা গর্দ্দভীরে করয়ে দোহন?॥

পরোপকারঃ।

(৩৯)

ছায়ামন্যস্য কুর্ব্বন্তি তিষ্ঠন্তি স্বয়মাতপে।
ফলন্তি চ পরস্যার্থে সৎপথস্থা ইব দ্রুমাঃ॥

যিনি থাকি রৌদ্রে পরে ছায়া বিতরেন,
পরের নিমিত্ত ফল ধারণ করেন।
অবিরত সৎ পথস্থ তরুর মতন,
এ হেন জ্ঞানীরে সদা করিবে যতন।

(৪০)

কস্যাদেশাৎ ক্ষপয়তি তমঃ সপ্তসপ্তিঃ প্রজানাং,
ছায়াহেতোঃ পথি বিটপিনামঞ্জলিঃ কেন বদ্ধঃ।

অভ্যর্থ্যন্তে নবজলমুচঃ কেন বা বৃষ্টিহেতোঃ,
জাত্যৈবৈতে পরহিতবিধৌ সাধবো বদ্ধকাঙ্ক্ষাঃ॥

প্রাণিগণ-প্রাণে সদা সুখদান তরে,
কাহার আদেশে সূর্য্য অন্ধকার হরে?
ছায়া দান করিবারে কেবা পান্থজনে,
করজোড়ে করেছে প্রার্থনা তরুগণে?
বৃষ্টিপাতে সৃষ্টি-পুষ্টি করিতে সাধন,
মেঘগণে আবাহন করে কোন্‌জন?
পরহিত ইহাদের জাতিগত গুণ,
সাধুজন পরহিতে সতত নিপুণ॥

বীরপুরুষ-লক্ষণম্।

(৪১)

যুদ্ধেষু ভাগ্যচপলেষু ন মে প্রতিজ্ঞা,
দৈবং যদিচ্ছতি জয়ঞ্চ পরাজয়ঞ্চ।
এষা হি মে রণগতস্য দৃঢ়া প্রতিজ্ঞা,
পশ্যন্তি যন্ন রিপবো জঘনং হয়ানাম্॥

ভাগ্যের চাঞ্চল্যে যুদ্ধে জয় পরাজয়,
দৈবের নির্ব্বন্ধ যাহা থাকে তাই হয়।
অতএব সে বিষয়ে প্রতিজ্ঞা করিয়া,
বলিতে না পারে কেহ কিছু বিশেষিয়া।
তবে ভাল যোদ্ধা মনে জানে অনুক্ষণ,
শত্রু না দেখিবে মম অশ্বের জঘন।

সুচারিত্র্যম্।

(৪২)

পাণ্ডিত্যস্য বিভূষণং মধুরতা শৌর্য্যস্য বাক্‌সংযমঃ,
জ্ঞানস্যোপশমঃ শ্রুতস্য বিনয়ো বিত্তস্য পাত্রেঽর্পণম্।
অক্রোধস্তপসঃ ক্ষমা প্রভবতো ধর্ম্মস্য নির্ব্যাজতা,
সর্ব্বেষান্তু বিশুদ্ধভাবচরিতং শীলং পরং ভূষণম্॥

মধুরতা পাণ্ডিত্যের হয় অলঙ্কার,
কথার সংযম হয় শৌর্য্যের সুসার।
জ্ঞানের ভূষণ উপশম সুনিশ্চয়,
শাস্ত্রজ্ঞান-সার একমাত্র সুবিনয়।
ধনের ভূষণ হয় পাত্রে সমর্পণ,
তপের অক্রোধ, ক্ষমা প্রভুর ভূষণ।
ছলহীন ধর্ম্ম সদা বিভূষিত হয়,
সুচরিত্র সকলের ভূষণ নিশ্চয়॥

ক্ষমা-প্রশংসা।

(৪৩)

দুর্জ্জন-বদন-বিনির্গত-,বচনভুজঙ্গেন সজ্জনো দষ্টঃ।
তদ্বিষহরণনিমিত্তং, প্রাজ্ঞঃ ক্ষান্ত্যৌষধং পিবতি॥

দুর্জ্জন-বদন-বিনির্গত যে বচন,
সর্প সম সাধুজনে করে সে দংশন।
ক্ষমা-মহৌষধে হয় সেই বিষনাশ,
প্রাজ্ঞগণ সেই ক্ষমা করিবে অভ্যাস॥

নীচসেবানিন্দা।

(৪৪)

যদি ভবতি বিহীনঃ প্রচ্যুতো বা স্বদেশা-
ন হি খলজন-সেবামর্থয়ত্যুত্তমাত্মা।
ন তু তৃণমুপভুঙ্‌ক্তে সংক্ষুধার্ত্তোঽপি সিংহঃ,
পিবতি রুধিরমুষ্ণং প্রায়শঃ কুঞ্জরাণাম্‌॥

স্বদেশের অর্থশালি-খলের সেবন,
তা' হ'তে বরং ভাল বিদেশে গমন।
ভোজন-অভাবে যদি দেহ শুষ্ক হয়,
তাও ভাল—খলসেবা সমুচিত নয়।
ক্ষুধিত হ'লেও সিংহ তৃণ নাহি খায়,
থাকে কুঞ্জর-শোণিত-পানের আশায়।

(৪৫)

বরং নরঃ সৎপুরুষাবমানিতো,
ন নীচসম্মানশতাভিপূজিতঃ।
বরাশ্ব-পাদাভিহতোঽপি শোভতে,
ন গর্দ্দভস্যোপরি ভূষিতাকৃতিঃ॥

সাধু হ'তে অপমান বরং ভাল হয়,
সুবহু সম্মান নীচ হ'তে কিন্তু নয়।
অশ্ব-পদাঘাত হয় বরঞ্চ শোভন,
বিগর্হিত—গর্দ্দভের পৃষ্ঠে আরোহণ।

(৪৬)

কপিকুল-নখ-মুখমণ্ডিত-,তরুতলফলভোজনং বরং লোকে
ন পুনর্ধনমদ-গর্ব্বিত-,মুখভঙ্গিকদর্থিতা বৃত্তিঃ ॥

কপিকুল-সমাকুল তরুতলে বাস,
ফলাধারে মাত্র যদি থাকে বারো মাস।
বানরের নখ-মুখ-ভঙ্গী সুভীষণ,
তাহা হ'তে বিগর্হিত গর্ব্বিত-সেবন।
ধনমদে হয় মুখ অত্যন্ত বিকট,
প্রাণান্তেও যাইবে না তাহার নিকট॥

গুরূপদেশ-মহিমা।

(৪৭)

ক্রুদ্ধো গুরুর্বদতি যানি পদানি শিষ্যে,
দাবাগ্নিদাহসদৃশানি ভবন্তি তানি।
তান্যেব তৎপরিচয়েন সুশিক্ষিতানি,
পশ্চাদ্ ভবন্তি কমলাকরশীতলানি॥

ক্রুদ্ধ হয়ে গুরু শিষ্যে শিক্ষা দেন যাহা,
দাবানল সম পীড়াকর হয় তাহা।
গুরু-সেবা ফলে যদি সুশিক্ষিত হয়,
পদ্মাকর সম বিদ্যা সুখদ নিশ্চয়॥

দারিদ্র্যদোষঃ।

(৪৮)

ঘৃত-লবণ-তৈল-তণ্ডুল-,শাকেন্ধন-চিন্তয়া দীনা।
বিপুলমতেরপি পুংসো, নশ্যতি ধীমন্দবিভবত্বাৎ॥

তৈল ঘৃত কাষ্ঠ শাক তণ্ডুল লবণ,
ইহার চিন্তায় যার সদা মগ্ন মন।
হ'লেও বিপুল-মতি মতি ম্লান তার,
বিভবের অসদ্ভাবে হয় অনিবার॥

দ্রব্যশক্তিঃ।

(৪৯)

অণুরপি মণিঃ প্রাণত্রাণক্ষমো বিষভক্ষণাৎ,
শিশুরপি রুষা সিংহীসূনুঃ সমাহ্বয়তে গজান্।
তনুরপি তরুস্কন্ধোদ্ভূতো দহত্যনলো বনম্,
প্রকৃতিমহিমা যাতি ব্যক্তিং ন মূর্ত্তিমপেক্ষতে॥

সমাক্রান্ত প্রাণ যদি বিষের ভক্ষণে,
ক্ষম তার মণি অল্প-প্রমাণ রক্ষণে।
শিশু হইলেও কিন্তু সিংহীর নন্দন,
রোষে গজে পরাজিতে করে আবাহন।
তরুস্কন্ধে সমুদ্ভূত অত্যল্প অনল,
পারে পোড়াইতে ক্ষণে অরণ্য সকল।
প্রকৃতির মহিমা সর্ব্বত্র ব্যক্ত হয়,
শরীরের ক্ষুদ্রতাদি তাহে গণ্য নয়॥

মুখকার্কশ্য-দোষঃ।

(৫০)

সদ্বৃত্তোঽপ্যেষ জাত্যাং সরসফলভরো রত্নকান্ত্যুজ্জ্বলশ্রীঃ,
ক্লান্তানামার্ত্তিহর্ত্তাপ্যতিশয়মধুরঃ স্বাদু বিশ্রামদোঽপি।
হৃদ্যান্তর্ভিন্নভিন্নানবতি পৃথুরহো দাড়িমঃ কোষগর্ভান,
তত্রাশ্বাস্তস্তি কে বা কৃতকফলমুখেহঞ্জসা কর্কশেষু॥

দাড়িম নামেতে এক আছে অত্যুজ্জ্বল,
সুজাতি সদ্বৃত্ত রসে পরিপূর্ণ ফল।
অতীব শ্রীমান্ সেই রত্নকান্তি ধরে,
রসদানে ক্লান্তজন-শ্রান্তি সদা হরে।
স্থূল শরীরের মধ্যে রস-কোষাগার,
পৃথক্ পৃথক্ রক্ষা করে অনিবার।
রস তার স্বাদু শ্রমহর অতিশয়,
কিন্তু মুখাবরণ কঠিন মাত্র হয়।
একারণে হায় হায় এহেন ফলেতে,
কাহার হইবে উপাদেয়-বুদ্ধি চিতে?॥

মহতো গতিঃ।

(৫১)

চূড়ামণেঃ সমুদ্রোর্ম্মি-ঘট্টনাৎ খণ্ডনং বরম্
অথবা পৃথিবীপাল-মূর্দ্ধ্নি পাদাবসারণম্॥

সমুদ্রের উর্ম্মিঘাতে হ'লেও খণ্ডিত,
চূড়ামণি উচ্চ মানে হয় গৌরবিত।
কিম্বা নৃপতির শিরে করে আরোহণ,
এই দুই গতি চূড়ামণির শোভন॥

প্রকৃতি-প্রশংসা।

(৫২)

শিশুরপি নিপততি সিংহো, মদজলমলিন-কপোলভিত্তি-গজেষু।
প্রকৃতিরিয়ং সত্ত্ববতাং, ন খলু বয়স্তেজসো হেতুঃ॥

বলীয়ান্ গজ যদি মদমত্ত হয়,
মদধারা গণ্ডদেশে ক্ষরে অতিশয়।
শিশু-সিংহ করে হেন গজে আক্রমণ,
সিংহের প্রকৃতি ইহা কে করে বারণ?
প্রকৃতির বশবর্ত্তী বিক্রম নিশ্চয়,
কদাচ তাহার হেতু বয়স না হয়॥

কবি-বালক-সাদৃশ্যম্।

(৫৩)

অপ্রগল্‌ভাঃ পদন্যাসে জননীরাগহেতবঃ।
সন্ত্যেতে বহুলালাপাঃ কবয়ো বালকা ইব॥

চপলতা-বিরহিত পদ বিন্যাসিয়া,
অনেক প্রকার বাক্য আলাপ করিয়া।
জননীরাগ * বর্দ্ধন করে অনুক্ষণ,
বালক কবির তুল্য হয় একারণ॥

* জননীরাগ—জননী-রাগ—বালক পক্ষে মাতার অনুরাগ, কবি-পক্ষে জন-নীরাগ—জনগণের একান্ত অনুরাগ।

উত্তম-মহিমা।

(৫৪)

অনুচিতে যদি কর্ম্মণি যুজ্যতে,
শঠধিয়া প্রভুণা সগুণো জনঃ।
ভবতি নাস্য গুণাপচয়স্ততঃ,
পদগতস্য কিরীট-মণেরিব॥

শঠ প্রভু করে কভু যদি গুণিজনে,
নিয়োজিত অনুচিত কার্য্যের সাধনে।
গুণ-অপচয় তায় না হয় গুণীর,
পাদস্পর্শে যথা কিরীটস্থিত মণির॥

জ্ঞাতি-বৈশিষ্ট্যম্।

(৫৫)

খণ্ডিতং কুট্টিতং পিষ্টং পুনশ্চাপি দ্রবীকৃতম্।
তথা ন লবণং স্বাদু গোত্রজে বিকৃতিঃ কুতঃ।

খণ্ডিত কুট্টিত কিংবা পেষণ করিলে,
গুলিয়া জলের সঙ্গে মিলাইয়া দিলে।
সৈন্ধব-লবণ মিষ্টরস নাহি হয়,
লবণে বিকৃতি কভু সম্ভাবিত নয়।
গোত্রজ * বলিয়া নহে লবণে বিকার,
লবণ-সমান হয় জ্ঞাতি-ব্যবহার॥

* গোত্রজ—গোত্র—পর্ব্বত ও বংশ, পর্ব্বত-জাত লবণ—সৈন্ধব। বংশে জাত—জ্ঞাতি।

গৌরব-কারণম্।

(৫৬)

যে তাবন্মলয়োপকণ্ঠ-নিলয়াস্তেষ্বিন্ধনং চন্দনম্,
তীরোপান্তনিবাসিনাং জলনিধে রত্নানি পাষাণবৎ।
কাশ্মীরেষু নিবাসিনামপি নৃণাং নাস্ত্যাদরঃ কুঙ্কুমে,
দূরস্থস্য মহার্ঘতা পরিভবঃ সংবাসতো জায়তে॥

মলয়ের সন্নিধানে যাদের বসতি,
কাষ্ঠ-জ্ঞান তাহাদের চন্দনের প্রতি।
সাগরের উপকূলে বাস করে যারা,
পাষাণের তুল্য রত্ন মনে করে তারা।
কুঙ্কুমেতে কাশ্মীরনিবাসী জনগণ,
অনায়াসলভ্য ব'লে না করে যতন।
দূরস্থ বস্তুতে নর করে সমাদর,
যাহা থাকে সন্নিধানে তাহে অনাদর॥

দৌর্জ্জন্য-পরিণামঃ।

(৫৭)

দুর্জ্জনদূষিতমনসাং, পুংসাং সুজনেঽপি নাস্তি বিশ্বাসঃ
বালঃ পায়সদগ্ধো, দধ্যপি ফুৎকৃত্য ভক্ষয়তে॥

দুর্জ্জন দূষিত করিয়াছে যার মন,
সুজনেও সে বিশ্বাস করে না কখন।
উষ্ণ পরমান্নে মুখ দগ্ধ হয় যার,
সে বালক খায় দিয়া দধিতে ফুৎকার॥

রিপুকুলে কর্ত্তব্যম্।

(৫৮)

শত্রোরপত্যানি বশং গতানি,
নোপেক্ষণীয়ানি বুধৈর্ম্মনুষ্যৈঃ।
তান্যেব কালেন বিপৎকরাণি,
বত্তাসিপত্রাদপি দারুণানি॥

শত্রুর সন্তান যদি বশীভূত হয়,
জ্ঞানী মানুষের তাহা উপেক্ষার নয়।
জানিবে দারুণ তীক্ষ্ণ খড়্গের মতন,
কালে সে করিতে পারে বিপদ ঘটন॥

ভেদাতিশয্যম্।

(৫৯)

বাজি-বারণ-মূষাণাং, কাষ্ঠ-পাষাণ-বাসসাম্।
নারী-পুরুষ-ষণ্ঢানাম, অন্তরং মহদন্তরম্॥

তুরঙ্গ মাতঙ্গ আর মুষিক এ তিনে,
যে ভেদ, যাহা ইন্ধন-পাষণ-বসনে।
রমণী-পুরুষ-ক্লীবনরে যাহা হয়,
সেই ভেদ সুমহৎ জানিবে নিশ্চয়।

দৌর্জ্জন্যম্।

(৬০)

জাড্যং হ্রীমতি গণ্যতে ব্রতরুচৌ দম্ভঃ শুচৌ কৈতবম্,
শূরে নির্ঘৃণতা ঋজৌ বিমতিতা দৈন্যং প্রিয়ালাপিনি।

তেজস্বিন্যবলিপ্ততা মুখরতা বক্তব্যশক্তিঃস্থিরে,
কোঽসৌ নাম গুণোঽনিশং গুণবতাং যো দুর্জ্জনৈর্নেক্ষিতঃ ॥

পরগুণে দুর্জ্জন অসূয়া-নিবন্ধন,
গুণের প্রসঙ্গে করে দোষ আরোপণ।
লজ্জাযুক্ত জনে জাড্য, শাঠ্য শুচিজনে,
ব্রতী জনে দম্ভ, নির্ঘৃণতা শূরগণে ॥
সরলতাযুক্ত নরে বলে বুদ্ধিহীন,
মধুর-আলাপী জনে ব'লে থাকে দীন।
অহঙ্কারী ব'লে দোষে তেজীয়ান্ নরে,
বাগ্মিজনে মুখর বলিয়া নিন্দা করে।
নাই গুণিজনের এমন কোনো গুণ,
দূষণে দুর্জ্জন যার না হয় নিপুণ ॥

(৬১)

পোতো দুস্তর বারিরাশিতরণে দীপোঽন্ধকারাগমে,
নির্ব্বাতে ব্যজনং মদান্ধকরিণঃ শান্ত্যৈ শিরস্যঙ্কুশঃ।
ইত্থং তদ্ভুবি নাস্তি যস্য বিধিনা নোপায়সৃষ্টিঃ কৃতা,
কষ্টং দুর্জ্জন-চিত্তবৃত্তিহরণে ধাতাপি ভগ্নোদ্যমঃ ॥

দুস্তর সমুদ্র-বারি-তরণে তরণী,
অন্ধকারে দীপশিখা পথপ্রদর্শনী।
ব্যজন নির্ব্বাতস্থানে জীবন-উপায়,
মদমত্ত হস্তী যে অঙ্কুশে শান্তি পায়।
বিশেষ বুঝিয়া বিধি যথা প্রয়োজন,
করেছেন আবশ্যক দ্রব্যের সৃজন।

কিন্তু দুর্জ্জনের চিত্তবৃত্তি আকর্ষণে,
হায় সেই বিধি পড়েছেন বিড়ম্বনে॥

নীচানীচয়োর্ভেদঃ।

(৬২)

আকোপিতোঽপি কুলজো ন বদত্যবাচ্যং,
নিষ্পীড়িতো মধুরমেব বমেৎ কিলেক্ষুঃ।
নীচো জনো গুণশতৈরপি সেব্যমানো,
হাস্যেষু যদ্বদতি তৎ কলহেষু বাচ্যম্॥

সৎকুলসম্ভব হয় যদিও কোপিত,
তথাপি না বলে বাক্য কভু অবিহিত।
নিষ্পীড়িত ইক্ষু হ'তে মধুর ক্ষরণ,
ইহাইত এ জগতে উত্তমলক্ষণ।
কিন্তু নীচ শতগুণে হ'লেও সেবিত,
হাস্যে ও কলহে বলে সর্ব্বদা গর্হিত॥

পরান্ন-সেবন-নিন্দা।

(৬৩)

গঙ্গাতরঙ্গ-জলশীকর-শীতলানি,
বিদ্যাধরাধ্যুষিত-চারুশিলাতলানি।
স্থানানি কিং হিমবতঃ প্রলয়ং গতানি,
যন্নৈব যান্তি পরপিণ্ডরতা মনুষ্যাঃ॥

গঙ্গার তরঙ্গ-জল-কণায় শীতল,
বিদ্যাধর-অধ্যুষিত চারুশিলাতল।
সুখের নিদান হেন হিমালয়-স্থল,
বিলুপ্ত কি হইয়াছে এবে সে সকল?
পর-অন্নে জীবন ধারণ করে যারা,
নতুবা তথায় কেন যায় না তাহারা?॥

সাবধানতা।

(৬৪)

কার্য্যমালোচিতাপায়ং মতিমদ্ভির্বিচেষ্টিতম্।
ন কেবলং হি সম্পত্তৌ বিপত্তাবপি শোভতে॥

কার্য্যারম্ভে মতিমান্ করে বিবেচনা,
আছে কিনা কিছু অনিষ্টের সম্ভাবনা।
এ চিন্তা সম্পদে যথা সমুচিত হয়,
বিপদেও সেইরূপ জানিবে নিশ্চয়॥

(৬৫)

অনর্থোঽপ্যর্থরূপেণ তথার্থোঽনর্থরূপভাক্।
উৎপদ্যতে বিনাশায় তস্মাদ্যুক্তং পরীক্ষয়েৎ॥

অর্থরূপে অনর্থও সমাগত হয়,
অর্থও অনর্থ-হেতু হয় নিঃসংশয়।
হেন সংঘটন হয় বিনাশ-কারণ,
অতএব উক্তার্থ করিবে পরীক্ষণ॥

প্রকৃত-পাণ্ডিত্যম্।

(৬৬)

রজ্জোরপ্যুপরি ভ্রমন্তি কতিচিত্তীব্রাভিযোগক্রমাঃ,
তর্কব্যাকরণাগমাদি-নিবিড়াভ্যাসঃ কিয়ৎ কৌশলম্।
যদ্‌গাঢ়ো বিনয়ো যশো যদমলং যদ্বীতরাগং মনঃ,
যৎ সৌজন্যমখণ্ডিতং স হি গুণস্তেনৈব বিদ্বান্ জনঃ॥

মন্থান দণ্ডের রজ্জু বেগে আকর্ষিত,
হ'লে দণ্ড অতিবেগে হয় বিঘূর্ণিত।
তাহা হ'তে উঠে এক জ্যোতি মহাকান্তি,
সে কান্তিতে দর্শকের মনে আনে ভ্রান্তি।
সেই কান্তি চক্রাকারে করিলে ভ্রমণ,
তাহা কি জানিতে প্রশ্ন হয় অগণন।
ব্যাকরণ বেদ তর্ক আদি শাস্ত্রাভ্যাসে,
প্রশ্ন অভিযোগ আদি সুকৌশলে আসে।
রজ্জু-কান্তি সম ভ্রান্তি সে সব জানিবে,
প্রশ্ন-পরম্পরা জ্ঞানে প্রজ্ঞা না ভাসিবে।
হৃদয়ের নিস্পৃহতা প্রগাঢ় বিনয়,
সুবিমল যশ ও সৌজন্য অতিশয়।
এ সকল গুণ যাতে করে অধিষ্ঠান,
শিষ্টজন কন তারে প্রকৃত বিদ্বান্॥

আত্মরক্ষা-চিন্তা।

(৬৭)

ত্যজেদেকং কুলস্যার্থে গ্রামস্যার্থে কুলং ত্যজেৎ।
গ্রামং জনপদস্যার্থে আত্মার্থে পৃথিবীং ত্যজেৎ॥

একজন ত্যজি যদি কুলরক্ষা হয়,
সুবিজ্ঞ মানব তাহা করিবে নিশ্চয়।
গ্রামরক্ষা হেতু যদি হয় প্রয়োজন,
কুল তেয়াগিয়া তাহা করিবে রক্ষণ।
গ্রাম দিয়া যদি জনপদ রক্ষা হয়,
অবশ্য ত্যজিবে গ্রাম সদা সদাশয়।
আত্মার রক্ষায় কিন্তু সমস্ত ত্যজিবে,
পৃথিবীও করি ত্যাগ আত্মায় রক্ষিবে॥

উদ্‌যোগ-প্রশংসা।

(৬৮)

উদ্‌যোগে নাস্তি দারিদ্র্যং জপতো নাস্তি পাতকম্।
মৌনে চ কলহো নাস্তি নাস্তি জাগরিতে ভয়ম্॥

উদ্যমী মানবে বল' দারিদ্র্য কোথায়?
তপস্বীর পাপ বল' কোথা দেখা যায়?।
মৌনী মানবের বল কো থায় কলহ?
জাগরিত জনে ভয় কেমনে বলহ?॥

অতিযোগ-দোষঃ।

(৬৯)

অতিরূপেণ বৈ সীতা অতিগর্ব্বেণ রাবণঃ।
অতিদানাদ্ বলির্বদ্ধো হ্যতি সর্ব্বত্র বর্জ্জয়েৎ॥

সীতা হৃতা হন অতিরূপের কারণ।
অতি দর্পে নাশ পায় লঙ্কার রাবণ।

অতি দানে পাতালে আবদ্ধ হৈল বলি,
অতিরে তাই'ত যত্নে ত্যজিবারে বলি ॥

উদ্যম-মাহাত্ম্যম্ ।

(৭০)

কো হি ভারঃ সমর্থানাং কিং দূরং ব্যবসায়িনাম্ ।
কো বিদেশঃ সবিদ্যানাং কোঽপ্রিয়ঃ প্রিয়বাদিনাম্ ॥

সমর্থ জনের কাছে কিবা হয় ভার ?
যে কার্য্যে উদ্যমশীল কিবা দূর তার ? ।
বিদেশ স্বদেশ সম বিদ্বানের কাছে,
প্রিয়ভাষী পুরুষের শত্রু কেবা আছে ? ॥

সুপুত্র-কথা ।

(৭১)

একেনাপি সুবৃক্ষেণ পুষ্পিতেন সুগন্ধিনা ।
বাসিতং তদ্বনং সর্ব্বং সুপুত্রেণ কুলং যথা ॥

সুবৃক্ষ একটী যথা হইলে পুষ্পিত,
সৌরভে কানন সব করে আমোদিত ।
তেমনি সুপুত্র যদি জন্মে একজন,
সমস্ত বংশই ধন্য তাহার কারণ ॥

(৭২)

একেনাপি সুপুত্রেণ বিদ্যাযুক্তেন সাধুনা ।
আহ্লাদিতং কুলং সর্ব্বং যথা চন্দ্রেণ শর্ব্বরী ॥

বিদ্বান্ ধার্ম্মিক পুত্র একমাত্র হয়,
তথাপি উজ্জ্বল কুল করে অতিশয়।
এক শশধর যথা গগনমণ্ডলে,
সমুদিত হয়ে সর্ব্ব জগত উজলে॥

(৭৩)

কিং জাতৈর্ব্বহুভিঃ পুত্রৈঃ শোক-সন্তাপকারকৈঃ॥
বরমেকঃ কুলালম্বী যত্র বিশ্রাম্যতে কুলম্॥

আছে কিবা ফল বহু পুত্র জনমিলে,
মরণে ও কদাচারে শোক তাপ ফলে
বরং সাধু একটিও চিরাধু তনয়,
যাহা হ'তে কুল সদা সমুজ্জ্বল হয়॥

কুপুত্র-কথা।

(৭৪)

একেন শুষ্ক-বৃক্ষেণ দহ্যমানেন বহ্নিনা।
দহ্যতে তদ্বনং সর্ব্বং কুপুত্রেণ কুলং যথা॥

এক শুষ্কবৃক্ষে অগ্নি লাগিলে যেমন,
সেই বহ্নি পোড়াইয়া ফেলে সব বন।
তেমনি একটি পুত্র হলে কুলাঙ্গার,
দগ্ধ প্রায় করে সেই বংশ আপনার॥

পুত্র-পালনরীতিঃ।

(৭৫)

লালয়েৎ পঞ্চ বর্ষাণি দশ বর্ষাণি তাড়য়েৎ।
প্রাপ্তে তু ষোড়শে বর্ষে পুত্রে মিত্রত্বমাচরেৎ॥

পঞ্চ বর্ষ সন্তানেরে করিবে পালন,
অতঃপর দশ বর্ষ করিবে তাড়ন।
হইলে ষোড়শ বর্ষ বয়ঃক্রম তার,
করিবে তাহার সনে বন্ধু-ব্যবহার॥

আত্মরক্ষণোপায়ঃ।

(৭৬)

উপসর্গেঽন্যচক্রে চ দুর্ভিক্ষে চ ভয়াবহে।
অসাধুজন-সম্পর্কে যঃ পলায়তি জীবতি॥

ব্যাধি আদি উপদ্রব দুর্ভিক্ষ ভীষণ,
অন্য রাজা হতে হয় দেশে আক্রমণ।
অসাধু-সম্পর্ক যদি হয় সংঘটিত,
সেইস্থান ত্যজি আত্মরক্ষাই উচিত॥

জীবন-বৈফল্যম্।

(৭৭)

ধর্ম্মার্থকামমোক্ষেষু যস্যৈকোঽপি ন বিদ্যতে।
ফলং জন্ম হি মর্ত্ত্যেষু মরণং তস্য কেবলম্॥

ধর্ম্ম অর্থ কাম মোক্ষ বর্গ এই চা'র,
একটীরও সাধন না হইল যা'র।

কেবল মরণফল ভুগিতে সংসারে,
আসা যাওয়া সেইজন করে বারে বারে।

সম্পৎকারণম্ ।

(৭৮)

মূর্খা যত্র ন পূজ্যন্তে ধান্যং যত্র সুসঞ্চিতম্
দাম্পত্যকলহো নাস্তি তত্র শ্রীঃ স্বয়মাগতা ॥

মূর্খেরা যেখানে কভু না হয় পূজিত
যে গৃহেতে থাকে নিত্য ধান্য সুসঞ্চিত।
দাম্পত্য কলহ-হীন যে সব আবাস,
রমা স্বয়ং আসি তথা করেন নিবাস॥

তৃতীয় অধ্যায় সমাপ্ত । ৩

চতুর্থোঽধ্যায়ঃ।

ভূপতি-ভৃত্য-লক্ষণোদ্দেশঃ ।

(১)

পার্থিবস্যৈব বক্ষ্যামি ভৃত্যানাঞ্চৈব লক্ষণম্ ।
যথাভিজ্ঞো মহীপালঃ সম্যগ্ ভৃত্যান্ প্রপালয়েৎ ॥

ভৃত্য আর ভূপতির বলিব লক্ষণ।
যার জ্ঞানে প্রজার রঞ্জক রাজা হন॥

———

রাজকর্ত্তব্যম্।

(২)

পুষ্পং পুষ্প বিচিন্বীত মূলচ্ছেদং ন কারয়েৎ।
মালাকার ইবারামে ন যথাঙ্গার-কারকঃ॥

এক এক করি পুষ্প করিয়া চয়ন,
গাঁথে মালা নাহি করে মূলের চ্ছেদন।
আরামেতে মালী যথা করে ব্যবহার,
কভু না আচরে যথা দগ্ধাঙ্গারকার।
আত্মোন্নতিকামী, রাজা করিবে সর্ব্বথা,
বিবেচনা সহকারে আচরণ তথা॥

(৩)

দুগ্ধ্বা হি ভুজ্যতে ক্ষীরং গাং বিক্রীয় ন ভুজ্যতে
তদ্বদ্ দুগ্ধ্বা প্রযত্নেন ভোগ্যং রাষ্ট্রং মহীভুজা॥

দোহন করিয়া দুগ্ধ লোকে করে পান।
গো-বিক্রয় করি কভু না করে ধীমান॥
সেইরূপ রাজা করি পৃথিবী দোহন।
করিবেন ধনভোগ যথা প্রয়োজন॥

(৪)

তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন মহীং যোগেন পালয়েৎ।
পালকস্ত যশো লোকে বলমায়ুশ্চ বর্দ্ধতে॥

এইরূপে সুবিধানে মহী মহীপাল,
পালন করিয়া সুখী হন চিরকাল।
দিন দিন তাঁর আয়ু বলবৃদ্ধি হয়,
আর লোকে সুনির্ম্মল যশ সুনিশ্চয়॥

(৫)

লিঙ্গপূজনধর্ম্মাত্মা গো-ব্রাহ্মণ-হিতে রতঃ ।
প্রজাঃ পালয়িতুং শক্তঃ স রাজা যো জিতেন্দ্রিয়ঃ ॥

শিবলিঙ্গ-পূজা-আদি কার্য্যে শ্রদ্ধাবান্,
যিনি গো-ব্রাহ্মণ-হিত করেন বিধান ।
যে রাজার বশীভূত ইন্দ্রিয়-নিচয়,
প্রজার পালনে শক্ত তিনি সুনিশ্চয় ॥

(৬)

রাজা কুর্ব্বীত ধর্ম্মেণ ধনসঞ্চয়মেকতঃ ।
অন্যতস্তেন সততং বর্দ্ধয়েদুত্তমান্ দ্বিজান্ ॥

ধর্ম্ম-অনুসারে ধন কর্ত্তব্য সঞ্চয়,
একদিকে নৃপতির সুবিহিত হয় ।
অন্যদিকে তাহা পুনঃ ক'রি নিত্য ব্যয়,
উত্তম দ্বিজের রক্ষা সমুচিত হয় ॥

(৭)

ওঙ্কারশব্দো বিপ্রাণাং যস্য রাষ্ট্রে প্রবর্ত্ততে ।
স রাজা হি ভবেদ্ যোগী ব্যাধিভিশ্চ ন পীড্যতে ॥

বিপ্রমুখে প্রণব যথায় উচ্চারিত,
সে রাজ্যে ঐশ্বর্য্য সদা হয় বিস্তারিত ।
সুনিশ্চয় সিদ্ধ হয় সর্ব্ববিধ যোগ,
সে রাজার নাহি হয় কভু রোগ-ভোগ ॥

(৮)

অশনার্থং প্রকুর্ব্বন্তি মুনয়োঽপ্যর্থসংগ্রহম্।
কিং ন কুর্ব্বন্তি ভূপালা যেষাং কোষবশাঃ প্রজাঃ॥

ভোজনের নির্ব্বাহার্থ অর্থের সংগ্রহ,
করিয়া থাকেন মুনিরাও অহরহ।
রাজ্যের জীবন যাঁর কোষাগার হয়,
সে রাজা না করিবেন কিহেতু সঞ্চয়?

(৯)

সন্ধৌ বিরোধে দানে চ যশঃ স্বাত্মসুখোদয়ে।
অপি মোক্ষপরিপ্রাপ্তাবর্থো বন্ধুর্মহীভুজঃ॥

যুদ্ধ সন্ধি দান যশ নিজ সুখোদয়,
ধন হ'তে এ সকল নির্ব্বাহ নিশ্চয়।
কি অধিক অর্থ বিনা মোক্ষ নাহি হয়,
তাই অর্থ বন্ধু নৃপতির নিঃসংশয়॥

(১০)

এতদর্থং হি সৌমিত্রে রাজ্যমিচ্ছতি ভূভুজঃ।
যদেষাং সর্ব্বকার্য্যেষু বচো ন প্রতিহন্যতে॥

রাজত্বের কি মহত্ত্ব তুলনা না হয়,
হে সৌমিত্রে! মহীপতি সর্ব্বোপরি রয়।
বাক্যেও না দেয় বাধা রাজ-ব্যবস্থায়,
রাজ্য করে রাজা অভিলাষ এ আশায়॥

(১১)

যচ্ছ্যাক্তাবপুংপেক্ষন্তে কিঞ্চিত্তত্রাস্তি কারণম্।
সমূলকাষং কষিতুম্ উপায়োঽসৌ ন মূঢ়তা॥

শক্তি সত্ত্বে রাজা করে ক্ষমা প্রদর্শন,
এ বিষয়ে আছে কিছু নিগূঢ় কারণ।
সে ক্ষমা মূঢ়তা নহে জানিবে নিশ্চয়,
সমূলে বিনাশ করা তাহার আশয়॥

(১২)

মনস্তাপং ন কুর্ব্বীত বিপদং প্রাপ্য পার্থিবঃ।
আত্মনশ্চোদয়ং সংশন্ ন স্যাদ্দুঃখী সুখী ন বা॥

কদাচ বিপদ্ যদি উপস্থিত হয়,
মনস্তাপ নৃপতির সমুচিত নয়।
নিজ ভাবী অভ্যুদয় করি প্রতীক্ষণ,
নাহি হইবেন দুঃখী কিম্বা সুখিমন॥

(১৩)

ধীরাঃ কৃচ্ছ্রমপি প্রাপ্য ন ভবন্তি বিষাদিনঃ।
প্রবিশ্য বদনং রাহোঃ কিং নোদেতি পুনঃ শশী॥

ক্লেশ আসি কোন ক্রমে হলে উপস্থিত,
ধীর নর তায় নাহি হইবে দুঃখিত।
প্রবেশ করিয়া শশী রাহুর বদনে,
না হন কি পুনরায় উদিত গগনে?

(১৪)

গোপয়েৎ স্বানি রন্ধ্রাণি পররন্ধ্রাণি চিন্তয়েৎ
কুসীদেন নিবর্ত্তেত রাজ্যমিচ্ছন নৃপঃ স্থিরম্॥

সর্ব্বদা নিজের ছিদ্র করিবে গোপন,
পরচ্ছিদ্র করিবেক সদা উদ্ঘাটন॥

রাজ্যের স্থায়িত্ব বাঞ্ছা থাকে যে রাজার,
কুসীদের ব্যবহার কর্ত্তব্য তাঁহার॥

(১৫)

লঙ্ঘয়েচ্ছাস্ত্রমর্য্যাদাং হেতুবাদেন যো নরঃ।
স নশ্যতি পুনঃ ক্ষিপ্র-মিহলোকে পরত্র চ॥

যে মানব হেতুবাদ করি প্রদর্শন,
শাস্ত্রের মর্য্যাদা সদা দেয় বিসর্জ্জন।
ইহলোকে শীঘ্র হয় তাহার বিনাশ,
অন্তিমে অনন্তক্লেশ নরকে বিনাশ॥

(১৬)

অক্ষেষু মৃগয়ায়াঞ্চ স্ত্রীষু পানে বৃথাটনে।
নিদ্রায়াঞ্চ নিবন্ধেন ক্ষিপ্রং নশ্যতি ভূপতিঃ॥

পণবন্ধ করি ক্রীড়া মৃগয়াচরণ,
মদ্যপান নারীসেবা বৃথা পর্য্যটন।
অসময়ে যথা তথা অত্যন্ত নিদ্রায়,
শীঘ্র শীঘ্র নরপতি ধ্রুব নাশ পায়॥

(১৭)

একং চক্ষুর্ব্বিবেকো হি দ্বিতীয়ং সৎসমাগমঃ।
তৌ নস্তো যস্য স ক্ষিপ্রং মোহকূপে পতেদ্ধ্রুবম্

বিবেক একটী হয় উজ্জ্বল লোচন,
সাধু-সমাগম হয় দ্বিতীয় নয়ন।
এ দুই নয়ন-হীন যে নৃপতি হয়,
মহামোহকূপে তার পতন নিশ্চয়॥

(১৮)

জাত্যন্ধো হি বরং রাজা ন তু শাস্ত্রবিবর্জ্জিতঃ।
অন্ধঃ পশ্যতি চারেণ শাস্ত্রহীনো ন পশ্যতি॥

জন্মান্ধ নৃপতি তবু কিছু ভাল হয়,
কিন্তু শাস্ত্রজ্ঞানে অন্ধ রাজা ভাল নয়।
অন্ধ রাজা চরমুখে রাখে যে খবর,
শাস্ত্রান্ধ কি পায় কভু সেই অবসর?॥

(১৯)

অনাথানাং নাথো গতিরগতিকানাং ব্যসনিনাং,
বিনীতো ভীতানামভয়মধৃতীনাং ভরবশঃ।
সুহৃদ্ বন্ধুঃ স্বামী শরণমুপকারী বরগুরুঃ,
পিতা মাতা ভ্রাতা জগতি পুরুষো যঃ স নৃপতিঃ॥

অনাথের নাথ রাজা অগতির পতি,
ভীতের অভয়দাতা ব্যসনীর নীতি।
অধৈর্য্যের ধৈর্য্যকারী জানিবে রাজায়,
মিত্র বন্ধু গুরু পিতা মাতা সমুদায়।
প্রভু ভ্রাতা উপকারী পরম আশ্রয়,
জানিবে রাজায় সদা ত্যজিয়া সংশয়॥

(২০)

উৎখাতান্ প্রতিরোপয়ন্ কুসুমিতান্ চিন্বন্ লঘূন্ বর্দ্ধয়ন্,
অত্যুচ্চান্ নময়ন্ পৃথূন্ বিদলয়ন্ বিশ্লেষয়ন্ সংহতান্।
তীক্ষ্ণান্ কণ্টকিনো বহির্নিয়ময়ন্ স্বান্ রোপিতান্ পালয়ন্,
মালাকার ইব প্রয়োগনিপুণো রাজ্যে চিরং তিষ্ঠতি॥

উন্মুলিত হ'লে পুনঃ করিয়া রোপণ,
হইলে. পুষ্পিত পুষ্প করিয়া চয়ন।
ক্ষুদ্রকে বর্দ্ধিত করি, স্থূলে বিদারণে,
অতি বর্দ্ধমানে নোয়াইয়া সযতনে।
অতি ঘনীভূতে সাবকাশ-সন্নিবেশে,
সুতীক্ষ্ণ কণ্টকযুক্তে রাখি সর্ব্বশেষে।
মালাকার যথা করে উদ্যান পালন,
নিপুণ নৃপতি তথা করিবে শাসন।
এই নীতি অনুসারে যাঁর ব্যবহার,
রাজ্যে স্থিতি চিরকাল জানিবে তাঁহার॥

(২১)

লুব্ধকেন বনং গত্বা সুতস্যার্থে সুতো হতঃ।
সর্ব্বনাশে সমুৎপন্নে হ্যর্দ্ধং ত্যজতি পণ্ডিতঃ॥

দুই পুত্র লয়ে ব্যাধ গিয়া মৃগয়ায়,
ক্ষুধায় কাতর হ'য়ে হ'ল মৃতপ্রায়।
অন্য লুব্ধকের করে এক পুত্র দিয়া,
বিনিময়ে কিছু খাদ্য সামগ্রী আনিয়া।
রক্ষণ করিল তায় অন্য পুত্র-প্রাণ,
সর্ব্বনাশে অর্দ্ধত্যাগ করে মতিমান্॥

(২২)

লোকা যথা কিল তথা ন হি ভূপতিঃ স্যাৎ,
সদ্ভূপতিঃ খলু যথৈব তথৈব লোকাঃ।
ধর্ম্মপ্রবৃত্তিরথ তদ্বিপরীতবৃত্তিঃ,
কৃৎস্নে জনে নরপতিঃ প্রভবত্যশেষম্॥

সাধু নৃপ যেরূপ করেন আচরণ,
তাঁর অনুকরণ করিবে জনগণ।
যাহা আচরণ করে প্রজা সমুদয়,
ভূপতির কভু তাহা উপাদেয় নয়।
প্রজাতে যে দেখা যায় ধর্ম্মাধর্ম্ম-ভাব,
তাহার আদর্শ-হেতু ভূপের প্রভাব॥

(২৩)

গান্ধর্ব্বং দ্যূতমালেখ্যং বাদ্যঞ্চ গণি-তালকান্
অর্থশাস্ত্রং ধনুর্ব্বেদং যত্নাচ্ছিক্ষেন্মহীপতিঃ॥

নৃত্য-গীত-বাদ্য দ্যূত চিত্র তাল-লয়,
অর্থশাস্ত্র ধনুর্ব্বেদ—কলা-বিদ্যাচয়।
এ সকল বিদ্যা সদা করিয়া যতন,
করিবেন নরপতি সর্ব্বদা রক্ষণ॥

ধন-প্রশংসা।

(২৪)

আয়ুঃ কর্ম্ম চ বিত্তঞ্চ বিদ্যা নিধনমেব চ।
পঞ্চৈতানি চ সৃজ্যন্তে গর্ভস্থস্যৈব দেহিনঃ॥

আয়ু কর্ম্ম ধন বিদ্যা নিধন দেহীর,
গর্ভেই এ পাঁচ বিধি করি দেন স্থির॥

(২৫)

ধনং জাতির্ধনং রূপং ধনং বিদ্যা ধনং যশঃ।
কিং ধনেন বিহীনানাং যাচক্রানির্জ্জীবিতৈর্গুণৈঃ।

জাতি রূপ বিদ্যা যশ সমুজ্জ্বল হয়,—
ধন হ'তে মানবের নাহিক সংশয়।
সে ধনে বঞ্চিত কিন্তু যে মানব হয়,
বৃথা তার প্রার্থনা-মলিন গুণচয় ॥

(২৬)

অর্থেন হি বিহীনস্য পুরুষস্যাল্প-মেধসঃ ।
বিচ্ছিদ্যন্তে ক্রিয়াঃ সর্ব্বা গ্রীষ্মে কুসরিতো যথা ॥

অর্থহীন হ'লে বুদ্ধি কিছু নাহি হয়,
অর্থ বুদ্ধি না থাকিলে ধর্ম্ম সাধ্য নয়।
অল্পজলা নদী গ্রীষ্মে যেমন শুকায়,
তেমনি বাসনা তার শুকাইয়া যায় ॥

(২৭)

রূপ্যং বৈশ্যৈর্ব্বলং ভৃত্যৈরুত্তমং মানমর্থিভিঃ ।
মহাকুলবিবাহৈশ্চ কুলং ক্রীণাতি বিত্তবান্ ॥

বৈশ্যগণ করে সদা ধনের কামনা,
ভৃত্যের দৈহিক বলে একান্ত বাসনা।
অর্থিজন চায় সদা অনুত্তম মান,
কুলক্রিয়া করি কুল কেনে ধনবান্ ॥

(২৮)

বিত্তায়ত্তা সদা ধর্ম্মা বিত্তং কামনিবারণম্ ।
বিত্তায়ত্তানি সর্ব্বাণি বিত্তং জীবিতবর্দ্ধনম্ ॥

ধন হ'তে ধর্ম্ম কাম সদা সিদ্ধ হয়,
পরমায়ু বৃদ্ধি ধনে হইবে নিশ্চয়।

সংসারের সব হয় ধনের অধীন,
অতএব ধনার্জ্জন কর ধনহীন!॥

(২৯)

ধনং রূপমবৈক্লব্যং ধনং কুলং সুমঙ্গলম্।
ধনং যৌবনসম্মানং ধনমায়ুর্নিরাময়ম্॥

ধনেই মানবে করে সর্ব্বাঙ্গসুন্দর,
ধন শ্রেয়স্কর আর কুলোৎকর্ষকর।
ধনে করে আয়ু-বৃদ্ধি দেহ নিরাময়,
ধনেই যৌবন হয় সুচির অক্ষয়॥

(৩০)

গুণা ধনেন লভ্যন্তে ন ধনং লভ্যতে গুণৈঃ।
ধনী গুণবতাং সেব্যো ন গুণী ধনিনাং ক্বচিৎ॥

ধনে গুণলাভ হয় গুণে নহে ধন।
ধনী গুণিসেব্য গুণী ধনিসেব্য নন॥

(৩১)

ধনিনো জাতিহীনস্য বিলাসস্তূত্তমো যথা।
অয়োময়স্য খড়্গস্য স্বর্ণঃ কোষাদ্বহির্যথা॥

জাতিতে হলেও হীন ধনী পায় মান,
সম্মানিত হয় শ্রেষ্ঠ জাতির সমান।
লৌহখড়্গ হয় হীন-ধাতু-বিনির্ম্মিত,
তথাপি সে কোষমধ্যে হয় অবস্থিত।
সুবর্ণে খড়্গের মুষ্টি হ'লেও গঠিত।
বাহিরে সে অংশ থাকে হইয়া পতিত॥

(৩২)

বৃদ্ধঃ প্রসিদ্ধো বিবুধো বিদগ্ধঃ,
শূরঃ শ্রুতিজ্ঞঃ কবয়ঃ কুলীনাঃ ।
বিলোকয়ন্তঃ সধনস্য বক্তুং,
জয়েতি জীবেতি সদা বদন্তি ॥

সুবক্তা পণ্ডিত বৃদ্ধ সুপ্রসিদ্ধ জন,
বেদজ্ঞ কুলীন কবি আর বলী জন ।
সকলেই ধনি-মুখ থাকে তাকাইয়া,
"জয় জীব" বাক্যে তোষে সদা আশিষিয়া ॥

(৩৩)

দানাদি-ধর্ম্মঃ ক্রিয়তে ধনেন,
ধনেন ধন্যা ধনিনো ভবন্তি ।
ধনং বিনা কামকথৈব নাস্তি,
ত্রিবর্গমূলং ধনমেব নান্যৎ ॥

ধন হ'তে দান-ধর্ম্ম সিদ্ধ সমুদয়,
ধন থাকিলেই ধন্য মানব নিশ্চয় ।
ধন বিনা ব্যর্থ হয় কামনার কথা,
ধর্ম্ম কাম মোক্ষ ধনে সুসিদ্ধ সর্ব্বথা ॥

(৩৪)

স্বগৃহেঽপি দরিদ্রাণাং বিচক্রুঃ কচকর্কশম্ ।
ধনিনাং পরলোকেঽপি প্রেম্নঃ স্নিগ্ধজনা ভুবঃ

রসহীন যথা মস্তকের কেশ হয়,
দরিদ্র তদ্রূপ স্নেহহীন সুনিশ্চয় ।

দরিদ্র স্বগৃহে হয় আক্রোশ-ভাজন,
ধনী পরলোকে করে প্রেম-আকর্ষণ॥

(৩৫)

একো হি দোষো গুণসন্নিপাতে,
নিমজ্জতীন্দোঃ কিরণেষ্বিবাঙ্কঃ।
কেনাপি নূনং কবিনা ন দৃষ্টং,
দারিদ্রমেকং গুণরাশি-নাশি॥

বহুগুণ-সমবায় আছে চন্দ্রমায়,
কলঙ্ক একই দোষ বিদ্যমান তায়।
কিন্তু অমৃতাদি বহু গুণের মিলনে,
চন্দ্রের কলঙ্ক-দোষ কেহ নাহি গণে।
কবি-উক্তি যুক্তিসহ হয় অতিশয়,
তথাপি জিজ্ঞাসি তাঁরে করিয়া বিনয়।
ইহা কি করিব চক্ষে পড়িল না হায়,
কেবল দারিদ্র্য-দোষে সব নাশ পায়॥

(৩৬)

কুত আরভ্য ঘটতে বিঘট্য কাপি গচ্ছতি।
গতির্ন শক্যতে জ্ঞাতুং ধনস্য চ ঘনস্য চ॥

কোথা হ'তে আসে আর কোথা চলে যায়।
ধন আর মেঘ কভু জানা নাহি যায়॥

(৩৭)

ধনিনঃ সুখিনো নিত্যং নির্দ্ধনা দুঃখভাজনাঃ।
ধনিনাং নির্দ্ধনানাঞ্চ বিভাগঃ সুখদুঃখয়োঃ॥

ধন্য হয় সুখী নিত্য অসুখী নির্ধন,
বিধি করেছেন সুখ-দুঃখের বণ্টন।
দরিদ্রের ভাগে পড়িয়াছে নিত্য দুখ,
পড়েছে ধনীর ভাগে চিরস্থায়ী সুখ॥

(৩৮)

ইদং লব্ধমিদং নষ্টমিদং লপ্স্যে মনোরথম্ ।
ইদং চিন্তয়তামেব জীর্ণমায়ুঃ শরীরিণাম্ ॥

ঐ বুঝি হ'ল লাভ ঐ হৈল ক্ষতি,
এইরূপ করে সদা মানুষের মতি।
কখনো বা ভাবি-লাভে মন মগ্ন হয়,
এ চিন্তায় মানুষের আয়ু হয় ক্ষয়॥

(৩৯)

চণ্ডালশ্চ দরিদ্রশ্চ দ্বাবেতৌ তুলয়া ধৃতৌ,
একঃ স্ববন্ধুভিঃ স্পৃশ্যস্তৈরেব ত্যজ্যতেঽপরৈঃ ॥

তুলাদণ্ডে তুলে দিলে চণ্ডাল-নির্দ্ধনে,
সমান সমান মান পায় না দু'জনে।
চণ্ডালেরে তাহাদের জ্ঞাতি স্পর্শ করে,
নির্ধন হইলে কিন্তু কেহ না আদরে॥

সাধুসঙ্গ-মহিমা।

(৪০)

সাধুভ্যস্তে নিবর্ত্তন্তে পুত্রা মিত্রাণি বান্ধবাঃ।
যে চ তৈঃ সহ গন্তারস্তদ্ধর্ম্মাৎ সুকৃতং কুলম্

পুত্র মিত্র বন্ধু হ'লে সাধু-প্রতিকূল,
সংসারে মঙ্গল নাহি লভে সেই কুল।
সাধুর সংসর্গ যদি করি অনুক্ষণ।
সেই পুণ্যে ধন্য কুল শাস্ত্রের বচন॥

(৪১)

দর্শন-ধ্যান-সংস্পর্শৈ-র্মৎসী কূর্ম্মী চ পক্ষিণী।
শিশুং পালয়তে নিত্যং তথা সজ্জনসঙ্গতিঃ॥

দৃষ্টি ধ্যান স্পর্শে যথা আপন সন্তানে,
মৎস্য কূর্ম্ম পক্ষী রক্ষা করে সুবিধানে।
তথা দৃষ্টি ধ্যান স্পর্শে করেন রক্ষণ,
অকপট-সঙ্গকারী নরে সাধুজন॥

(৪২)

সংসার-তাপদগ্ধানাং ত্রয়ো বিশ্রান্তিহেতবঃ।
অপত্যঞ্চ কলত্রঞ্চ সতাং সঙ্গতিরেব চ॥

সংসারি-জনের দেহ ত্রিতাপে তাপিত,
তিন হ'তে সেই তাপ হয় প্রশমিত।
পবিত্র-চরিত্র পুত্র, পত্নী পূতমতি,
শান্তশীল সাধুজনে সতত সঙ্গতি॥

ধর্ম্মচিন্তা।

(৪৩)

য়াবৎ স্বস্থো হ্যয়ং দেহো যাবন্মৃত্যুশ্চ দূরতঃ।
তাবদাত্মহিতং কুর্য্যাৎ প্রাণান্তে কিং করিষ্যতি॥

যে পর্য্যন্ত নিজদেহ রোগহীন রয়,
যে পর্য্যন্ত যমরাজ নিকট না হয়।
তাবৎ করিবে আত্মহিত অনুষ্ঠান,
কি করিবে বল, যদি চলে যায় প্রাণ॥

(৪৪)

অগ্নির্দেবো দ্বিজাতীনাং মুনীনাং হৃদি দৈবতম্
প্রতিমা স্বল্পবুদ্ধীনাং সর্ব্বত্র সমদর্শিনাম্॥

দ্বিজাতিগণের হন দেবতা পাবক,
মুনির দেবতা হৃদি তপের সাধক।
অল্পজ্ঞ সাধন করে ইষ্ট প্রতিমায়,
সমদর্শী সর্ব্বঘটে দেখে দেবতায়॥

বিদ্যাগুণঃ।

(৪৫)

কামধেনুগুণা বিদ্যা হ্যকালে ফলদায়িনী।
প্রবাসে মাতৃসদৃশী বিদ্যা গুপ্তং ধনং স্মৃতম্॥

কামধেনু সম বিদ্যা হয় নিজগুণে,
অসময়ে অভিমত ফল-বিতরণে।
বিদেশে পালন করে মায়ের মতন,
জানিবে জগতে বিদ্যা সুরক্ষিত ধন॥

সুপুত্র-কথা।

(৪৬)

একোঽপি গুণবান্ পুত্রো নির্গুণৈশ্চ শতৈর্ব্বরঃ।
একশ্চন্দ্রস্তমো হন্তি ন চ তারাঃ সহস্রশঃ॥

একমাত্র পুত্র যদি হয় গুণবান্,
গুণহীন শত নহে তাহার সমান।
এক চন্দ্র আলো করে সকল সংসার,
না পারে অসংখ্য তারা হরিতে আঁধার।

কুপুত্র-কথা।

(৪৭)

মূর্খশ্চিরায়ুর্জাতোঽপি তস্মাজ্জাতমৃতো বরঃ
মৃতস্তু চাল্পদুঃখায় যাবজ্জীবং জড়ো দহেৎ॥

জাত মাত্র পুত্র যদি যায় যমালয়,
সেও ভাল—তবু মূর্খ পুত্র কিছু নয়।
জাতমৃত পুত্র অল্প দুঃখের কারণ,
মূর্খ পুত্র দহে দেহ যাবৎ জীবন॥

(৪৮)

কুগ্রামবাসঃ কুলহীন-সেবা,
কুভোজনং ক্রোধমুখী চ ভার্য্যা।
পুত্রশ্চ মূর্খো বিধবা চ কন্যা,
বিনাগ্নিনা ষট্ প্রদহন্তি কায়ম্॥

কুগ্রামে নিবাস আর নীচজনসেবা,
কুভোজন ক্রোধমুখী নারী হয় যে বা।
বিধবা তনয়া আর অজ্ঞান তনয়,
অগ্নি বিনা করে দাহ দেহ এই ছয়॥

(৪৯)

কিং তয়া ক্রিয়তে ধেন্বা যা ন দোগ্ধ্রী ন গুর্ব্বিণী ।
কোঽর্থঃ পুত্রেণ জাতেন যো ন বিদ্বান্ ন ভক্তিমান্ ॥

নাহি দেয় দুগ্ধ গর্ভ না করে ধারণ,
তেমন ধেনুতে বল কিবা প্রয়োজন ?
কি ফল ফলিবে বল জন্মিলে তনয়,
যে নাহি বিদ্বান্ কিংবা ভক্তিমান্ হয় ॥

কন্যাদান-কথা ।

(৫০)

সকৃজ্জল্পন্তি রাজানঃ সকৃজ্জল্পন্তি পণ্ডিতাঃ ।
সকৃৎ কন্যাঃ প্রদীয়ন্তে ত্রীণ্যেতানি সকৃৎ সকৃৎ ॥

না ফিরে রাজার আজ্ঞা হ'লে একবার,
পণ্ডিতের বাক্যে নাই কভু ব্যভিচার ।
কন্যা যদি একবার হ'ল সম্প্রদান,
না হয় অন্যথা ইহা বিধির বিধান ॥
রাজাজ্ঞা পণ্ডিতবাক্য বিবাহ কন্যার,
একবার হয়ে থাকে এ তিন ব্যাপার ॥

অভিনিবেশ-কথা ।

(৫১)

একাকিনা তপো দ্বাভ্যাং পঠনং গায়নং ত্রিভিঃ
চতুর্ভির্গমনং ক্ষেত্রং পঞ্চভির্ব্বহুভী রণম্ ॥

একাকী করিলে তপ অনায়াসে সিদ্ধি,
দু'জনে পড়িলে বিদ্যা হয় অতি বৃদ্ধি।
গায়ন তিনের ভাল চা'রের গমন,
পঞ্চে কৃষি বহু মিলে সমর শোভন॥

সুস্ত্রীকথা।

(৫২)

সা ভার্য্যা যা শুচির্দক্ষা সা ভার্য্যা যা পতিব্রতা।
সা ভার্য্যা যা পতিপ্রীতা সা ভার্য্যা সত্যবাদিনী॥

ভার্য্যা বলি তারে পাতিব্রত্য আছে যার,
গৃহকার্য্যে নিপুণতা পবিত্র আচার।
আরো বলি ভার্য্যা তারে যে সত্যবাদিনী,
অথবা যে হয় পতি-প্রীতি-বিধায়িনী।

দারিদ্র্যম্।

(৫৩)

অপুত্রস্য গৃহং শূন্যং দিশঃ শূন্যাস্ত্ববান্ধবাঃ
মূর্খস্য হৃদয়ং শূন্যং সর্ব্বশূন্যা দরিদ্রতা॥

যে দিকে বান্ধব নাই তাহা শূন্যাকার,
উত্তম আলয় শূন্য পুত্র নাই যার।
সর্ব্ব কালে শূন্য হয় মূর্খের হৃদয়,
দরিদ্রের সকলই সদা শূন্যময়॥

(৫৪)

অনভ্যাসে বিষং শাস্ত্রমজীর্ণে ভোজনং বিষম্।
দরিদ্রস্য বিষং গোষ্ঠী বৃদ্ধস্য তরুণী বিষম্॥

অনভ্যাসে বিষবৎ শাস্ত্র প্রতি দ্বেষ,
অজীর্ণে ভোজন বিষ জানিবে বিশেষ।
বৃথা লোক-সমবায়ে সময়কর্ত্তন,
যাহাতে না হয় নিজ ধনের অর্জ্জন।
দরিদ্র এ হেন বিঘ্নে করে বিষ মনে,
বৃদ্ধের বিষম বিষ তরুণী-সেবনে॥

কুবান্ধব-কথা।

(৫৫)

ত্যজেদ্ধর্ম্মং দয়াহীনং বিদ্যাহীনং গুরুং ত্যজেৎ।
ত্যজেৎ ক্রোধমুখীং ভার্য্যাং নিঃস্নেহান্ বান্ধবাংস্ত্যজেৎ॥

যে ধর্ম্মে নাহিক দয়া তারে তেয়াগিবে,
বিদ্যাহীন গুরুকেও অবশ্য ত্যজিবে।
ক্রোধমুখী ভার্য্যা ত্যাজ্যা জানিবে নিশ্চয়,
স্নেহহীন বান্ধবেও ত্যজিবারে হয়॥

বস্তুবিশেষ-জরা।

(৫৬)

অধ্বা জরা মনুষ্যাণাং বাজিনাং বন্ধনং জরা।
অমৈথুনং জরা স্ত্রীণাং বস্ত্রাণামাতপো জরা॥

মনুষ্যের জরা হয় পথ পর্য্যটন,
জানিবে অশ্বের জরা সতত বন্ধন।
অমৈথুন নারী-জরা বলি গণ্য হয়,
রৌদ্রতাপ বস্ত্র-জরা জানিবে নিশ্চয়॥

ধর্ম্মার্জ্জন-কথা।

(৫৭)

অর্জ্জয়েজ্ জ্ঞানমর্থাংশ্চ পুমানমরবৎ সদা।
কেশেষ্বিব গৃহীতঃ সন্ মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ॥

অরোগ অমর আপনারে করি মনে,
অর্থ জ্ঞান উপার্জ্জন করিবে যতনে।
যমরাজ যেন কেশে করেছে ধারণ,
ইহা ভাবি করিবেক ধর্ম্ম আচরণ॥

(৫৮)

ব্যাঘ্রীব তিষ্ঠতি জরা পরিকর্ত্তয়ন্তী,
রোগাশ্চ শত্রব ইব প্রহরন্তি গাত্রে।
আয়ুঃ পরিস্রবতি ভিন্নঘটাদিবাম্ভো,
লোকো ন চাত্মহিতমাচরতীতি কষ্টম্॥

ভীষণা ব্যাঘ্রীর তুল্য জরা-আক্রমণে,
ছিন্ন-ভিন্ন হইতেছে দেহ ক্ষণে ক্ষণে।
শত্রুসম রোগ গাত্রে করিছে প্রহার,
বল ইথে বাঁচিবার আশা কিবা আর।

ভগ্ন ঘট হ'তে জল পড়ার মতন,
হ'তেছে নিয়ত পরমায়ুর ক্ষরণ।
হায় হায়! তবু নর এই অবস্থায়,
আত্মহিত আচরণ করিতে না চায়॥

(৫৯)

মৃদুপবন-হতাগ্র-কদলীদল-বিন্দুনিভং,
তড়িজ্জ্বলন-শিখাকলাপ-শরদম্বুধরবৎ ।
জগদতি চপলং সকলমিত্যবগম্য বুধাঃ,
পিবন্তি সুভাষিতামৃতরসং শ্রবণাঞ্জলিভিঃ॥

কদলী-পত্রের পরে পড়ে বৃষ্টি-জল,
বাতাঘাতে হয় তাহা অতীব চঞ্চল।
উজ্জ্বল বিজলী শরতের মেঘচয়,
আকাশে উঠিয়া হয় তখনি বিলয়।
জগতের গতি এইরূপ সচঞ্চল,
তাই বিজ্ঞগণ শুভাসক্ত অবিরল।
কর্ণরূপ অঞ্জলিতে করিয়া গ্রহণ,
প্রিয়ালাপামৃত-পানে রত অনুক্ষণ॥

(৬০)

যাবৎ স্বস্থমিদং শরীরমজরং যাবজ্জরা দূরগা,
যাবচ্চেন্দ্রিয়শক্তিরপ্রতিহতা যাবৎ ক্ষয়ো নায়ুষঃ।
আত্মশ্রেয়সি তাবদেব হি বুধৈঃ কার্য্যঃ প্রযত্নো মহান্,
সন্দীপ্তে ভবনেঽপি কূপখননং প্রত্যুদ্যমঃ কীদৃশঃ॥

যাবৎ থাকিবে দেহ নিত্য নিরাময়,
যাবৎ না জরা দ্বারা আক্রমিত হয়।

যাবৎ ইন্দ্রিয়শক্তি রহিবে সবল,
যাবৎ না ক্ষয় হয় আয়ু আর বল।
নিজের মঙ্গল জন্য সদা মতিমান্,
কালে করিবেন শুভকার্য্য অনুষ্ঠান।
আগুন লাগিয়া গৃহ জ্বলিতে থাকিলে,
কি ফল উদ্যম—কূপ-খননে করিলে? ॥

(৬১)

ক্ষণতঃ সম্পদিয়ং সুদুর্ল্লভা,
প্রতিলব্ধা পুরুষার্থসাধিনী।
যদি নাত্র বিচিন্ত্যতে হিতং,
পুনরপ্যেষ সমাগমঃ কুতঃ॥

দুর্লভ সম্পদ সদা সর্ব্বার্থ-সাধিনী,
কদাচিত ভাগ্যবশে আইসে আপনি।
ইহজন্মে হিতকার্য্য যদি না হইল,
কোথা হ'তে সে সম্পদ আসিবে তা বল? ॥

(৬২)

সত্যং মনোরমঃ কামঃ সত্যং রম্যা বিভূতয়ঃ।
কিন্তু মত্তাঙ্গনাপাঙ্গ-ভঙ্গলোলং হি জীবিতম্॥

সত্য বটে কাম অতি মনোরম হয়,
সত্য বটে সম্পত্তিও রম্যা অতিশয়।
অত্যন্ত চঞ্চল কিন্তু জানিবে জীবন,
কামমত্ত প্রমদার ভ্রূভঙ্গী যেমন॥

(৬৩)

ক্ষণক্ষয়িণি কায়েঽস্মিন্ অলক্ষ্য-পরিণামিনি।
পরোপকারসারৈব জন্মযাত্রা শরীরিণাম্ ॥

যে কায়ের হয়ে যায় ক্ষণকালে ক্ষয়,
যে কায়ের পরিণাম লক্ষ্য নাহি হয়।
শরীরীর একমাত্র তাহা হয় সার,
যাহা কিছু করা যায় পর-উপকার ॥

(৬৪)

ঐশ্বর্য্যমধ্রুবং প্রাপ্য ধ্রুবে ধর্ম্মে মতিং কুরু।
ক্ষণাদেব বিনাশিন্যঃ সম্পদোঽপ্যাত্মনা সহ ॥

সম্পদের সুস্থিরতা কিছুমাত্র নাই
ধর্ম্মের ধ্রুবতা নিত্য দেখিবারে পাই।
অতএব ক্ষণস্থায়ী সম্পদ্ ত্যজিয়া,
ধর্ম্মে মতি রাখ নিত্য সুস্থির করিয়া।
সম্পদ্ দোষের হেতু জানিবে নিশ্চয়,
আত্মার সহিত ক্ষণকালে হয় ক্ষয় ॥

(৬৫)

যথা খরশ্চন্দনভারবাহী,
ভারস্য বেত্তা ন তু চন্দনস্য।
তথা জনোঽয়ং বহুশাস্ত্রপাঠী,
শাস্ত্রস্য পাঠী ন তু নিশ্চয়স্য ॥

চন্দন-কাষ্ঠের ভার পৃষ্ঠে করি বয়,
গর্দ্দভের তার গন্ধ অনুভব নয়।

ভার-বহা-মাত্র যথা গর্দ্দভের সার,
বিশ্বাস-বিহীন বিদ্যা হয় সে প্রকার।
করিলেও বহু বহু শাস্ত্র অধ্যয়ন,
তাহা যেন গর্দ্দভের চন্দন-বহন॥

(৬৬)

মাতাপিতৃময়ো বাল্যে যৌবনে দয়িতাময়ঃ।
তদপত্যময়ঃ শেষে মূঢ়ো নাত্মময়ঃ ক্বচিৎ॥

জনক-জননী বাল্যকালে সর্ব্বময়,
যৌবনের সর্ব্বময় জায়া সুনিশ্চয়।
অপত্য অন্তিমকালে সর্ব্বময় হয়,
মূঢ়জন কদাচিৎ আত্মময় নয়॥

সমৃদ্ধি-বৃদ্ধি-কথা।

(৬৭)

যেনার্জ্জিতাঃ স্ত্রিয়ো ভৃত্যাঃ পুত্রা মিত্রাণি বান্ধবাঃ।
তেনার্জ্জিতা সমস্তেয়ং চতুরন্তা বসুন্ধরা॥

ভার্য্যা ভৃত্য পুত্র মিত্র—এই চতুষ্টয়,
বসুধার সারভূত জানিবে নিশ্চয়।
এই চারি বস্তু যার হইবে অর্জ্জিত,
সমস্ত অর্জ্জিত তার জানিবে নিশ্চিত॥

(৬৮)

বশ্যাঃ পুত্রাশ্চ ভৃত্যাশ্চ মন্ত্রিণশ্চ পুরোহিতাঃ।
যস্যেন্দ্রিয়াণি গুপ্তানি তস্য শ্রীর্বর্দ্ধতে হিতম্॥

পুত্র ভৃত্য মন্ত্রী পুরোহিত বাধ্য যার,
ইন্দ্রিয় স্ববশে যার থাকে অনিবার।

তাহার অভাব কিছু না হয় কখন,
স্বকরে করেন লক্ষ্মী হিত বিতরণ॥

(৬৯)

উদ্‌যোগঃ সাহসং ধৈর্য্যং বুদ্ধিশক্তিঃ পরাক্রমঃ।
উৎসাহঃ ষড়্‌বিধো যস্য তস্য দেবোঽপি শঙ্কতে॥

বুদ্ধিশক্তি পরাক্রম সাহস উদ্‌যোগ,
উৎসাহ ধীরতা এই ছয় শুভযোগ।
যাহাকে করিয়া থাকে নিয়ত আশ্রয়,
তা হ'তে শঙ্কিত সদা দেবতাও হয়॥

(৭০)

একং হন্যান্ন বা হন্যাদিষুর্মুক্তো ধনুষ্মতা।
বুদ্ধির্বুদ্ধিমতোৎসৃষ্টা হন্যদ্রাষ্ট্রং সরাজকম্॥

ধানুকীর কর হ'তে বিনির্গত বাণ,
কখন বিফল কভু হরে শত্রু-প্রাণ।
কিন্তু সুবুদ্ধির নিয়োজিত বুদ্ধি-শর,
হয়—রাজা রাজ্য উভয়ের নাশকর॥

(৭১)

কচিদ্‌বৃত্তিং কচিদ্‌ভূমিং কচিদ্‌ভৃত্যান্ কচিদ্‌বলম্।
দত্ত্বা তু সাধয়েৎ কার্য্যং ন হানিং পরিকল্পয়েৎ॥

কোথাও জীবিকা কোথা ভূমি ক'রে দান,
কোথা ভৃত্য কোথা বল-প্রয়োগ বিধান।
এইরূপে নিজকার্য্য করিবে সাধিত,
কার্য্যহানি করা কভু না হয় বিহিত॥

চতুর্থ অধ্যায় সমাপ্ত॥ ৪ ॥

পঞ্চমঃ অধ্যায়ঃ।

গুরু-নিষ্কর্ষঃ।

(১)

পতিরেব গুরুঃ স্ত্রীণাং সর্ব্বস্যাভ্যাগতো গুরুঃ
গুরুরগ্নির্দ্বিজাতীনাং বর্ণানাং ব্রাহ্মণো গুরুঃ॥

দ্বিজাতিগণের গুরু হ'ন হুতাশন,
সকল জাতির গুরু জানিবে ব্রাহ্মণ।
একমাত্র পতি গুরু নারীর নিশ্চয়,
গৃহাগত অতিথি সর্ব্বত্র গুরু হয়॥

পুরুষ-পরীক্ষা।

(২)

যথা চতুর্ভিঃ কনকং পরীক্ষ্যতে,
নিঘর্ষণ-চ্ছেদন-তাপ-তাড়নৈঃ।
তথা চতুর্ভিঃ পুরুষঃ পরীক্ষ্যতে,
ত্যাগেন শীলেন গুণেন কর্ম্মণা॥

ঘর্ষণ ছেদন তাপ অথবা তাড়ন,
এই চা'রে পরীক্ষিত যেমতি কাঞ্চন।
ত্যাগ শীল গুণ কর্ম্ম এ চা'র তেমতি,
নিয়োজিবে পুরুষের পরীক্ষার প্রতি॥

(৩)

কুল-শীল-গুণোপেতঃ সত্য-ধর্ম্ম-পরায়ণঃ।
রূপেণ সুপ্রসন্নশ্চ সেনাধ্যক্ষো মহীপতেঃ॥

কুল-শীল-গুণযুক্ত সত্যপরায়ণ,
রূপবান্ সুপ্রসন্ন ধার্ম্মিক সুজন।
এইরূপ সেনাপতি হ'তে মহীপতি,
করেন নিয়ত লাভ রাজ্যের উন্নতি॥

(৪)

ইঙ্গিতাকারতত্ত্বজ্ঞো বলবান্ প্রিয়দর্শনঃ।
অপ্রমাদী মহার্থশ্চ প্রতীহারঃ স উচ্যতে॥

আকার ইঙ্গিতে যার পরতত্ত্বজ্ঞান,
মনোজ্ঞ দর্শন আর যিনি বলবান্।
অনালস্য উচ্চমনা মানব যে জন,
প্রতীহারপদে তাঁরে করিবে বরণ॥

(৫)

মেধাবী বাক্‌পটুঃ প্রাজ্ঞঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ
সর্ব্বশাস্ত্রার্থতত্ত্বজ্ঞো লিপিজ্ঞঃ সাধুলেখকঃ॥

মেধাবী বাক্‌পটু প্রাজ্ঞ জিতেন্দ্রিয় জন,
আর যাঁর করলিপি মনোজ্ঞদর্শন।
সর্ব্বশাস্ত্র-অর্থ-তত্ত্বে যিনি জ্ঞানবান্,
যিনি হন সত্যবাদী সাধু মতিমান্।
এইরূপ জনে রাজা লেখকের পদে,
বরণ করিলে কার্য্যসিদ্ধি পদে পদে॥

(৬)

নিরালস্যাশ্চ সন্তুষ্টাঃ সুস্বপ্নাঃ সুপ্রবোধিনঃ।
সুখদুঃখসমা ধীরা ভৃত্যা জগতি দুর্লভাঃ॥

অলসতা নাহি যার অল্পে তুষ্ট মন,
যখন শয়ন—নিদ্রা, শীঘ্র জাগরণ।
সুখে কিম্বা দুঃখে কভু অধীর না হয়,
হেন গুণী ভৃত্য ভাগ্যে মিলে নিঃসংশয়॥

(৭)

সমানি সমশীর্ষাণি ঘনানি বর্ত্তুলানি চ।
মাত্রাসু প্রতিবদ্ধানি যো জানাতি স লেখকঃ॥

প্রত্যেক অক্ষর হবে আকারে সমান,
মস্তক সমস্ত হবে সম-পরিমাণ।
ঘন-সন্নিবেশ আর বর্ত্তুল আকার,
মাত্রায় মাত্রায় প্রতিবদ্ধ লেখা যার।
এইরূপ লোক হ'লে লেখক রাজার,
তাঁর লেখা হ'তে নাহি সংশয় কাহার॥

(৮)

প্রগল্ভো বুদ্ধিমান্ বক্তা পরচিত্তোপলক্ষকঃ।
ধীরো যথোক্তবাদী চ দূত ইত্যভিধীয়তে॥

কথায় চাতুরী যার যিনি বুদ্ধিমান্,
পরচিত্ত বুঝিবারে যার থাকে জ্ঞান।
বাগ্মী ধীর শাস্ত্রবিৎ স্পষ্টভাষী জনে,
বরিবেন দূতপদে নৃপতি যতনে॥

(৯)

প্রবীণঃ স্বামিভক্তশ্চ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ।
অলুব্ধোহগ্রধনৈস্তৃপ্তো গজাধ্যক্ষো মহীপতেঃ॥

অল্পলাভে তুষ্ট প্রভুভক্ত লোভহীন,
সত্যবাদী জিতেন্দ্রিয় বয়সে প্রবীণ।
গজাধ্যক্ষ-পদে এইরূপ গুণিজনে,
করিবেন বৃত রাজা অত্যন্ত যতনে॥

(১০)

পিতৃ-পৈতামহো দক্ষঃ শাস্ত্রজ্ঞো মিষ্টপাচকঃ।
শৌচযুক্তঃ প্রভোর্ভক্তঃ সূপকারোঽভিধীয়তে॥

রন্ধনে পটুতা পিতৃপিতামহাগত,
শাস্ত্রবিৎ প্রভুভক্ত সদা শৌচরত।
মিষ্ট অন্ন-ব্যঞ্জনাদি যে করে রন্ধন,
তাহাকে পাচক-কার্য্যে করিবে গ্রহণ॥

(১১)

আয়ুর্ব্বেদ-কৃতাভ্যাসঃ সর্ব্বত্র প্রিয়দর্শনঃ।
দৃষ্টলক্ষঃ সুশীলশ্চ প্রাজ্ঞশ্চ ভিষগুচ্যতে॥

উত্তমচরিত্র প্রাজ্ঞ মনোজ্ঞ-দর্শন,
আয়ুর্ব্বেদ যিনি করেছেন অধ্যয়ন।
দৃষ্টিমাত্রে যিনি ব্যাধি পারেন ধরিতে,
ভিষক্ বলিয়া গণ্য তিনি ধরণীতে॥

(১২)

জ্ঞান-বিজ্ঞানসম্পন্নঃ প্রিয়বাদী জিতেন্দ্রিয়ঃ।
সম্যগ্ বিদ্যোপদেশী চ শুচিরাচার্য্য উচ্যতে॥

প্রিয়ভাষী জিতেন্দ্রিয় শৌচাচারবান্,
জ্ঞান ও বিজ্ঞানে যিনি দৃঢ় মতিমান।
বিদ্যা-উপদেশে যাঁর শক্তি অস্খলিত,
তিনিই আচার্য্যপদে হবেন বরিত॥

(১৩)

•বেদবেদাঙ্গতত্ত্বজ্ঞো জপহোমপরায়ণঃ।
আশীর্ব্বাদপরো নিত্যং পার্থিবস্য পুরোহিতঃ॥

ঋক্ আদি চারিবেদ শিক্ষা আদি ছয়.—
অঙ্গের সহিত যার অধ্যয়ন হয়।
যিনি সদা জপ-হোমে হন পরায়ণ,
বদনের অগ্রে যাঁর আশীষ বচন।
এইরূপ ব্যক্তি হ'লে রাজপুরোহিত,
সে রাজার সব দিকে সুসাধিত হিত॥

(১৪)

লেখকঃ পাঠকশ্চৈব গণকঃ প্রতিবোধকঃ।
গ্রহমন্ত্রপ্রয়োক্তা চ কালজ্ঞো রাজ্ঞ উচ্যতে॥

লিখিতে পড়িতে আর বুঝিতে পাটব,
যাহার আয়ত্ত সদা এই গুণ সব।
গ্রহমন্ত্র-বিনিয়োগে যার পূর্ণজ্ঞান,
সময় বুঝিয়া যিনি করেন বিধান॥
রাজার গণক হ'লে হেন গুণিজন,
অখণ্ড মঙ্গললাভ করে প্রজাগণ॥

(১৫)

গণিতজ্ঞো লিপেবক্তা স্মৃতিশ্রুতিপরায়ণঃ।
ব্রাহ্মণো গ্রহমন্ত্রজ্ঞো দেববৎ সোঽপি রাধ্যকঃ॥

গ্রহমন্ত্রবিৎ শ্রুতি-স্মৃতি-পরায়ণ,
গণিতজ্ঞ বিশেষতঃ হইলে ব্রাহ্মণ।

অদৃষ্ট-লিপির বক্তা যদি তিনি হন,
দেববৎ তাঁরে সবে করে আরাধন॥

(১৬)

অদীর্ঘসূত্রী স্মৃতিমান্ কৃতজ্ঞো নীতিশাস্ত্রবিৎ।
ধীমানায়তিদর্শী চ মন্ত্রী রাজ্ঞঃ সুসন্নিধিঃ॥

যে কার্য্য যখন আসি হয় উপস্থিত,
তখনি করেন যিনি তাহার বিহিত।
নীতিশাস্ত্রে যার সদা অস্খলিত জ্ঞান,
কৃতজ্ঞ ধীমান্ যিনি স্মৃতিশক্তিমান্।
সুদূরদর্শিতা গুণে যিনি বিভূষিত,
নৃপতির সন্নিধানে সদা সন্নিহিত।
এ সব উত্তম গুণ থাকিবে যাঁহার,
নিশ্চয় তিনিই মন্ত্রী হবেন রাজার॥

(১৭)

মন্ত্রিবর্গেষু সারোঽয়ং দৃশি নিত্যপ্রসন্নতা।
মুখে বহতি মাধুর্য্যং হৃদয়ে কার্য্যনিশ্চয়ম্॥

মন্ত্রিজনে সার গুণ সুনীতিসম্মত,
দৃষ্টিদানে প্রসন্নতা থাকিবে সতত।
মুখে বলিবেন মন্ত্রী বাক্য মধুময়,
স্বকার্য্য উদ্ধারে সদা সুদৃঢ়-হৃদয়।

(১৮)

খঞ্জঃ কুব্জো মন্দবুদ্ধির্য্যোঽশক্তো জিতেন্দ্রিয়ঃ।
নিস্পৃহশ্চ প্রয়োক্তা চ রাজ্ঞোঽন্তঃ পুররক্ষকঃ॥

খঞ্জ কুব্জ অল্পবুদ্ধি বৃদ্ধ জিতেন্দ্রিয়,
অশক্ত নিস্পৃহ সকলের অতি প্রিয়।
সাধন করিতে অন্তঃপুরপ্রয়োজন,
এইরূপ লোক করিবেক নিয়োজন॥

(১৯)

অলসং মুখরং স্তব্ধং ক্রূরং ব্যসনিনং শঠম্।
অসন্তুষ্টমভক্তঞ্চ ত্যজেদ্ ভৃত্যং নরাধিপঃ॥

অলস ব্যসনী স্তব্ধ অভক্ত মুখর
ক্রূর শঠ অসন্তুষ্ট ভৃত্য মন্দতর।
এইরূপ ভৃত্যে কোন কার্য্য নাহি হয়,
ভূপতির ত্যাজ্য ইহা নাহিক সংশয়॥

(২০)

ক্রূরং ব্যসনিনং লুব্ধ-মপ্রগল্ভমনাবৃতম্।
দুর্ম্মতিং পাপকর্ম্মাণং নাধিকারে নিয়োজয়েৎ॥

ব্যসনে আসক্ত ক্রূর আর জড়মতি,
কার্য্যে পরাঙ্মুখ পাপী নিতান্ত দুর্ম্মতি;
এ সকল হীনগুণ-সমন্বিত জনে,
বিনিয়োগ অনুচিত কোন প্রয়োজনে॥

খলনীতিঃ।

(২১)

দ্বিজিহ্বমুদ্বেগকরং দুর্দ্ধর্ষমতিদারুণম্।
খলস্যাহেশ্চ বদনমপকারায় কেবলম্

সর্পের বদনে দু'টী জিহ্বা বিদ্যমান,
উহা করে মানবেরে সদা দুঃখ দান।
বাক্যের স্খলন খলে থাকে অতিশয়,
এ জন্য 'দ্বিজিহ্ব' বলি খল গণ্য হয়।
দুর্দ্ধর্ষ দারুণ ঐ সর্প আর খল,
উহা হ'তে মানবের অনিষ্ট কেবল॥

(২২)

অকারণাবিষ্কৃতবৈরদারুণাৎ,
খলাদ্ভয়ং কস্য ন নাম জায়তে।
বিষং মহাহেরিব যস্য দুর্ব্বচঃ,
সুদুঃসহং সন্নিহিতং সদা মুখে॥

মহাসর্প-মুখে যথা সদা বিষ রয়,
তদ্রূপ খলের বাক্য জানিবে নিশ্চয়।
সর্পবিষ যথা কভু সহনীয় নয়,
খলের দুঃসহ বাক্য সেইরূপ হয়।
অকারণ নিদারুণ বৈর আবিষ্কার,
নিয়ত যাহার হেন মন্দ ব্যবহার।
সেই খল হ'তে ভয় কার নাহি হয়?
অতএব তার সঙ্গ সমুচিত নয়॥

ভৃত্যভীতিঃ।

(২৩)

তুল্যার্থং তুল্যসামর্থ্যং মন্ত্রজ্ঞং ব্যবসায়িনম্।
অর্দ্ধরাজ্যহরং ভৃত্যং যো ন হন্যাৎ স হন্যতে॥

ভৃত্য যদি প্রভু তুল্য হয় ধনবান্,
সামর্থ্যেও যদি হয় প্রভুর সমান।
মন্ত্রণার মর্ম্ম যদি পরিজ্ঞাত হয়,
ধনার্জ্জনে করে যদি যত্ন অতিশয়।
সেই ভৃত্য যদি রাজা না করে দমন,
রাজার অর্দ্ধেক রাজ্য করিবে হরণ॥

সদ্‌ভৃত্যঃ।

(২৪)

গাম্ভীর্য্যযুক্তা মৃদুমন্দবাক্যা,
জিতেন্দ্রিয়াঃ সত্যপরাঃ সুযোজ্যাঃ।
ভাব্যর্থতিজ্জ্ঞা বিদিতার্থতত্ত্বাঃ,
প্রায়েণ ভৃত্যাঃ কৃতিনাং ভবন্তি॥

গম্ভীর প্রকৃতি সদা সত্যপরায়ণ,
জিতেন্দ্রিয় মৃদুমন্দ মধুর ভাষণ।
ভাবি-প্রয়োজনে যার অতি সাবধান,
অস্খলিত যার সদা অর্থতত্ত্ব-জ্ঞান,
যার প্রতি যে কর্ত্তব্য বুঝিয়া যে চলে,
মিলে প্রায় হেন ভৃত্য বহুভাগ্য ফলে॥

অসদ্‌ভৃত্যঃ।

(২৫)

দম্ভাশ্রিতান্ কপটিনো হিংস্রানুৎসাহবর্জ্জিতান্।
অশক্তান্ ভয়ভীতাংশ্চ রাজা ভৃত্যান্ বিবর্জ্জয়েৎ॥

কার্য্যাক্ষম দম্ভযুক্ত হিংসা-পরায়ণ,
ভয়-ভীত অনুৎসাহী কপটী যে জন।
ভৃত্যকার্য্যে এইরূপ কুজনে কখন,
নাহি রাখিবেন নরপতি বিচক্ষণ।

ভৃত্যফলম্।

(২৬)

যৎ কিঞ্চিৎ কুরুতে ভৃত্যঃ শুভং বা যদি বাশুভম্।
সুকৃতং বর্দ্ধতে তেন রাজ্ঞো দুষ্কৃতমেব চ॥

শুভ কি অশুভ কার্য্য ভৃত্য যাহা করে।
ফলাফল-ভোগ-ভার রাজার উপরে॥

নৃপতেরাত্ম রক্ষোপায়ঃ।

(২৭)

ঘাস ইন্ধনমন্নাজ্যং শস্ত্রাণি বিবিধানি চ।
দুর্গে প্রবেশনীয়ানি সততং শত্রুশঙ্কয়া॥

ঘাস কাষ্ঠ অন্ন ঘৃত অস্ত্র শস্ত্র যত।
শত্রুভয়ে দুর্গমধ্যে রাখিবে সতত॥

(২৮)

ষণ্মাসমথবা বর্ষং সন্ধিং কুর্য্যান্নরাধিপঃ।
আত্মনো বলমালোক্য পশ্চাচ্ছত্রুং নিপাতয়েৎ॥

শত্রুসহ যুদ্ধ যদি উপস্থিত হয়,
সঞ্চিত ধন আর বলের সঞ্চয়।

অতএব এক বর্ষ কিংবা ছয় মাস,
সন্ধি করি লইবেন সেই অবকাশ।
তারপর নিজবল হইলে সঞ্চয়,
নরপতি যুদ্ধে শত্রু করিবেন জয়॥

(২৯)

প্রাজ্ঞং নিযোজয়েৎ কার্য্যে ততো রাজ্ঞস্ত্রয়ো গুণাঃ।
যশশ্চৈব তথা স্বর্গঃ পুষ্কলশ্চ ধনাগমঃ॥

বিজ্ঞজনে কার্য্যভার বিন্যস্ত হইলে,
তিন ফল ভূপতির অবশ্যই মিলে।
অনুপম যশ আর স্বর্গে বাস হয়,
বিপুল বৈভব মিলে জানিবে নিশ্চয়॥

(৩০)

নিযোজ্য মূর্খং কার্য্যে চ রাজ্ঞো দোষত্রয়স্তথা।
অযশশ্চার্থনাশশ্চ নরকে পতনং তথা॥

এইরূপ মূর্খজনে দিলে কার্য্যভার,
এই তিন মহাদোষ ঘটিবে রাজার।
অপযশ অর্থনাশ ইহকালে হয়,
নরকে নিবাস পরকালে সুনিশ্চয়॥

(৩১)

অসহায়স্য কার্য্যাণি সিদ্ধিং নায়ান্তি কানিচিৎ।
তস্মাৎ সমস্তকার্য্যেষু সহায়ো ভূপতেঃ কৃতী॥

সহায় অভাবে কার্য্য সিদ্ধি নাহি হয়,
সর্ব্বকার্য্যে করিবেক সহায় আশ্রয়।

সে সহায় হয় যদি সুবিজ্ঞ সুকৃতী,
তাহা হ'তে শুভফল পান নরপতি॥

(৩২)

গুণবন্তং নিযুঞ্জীত গুণহীনং বিবর্জ্জয়েৎ।
পণ্ডিতেষু গুণাঃ সর্ব্বে মূর্খে দোষাশ্চ কেবলাঃ॥

নিয়োজিবে সর্ব্বকার্য্যে সদা গুণিজনে,
বর্জ্জন করিবে নিত্য নির্গুণে যতনে।
প্রকৃত পণ্ডিতে সর্ব্বগুণ বিদ্যমান,
মূর্খে মাত্র দোষরাশি করে অধিষ্ঠান।

(৩৩)

সদ্ভিরাসীত সততং সদ্ভিঃ কুর্ব্বীত সঙ্গতিম্।
সদ্ভির্ব্বিবাদং মৈত্রীঞ্চ নাসদ্ভিঃ কিঞ্চিদাচরেৎ॥

সজ্জনের সহ সঙ্গ সর্ব্বদা করিবে,
সতত সজ্জন সনে একত্র বসিবে।
মিত্রতা করিবে সদা সজ্জনের সনে,
বিবাদ করিতে হয়—তা'ও সাধুজনে।
কি শত্রুতা কি মিত্রতা সঙ্গ কি সঙ্গতি,
কিছুই উচিত নহে অসত্-সংহতি॥

(৩৪)

পণ্ডিতৈশ্চ বিনীতৈশ্চ ধর্ম্মজ্ঞৈঃ সত্যবাদিভিঃ।
বন্ধনেঽপি বসেৎ সার্দ্ধং ন তু রাজ্যে খলৈঃ সহ॥

ধার্ম্মিক বিনীত সত্যবাদী সুপণ্ডিত,
ইঁহারা করেন সদা মানবের হিত।

অতএব ইহাঁদের সঙ্গে কারাগারে,
অথবা করিবে বাস দুর্গম কান্তারে॥
কিন্তু তাল স্থানে কভু খলের সহিত,
বাস করা মানবের নহে সমুচিত॥

(৩৫)

কার্য্যার্থী সঙ্গতিং যাতি কৃতার্থে নাস্তি সঙ্গতিঃ।
তস্মাৎ সর্ব্বাণি কার্য্যাণি সাবশেষাণি কারয়েৎ॥

অকৃতকার্য্যের সহায়তা প্রয়োজন,
সহায়তা নাহি চায় কৃতকার্য্য জন।
পুনরায় আসা যাতে আবশ্যক হয়,
অবশেষ রাখি কার্য্য সাধিবে নিশ্চয়॥

(৩৬)

তাবদ্ভয়েষু ভেতব্যং যাবদ্ভয়মনাগতম্।
আগতন্তু ভয়ং দৃষ্ট্বা প্রহর্ত্তব্যমশঙ্কয়া॥

ভয়ের কারণ নহে আগত যাবৎ,
দূরদর্শী ভয়ে ভীত হইবে তাবৎ।
সেই ভয় আসি যদি হয় উপস্থিত,
নির্ভয়ে করিবে প্রতিকার যথোচিত॥

(৩৭)

বিত্তেন রক্ষ্যতে ধর্ম্মো বিদ্যা যোগেন রক্ষ্যতে।
মৃদুনা রক্ষ্যতে ভূপঃ সৎস্ত্রিয়া রক্ষ্যতে গৃহম্॥

সাধুকার্য্যে ধনব্যয়ে ধর্ম্মরক্ষা হয়,
যমাদি নিয়মে বিদ্যা হয় উপচয়।

শাস্ত্রগুণ নৃপতিরে সদা রক্ষা করে,
গার্হস্থ্য রক্ষিত ভাল নারী যেই ঘরে।

সঞ্চয় কথা।

(৩৮)

যথাক্রমেণ গৃহ্ণন্তি পুষ্পেভ্যো মধু ষট্‌পদাঃ।
তথা বিত্তমুপাদায় রাজা কুর্ব্বীত সঞ্চয়ম্‌॥

পুষ্প হ'তে ক্রমে ক্রমে মধু মধুকর,
যেমন করিয়া আনে যত্নে নিরন্তর।
রাজাও তদ্রূপ ধন করিয়া সঞ্চয়,
করিবেন কোষাগার নিয়ত অক্ষয়॥

(৩৯)

বল্মীকং মধুজালঞ্চ শুক্লপক্ষে চ চন্দ্রমাঃ।
ভিক্ষাদ্রব্যং নৃপদ্রব্যং স্তোকং স্তোকেন বর্দ্ধতে॥

গৃহে গৃহে করি ভিক্ষা ভিক্ষুক যেমন,
আহার সংগ্রহ করে যথা প্রয়োজন।
শুক্লপক্ষে কলাবৃদ্ধি যথা শশধরে,
মধুকর ক্রমে যথা মধু আনে ঘরে॥
উইকারা যথা করে মৃত্তিকার স্তূপ,
সেইরূপ কোষপূর্ণ করিবেন ভূপ।

সাধুতা।

(৪০)

উপকারিষু যঃ সাধুঃ সাধুত্বে তস্য কো গুণঃ।
অপকারিষু যঃ সাধুঃ স সাধুঃ সদ্ভিরুচ্যতে॥

উপকারী জনে যাহা সাধু ব্যবহার,
সাধুত্বের পরিচয় কিবা আছে তার?
অপকারী জনে যদি সাধু আচরণ,
তাহাই জানিবে সাধুত্বের নিদর্শন॥

(৪১)

তৃণং ব্রহ্মবিদঃ স্বর্গস্তৃণং শূরস্য জীবিতম্।
জিতাক্ষস্য তৃণং নারী নিস্পৃহস্য তৃণং জগৎ॥

স্বর্গসুখ তত্ত্বজ্ঞানী করে তৃণজ্ঞান,
বীর তুচ্ছ তৃণসম দেখে নিজ প্রাণ।
সংযমীর কামিনীতে তৃণতুল্য জ্ঞান,
জগৎ নিস্পৃহ দেখে তৃণের সমান॥

ব্যয়ক্রমঃ।

(৪২)

আয়াত্রিভাগতঃ কুর্য্যাদ্ব্যয়ং ধর্ম্মপরো নরঃ।
এতদেব হি পাণ্ডিত্যং যদায়াদল্পকো ব্যয়ঃ॥

তিন ভাগ করি নিজ উপার্জ্জিত ধন,
একাংশ করিবে ব্যয় ধর্ম্ম-পরায়ণ।
আয় হ'তে কম যার হবে ধন ব্যয়,
তিনিই চতুর লোক নাহিক সংশয়॥

বৈকল্যম্।

(৪৩)

অরণ্যরুদিতং কৃতং স্বশরীরমুদ্বর্ত্তিতং,
স্থলেহব্জমবরোপিতং সুচিরমূষরে বর্ষিতম্।

শ্বপুচ্ছমবনামিতং বধিরকর্ণজাপঃ কৃতঃ,
কৃতান্ধমুখমণ্ডনং যদয়াধমো জনঃ সেবিতঃ ॥

অরণ্যে রোদন স্থলে পদ্মের রোপণ,
নিজ কর দ্বারা নিজ দেহের মর্দ্দন।
অনুর্ব্বর মৃত্তিকায় বিপুল বর্ষণ,
বধিরের কর্ণে গুপ্ত মন্ত্রণা-কথন।
কুকুরের কোঁকড়া-লেজ সরলীকরণ,
নয়নহীনের তথা বদনমণ্ডন।
ক'রে এ সকল আর নীচজন সেবা,
কি ফল লভেছে বল ইথে কোথা কেবা?

(৪৪)

নিঃস্পৃহো নাধিকারী স্যান্নাকামী মণ্ডনপ্রিয়ঃ।
নাবিদগ্ধঃ প্রিয়ং ব্রূয়াৎ স্পষ্টবক্তা ন বঞ্চকঃ ॥

স্পৃহাহীন নাহি চায় ভোগ-অধিকার,
না চায় কামনাহীন প্রিয় অ.স্কার।
অপণ্ডিত প্রিয় বাক্য বলিতে না পারে,
স্পষ্টবাদী প্রবঞ্চক না হয় সংসারে॥

(৪৫)

আলস্যোপহতা বিদ্যা পরহস্তগতং ধনম্।
অল্পবীজং হতং ক্ষেত্রং হতং সৈন্যমনায়কম্ ॥

আলস্যেই হয় নষ্ট বিদ্যা উপার্জ্জন,
না মিলে সময়ে পরহস্তগত ধন।
বীজ অল্প হ'লে ক্ষেত্রে না হয় সুসার,
অনায়ক সৈন্য ম'রে হয় ছারখার॥

(৪৬)

অন্যথা বেদপাণ্ডিত্যং শাস্ত্রমাচারমন্যথা।
অন্যথা যদ্বদচ্ছান্তং লোকাঃ ক্লিশ্যন্তি নান্যথা॥

বেদের কদর্থ করি শাস্ত্র সদাচার,-
ব্যর্থ করিবারে যত্ন সদা থাকে যার।
যে করে সাধুর প্রতিকূল আচরণ,
জীবন কেবল তার ক্লেশের কারণ॥

(৪৭)

বৃথা বৃষ্টিঃ সমুদ্রেষু বৃথা তৃপ্তেষু ভোজনম্।
বৃথা দানং ধনাঢ্যেষু বৃথা দীপো দিবাপি চ॥

অগাধ জলধি-জলে বৃষ্টি বৃথা হয়,
তৃপ্তজনে খাদ্যদানে কিবা ফলোদয়।
ধনাঢ্যেরে ধনদানে কিবা প্রয়োজন,
বৃথা হয় দিবাভাগে দীপ প্রজ্বালন॥

দিবসসাফল্যম্।

(৪৮)

অঞ্জনস্য ক্ষয়ং দৃষ্ট্বা বল্মীকস্য চ সঞ্চয়ম্।
অবন্ধ্যং দিবসং কুর্য্যাদ্দানাধ্যয়ন-কর্ম্মণা॥

ঘর্ষণে অঞ্জনশিলা নিত্য হয় ক্ষয়,
তথা নিত্য বল্মীক-মৃত্তিকা-উপচয়।
এই দুই হ্রাস-বৃদ্ধি করিয়া দর্শন,
বৃথা না করিবে কভু সময় ক্ষেপণ।

দান কিংবা অধ্যয়নে কাল যায় যার,
জীবন সার্থক সত্য জানিবে তাহার॥

ক্ষণমাহাত্ম্যম্।

(৪৯)

একোদরসমুদ্ভূতা একনক্ষত্রজাতকাঃ।
ন ভবন্তি সমাঃ শীলৈর্যথা বদরি-কণ্টকাঃ॥

একই নক্ষত্রে জাত একই উদরে,
সমশীল নাহি হয়—ভিন্ন গুণ ধরে।
এককালে এক বৃক্ষে লভিয়া জনম,
ফুলে ও কণ্টকে যথা বিষয়ে বিষম॥

নৈসর্গিকভাবঃ।

(৫০)

মূর্খাণাং পণ্ডিতা দ্বেষ্যা অধনানাং মহাধনাঃ।
দুর্ভগাণাঞ্চ সুভগাঃ কুলটানাং কুলাঙ্গনা॥

পণ্ডিতের দ্বেষ করে যত মূর্খজন,
ধনবানে করে দ্বেষ অধম যে জন।
দুর্ভগারা সুভগের সদা করে দ্বেষ,
কুলটার কুলাঙ্গনা-বিদ্বেষ বিশেষ॥

(৫১)

দারিদ্র্যনাশনং দানং শীলং দুর্গতিনাশনম্।
অজ্ঞাননাশিনী প্রজ্ঞা ভাবনা ভয়নাশিনী॥

দারিদ্র্য দানের পুণ্যফলে নাশ পায়,
সদা সদাচারে দুর্গতি দূরে যায়।
অজ্ঞান নাশের প্রজ্ঞা প্রধান কারণ,
বিশিষ্ট ভাবনা ভয় করে নিবারণ॥

(৫২)

নাস্তি কামসমো ব্যাধির্নাস্তি মোহসমো রিপুঃ।
নাস্তি তাপসমো বহ্নির্নাস্তি জ্ঞানাৎ পরং সুখম্॥

কামের সমান ব্যাধি নাহি কিছু হয়,
মোহ-সম রিপু কিবা আছে সুদুর্জ্জয়।
কি আছে কোপের তুল্য ভীষণ দাহক,
জ্ঞান হ'তে নাই কিছু সুখ-বিধায়ক॥

(৫৩)

নাস্তি মেঘসমং তোয়ং নাস্তি বাত্মসমং বলম্।
নাস্তি চক্ষুঃসমং তেজো নাস্তি চান্নসমং প্রিয়ম্॥

মেঘের সমান নহে আর কোন জল,
স্ব-বল হইতে বলো কি বল প্রবল?
চক্ষুর সমান তেজ দেখিতে না পাই,
অন্নের সমান প্রিয় আর কিছু নাই॥

(৫৪)

অধনা ধনমিচ্ছন্তি বাচং চৈব চতুষ্পাদাঃ।
মানবাঃ স্বর্গমিচ্ছন্তি মোক্ষমিচ্ছন্তি দেবতাঃ॥

নির্ধনের থাকে সদা ধনের কামনা,
সতত বলিতে বাক্য পশুর বাসনা।

মানব বাসনা করে সদা স্বর্গবাস,
দেবতারা মোক্ষলাভে করে অভিলাষ॥

(৫৫)

নরাণাং নাপিতো ধূর্ত্তঃ পক্ষিণাঞ্চৈব বায়সঃ।
চতুষ্পদাং শৃগালস্তু স্ত্রীণাং ধূর্ত্তা চ মালিনী॥

মানুষের মধ্যে ধূর্ত্ত নাপিত নিশ্চয়,
পক্ষিগণ মধ্যে ধূর্ত্ত কাক অতিশয়।
পশুমধ্যে শৃগালেরে ধূর্ত্ত বলি জানি,
রমণীর মধ্যে ধূর্ত্ত জানিবে মালিনী॥

(৫৬)

অভ্যাসাদ্ ধার্য্যতে বিদ্যা কুলং শীলেন ধার্য্যতে।
গুণেন জ্ঞায়তে ত্বার্য্যঃ কোপো নেত্রেণ গম্যতে॥

অভ্যাস অমোঘ সদা বিদ্যার ধারণে,
থাকিবে নির্ম্মল কুল পূত আচরণে।
গুণের বিচারে আর্য্যজন জানা যায়,
জানিবে কোপের মাত্রা নেত্রের আভায়॥

কর্ম্মফলম্।

(৫৭)

জন্মমৃত্যু হি যাত্যেকো ভুনক্ত্যেকঃ শুভাশুভম্।
নরকেষু পতত্যেক একো যাতি পরাং গতিম্॥

কেহ জন্ম-মৃত্যু-জালে অজস্র জড়িত,
কেহ বা কর্ম্মের ফলে নরকে পতিত।

একজন করে নিত্য শুভাশুভ ভোগ,
কাহারো ভাগ্যে বা ঘটে পরাগতি-যোগ॥

ধর্ম্ম-প্রাধান্যম্।

(৫৮)

বিদ্যা মিত্রং প্রবাসেষু ভার্য্যা মিত্রং গৃহেষু চ।
ব্যাধিতস্যৌষধং মিত্রং ধর্ম্মো মিত্রং মৃতস্য চ॥

বিদ্যা প্রবাসের বন্ধু জানিবে নিশ্চয়,
নিজগৃহে অনুগতা ভার্য্যা বন্ধু হয়।
ব্যাধিতের বন্ধু বলি ঔষধে জানিবে,
ধর্ম্মই মৃতের বন্ধু—সঙ্গে যে যাইবে॥

(৫৯)

সত্যেন ধার্য্যতে পৃথ্বী সত্যেন তপতে রবিঃ।
সত্যেন বাতি বায়ুশ্চ সর্ব্বং সত্যে প্রতিষ্ঠিতম্

সত্যের উপরে হয় পৃথ্বী প্রতিষ্ঠিত,
সত্যধর্ম্ম-বলে সূর্য্য গগনে উদিত।
সত্যের বন্ধনে বায়ু প্রবাহিত হয়,
অখিল জগৎ সত্যে প্রতিষ্ঠিত রয়॥

(৬০)

চলা লক্ষ্মীশ্চলা প্রাণাশ্চলে জীবিত-মন্দিরে।
চলাচলৌ চ সংসারে ধর্ম্ম একো হি নিশ্চলঃ॥

বিভব জীবিকা প্রাণ কিংবা বাসস্থান,
স্থিরভাবে ইহা নাহি করে অধিষ্ঠান।

সব বস্তু এ সংসারে নিত্য চলাচল,
একমাত্র থাকে ধর্ম্ম সদা অচঞ্চল॥

পঞ্চ পিতরঃ।

(৬১)

জনিতা চোপনেতা চ যস্তু বিদ্যাং প্রযচ্ছতি।
অন্নদাতা ভয়ত্রাতা পঞ্চৈতে পিতরঃ স্মৃতাঃ॥

অন্নদান করি যিনি করেন পালন,
আর যিনি ভয় হ'তে করেন রক্ষণ।
জনক আচার্য্য গুরু আর অধ্যাপক,
শাস্ত্রমতে পিতা বলি গণ্য এ পঞ্চক॥

পঞ্চ মাতরঃ।

(৬২)

রাজপত্নী গুরোঃ পত্নী মিত্রপত্নী তথৈব চ।
পত্নীমাতা স্বমাতা চ পঞ্চৈতা মাতরঃ স্মৃতাঃ॥

রাজপত্নী গুরুপত্নী মিত্রপত্নী আর,
শাশুড়ী, জননী—জন্ম উদরে যাঁহার।
মাতা হন শাস্ত্রমতে এই পঞ্চজন,
সকলে সমানরূপে ভক্তির ভাজন॥

সপ্ত মাতরঃ।

(৬৩)

আত্মমাতা গুরোঃ পত্নী ব্রাহ্মণী রাজপত্নিকা।
ধেনুর্ধাত্রী তথা পৃথ্বী সপ্তৈতা মাতরঃ স্মৃতাঃ॥

নিজের জননী গবী গুরুর গৃহিণী।
রাজপত্নী পৃথ্বী ধাত্রী বিপ্র-সধর্ম্মিণী॥
মাতা মধ্যে গণ্য হন এই সপ্ত জন।
পূজনীয় পালনীয় ধ্রুব সর্ব্বক্ষণ॥

কোকিলকাব্যম্।

(৬৪)

ভ্রাতঃ কোকিল ভীত ভীত ইব কিং পত্রাবৃতো বর্ত্তসে,
নীচৈঃ পশ্য সখে পুনঃ পুনরিতো ধাবন্তি লুব্ধার্ভকাঃ।
কা ভীতিস্তব যৎ কুহূরিতি পুনর্বিদ্যা মধুস্যন্দিনী,
কিং ক্রূরে গুণগৌরবং কিমসতীচিত্তে পতিপ্রেমতা॥

প্রশ্ন— হে ভ্রাতঃ! কোকিল! কেন ভীতের মতন,
পাতার আড়ালে ত্বরা কর পলায়ন?
উত্তর— সখে! ব্যাধ-বালকেরা আমায় ধরিতে,
নীচে চেয়ে দেখ আসে ছুটিতে ছুটিতে।
প্রশ্ন— কি ভয় থাকিতে বিদ্যা কুহূ-কুহূ ধ্বনি,
তব মনোমোহকারী অমৃতস্যন্দিনী?
উত্তর— গুণের গৌরব ক্রূরে নাহি দেখি হায়!
অসতীর পতিপ্রেম দেখা নাহি যায়॥

(৬৫)

ভ্রাতঃ কোকিল কূজিতৈরলমলং নাহ্যত্যনাথো গুণং,
তূষ্ণীং তিষ্ঠ বিশীর্ণপর্ণপটলচ্ছন্নঃ ক্বচিৎ কোটরে।
উদ্যানদ্রুমবাটিকা কটুরটৎকাকাবলীসঙ্কুলা,
কালোহয়ং শিশিরস্য সম্প্রতি সখে নায়ং বসন্তোৎসবঃ॥

অকালে কোকিল কেন কর কুহু স্বর?
কে আছে করিবে তব গুণের আদর।
ওহে ভাই! শীত-শীর্ণ পর্ণের অন্তরে,
চুপ ক'রে থাক বসে তরুর কোটরে॥
ঐ দেখ সখে! হর্ষে বসে কাককুল,
উদ্যান-বাটিকা মধ্যে হইয়া সঙ্কুল।
কেহ বা কর্কশ রবে উড়িয়া বেড়ায়,
ইহাতেই শিশিরের ভাব বুঝা যায়।
অতএব ভ্রাতঃ! ভ্রম কর পরিহার,
এইকালে শিশিরের পূর্ণ অধিকার।
বসন্ত-উৎসব এই কালে যোগ্য নয়,
ইহা জানি স্থির কর আপন হৃদয়।

পুরুষ-কাব্যম্।

(৬৬)

বজ্রাদ্ বজ্রকৃতং প্রণশ্যতি ভয়ং শ্রীঃ পদ্মরাগাদ্ ভবেৎ,
নানাকারমপি প্রশাম্যতি বিষং গারুত্মতাদশ্মনঃ।
একৈকং ক্রিয়তে প্রভাবনিচয়াৎ কর্ম্মেতি রত্নৈঃ সদা,
পুংরত্নৈর্মুহুরপ্রমেয়মহিমৈর্বৈকেন কিং সাধ্যতে॥

বজ্র হ'তে বজ্র অস্ত্র নিবারিত হয়,
পদ্মরাগ হ'তে দুঃখ-ক্ষয় সুনিশ্চয়।
হলাহল আদি বিষ বিবিধ প্রকার,
গারুত্মত মহৌষধ হয় সে সবার।
নিজের প্রাভবে দেখ রতন-নিচয়,
কোন এক কার্য্য মাত্র সাধে সুনিশ্চয়।

কিন্তু হাতে আসে যদি পুরুষ-রতন,
সে যে একা পারে সব করিতে সাধন।
অতএব বল পুং-রত্নের তুলনায়,
এ সংসারে কোন্ রত্ন আসে গণনায়?

চরিত্র-প্রশংসা।

(৬৭)

বরং বিন্ধ্যাটব্যামনশন-তৃষার্ত্তস্য মরণং,
বরং সর্পাকীর্ণে তৃণপিহিতকূপে নিপতনম্।
বরং ভ্রান্তাবর্ত্তে গহনজলমধ্যে বিলয়নং,
ন শীলস্য ভ্রংশো বিপুলচরিতস্য শ্রুতবতঃ॥

বরং বিন্ধ্য-পর্ব্বতের নির্জ্জন কাননে,
অনাহারে পিপাসায় মরিবে জীবনে।
বরং সর্পাকীর্ণ তৃণাবৃত অন্ধকূপে,
পতিত হইয়া প্রাণ দিবে কোনরূপে।
অথবা আবর্ত্ত-ঘোর সুগভীর জলে,
পতিত হইয়া যমপুরে যাবে চ'লে।
তথাপি চরিত্রশালী বিদ্যা-বিচক্ষণ,
বিচ্যুত চরিত্র হ'তে হন না কখন॥

পঞ্চম অধ্যায় সমাপ্ত॥ ৫ ॥

ষষ্ঠঃ অধ্যায়ঃ।

কৃপণ-কথা।

(১)

দদধ্বং দানমনিশং মা ভুবন্ কৃপণা জনাঃ।
ভোগেন ক্ষীয়তে ভাগ্যং ন তু দানেন সম্পদঃ॥

কর নিত্য ধনদান হ'য়ো না কৃপণ,
ধনদানে হবে ধ্রুব ধনের রক্ষণ।
ভোগে ভাগ্য ক্ষয় হয় জানিবে নিশ্চয়,
দানে-কভু নাহি হয় সম্পদের ক্ষয়॥

(২)

কৃপণস্য সমো দানে ন ভূতো ন ভবিষ্যতি।
অস্পৃশন্নেব বিত্তানি পরেভ্যো যৎ প্রযচ্ছতি॥

কৃপণের তুল্য দাতা কভু নাহি হয়,
হয় নাই হইবে না—ইহাও নিশ্চয়।
হাতে তুলে না দিলেও তার দান হয়,
কৃপণ মরিয়া গেলে পরে তুলে লয়॥

পরকাল-কথা।

(৩)

চলা বিভূতিঃ ক্ষণভঙ্গি যৌবনং,
কৃতান্তদন্তান্তরবর্ত্তি-জীবনম্।
তথাপ্যবজ্ঞা পরলোকসাধনে,-
অহো নৃণাং বিস্ময়-কারি চেষ্টিতম্॥

ঐশ্বর্য্য চঞ্চল—ক্ষণভঙ্গুর যৌবন,
কৃতান্তের দন্তগত সর্ব্বদা জীবন।
তথাপি অবজ্ঞা পরলোকের সাধনে,
জীবের বিচিত্রগতি হায় কেবা জানে॥

(৪)

অর্থাঃ পাদরজঃসমা গিরিনদীবেগোপমং যৌবনং,
মানুষ্যং জললোলবিন্দুচপলং ফেনোপমং জীবনম্।
ধর্ম্মং যো ন করোতি নিশ্চলমতিঃ স্বর্গার্গলোদ্ঘাটনম্,
পশ্চাত্তাপহতো জরাপরিণতঃ শোকাগ্নিনা দহ্যতে॥

পদধূলি-তুল্য অতিশয় লঘু ধন,
পার্ব্বত্য নদীর বেগ-সদৃশ যৌবন।
নরদেহ হয় জলবুদ্‌বুদ সমান,
জীবন ফেনের তুল্য সদা ক্ষীয়মাণ।
সর্ব্বদা স্বর্গের দ্বার আছে অর্গলিত,
ধর্ম্মের সাধনে তাহা হয় উদ্‌ঘাটিত।
এ হেন ভঙ্গুর দেহে কিবা ফলোদয়,
ধর্ম্ম যদি মানবের সুসাধিত নয়?
যদি দেহে জরা আসি পাতিল আসন,
পশ্চাতে দহিবে দেহ শোক-হুতাশন॥

(৫)

সহবর্দ্ধিতয়োর্নাস্তি সম্বন্ধঃ প্রাণকায়য়োঃ।
পুত্রমিত্রকলত্রেষু সম্বন্ধে তু কথৈব কা॥

প্রাণ কায় একসঙ্গে হয় বর্দ্ধমান,
অক্ষুণ্ণ সম্বন্ধ তায় নহে বিদ্যমান।

পুত্র মিত্র কলত্রের কথা কিবা আর,
কায় প্রাণ হ'তে ভিন্ন সম্বন্ধ যাহার।

(৬)

নো তত্র কশ্চিদনুযাতি সুহৃন্ন বন্ধু-
র্নার্থঃ প্রযত্ননিচিতো ন চ ভৃত্যবর্গঃ।
যস্মিন্ ক্ষণে প্রিয়শতানি বিসৃজ্য পুংসাং,
প্রাণাঃ স্বকর্ম্মফলভোগধনাঃ প্রয়ান্তি॥

যে সময়ে শত শত প্রিয় সমুদায়,
পরিত্যাগ করি প্রাণ পরলোকে যায়।
তখন সুহৃদ্ বন্ধু ভৃত্য যত ধন,
কেহ না করিতে পারে পশ্চাতে গমন।
নিজ কর্ম্ম ফল মাত্র পাছে পাছে ধায়,
তার অনুরূপ ভোগদেহ জীবে পায়॥

(৭)

সম্ভূতঃ পঞ্চধা কায়ো যদি পঞ্চত্বমাপ্নুয়াৎ।
কর্ম্মভিঃ স্বাত্মচরিতৈস্তত্র কা পরিদেবনা॥

ক্ষিতি জল বায়ু তেজ পঞ্চম আকাশ,
তাহাতেই হয় কায় তাহাতেই নাশ।
স্বকৃত-কর্ম্মের ফলে এরূপ ঘটন,
অতএব শোক কেন মূঢ়ের মতন?

(৮)

যৌবনং জরয়া গ্রস্তমারোগ্যং ব্যাধিপীড়িতম্।
মৃত্যুর্গ্রসতি ভূতানি কিং বীর ইব ভাষসে॥

স্বভাব-প্রভাবে জরা গ্রাসিবে যৌবনে,
আরোগ্য থাকিবে সদা ব্যাধির অধীনে।
জীব সব যমরাজ করিবেক গ্রাস,
ওহে বাপু কি বীরত্ব করহ প্রকাশ?

কর্ম্ম-মাহাত্ম্যম্।

(১)

নমস্যামো দেবান্ ননু হতবিধেস্তেঽপি বশগাঃ,
বিধির্বন্দ্যঃ সোঽপি প্রতিনিয়ত-কর্ম্মৈক-ফলদঃ।
ফলং কর্ম্মায়ত্তং কিমমরগণৈঃ কিঞ্চ বিধিনা,
নমস্তৎ কর্ম্মভ্যো বিধিরপি ন যেভ্যঃ প্রভবতি॥

বাছিয়া বাছিয়া বড় দেখি দেবতায়,
প্রণাম করিতে গিয়া তাঁহাদের পায়।
দেখিলাম—তাঁহারাও বিধির অধীন,
ভাবিলাম—বিধিরেই নমি অনুদিন।
কিন্তু কর্ম্মফল-বাধ্য বিধি নিত্য হায়,
কি ফল ফলিবে বল প্রণমি তাঁহায়।
তবে কর্ম্মফলে নমি—না তাও হবে না,
সে ফল যে কর্ম্মায়ত্ত, তাহা কি জান না?
কি অমর কিবা বিধি কিবা কর্ম্মফল,
অবশ্য নমস্য তবে নহে এ সকল।
অতএব কর্ম্মে নিত্য করি নমস্কার,
সকলের বড় বিধি—অধীন যাহার॥

(১০)

পুরাধীতা চ যা বিদ্যা পুরা দত্তঞ্চ যদ্ধনম্।
পুরা কৃতঞ্চ যৎ কর্ম্ম হ্যগ্রে ধাবতি ধাবতি॥

পূর্ব্বজন্মে যাহা করা যায় অধ্যয়ন,
পূর্ব্বজন্মে দান করা হয়েছে যে ধন।
পূর্ব্বজন্মে যাহা করা হইয়াছে কার্য্য,
অগ্রে আসি উপস্থিত হবে অনিবার্য্য॥

(১১)

ভবিতব্যং ভবত্যেব কর্ম্মণামেষ নিশ্চয়ঃ।
অভাব্যং ন ভবত্যেব চিত্তে কিং খিদ্যসে বৃথা॥

যা হবার হবে তাহা নাহিক সংশয়,
ইহাই কর্ম্মের গতি জানিবে নিশ্চয়।
না হবার যাহা—তাহা হবে না কখন,
বৃথা কেন ব্যাকুলিত কর প্রাণ-মন॥

(১২)

দুর্গং ত্রিকূটঃ পরিখা সমুদ্রো,
রক্ষাংসি যোধা ধনদশ্চ ভৃত্যঃ।
সঞ্জীবনী যস্য মুখাগ্রবিদ্যা,
স রাবণঃ কালবশাদ্ বিপন্নঃ॥

ত্রিকূট পর্ব্বত দুর্গ, পরিখা সাগর,
দুর্জ্জয় রাক্ষস সেনা, কুবের চাকর।
সঞ্জীবনী বিদ্যা যার বদনাগ্রে রয়,
এ হেন রাবণ কালবশে হয় লয়॥

(১৩)

নো বান্তরীক্ষে ন সমুদ্রমধ্যে,
ন পর্ব্বতানাং বিবরপ্রদেশে।
নো বা স্বদেশে ভুবি কিঞ্চিদস্তি,
যত্র স্থিতং কর্ম্ম ন বাধতে স্বম্॥

শূন্যে বা সাগর মধ্যে পর্ব্বতগুহায়,
স্বগৃহে ভূগর্ভে প্রাপ্য কি আছে কোথায়?
কেহ না জানিতে পারে এ গূঢ় রহস্য,
কর্ম্মফল-লব্ধ ধন মিলিবে অবশ্য॥

(১৪)

লব্ধ্বা জন্মসহ শ্রিয়া স্বয়মপি ত্রৈলোক্যভূষাকরঃ,
স্থিত্যর্থং শিতিকণ্ঠমপ্যপগতস্তেনাপি মূর্দ্ধ্না ধৃতঃ।
পূর্ণঃ শীতকরস্তথাপি জরতি ক্ষীণং পরং প্রত্যহং,
প্রায়ঃ প্রাক্তনকর্ম্ম এব বলবৎ কস্যোপকুর্ব্বীত কঃ॥

অত্যন্ত সুকান্তি দেহ করিয়া ধারণ,
হ'ন ত্রিলোকের অলঙ্কারের কারণ।
চাহেন আশ্রয়-স্থান শিবের নিকটে,
মাথায় রাখেন তিনি তাঁরে বান্ধি জটে।
অমৃতের খনি পূর্ণ চন্দ্র অনুদিন,
এক এক কলা ক'রে হ'য়ে যান ক্ষীণ।
অতএব পূর্ব্বকৃত কর্ম্ম ধ্রুব সার,
কে কার করিতে পারে কিবা উপকার?॥

(১৫)

উৎপতন্ত্বন্তরীক্ষং বা পাতালং প্রবিশন্তু বা।
চরন্তু বা দিশঃ সর্ব্বা অদত্তং নোপলভ্যতে॥

অন্তরীক্ষে উৎপতন পাতালে প্রবেশ,
সর্ব্বদিকে বিচরণ—কি দিবে বিশেষ?
ইহকালে না করিলে যদি কিছু দান,
পরকালে কে করিবে লাভের বিধান॥

(১৬)

মাতা যদি ভবেল্লক্ষ্মীঃ পিতা দেবো জনার্দ্দনঃ।
নার্থসম্প্রাতিপত্তিঃ স্যাদ্ বিনা প্রাক্পুণ্যকর্ম্মণা॥

মাতা যদি হন রমা পিতা জনার্দ্দন,
ইহাতেও নহে অর্থপ্রাপ্তি-সংঘটন।
বুঝিবে ইহাতে পূর্ব্বপুণ্য-কর্ম্মকৃত,—
অদৃষ্টে কোনই ফল না আছে সঞ্চিত॥

(১৭)

আ সীমান্তান্নিবর্ত্তন্তে সুহৃদঃ সহ বন্ধুভিঃ।
সুকৃতং দুষ্কৃতং বাপি গচ্ছন্তমনুগচ্ছতি॥

সৌহার্দ্দের সীমা দেখ সুনির্দ্দিষ্ট হয়,
না থাকে কখন কভু দৃঢ়বন্ধময়।
শত্রুতা বন্ধুর সনে কখন মিত্রতা,
নিত্য দৃষ্ট জগতের এই বিচিত্রতা।
কিন্তু মানবের যাহা সুকৃত দুষ্কৃত,
ইহা হয় অবিচ্ছিন্ন ভাবে অনুসৃত॥

(১৮)

ব্রহ্মা যেন কুলালবন্নিয়মিতো ব্রহ্মাণ্ডভাণ্ডোদরে,
বিষ্ণুর্যেন দশাবতারনিচয়ে ক্ষিপ্তো মহাসঙ্কটে।
রুদ্রো যেন পিনাকপাণিরনিশং ভিক্ষাচরঃ কল্পিতঃ,
সূর্য্যো ভ্রাম্যতি যদ্বশেন গগনে তস্মৈ নমঃ কর্ম্মণে॥

নিজ কর্ম্ম-ক্ষেত্রে বসি যথা কুম্ভকার,
চক্রে পাক দিয়া ভাণ্ড গড়ে মৃত্তিকার।
সেইরূপ যার বশে ব্রহ্মাণ্ড-উদরে,
করেন নির্ম্মাণ ব্রহ্মা বিশ্ব-চরাচরে।
যার জন্য বিষ্ণু পশু-মৎস্য-নরাকারে,
গ্রহণ করেন ক্লেশ দশ অবতারে।
হ'লেও পিনাকী রুদ্র যাহার নিয়োগে,
করেন জীবিকা-রক্ষা নিত্য ভিক্ষা-ভোগে।
যাঁর প্রেরণায় রবি ভ্রমেন গগনে,
নমস্কার সেই কর্ম্মে কায়-বাক্য-মনে॥

(১৯)

দাতা বলির্যাচনকো মুরারি-
র্দানং মহী বাজিমখস্য মধ্যে।
দাতুঃ ফলং বন্ধনমেব দৃষ্টং,
নমোঽস্তু দৈবায় যথেষ্টকর্ত্রে॥

বিশ্বখ্যাত মখে বলি অখিল ভুবন,
বিশ্বপতি বিষ্ণু-করে করেন অর্পণ।
দাতা তায় লভিলেন বিষম বন্ধন,
উচিত—নিয়ন্তা সেই দৈবের বন্দন॥

(২০)

ভাগ্যবান্ জায়তাং পুত্রো মা শূরো মা চ পণ্ডিতঃ।
শূরাশ্চ কৃতবিদ্যাশ্চ বনে শুষ্যন্তি মৎসুতাঃ॥

(২১)

এতে চাপীন্দ্রতুল্যা ক্ষিতিপতিতনয়া ভীমসেনার্জ্জুনাদ্যাঃ,
শূরাঃ সত্যপ্রতিজ্ঞা দিনকররুচয়ঃ কেশবেনোপগূঢ়াঃ।
তে দৃষ্টা পাত্রহস্তা জগতি কৃপণবদ্ ভৈক্ষ্যচর্য্যানুযাতাঃ,
কঃ শক্তো ভালপট্টে বিধিকরলিখিতাং কর্ম্মলেখাং প্রমার্ষ্টুম্

কহিলা একদা কুন্তী অত্যন্ত ব্যথায়,
বলী প্রাজ্ঞ পুত্র যেন কেহ নাহি চায়।
বলবান্ কৃতবিদ্য মম পুত্রগণ,
বনবাসে থাকি দুঃখে হ'ল নিমগন।
অতএব পুত্র যেন হয় ভাগ্যবান্,
যাহা হ'তে লাভ হয় সম্পদ সম্মান॥

ইন্দ্রতুল্য রাজপুত্র ভীমার্জ্জুন আদি,
বলবান্ দিবাকর-দ্যুতি সত্যবাদী।
শ্রীকৃষ্ণকৃপায় যারা সতত রক্ষিত,
এ হেন মহান্ হায় কি দুঃখে পতিত!
তারা ভিক্ষাপাত্র-হস্তে দীনের প্রায়,
কি ক্ষোভের কথা!—ভিক্ষা করিয়া বেড়ায়।
অতএব দেখ মনে করিয়া বিচার,
যা'-আছে ললাট-পটে লিপি বিধাতার।
কে পারে সে কর্ম্মফল করিতে খণ্ডন,
বিশেষে বুঝিয়া ইহা স্থির কর মন।

(২২)

আগমিষ্যন্তি তে ভাবা যে ভাবা ময়ি ভাবিনঃ।
ময়া তৈরনুগন্তব্যং ন তেষামন্যতো গতিঃ॥

কর্ম্মফল যার যাহা আছে সুনিশ্চিত,
সেই ভাব সদা আসি হয় উপস্থিত।
জীবের করিতে হবে কর্ম্মানুবর্ত্তন,
কর্ম্ম অনুগত নহে জীবের কখন॥

(২৩)

অঘটিতং ঘটনাং নয়তি ধ্রুবং,
সুঘটিতং ক্ষণভঙ্গুরচাপলম্।
জগদিদং কুরুতে সচরাচরং,
বিধিরহো বলবানিতি মে মতিঃ॥

বিধির বিধানে অঘটিত ঘটে যায়,
সুঘটিত নষ্ট হয় বিদ্যুতের প্রায়।
চরাচর জগতের ইহাই বিধান,
সকল বিষয়ে হয় বিধি বলবান্॥

(২৪)

শশিদিবাকরয়োর্গ্রহপীড়নং,
গজভুজঙ্গময়োরপি বন্ধনম্।
মতিমতাঞ্চ বিলোক্য দরিদ্রতাং,
বিধিরহো বলবানিতি মে মতিঃ॥

রাহু গ্রাস করে দেখ শশি দিবাকরে,
ভুজঙ্গ-মাতঙ্গে কর্ম্মপাশে বদ্ধ করে।

দরিদ্র কর্ম্মের ফলে হয় মতিমান্,
সকল বিষয়ে হয় বিধি বলবান্॥

(২৫)

স এবাহং পার্থস্তদপি বরলব্ধং ধনুরিদং,
ত এবামী বাণা প্রমথিতসুরারাতিপৃতনাঃ।
সমস্তা বৃষ্ণীনাং হলধরমুখাণাং যুবতয়ো,
হ্রিয়ন্তে গোপালৈর্বিধিরথ বলীয়ান্ ন পুরুষঃ॥

এই আমি সেই পার্থ মহাবলবান্,
সেই বরলব্ধ ধনু সেই এই বাণ।
যার শরে সুর-শত্রু হইত মথিত,
সেই পার্থ আজ আমি সামর্থ্য-রহিত।
হলধর যাহানেতা নেতা গৌসবিত,
সে যদু-যুবতী আজ গোপ-অপহৃত।
হায় রে অসহ্য এই কার্য্য দৃশ্যমান্,
প্রতীকার্য্য নহে ইহা—বিধি বলবান্॥

(২৬)

ইয়ং কটীমত্তগজেন্দ্র-গামিনী,
বিচিত্র-সিংহাসন-সংস্থিতা সদা;
অনেক-রামাজন-লালিতা পরং,
বিধের্ব্বশাৎ সৈব সতী প্রজার্থিনী॥

সুন্দর নিতম্ব মত্ত গজেন্দ্র গমন,
মনোহর সিংহাসন যাহার আসন।
দিব্য নারীগণে নিত্য হয়ে সু-সেবিত,
দৈবে হেন নারী হয় তনয়ে বঞ্চিত॥

(২৭)

সদৃশে পুরুষত্বেঽপি করপাদৌ শিরোদরে।
একঃ প্রভুঃ পরো দাস ইতি দৈববিজৃম্ভিতম্ ॥

সমান পুরুষাকার শির-পদ-কর,
সকল বিষয়ে এক সমান উদর।
কেহ প্রভু, কেহ ভৃত্য—দৈব-বিড়ম্বনা,
ইহাই জানিবে স্থির বিধির ঘটনা॥

(২৮)

কর্ম্মাণ্যেব প্রধানানি ন নক্ষত্রং নবা গ্রহাঃ।
বশিষ্ঠদত্তলগ্নাপি জানকী দুঃখভাগিনী ॥

বিধির প্রাধান্য সর্ব্বকার্য্যে সুনিশ্চয়,
কি করিতে পারে গ্রহ-নক্ষত্র-নিচয়?
বশিষ্ঠ বিশিষ্টরূপে সীতার বিবাহ,
লগ্ন নিরূপণ করি করিলা নির্ব্বাহ।
তথাপি সীতার হ'ল বহু অমঙ্গল,
জানিবে জগতে বাধ্য বিধির সকল॥

(২৯)

ন পিতুঃ কর্ম্মণা পুত্রো ন পিতা পুত্রকর্ম্মণা।
স্বকৃতেনৈব সম্পত্তিং বিপত্তিং চোপভুঞ্জতে ॥

তনয় জনক—আর জনক তনয়,
পরস্পর কারো কর্ম্মে কেহ বাধ্য নয়।
নিজ কর্ম্মবশে হয় সুখ-দুঃখ-ভোগ,
জানিবে সংসারে ইহা বিধির নিয়োগ॥

(৩০)

কর্ম্মজা প্রভবন্ত্যেব যথাকালমুপদ্রবাঃ।
এতত্তু কষ্টং যচ্ছত্রুঃ কর্ত্তাহমিতি মন্যতে॥

কর্ম্মফলে যথাকালে বিঘ্ন সমুদয়,
মানবের অগ্রে আসি উপস্থিত হয়।
"আমি কর্ত্তা" এইরূপ ভীষণ অজ্ঞান,
মূঢ় মানবের হয় শত্রু মূর্ত্তিমান॥

(৩১)

অনিচ্ছন্নপি চিত্তেন বিদেশস্থোঽপি মানবঃ।
স্বকর্ম্মোপাত্তবাতেন নীয়তে যত্র তৎ ফলম্॥

প্রবাসী জনেরে যথা নিজ অনিচ্ছায়,
গৃহবার্ত্তা আনি দেয় স্বকর্ম্মবাত্যায়।
সেইরূপ সুখ-দুঃখ কর্ম্মলব্ধ ফল,
এ সংসারে ভোগ করে মানব সকল॥

(৩২)

কর্ম্মণা তক্ষকারেণ মনুষ্যো যত্র পুত্রিকা।
বাসনারজ্জুমাকৃষ্য সর্ব্বকর্ম্মসু চোদিতঃ॥

কাষ্ঠকর্ত্তা যত্নে রজ্জু করিয়া যোজন,
করে যথা কাষ্ঠ-পুত্তলিকার গঠন।
তদ্রূপ বাসনা-রজ্জু দিয়া কর্ম্ম-ফল,
আকর্ষণ ক'রে থাকে মানব সকল॥

(৩৩)

প্রাগ্ দত্তমর্থং লভতে মনুষ্যো,
দৈবোঽপি তং বারয়িতুং ন শক্তঃ।
তস্মান্ন শোচামি ন বিস্ময়ো মে,
যদস্মদীয়ং ন হি তৎ পরেষাম্॥

পূর্ব্ব জন্মে দান আদি যাহা কৃত হয়,
এ জন্মে মানব তাহা পায় সুনিশ্চয়।
তাহার বারণে দৈব নহে শক্তিমান্,
মুহ্যমান্ নহে—যার আছে এই জ্ঞান।
অতএব বৃথা শোক অথবা বিস্ময়,
নিজের প্রালব্ধ যাহা পরের তা নয়॥

(৩৪)

স্বয়ং কর্ম্ম করোত্যাত্মা স্বয়ং তৎফলমশ্নুতে।
স্বয়ং ভ্রমতি সংসারে স্বয়ং তস্মাদ্ বিমুচ্যতে॥

জীব নিজে করে কর্ম্ম করে ফল ভোগ।
ভ্রমিয়া সংসারে পরে লভে মুক্তিযোগ॥

(৩৫)

তাদৃশী জায়তে বুদ্ধির্ব্যবসায়োঽপি তাদৃশঃ।
সহায়াস্তাদৃশা এব যাদৃশী ভবিতব্যতা॥

ভবিতব্য থাকে স্থির যেরূপ যাহার,
তার অনুরূপ বুদ্ধি হইবে তাহার।
চেষ্টাও তদনুরূপ করে সেইজন।
সহায় তাহার মত হবে সংঘটন॥

ধর্ম্ম-মাহাত্ম্যম্।

(৩৬)

শ্রুত্বা ধর্ম্মং বিজানাতি শ্রুত্বা ত্যজতি দুর্ম্মতিম্।
শ্রুত্বা জ্ঞানমবাপ্নোতি শ্রুত্বা মোক্ষমবাপ্নুয়াৎ॥

শাস্ত্রের শ্রবণে হয় ধর্ম্মের অর্জ্জন,
শাস্ত্র-শ্রবণের ফলে দুর্ম্মতি-খণ্ডন।
শাস্ত্র শুনে মানবের জ্ঞান লাভ হয়,
শাস্ত্রের শ্রবণে মোক্ষলাভ সুনিশ্চয়॥

(৩৭)

ধর্ম্মহেতোস্ত্যজেদর্থং ন ধর্ম্মং ত্বর্থকারণাৎ।
ইহৈব হি ত্যজেত্যর্থো ধর্ম্মোঽমুত্রাপি তিষ্ঠতি॥

ধর্ম্মের নিমিত্ত ধনে দাও বিসর্জ্জন,
ধর্ম্মে নাহি ত্যজ কভু ধনের কারণ।
মরিলে তোমারে ধন ত্যজিবে নিশ্চয়,
ধর্ম্ম কিন্তু সঙ্গে যাবে নাহিক সংশয়॥

(৩৮)

অর্থার্থী যানি কষ্টানি সহতে কৃপণো জনঃ।
তান্যেব যদি ধর্ম্মার্থী ন পুনঃ ক্লেশভাগ্ভবেৎ॥

কৃপণ অর্থের জন্য যে যে দুঃখ সয়।
ধর্ম্মার্থী হইলে তাহা সহিতে না হয়॥

(৩৯)

বাল এবাচরেদ্ধর্ম্মমনিত্যং খলু জীবিতম্।
ফলানামিব পক্কানাং শশ্বৎ পতনতো ভয়ম্॥

প্রথম বয়সে ধর্ম্ম কর আচরণ,
চিরকাল না থাকিবে অনিত্য জীবন।
বৃক্ষ হ'তে পক্ক-ফল পড়ার মতন,
অতর্কিত জীবনের হইবে পতন॥

(৪০)

পশ্য ধর্ম্মস্য মাহাত্ম্যং ক্রিয়মাণস্য নিত্যশঃ।
আত্মনঃ কুরুতে শ্রেয়ো লোকস্য ভবতি প্রিয়ঃ॥

ধর্ম্মের মাহাত্ম্য দেখ কিবা মধুময়,
ধর্ম্ম-আচরণে নর প্রশংসার্হ হয়।
ধার্ম্মিকের আত্মা মুক্তি লভে সুনিশ্চয়,
ধার্ম্মিক লোকের প্রিয় হয় অতিশয়॥

দৈব-প্রাবল্যম্।

(৪১)

ন ভবেদ্ধ্ বির্বিপাকেঽপি প্রলয়ঃ সময়ং বিনা।
প্রসূনমপ্যসূন্ হন্তি জন্তোঃ প্রাপ্তাবধেঃ পুনঃ॥

অত্যন্ত বিপদ্ যদি উপস্থিত হয়,
অসময়ে কাহার না হতে পারে লয়।
মৃত্যুকাল উপস্থিত হইবে যখন,
পুষ্পের প্রহারে প্রাণ করিবে গমন॥

(৪২)

কিংবা কুলেন বিপুলেন গুণৈশ্চ তৈস্তৈঃ,
শৌর্য্যেণ কৃত্যমিহ নাস্তি ন চ শ্রুতেন।

কর্ম্মাণি পূর্ব্ববিহিতানি ফলন্তি কালে,
দৈবেন যানি লিখিতানি ললাটপট্টে।

শৌর্য্যে বা বিপুল কুলে কি বেদ বিদ্যায়,
থাকিলেও বহু গুণ কি ফল তাহায়।
পূর্ব্ব জন্ম-কর্ম্ম যাহা আছে সুসঞ্চিত,
সেই অনুসারে ফল ফলিবে নিশ্চিত।
যা' আছে ললাটে তব বিধির লিখন,
ফলিবে সে ফল কালে কে করে খণ্ডন॥

(৪৩)

অশোচ্যমানানি যথা পুষ্পাণি চ ফলানি চ।
স্বয়ং স্বকালে পচ্যন্তে তথা কর্ম্মাণি দেহিনাম্॥

পুষ্প ফল যথা হয় বিনা আকাঙ্ক্ষায়।
স্বয়ংই স্বকালে তথা কর্ম্ম পাক পায়॥

(৪৪)

নৈবাকৃতিঃ ফলতি নৈব কুলং ন শীলং,
বিদ্যা সহস্রগুণিতাপি ন বাপ্‌ বিশুদ্ধিঃ।
ভাগ্যানি পূর্ব্বতপসা খলু সঞ্চিতানি,
কালে ফলন্তি পুরুষস্য যথৈব বৃক্ষাঃ॥

কুল শীল সুন্দরতা হ'লে কিবা ফল,
বহু গুণ বিদ্যা বাক্যপটুতা বিফল।
যদি ভাগ্য জন্মে পূর্ব্বজন্ম তপস্যায়,
বৃক্ষ হ'তে ফল যথা—তথা ফল তায়॥

(৪৫)

লব্ধব্যান্যেব লভতে গন্তব্যান্যেব গচ্ছতি।
প্রাপ্তব্যান্যেব প্রাপ্নোতি দুঃখানি চ সুখানি চ॥

লাভ হইবার যাহা তাহা লাভ হয়,
গন্তব্য যাহার যথা গতি সুনিশ্চয়।
প্রাপ্তব্য যাহার যাহা তাহা প্রাপ্তি হয়,
সুখ-দুঃখ ভোগ ক্রম ইহা নিঃসংশয়॥

(৪৬)

অপ্রার্থিতানি দুঃখানি যথৈবায়ান্তি দেহিনাম্।
সুখান্যপি তথা মন্যে দৈবমত্রাতিরিচ্যতে॥

প্রার্থিত না হইলেও যথা দুঃখরাশি,
দেহীদের উপস্থিত হয় নিজে আসি।
সুখও সেরূপ আসি উপস্থিত হয়,
দৈবই প্রবল এই বিষয়ে নিশ্চয়॥

(৪৭)

যথা কাষ্ঠঞ্চ কাষ্ঠঞ্চ সমেয়াতাং মহাদধৌ।
সমেত্য চ ব্যপেয়াতাং তদ্বদ্ভূতসমাগমঃ।

এক এক ক'রে কাষ্ঠ সাগরের নীরে,
ভাসিয়া আসিয়া বহু মিলে ধীরে ধীরে।
বিশ্লিষ্ট হইয়া পুন কোথা লয় পায়,
সংসারের জীব তথা আসে আর যায়॥

(৪৮)

ন মন্ত্রেণ ন বীর্য্যেণ ন ধিয়া পৌরুষেণ চ।
অলভ্যং লভতে জন্তুস্তত্র কা পরিদেবনা॥

মন্ত্র বীর্য্য যত্ন বুদ্ধি যা' কর নিয়োগ,
অলভ্য বস্তুর লাভে না হবে সুযোগ।
প্রাক্তনের অনুরূপ সিদ্ধি সুনিশ্চয়,
তার জন্য শোক করা সমুচিত নয়॥

(৪৯)

ক্রুদ্ধোঽপি কঃ কস্য করোতি দোষং,
তুষ্টোঽপি কঃ কস্য গুণং করোতি।
স্বকর্ম্মসূত্রৈগ্রথিতা হি সর্ব্বে
কর্ত্তা করোতীতি বৃথাভিমানঃ॥

রুষ্ট হয়ে অনিষ্ট বা কে করে কাহার,
তুষ্ট হ'য়ে ইষ্ট-সিদ্ধি কেবা করে কার।
স্ব স্ব কর্ম্মসূত্রে বদ্ধ হয় সর্ব্বজন,
"আমি কর্ত্তা" অভিমানী বিড়ম্বিত হন॥

(৫০)

যন্মনোরথপথেরগোচরং,
যৎ স্পৃশন্তি ন গিরঃ কবেরপি।
স্বপ্নবৃত্তিরপি যত্র দুর্লভা,
হৈলয়ৈব বিদধাতি তদ্বিধিঃ॥

মনের গোচর যাহা না হয় কখন,
যাহাতে কবির বাক্য না করে গমন।
স্বপ্নেও দুর্লভ যাহা—হেন অঘটন,
বিধির বিধানে নিজে করে আগমন॥

সুখ-দুঃখ-লক্ষণম্ ।

(৫১)

সর্ব্বং পরবশং দুঃখং সর্ব্বমাত্মবশং সুখম্ ।
এতদ্বিদ্যাৎ সমাসেন লক্ষণং সুখদুঃখয়োঃ ॥

পরবশ হয় সর্ব্ব দুঃখের নিদান,
আত্মবশে হয় সর্ব্ব সুখ-সংবিধান ।
সুখ ও দুঃখের ইহা সংক্ষেপ লক্ষণ,
ইহা জানি আত্মবশ হবে বিচক্ষণ ॥

৫২)

সুখস্যানন্তরং দুঃখং দুঃখস্যানন্তরং সুখম্ ।
সুখং দুঃখং মনুষ্যাণাং চক্রবৎ পরিবর্ত্ততে ॥

সুখের ভোগান্তে দুঃখ মানবের হয়,
দুঃখের ভোগান্তে পুনঃ সুখের উদয় ।
এইরূপ সুখ-দুঃখ চক্রের মতন,
ঘুরিয়া ফিরিয়া ভোগ হয় অনুক্ষণ ॥

মায়ামোহঃ ।

৫৩)

দৃষ্টা বালকচেষ্টা যৌবনদর্পোঽথ বৃদ্ধবৈরাগ্যম্ ।
সাপি গতা সোঽপি গতস্তদপি গতং স্বপ্নমায়েয়ম্ !

বাল্য-চপলতা আর যৌবনের মদ,
বৃদ্ধের বৈরাগ্য—দেহ-স্বভাব-সম্পদ্ ।
ক্রমে এই তিন যদি হইল অতীত,
জন্ম মায়া-স্বপ্নময় হইবে প্রতীত ॥

(৫৪)

অহো ভার্য্যা অহো পুত্র অহো আত্মা অহো সুখম্।
অহো মাতা অহো ভ্রাতা পশ্য মায়াবিমোহনম্॥

আহা কি মায়ার মোহ কর বিলোকন,
হায় হায় মানবের কিবা বিড়ম্বন।
ভার্য্যা পুত্র আত্মা সুখ মাতা সহোদর,
ইহাতে মানব-মন মুগ্ধ নিরন্তর॥

(৫৫)

মাতুর্গর্ভ-পরিভ্রষ্টো মগ্নঃ সংসার-সাগরে।
দুঃখেন লভতে জন্ম মানুষ্যে চ পুনঃপুনঃ।

মাতৃগর্ভ হ'তে ভূমে হইয়া পতিত,
সংসার-সাগরে নর হয় নিমজ্জিত।
এইরূপ গতাগতি করে বারবার,
মানুষের ক্লেশমাত্র হয় তায় সার॥

(৫৬)

দুঃখং পরং বালক-চেষ্টিতঞ্চ,
মধ্যং হি চান্তং জরয়া নিরন্তম্।
এতানি দুঃখানি বহূনি লোকে
চিত্রাণি সংস্মৃত্য ন কিঞ্চিদিষ্টম্॥

চাঞ্চল্যে যৌবনে বাল্যে নানা ক্লেশ হয়,
বৃদ্ধ কালে জরা-জন্ম দুঃখ নিঃসংশয়।
দেখিয়াও এত দুঃখ হায় জীবগণ,
নিজের অভীষ্ট কভু না করে স্মরণ॥

(৫৭)

কামঃ ক্রোধস্তথা লোভো দেহে তিষ্ঠন্তি তস্করাঃ।
তে মুষ্ণন্তি জগৎসর্ব্বং তস্মাদ্ জাগৃত জাগৃত ॥

কাম ক্রোধ লোভ আদি অতি ভয়ঙ্কর,
দেহ মধ্যে বাস করে সতত তস্কর।
দেহ-গেহ হ'তে করে সর্ব্বস্ব হরণ,
অতএব জাগ জাগ ওরে মূঢ় মন॥

(৫৮)

যো হি মানুষ্যমাসাদ্য কর্ম্মভূমিং সুদুর্লভাম্।
ন করোত্যাত্মনঃ শ্রেয়ঃ স পশ্চাৎ পরিতপ্যতে ॥

সুদুর্লভ নর-জন্ম লভি কর্ম্ম-ভূমে,
না করে নিজের শ্রেঃ প'ড়ে মোহ-ভ্রমে।
যম আসি শেষে কেশে করিলে ধারণ,
হইবে কেবল পরিতাপের কারণ॥

(৫৯)

কস্য মাতা কস্য পিতা কস্য বন্ধুর্মহামুনে।
বিভ্রমশ্চ স্মৃতিভ্রংশাত্তেন মুহ্যন্তি জন্তবঃ।

কেবা কার মাতা পিতা কেবা বন্ধু কার।
ভ্রমে ভুলে জীব মুগ্ধ থাকে অনিবার॥

(৬০)

অর্থং ধিগস্তু বহুবৈরিকরং নরাণাং,
রাজ্যং ধিগস্তু ভয়দং বহু চিন্তনীয়ম্।
স্বর্গং ধিগস্তু পুনরাগমনপ্রবৃত্তিং
ধিক্ ধিক্ শরীরমপি রোগসমাশ্রয়ঞ্চ ॥

অর্থে ধিক্—তাহা হয় নিত্য বৈরকর,
রাজ্যে ধিক্—তাহা ভয়-চিন্তার আকর।
দেহে ধিক্—তাহা নিত্য ব্যাধির কারণ,
স্বর্গে ধিক্—তাহা হ'তে পুন আবর্ত্তন॥

নিয়তি প্রভাবঃ।

(৬১)

অহীন্দ্রান্ পাতালাদ্‌বিষমিব নিমজ্যোদ্ধরতি যো
য আরুহ্য স্বর্গং কবলয়তি সেন্দ্রান্ সুরগণান্।
মহীং ভ্রান্ত্বা ভ্রান্ত্বা রঘু-নল-নৃপা যেন বিজিতাঃ
স মৃত্যুঃ কালং ন ক্ষমত ইতি মাকার্ষ্ট মনসি॥

সরোবরে প্রবেশিয়া মৃণাল যেমন,
অনায়াসে আনে লোক করিয়া ছেদন।
পাতালের তল হ'তে করি আকর্ষণ,
সেইরূপ সর্পরাজে যে করে গ্রহণ।
দুরারোহ স্বর্গপুরে আরোহণ করি,
ইন্দ্র-আদি দেবগণে বলে আনে ধরি।
ভ্রমিয়া ভ্রমিয়া ভূমণ্ডলে নিরন্তর,
রঘু নল নৃপতির হয় প্রাণহর।
সেই যম ক্ষমা নাহি করিবে তোমায়,
মনে নাহি স্থান দিও কভু এ আশায়॥

(৬২)

ন বালেষু স্নেহং বহতি ন জরৎস্বাদরনবং,
ন দাক্ষিণ্যচ্ছায়া যুবতিষু ন শাস্ত্রেষু করুণা।

য এবং নিঃসীমা তরুণহৃদয়ঃ পীনকঠিনঃ,
স মৃত্যুঃ কালং ন ক্ষমত ইতি মাকার্ষ্ট মনসি ॥

বালকেও নাই যার করুণার লেশ,
জরাজীর্ণ দেহে দয়া নাহিক বিশেষ।
যুবতী জনের প্রতি দাক্ষিণ্যের ছায়া,
নাহি যার শাস্ত্র উপদেশে কিছু মায়া।
এরূপ মর্য্যাদাহীন যম মহাশয়,
তরুণ কঠিন স্থূল তাঁহার হৃদয়;
সেই মৃত্যু হ'তে তব পাইতে করুণা,
অভিলাষে মনে স্থান দিও না দিও না ॥

(৬৩)

অরে বদ হরের্নাম ক্ষেমধাম ক্ষণে ক্ষণে।
বহির্নিযাতি নিশ্বাসো বিশ্বাসো ন নিবর্ত্তনে ॥

ক্ষেম-ধাম হরিনাম বল ক্ষণে ক্ষণে।
নিশ্বাসে বিশ্বাস কিবা পুন নিবর্ত্তনে ॥

(৬৪)

ন প্রাপ্তকালো ম্রিয়েত বিদ্ধঃ শরশতৈরপি।
কুশাগ্রেণাপি সংস্পৃষ্টঃ প্রাপ্তকালো ন জীবতি ॥

শত শরে দেহ বিদ্ধ হ'লেও মরণ,
অকালে জীবের কভু না ঘটে কখন।
কিন্তু কাল প্রাপ্ত হ'লে কুশাগ্র স্পর্শনে,
তখনই যায় জীব যমের সদনে ॥

(৬৫)

পরিহর মনসা সুবর্ণচিন্তাং,
কুরু হরিপূজনমেব সারম্।
যমভট-করপতিতানাং নরাণাং,
ভবতি ন হেমশতৈঃ ক্ষণং বিমুক্তিঃ॥

কাঞ্চনের চিন্তা মন হ'তে পরিহর,
অচ্যুত-অর্চ্চনা কায়-মনো-বাক্যে কর।
যমদূত হস্তে যদি পড়ে যাও ভাই,
শত স্বর্ণ-উৎকোচেও অব্যাহতি নাই!

(৬৬)

নাসাতো নির্গমস্যাপি শ্বাসস্য চ মহামুনে।
প্রবেশে প্রত্যয়ো নাস্তি প্রাতরাগমনং কুতঃ॥

নাসিকা হইতে যদি বাহিরায় শ্বাস,
ফিরিয়া আসিবে বলি কি আছে আশ্বাস।
অদ্যকার দিন যদি যায় একবার,
প্রভাতের মুখ কি দেখিবে পুনর্ব্বার॥

(৬৭)

পুরন্দর-সহস্রাণি চক্রবর্ত্তি-শতানি চ।
প্রবাসিতানি কালেন প্রদীপ ইব বায়ুনা॥

সহস্র সহস্র কত সহস্রলোচন,
কত শত চক্রবর্ত্তী না হয় গণন।
কালে ইহাদের হয় অধিকার ক্ষয়,
বায়ু দ্বারা দীপ যথা নির্ব্বাপিত হয়।

(৬৮)

অজ্ঞানেনাবৃতো লোকো লোভেন স বশীকৃতঃ।
সঙ্গেন বহুভির্নষ্টৈস্তেন স্বর্গং ন গচ্ছতি॥

অজ্ঞানে আবৃত লোক লোভে বাধ্য রয়।
সঙ্গদোষে নষ্ট—স্বর্গ লাভ নাহি হয়॥

যাচক-নিন্দা।

(৬৯)

ন পশ্যন্তি চ জন্মান্ধাঃ কামান্ধো নৈব পশ্যতি।
মদোন্মত্তা ন পশ্যন্তি অর্থী দোষং ন পশ্যতি॥

জন্মান্ধ মানব যথা দেখিতে না পায়,
কামান্ধও দৃষ্টিহীন কাম-তাড়নায়।
না পায় দেখিতে দোষ মদমত্তগণ,
না দেখে স্বদোষ কিছু কভু প্রার্থিজন॥

(৭০)

দেহি দেহীতি বদতো দেহি দেহীতি যাচতঃ।
একমেব বচস্তত্র কিয়তী সারফল্গুতা॥

"দেহি দেহি" দুটী শব্দ একার্থ-বোধক,
"দাও দাও" মাত্র এই অর্থের দ্যোতক।
'দাও' অর্থে 'পরে দাও' এ উদ্দেশ্য যার,
তার মনোগত অর্থ জানিবে সুসার।
'দাও মোরে' অর্থে যদি "দেহি দেহি" হয়,
যাচকের বাক্য তাহা অসারতাময়॥

কর্ম্মক্ষয়-কথা।

(৭১)

ন প্রদানৈঃ ক্ষয়ং যান্তি নোপভোগেন সম্পদঃ।
পূর্ব্বার্জ্জিতানামন্যত্র সুকৃতানাং ক্ষয়ং বিনা॥

দান কিংবা ভোগে নাহি হয় ধনক্ষয়,
বিশেষতঃ দানপুণ্যে হয় উপচয়।
কিন্তু পূর্ব্বজন্মকৃত সুকৃত নিশ্চয়,
ভোগ দ্বারা ক্রমে ক্রমে হইবেক ক্ষয়॥

গর্ভবাস-ক্লেশ-কথা।

(৭২)

একবিংশতিরুদ্দিষ্টা নরকাঃ শাস্ত্রপারগৈঃ।
গর্ভবাসসমীপে তু কলাং নার্হন্তি ষোড়শীম্॥

একুশ প্রকার হয় নরক-লক্ষণ,
নির্দ্ধারণ করেছেন শাস্ত্রকারগণ।
গর্ভবাস-ক্লেশ ইহা হইতে প্রধান,
নরক হইতে ষোল গুণের সমান॥

(৭৩)

শীতমুষ্ণং ক্ষুধা তৃষ্ণা গর্ভবাসেষু দারুণাঃ।
গর্ভবাসাদৃতে নান্যৎ কষ্টাৎ কষ্টতরং মহৎ॥

শীত উষ্ণ ক্ষুধা তৃষ্ণা—দারুণ যাতনা,
গর্ভবাস হ'তে হয় জীবের ঘটনা।
অতএব গর্ভবাস হইতে বিশেষ,
শ্রেষ্ঠ হ'তে শ্রেষ্ঠতর কিবা আছে ক্লেশ॥

(৭৪)

ইচ্ছন্তি কেচিন্নরকেষু বাসং,
নেচ্ছন্তি কেচিন্নরকেষু বাসম্।
শ্রেয়ো হি তস্মান্নরকং বিশিষ্টং,
ন গর্ভবাসাৎ পরমং হি দুঃখম্॥

কেহ নাহি ইচ্ছা করে নরক-নিবাস,
কেহ বা কথনো করে বরং অভিলাষ।
কিন্তু কারো কাম্য নহে গর্ভবাস-ক্লেশ,
নরক হইতে তাহা দুঃখদ বিশেষ॥

উদারতা।

(৭৫)

একস্বার্থ-প্রযত্নানাং সর্ব্বেষাং তত্র গামিনাম্।
একশ্চেত্ত্বরিতং যাতি তত্র কা পরিদেবনা॥

একই উদ্দেশ্যে যদি বহু লোক ধায়,
তার মধ্যে কেহ অগ্রে সিদ্ধ সাধনায়।
তার জন্য খেদ কভু সমুচিত নয়,
উদার-চেতার এই ধর্ম্ম নিঃসংশয়॥

(৭৬)

কিং কিং নোপকৃতং তেন কিং ন দত্তং মহাত্মনা
প্রিয়ং প্রসন্নবক্ত্রেণ প্রথমং যেন ভাষিতম্॥

করিলে প্রসন্ন মুখে প্রিয় সম্ভাষণ,
করা হয় সর্ব্ব-উপকার-সংসাধন।

সর্ব্ববিধ দান সমাহিত হয় তায়,
এই গুণ সদা দৃষ্ট হয় মহাত্মায়॥

(৭৭)

বাল্যে বয়সি যঃ শান্তঃ স শান্ত ইতি কথ্যতে।
ধাতুষু ক্ষীয়মাণেষু শমঃ কস্য ন জায়তে॥

বালক-বয়সে শান্ত যে মানব হয়,
তাহারেই "শান্ত" বলে, সর্ব্বলোকে কয়।
ধাতুক্ষয় হলে শান্ত কেবা নাহি হয়,
তাহা প্রকৃতির ধর্ম্ম নাহিক সংশয়॥

(৭৮)

প্রসন্নচিত্তঃ স্বয়মেব তুষ্যতি,
প্রভুঃ শিবশ্চার্দ্ধদলেন পূজিতঃ।
ন কোটিসৌবর্ণ-কুশেশয়ার্চ্চনাৎ,
অশুদ্ধবুদ্ধিঃ শরদাং শতৈরপি॥

প্রসন্ন-হৃদয় নিজে সদা সসন্তোষ,
অর্দ্ধ বিল্বদলে যথা তুষ্ট আশুতোষ।
কোটিস্বর্ণ-পদ্মে শত বৎসর অর্চ্চনে,
দুষ্ট জন তুষ্ট নয় কভু মনে মনে॥

(৭৯)

ক্বচিদ্ভূমৌ শেতে ক্বচিদপি চ পর্য্যঙ্কশয়নে,
ক্বচিচ্ছাকাহারী ক্বচিদপি চ মাংসাদনরুচিঃ।
ক্বচিৎ কন্থাশালী ক্বচিদপি বিচিত্রাম্বরধরো,
মনস্বী কার্য্যার্থী গণয়তি ন দুঃখং ন চ সুখম্॥

কভু ভূমিশয্যা কভু পর্য্যঙ্কে শয়ন,
কভু শাক কভু মাংস-ব্যঞ্জন ভক্ষণ।
কখনো কন্থায় করে লজ্জা নিবারণ,
কখনো বা মনোহর বসন ধারণ।
কিন্তু মনস্বীর মনে এ সব সমান,
সুখ-দুঃখে তাঁরা কভু নহে মুহ্যমান॥

(৮০)

জিহ্বে বদসি নিঃস্নেহং মধুরং কিং ন ভাষসে।
মধুরং বদ কল্যাণি লোকোঽয়ং মধুরপ্রিয়ঃ॥

রসনে! সরস কথা কর উচ্চারণ,
কভু না করিও কা'রে অরস-ভাষণ।
কল্যাণি! মধুরপ্রিয় সব লোক হয়,
অতএব বল বাক্য সদা মধুময়॥

(৮১)

ন প্রহৃষ্যতি সম্মানৈর্নাবমানৈঃ প্রকুপ্যতে।
গঙ্গোদকমিবাক্ষয্যো যঃ স পণ্ডিত উচ্যতে॥

সম্মানে সন্তুষ্ট কভু নহে যার মন,
অপমানে অসন্তুষ্ট না হয় কখন।
জাহ্নবীর জল তুল্য সে জন অক্ষয়,
পণ্ডিত বলিয়া পূজ্য হন অতিশয়॥

গর্ব্বিত-বর্ব্বরতা।

(৮২)

দরিদ্রস্য মনুষ্যস্য প্রাজ্ঞস্যায়তি-দর্শিনঃ।
হিতমপ্যুচিতং বাক্যমবলিপ্তৈর্ন গৃহ্যতে

দূরদর্শী প্রাজ্ঞ যদি দরিদ্রও হয়,
তাঁর বাক্য হিতকর জানিবে নিশ্চয়।
উচিত—এ বাক্যে সমাদর-প্রদর্শন,
গর্ব্বিত এ মহাবাক্য না করে গ্রহণ॥

ভাবশুদ্ধিঃ।

(৮৩)

সর্ব্বেষামেব শৌচানামর্থশৌচং প্রশস্যতে।
যোঽর্থে শুচিঃ স হি শুচির্ন মৃদ্বারি-শুচিঃ শুচিঃ॥

অর্থশুদ্ধি সর্ব্বশুদ্ধি-মধ্যে শ্রেষ্ঠ হয়,
অর্থ-শুচি-জনে শুচি জানিবে নিশ্চয়।
জলে মাত্র মৃত্তিকায় শুচি শুচি নয়,
অতএব কর অর্থ-শুদ্ধির আশ্রয়।

(৮৪)

ন মৃদ্ভারসহস্রেণ নোদকুম্ভশতেন চ।
পঞ্চগব্যঘটৈর্ব্বাপি ভাবদুষ্টো ন শুধ্যতি॥

সহস্র সহস্র ভার শুদ্ধ মৃত্তিকায়,
শত শত কুম্ভ-মুক্ত জলের ধারায়।

কিংবা পঞ্চগব্যে যদি অভিষিক্ত হয়,
ভাবদুষ্ট শুদ্ধ নহে জানিবে নিশ্চয়॥

(৮৫)

যস্য হস্তৌ চ পাদৌ চ মনশ্চৈব সুসংযতম্।
বিদ্যা তপশ্চ কীৰ্ত্তিশ্চ স তীর্থফলমশ্নুতে॥

হস্ত পদ মন যার সদা সুসংযত,
বিদ্যা তপ কীর্ত্তি সর্ব্ববাদি-সুসম্মত।
তার সর্ব্বতীর্থ-ফল সুসার্থক হয়,
অন্যের জানিবে তীর্থ ব্যর্থ নিঃসংশয়॥

(৮৬)

পানীয়ং বা নিরায়াসং সাদ্বন্নং বা ভয়োত্তরম্।
বিচার্য্য খলু পশ্যামি পানীয়ং নির্ভয়ং সুখম্॥

বিনায়াসে প্রাপ্ত জল মাত্র করি পান,
কোনমতে রক্ষা করিবেক নিজ প্রাণ।
যে অন্ন ভক্ষণে ভয় ভবিষ্যতে হয়,
স্বাদু হইলেও তাহা ত্যজিবে নিশ্চয়।
বিচার করিয়া বুঝ দু'এ পরস্পর,
নির্ভয় পানীয় পান হয় সুখকর॥

দ্রব্যশুদ্ধিঃ।

(৮৭)

ভস্মনা শুধ্যতে কাংস্যং তাম্রমম্লেন শুধ্যতি।
রজসা শুধ্যতে নারী নদী বেগেন শুধ্যতি॥

ভস্মে কাংস্য, অম্লে তাম্র, রজোধর্ম্মে নারী ।
বহিলে জোয়ার ভাটা শুদ্ধ নদীবারি ॥

নিন্দুক-নিন্দা ।

(৮৮)

কাকঃ পক্ষিষু চাণ্ডালঃ পশূনাঞ্চৈব কুক্কুরঃ ।
কোপী মুনীনাং চাণ্ডালঃ সর্ব্বেষাং চৈব নিন্দকঃ ॥

স্বভাবে চণ্ডাল কাক হয় পক্ষিগণে,
পশুমধ্যে কুক্কুরে চণ্ডাল বলি গণে ।
মুনি মধ্যে কোপনের চণ্ডালে গণন,
সামান্য চণ্ডাল পর-নিন্দুক যে জন ॥

(৮৯)

খলঃ সর্ষপতুল্যানি পরচ্ছিদ্রাণি পশ্যতি ।
আত্মনো বিল্বমাত্রাণি পশ্যন্নপি ন পশ্যতি ॥

পরচ্ছিদ্র অতিক্ষুদ্র সর্ষপের মত,
খল তাহা খুঁজে দেখে থাকে অবিরত ।
নিজ ছিদ্র যদি বড় বিল্বাকার হয়,
দেখিয়াও নাহি দেখে জানিবে নিশ্চয় ॥

সংসার-নশ্বরতা ।

(৯০)

বীজং পিতা ক্ষেত্রমহো জনিত্রী,
বর্ষাণি কর্ম্মাণি শুভাশুভানি ।

ভূতানি শস্যপ্রতিমানি লোকে,
জাতানি যাতানি চ তানি তানি ॥

পিতা বীজ, মাতা ক্ষেত্র, কর্ম্ম বৃষ্টিজল,—
শুভাশুভ রূপে তায় পড়ে অবিরল।
প্রাণিগণ শস্যসম সমুৎপন্ন হয়,
আহা এই সৃষ্টি কিবা বিচিত্রতাময়।
শস্যের যেরূপ পুনঃপুনঃ জন্ম লয়,
সেরূপ জীবের জন্ম আর হয় ক্ষয় ॥

(৯১)

আধূমাদ্ বিনিবর্ত্তন্তে সুহৃদো বান্ধবৈঃ সহ।
যেন তে সহ গন্তব্যং তৎকর্ম্ম সুকৃতং কুরু ॥

শ্মশান পর্য্যন্ত গিয়া সুহৃদ্ বান্ধব,
দাহশেষে স্ব-আবাসে ফিরে আসে সব।
কর হেন শুভকর্ম্ম নিত্য আচরণ,
বন্ধুরূপে যাহা সঙ্গে করিবে গমন ॥

(৯২)

গৃহাদর্থা নিবর্ত্তন্তে শ্মশানান্মিত্রবান্ধবাঃ।
যেন ত্বয়েহ গন্তব্যং তৎকর্ম্ম সুকৃতং কুরু ॥

মরিলে স্ব-গৃহে পড়ে থাকে নিজ ধন,
শ্মশান হইতে ফিরে মিত্র-বন্ধুগণ।
কিন্তু হেন শুভ কার্য্য করিতে হইবে,
মরিলেও যাহা তব অনুগামী হবে ॥

(৯৩)

অজ্ঞানবর-ষণ্ডেন প্রসুপ্তো নরগর্দ্দভঃ।
কঃ সমর্থঃ প্রবোদ্ধুং তং জ্ঞানভেরীশতৈরপি ॥

ভীষণ অজ্ঞানরূপ বৃষের সহিত,
গর্দ্দভ সদৃশ নর রয়েছে নিদ্রিত।
শত শত ভেরীশব্দে কে বল তাহারে,
এই মহা নিদ্রা হ'তে জাগাইতে পারে? ॥

(৯৪)

গৃহেঽপ্যর্থান্ পরিস্থাপ্য শ্মশানে মিত্রবান্ধবান্।
নগ্নশ্চ রিক্তহস্তশ্চ প্রয়াতি মূষিতো যথা ॥

স্বগৃহে রাখিয়া ধন শ্মশানে বান্ধব,
চৌরাপহৃতের মত চলে যায় সব।
নগ্নদেহে রিক্তহস্তে যাহার প্রস্থান,
বিমূঢ় মানব তায় হায় আস্থাবান ॥

(৯৫)

জরা ব্যাধিশ্চ মৃত্যুশ্চ যদি ন স্যাদিদং ত্রয়ম্।
তদা সংসারভোগেঽস্মিন্ কামং রাজতু মে মনঃ ॥

জরা ব্যাধি মৃত্যু যদি না থাকে এ তিন।
মন ভোগাসক্ত মম থা'ক অনুদিন ॥

(৯৬)

প্রাতর্মূত্রপুরীষাভ্যাং মধ্যাহ্নে ক্ষুৎপিপাসয়োঃ।
তৃপ্তাঃ কামেন বাধ্যন্তে নিদ্রয়া নিশি জন্তবঃ ॥

মূত্র পুরীষের ত্যাগে প্রভাত সময়,
ক্ষুধা পিপাসায় মধ্য-দিন গত হয়।
নিদ্রায় যামিনীযোগে হইয়া নিরত,
কাম-কর্ম্মে বদ্ধ জীব থাকে অবিরত॥

পরকাল-বান্ধবঃ।

(৯৭)

মনোরথঃ পিতা নিত্যং ধৃতির্ম্মাতা শ্রুতিঃ সখা।
ব্যবসায়শ্চ মে ভ্রাতা ইত্যেতে মম বান্ধবাঃ॥

মনোরথ পিতা ধৃতি মাতা মম হয়,
শ্রুতি সখা ব্যবসায় ভ্রাতা সুনিশ্চয়।
ইহারা বান্ধব মম নিত্য সহচর,
কি করিতে পারে মোর যমের কিঙ্কর॥

বিধি-বৈচিত্র্যম্।

(৯৮)

শশিনি খলু কলঙ্কঃ কণ্টকং পদ্মনালে,
যুবতি কুচনিপাতঃ পক্কতা কেশজালে।
উদধিজলমপেয়ং পণ্ডিতে নির্দ্ধনত্বং,
বয়সি ধনবিয়োগো নির্ব্বিবেকো বিধাতা॥

কণ্টক কমল নালে কলঙ্ক চন্দ্রের,
যুবতীর কুচলোল পক্কতা কেশের।

পণ্ডিত জনের চির-নির্দ্ধনতা যোগ,
বয়স থাকিতে হায় পতির বিয়োগ,
লবণে সাগর-জলে আর অপেয়তা।
হায় কিবা বিধাতার বিবেক-হীনতা॥

নারী-স্বাধীনতা-দোষঃ।

(৯৯)

ভ্রমন্ সম্পূজ্যতে রাজা ভ্রমন্ সম্পূজ্যতে দ্বিজঃ।
ভ্রমন্ সম্পূজ্যতে যোগী স্ত্রী ভ্রাম্যন্তী বিনশ্যতি।

রাজা হন পূজ্য যদি প্রজা-হিততরে,
করেন ভ্রমণ নিত্য নগরে নগরে।
দ্বিজ পূজ্য হন পূত তীর্থাদি ভ্রমণে,
যোগী পূজ্য পর্বতাদি প্রান্তর অটনে।
কিন্তু নারী করে যদি স্বাধীন অটন,
কুলটার মত তার অবশ্য পতন॥

(১০০)

রাজা রাষ্ট্রকৃতং পাপং রাজ্ঞঃ পাপং পুরোহিতঃ
ভর্ত্তা চ স্ত্রীকৃতং পাপং শিষ্যপাপং গুরুস্তথা

প্রজাকৃত পাপ নৃপে হয় সংক্রামিত,
নৃপ-পাপ পুরোহিতে হয় উপস্থিত।
স্ত্রীকৃত পাপের ভাগী ভর্ত্তায় জানিবে,
শিষ্যকৃত পাপ গিয়া গুরুতে লাগিবে॥

(১০১)

বরং ন রাজ্যং ন কুরাজরাজ্যং,
বরং ন মিত্রং ন কুমিত্রমিত্রম্।
বরং ন শিষ্যো ন কুশিষ্যশিষ্যো,
বরং ন দারা ন কুদারদারাঃ॥

রাজ্য যদি নাহি থাকে সেও ভাল হয়,
কুনৃপ-শাসিত রাজ্য কিন্তু কিছু নয়।
নাহি থাকিলেও মিত্র মঙ্গল কারণ,
তবু মন্দ দুষ্টজনে মিত্রতা স্থাপন।
শিষ্য নাহি থাকে তায় নাহি কিছু ক্ষতি,
কুশিষ্য থাকিলে কিন্তু হয় অধোগতি।
না থাকিলে ভর্য্যা নিন্দা বেশী কিছু নয়,
কুপত্নী হইলে কিন্তু নিন্দা অতিশয়॥

(১০২)

কুরাজরাজ্যেন কুতঃ প্রজাসুখং,
কুমিত্রমিত্রেণ কুতোঽভিনির্ব্বৃতিঃ।
কুদারদারৈশ্চ কুতো গৃহে রতিঃ,
কুশিষ্যমধ্যাপয়তঃ কুতঃ সুখম্॥

কুরাজার রাজ্যে কোথা প্রজাসুখ হয়,
কুমিত্রের সহ সৌখ্য কোথাই বা রয়।
কুপত্নী সহিত থাকে কোথা গৃহরতি,
কুশিষ্যে পড়ায়ে' গুরু কোথা হৃষ্টমতি?

অর্থ-প্রশংসা।

(১০৩)

যস্যার্থাস্তস্য মিত্রাণি যস্যার্থাস্তস্য বান্ধবাঃ।
যস্যার্থাঃ স পুমান্ লোকে যস্যার্থাঃ স চ পণ্ডিতঃ

ধন আছে যার—তার মিত্রসমুদয়,
যার ধন তার বন্ধু সকলেই হয়।
ধনশালী জনে বলে পণ্ডিত সকলে,
পুরুষ বলিয়া গণ্য ধনী মহীতলে॥

ঋণ-দোষঃ।

(১০৪)

ঋণকর্ত্তা পিতা শত্রুর্মাতা চ ব্যভিচারিণী।
ভার্য্যা রূপবতী শত্রুঃ পুত্রঃ শত্রুরপণ্ডিতঃ॥

পিতা হয় শত্রু যদি ঋণ রাখি মরে,
মাতা শত্রু হয় যদি ব্যভিচার করে।
রমণীর রূপ হেতু যদি বিঘ্ন হয়,
সে নারী ও মূর্খ পুত্র শত্রু সুনিশ্চয়॥

অনুবর্ত্তন-প্রকারঃ।

(১০৫)

লুব্ধমর্থেন গৃহ্ণীয়াৎ ক্রুদ্ধমঞ্জলি-কর্ম্মণা।
মূর্খং ছন্দানুবৃত্ত্যা চ যথার্থত্বেন পণ্ডিতঃ॥

লুব্ধ বাধ্য অর্থদানে সর্ব্বদা করিবে,
ক্রুদ্ধজনে করযোড়ে' স্ববশে আনিবে।

মন যোগাইয়া বাধ্য করিবে মূর্খেরে,
পণ্ডিতে করিবে বাধ্য সত্য ব্যবহারে॥

পশুপক্ষিতোঽপি শিক্ষণীয়ঃ।

(১০৬)

সিংহাদেকং বকাদেকং শিক্ষেচ্চত্বারি কুক্কুটাৎ।
বায়সাৎ পঞ্চ শিক্ষেচ্চ ষট্ শুনস্ত্রীণি গর্দ্দভাৎ॥

সিংহে এক বকে এক কুক্কুরেতে ছয়,
গর্দ্দভেও আছে তিনি শিক্ষার বিষয়,
কুক্কুট নিকটে চারি কাকে পাঁচ আছে,
শিখিবে সে সব গুণ এ সবার কাছে॥

(১০৭)

প্রভূতকার্য্যমল্পং বা যন্নরঃ কর্ত্তুমিচ্ছতি।
সর্ব্বারম্ভেণ তৎকার্য্যং সিংহাদেকং প্রচক্ষতে॥

ছোট বড় কাজ যেবা সাধিতে হইবে,
সর্ব্ববিধ যত্নে তাহা সম্পন্ন করিবে।
সিংহে এই মহাগুণ দেখিবারে পাই,
তাহার নিকটে ইহা শিখিবে সদাই॥

(১০৮)

ইন্দ্রিয়াণি চ সংযম্য বকবৎ পণ্ডিতো নরঃ।
দেশকালং বলং জ্ঞাত্বা সর্ব্বকার্য্যাণি সাধয়েৎ॥

প্রথমে ইন্দ্রিয়গণ করিয়া দমন,
নিশ্চল থাকিবে সদা বকের মতন।

যখন বুঝিবে উপযুক্ত অবসর,
তখনি সাধিবে নিজ কার্য্য বিজ্ঞ নর॥

(১০৯)

প্রত্যুত্থানঞ্চ যুদ্ধঞ্চ সংবিভাগঞ্চ বন্ধুষু।
স্বয়মাক্রম্য ভোগঞ্চ শিক্ষেচ্চত্বারি কুক্কুটাৎ॥

উষাকালে জাগরণ শত্রুসহ রণ,
স্বদলে সকলে মিলি একত্র ভোজন।
নিজের উদ্‌যোগ সদা আহার সংগ্রহে,
এ চারি কুক্কুট হ'তে শিখিবে সাগ্রহে॥

(১১০)

গূঢ়ঞ্চ মৈথুনং ধার্ষ্ট্যং কালে চালয়সংগ্রহঃ।
অপ্রমাদমনালস্যং পঞ্চ শিক্ষেচ্চ বায়সাৎ॥

গোপনে মৈথুন, কালে কুলায়-নির্ম্মাণ,
অনালস্য ধার্ষ্ট্য আবধান্ত অবস্থান।
শিখিবে বায়স হ'তে এই পাঁচ গুণ,
বাঞ্ছা যদি এ সংসারে হইতে নিপুণ॥

(১১১)

বহ্বাশী স্বল্পসন্তুষ্টঃ সুনিদ্রো লঘুচেতনঃ।
স্বামিভক্তশ্চ শূরশ্চ ষড়েতে শ্বানতো গুণাঃ॥

অত্যন্ত আহারে আশা স্বল্পে তৃপ্ত মন,
সুনিদ্রা শয়নমাত্রে শীঘ্র জাগরণ।
প্রভুভক্তি পরাক্রম গুণ এই ছয়,
কুক্কুর হইতে শিক্ষা করিবে নিশ্চয়॥

(১১২)

সুশ্রান্তোঽপি বহেদ্‌ভারং শীতোষ্ণে ন চ পশ্যতি।
সন্তুষ্টশ্চরতে নিত্যং ত্রীণি শিক্ষেত গর্দ্দভাৎ॥

হলেও অত্যন্ত শ্রান্ত বহে প্রভু-ভার,
কিবা শীত কিবা গ্রীষ্ম না করে বিচার।
পরম সন্তোষ সহ করে বিচরণ,
এ তিন গর্দ্দভ-গুণ শিখে বিচক্ষণ॥

(১১৩)

য এতান্‌ বিংশতিগুণানাচরিষ্যতি মানবঃ।
কার্য্যাবস্থাসু সর্ব্বাসু অজেয়ঃ স ভবিষ্যতি॥

যে মানব এই কুড়ি গুণ-অনুসারে,
বিচরণ করে এই দুর্গম সংসারে।
সর্ব্ব-অবস্থায় তার লাভ হয় জয়,
নীতির নিগূঢ় মর্ম্ম জানিবে নিশ্চয়॥

ষষ্ঠ অধ্যায় সমাপ্ত॥ ৬॥

———

উদ্দেশ্য বিহীন যাহা উপকার হয়,
তাহাকেই উপকার জানিবে নিশ্চয়॥

(৭)

ত্যজেন্মালাসমং মিত্রং ত্যজেন্মিত্রং তুলাসমম্।
ত্যজেন্মেরুসমং মিত্রং গ্রাহ্যং মিত্রং মহীসমম্॥

স্নিগ্ধ থাকে পুষ্প-মালা প্রথমাবস্থায়,
সেই মালা বাসি হ'লে শুকাইয়া যায়,
তুলা অতি লঘু—কিছু ভার নাই তার,
ছেড়ে দিলে উড়ে গিয়ে হয় ছত্রাকার॥
পর্ব্বত আপন গর্ব্বে শির উত্তোলন,
ক'রে থাকে—অবনত না হয় কখন॥
সহ্যগুণে মৃত্তিকার তুলনা না হয়,
ধরিত্রীরে সর্ব্বংসহা সর্ব্বলোকে কয়।
মালা-মেরু-তুলা-তুল্য মিত্রেরে ত্যজিবে,
মহীসম মিত্র সদা গ্রহণ করিবে॥

(৮)

সুহৃদি নিরন্তরচিত্তে গুণিনি কলত্রে প্রভৌ বিশেষজ্ঞে।
বিশ্রাম্যতীব হৃদয়ং দুঃখস্য নিবেদনং কৃত্বা॥

বিশেষজ্ঞ প্রভু আর গুণিনী ভার্য্যায়,
মিত্রতা যাহার সহ আত্মায়-আত্মায়।
হেন জনে দুঃখ যদি হয় নিবেদিত,
অচিরে অবশ্য তাহা হয় তিরোহিত॥

(৯)

শতাৎ স্যাদ্ধিকলো মিত্রং সহস্রাদপি কেকরঃ
কাণঃ শতসহস্রাদ্বা মন্দশ্মশ্রুন্ কস্যচিৎ॥

একশত সাধারণ লোকের সমান,
একজন বিকলাঙ্গ মিত্র পান মান।
সহস্রের তুল্য এক বক্র-নেত্র হয়,
অযুত সদৃশ এক কাণা বিনিশ্চয়।
বিচার করিয়া মিত্র করিবে গ্রহণ,
করো না মাকুন্দা সনে মৈত্রী কদাচন॥

(১০)

যদীচ্ছেচ্ছাশ্বতীং প্রীতিং ত্রীন্ দোষান্ পরিবর্জ্জয়েৎ।
দ্যূতমর্থপ্রয়োগঞ্চ তং বিনা দারদর্শনম্॥

যদি অস্খলিত মৈত্রী চাহ মিত্র সনে,
অবশ্য এ তিন দোষ ত্যজ সযতনে।
দ্যূতক্রীড়া, ধন-আদি অর্থ-নিয়োজন,
তার অগোচরে তার পত্নী-সন্দর্শন॥

অবশ্য-গোপ্যানি।

(১১)

অর্থনাশং মনস্তাপং গৃহিণীচরিতানি চ।
নীচবাক্যং চাপমানং মতিমান্ ন প্রকাশয়েৎ॥

অর্থনাশ আর নীচ-জনের আক্রোশ,
অপমান মনস্তাপ স্ত্রীচরিত্র-দোষ।
মতিমান না করিবে এ সব প্রকাশ,
পাইলে প্রকাশ সবে করে উপহাস॥

গমন-সাবধানতা।

(১২)

বিপ্রয়োর্ব্বিপ্রবহ্ন্যোশ্চ দম্পত্যোর্গুরুশিষ্যয়োঃ।
অন্তরেণ ন গন্তব্যং হলস্য বৃষভস্য॥

দুইজন দ্বিজ কিম্বা দ্বিজ হুতাশন,
পতি-পত্নী গুরু-শিষ্য দুই দিকে রন।
লাঙ্গল বৃষভ দুই—দুই দিকে স্থিত,
ইহাদের মধ্য দিয়া যাওয়া অনুচিত॥

(১৩)

পাদাভ্যাং ন স্পৃশেদগ্নিং গুরুং ব্রাহ্মণমেব চ।
নৈব গাঞ্চ কুমারীঞ্চ ন বৃদ্ধং ন শিশুং তথা॥

গো গুরু বালক বৃদ্ধ কুমারী ব্রাহ্মণ।
আর অগ্নি—পাদ দ্বারা না কর স্পর্শন॥

(১৪)

শকটং পঞ্চহস্তেন দশহস্তেন বাজিনম্।
হস্তিনং তু সহস্রেণ দেশত্যাগেন দুর্জ্জনম্॥

শকটের পাঁচ ঘোটকের দশ হাতে,
হাতীর হাজার হাতে বিঘ্ন যাতায়াতে।
পরন্তু যে দেশে বাস করে দুষ্ট জন,
সুমতি যতনে তাহা করিবে বর্জ্জন॥

স্বজাতি-দ্রোহঃ।

(১৫)

শঙ্কনীয়ো হি সৌমিত্রে বিশ্বস্তোঽপি বিভীষণঃ।
যস্য ন স্বজনপ্রীতিঃ কুতস্তস্য পরে জনে॥

হইলেও সুবিশ্বস্ত মিত্র বিভীষণ,
সৌমিত্রে! সে শঙ্কনীয় জানিবে ভীষণ।
স্বজনে যাহার প্রীতি লেশ মাত্র নাই,
পরপ্রীতি কি প্রকারে থাকে তার ভাই?॥

(১৬)

ন তথা বাধতে শত্রুঃ কৃতবৈরোঽপি রাঘব।
যথা ভিনত্তি মর্ম্মাণি তীক্ষ্ণস্বজনকণ্টকঃ॥

স্বজন হইলে শত্রু ভয় অতিশয়,
তীক্ষ্ণ কণ্টকের মত মর্ম্মভেদী হয়।
পর জন শত্রু হ'লে সেরূপ কখন,
করিতে পারে না ঘোর বিঘ্ন-সংঘটন॥

(১৭)

ন তাবদন্যজাতীয়শ্ছিন্নত্তি পরশুস্তরুম্।
ন যাবত্তরুজাতীয়ং ধৃত্বং তত্র নিবধ্যতে॥

লৌহ-ভাগ মাত্রে কভু কেবল কুঠার,
না হয় সমর্থ তরু করিতে সংহার।
জ্ঞাত-ভাই কাঠ যদি বাঁট তার রয়,
কুঠার কাটিতে তরু সুসমর্থ হয়॥

———

লজ্জা-পরিহার-স্থানম্॥

(১৮)

স্ত্রীসঙ্গমে তথা গীতে ক্ষুতে ব্যাখ্যানসঙ্গমে।
আয়ে ব্যয়ে তথা নিত্যং ত্যক্তলজ্জঃ সদা ভবেৎ॥

স্ত্রীসঙ্গমে গীতে শাস্ত্র-ব্যাখ্যার সভায়,
আয়ে ব্যয়ে, হাঁচি-বেগ যদি নাসিকায়।
লজ্জা ত্যজি যথাকালে বিজ্ঞ এ সকল,
করিবে—অন্যথা নহে সম্পূর্ণ সুফল॥

(১৯)

ধনধান্য-প্রয়োগেষু বিদ্যাসংগ্রহণেষু চ।
আহারে ব্যবহারে চ ত্যক্তলজ্জঃ সুখী ভবেৎ॥

ধন কিংবা ধান ধার দিবার সময়,
বিদ্যাশিক্ষা দেন যবে গুরু মহাশয়।
রাজদ্বারে মোকদ্দমা-কালে ও আহারে,
লজ্জা ত্যজি হয় লোক সুখী এ সংসারে॥

সন্তোষ-সুখম্।

(২০)

সন্তোষামৃততৃপ্তানাং যৎ সুখং শান্তিরেব চ।
ন চ তদ্ধনলুব্ধানামিতশ্চেতশ্চ চ ধাবতাম্॥

সন্তোষ-অমৃতে তৃপ্ত সদা যার মন,
সুখ শান্তি লাভ তার হয় অনুক্ষণ।
কিন্তু ধন লোভে যারা চারিদিকে ধায়,
সুখ কিংবা শান্তি তারা কিছু নাহি পায়॥

(২১)

সন্তোষস্ত্রিষু কর্ত্তব্যঃ স্বদারে ভোজনে ধনে।
ত্রিষু চৈব ন কর্ত্তব্যোঽধ্যয়নে জপদানয়োঃ॥

পত্নীসহ রতি-সুখে ভোজন বা ধনে,
অল্পেই সন্তোষ লাভ করিবে যতনে।
কিন্তু জপ দান অধ্যয়ন এই তিনে,
করিবে আসক্তি বৃদ্ধি বিজ্ঞ দিনে দিনে॥

সঙ্ঘ-ফলম্।

(২২)

বিভৃয়াদনুজান সর্ব্বান্ জ্যেষ্ঠভ্রাতা যথা পিতা।
পুত্রবদনুবর্ত্তেরন্ কনিষ্ঠা অগ্রজন্মনঃ।

জ্যেষ্ঠ ভ্রাতা করিবেন সাদরে পালন,
অনুজগণেরে নিত্য পিতার মতন।
অনুজগণও যত্নে তনয়ের প্রায়,
আনুগত্য রাখিবেন অগ্রজ ভ্রাতায়॥

(২৩)

সঙ্ঘাতঃ শ্রেয়সো মূলং স্বজনস্য বিশেষতঃ।
তুষমাত্রে পৃথগ্ভিন্নে তণ্ডুলং ন প্ররোহতি॥

সমবায় সকলের হয় ক্ষেমময়,
বিশেষ স্বজন-সমবায় শুভ হয়।
তুষ সহ তণ্ডুলের পার্থক্য সাধিলে,
অঙ্কুরিত নাহি হয় সুক্ষেত্রে রোপিলে॥

(২৪)

বহূনামপ্যসারাণাং সমবায়ো হি দুঃসহঃ।
তৃণৈবারিষ্কৃতা রজ্জুস্তথা হস্ত্যপি বধ্যতে॥

হ'লেও অসার বস্তু অনেক মিলিত,
সুদুষ্কর কার্য্য হয় তায় সুসাধিত।
বহু তৃণে যদি রজ্জু বিনির্ম্মিত হয়,
মত্ত হস্তী তায় বাঁধা যায় সুনিশ্চয়॥

পরস্ব-হরণ-নিন্দা।

(২৫)

অপহৃত্য পরস্যার্থং তেন ধর্ম্মং করোতি যঃ।
স দাতা নরকং যাতি যস্যার্থস্তস্য তৎ ফলম্॥

যে মানব পরধন করিয়া হরণ,
তাহা দিয়া করে নিজ ধর্ম্ম-আচরণ।
সে দাতা নরকে যায় নাহিক সংশয়,
যার অর্থ ফল তার জানিবে নিশ্চয়॥

(২৬)

দেবদ্রব্য-বিনাশেন ব্রহ্মস্বহরণেন চ।
ভক্ষণং কুলনাশায় ভবেদাত্মবধায় চ॥

দেবদ্রব্য-নাশ আর ব্রহ্মস্ব হরণ।
ইথে হয় কুলনাশ আত্মার পতন॥

(২৭)

ন বিষং বিষমিত্যাহুর্ব্রহ্মস্বং বিষমুচ্যতে।
বিষমেকাকিনং হন্তি ব্রহ্মস্বং পুত্রপৌত্রিকান্॥

বিষ বিষ নহে ইহা জানিবে নিশ্চয়,
ব্রহ্মস্বই বিষ-কার্য্য করে অতিশয়।
বিষ-পায়ী একাকীই বিষপানে মরে,
স্ববংশ ব্রহ্মস্ব-বিষে জর্জ্জরিত করে।

বৃত্তিহরণ-দোষঃ।

(২৮)

ব্রহ্মহা বৃত্তিহা চৈব দ্বাবেতৌ তুলয়া ধৃতৌ।
ব্রহ্মহা মুচ্যতে কল্পৈর্বৃত্তিহা ন তু মুচ্যতে॥

ব্রহ্মঘাতী বৃত্তিহারী এই দুই জনে,
তুলাদণ্ডে ধরি দেখা গেল বিচারণে।
ব্রহ্মঘাতী কল্পকালে কষ্টে মুক্তি পায়,
বৃত্তিহারী পাপী কিন্তু বঞ্চিত তাহায়॥

কৃতঘ্নানিষ্কৃতিঃ।

(২৯)

ব্রহ্মঘ্নে চ সুরাপে চ স্তেনে চ গুরুতল্পগে।
নিষ্কৃতিবিদ্যতে রাজন্ কৃতঘ্নে নাস্তি নিষ্কৃতিঃ॥

ব্রহ্মঘ্ন সুরাপী চোর গুরুপত্নীহর,
ইহাদের, পাপ মুক্তি আছে নৃপবর।
শাস্ত্রের এরূপ দয়া সকলের প্রতি,
কৃতঘ্নের কিন্তু কভু নাহিক নিষ্কৃতি॥

(৩০)

মিত্রদ্রুহঃ কৃতঘ্নস্য স্ত্রীঘ্নস্য শিশুনস্য চ।
চতুর্ণাং বয়মিত্যেষং নিষ্কৃতিং নৈব শুশ্রুম॥

স্ত্রীঘাতী কৃতঘ্ন খল মিত্রদ্রোহী নর।
এ চা'রের পাপমুক্তি শাস্ত্র-অগোচর॥

দুর্জ্জন-দমনাস্ত্রম্।

(৩১)

হস্তী হ্যঙ্কুশমাত্রেণ বাজী হস্তেন তাড্যতে।
শৃঙ্গী লকুটহস্তেন খড়্গহস্তেন দুর্জ্জনঃ॥
অঙ্কুশ-আঘাতে হস্তী বশীভূত হয়,
হস্তের তাড়নে অশ্ব সদা বশ্য রয়।
যষ্টির প্রহারে শিষ্ট শৃঙ্গী জন্তুগণ,
করে অসি দেখে বশী হয় দুষ্টজন॥

কস্য কেন প্রীতিঃ।

(৩২)

তুষ্যন্তি ভোজনে বিপ্রা ময়ূরা ঘনগর্জ্জিতে।
সাধবঃ পরসম্পত্তৌ খলঃ পরবিপত্তিষু॥
তুষ্ট হন বিপ্র সদা সুমিষ্ট ভোজনে,
ময়ূর আমোদ পায় মেঘের গর্জ্জনে।
সাধু প্রীত অপরের দেখিয়া সম্পদ্,
খলের আনন্দ দেখে পরের বিপদ্॥

জারজ-লক্ষণম্।

(৩৩)

ন জারজাতস্য ললাটশৃঙ্গং,
ন সৎকুলীনস্য করেহস্তি পদ্মম্।

যদা যদা মুঞ্চতি দুষ্টবাক্যং,
তদা তদা পশ্যতি জারজাতম্ ॥

ললাটে নাহিক শৃঙ্গ জারজ জনের,
কোমল না থাকে করে কভু কুলীনের।
বহির্গত মুখ হ'তে গর্হিত বচন,
হইলে জারজে জানি লয় বিচক্ষণ ॥

(৩৪)

নবনীতোপমা বাণী করুণা কোমলং মনঃ।
একবীজপ্রজাতানাং ভবত্যবনতং শিরঃ ॥

বাণী ননী সম মন করুণা কোমল,
শির অবনত—একবীজ-জাত ফল।
জারজে জানিবে ইহা হ'তে বিপরীত।
এ সকল গুণ থাকে তায় কদাচিত ॥

অনুরক্তি-কথা।

(৩৫)

অতিচণ্ডানিলোদ্ধৃত-তরঙ্গস্য মহোদধেঃ।
শক্যতে প্রসভং রোধো নানুরক্তস্য চেতসঃ ॥

সাগর-তরঙ্গ অতি বাত্যা-প্রকম্পিত,
পর্ব্বত প্রমাণ হ'য়ে হয় সমুত্থিত।
সে তরঙ্গ রুদ্ধ হয় কোনও প্রকারে,
অনুরক্ত চিত্ত-বেগ রোধিতে না পারে।

সঙ্গ-সাবধানতা।

(৩৬)

মাত্রা স্বস্রা দুহিত্রা বা ন বিবিক্তাসনো বসেৎ।
বলবানিন্দ্রিয়গ্রামো বিদ্বাংসমপি কর্ষতি॥

নির্জ্জনে ভগিনী মাতা কন্যার নিকটে,
বসিবে না—কি জানি,—কি দুর্ঘটনা ঘটে।
দুর্দ্দম ইন্দ্রিয়গণ বিদ্বানের মন,
কুপথে করিতে পারে কিন্তু আকর্ষণ॥

(৩৭)

অগ্নিরাপঃ স্ত্রিয়ো মূর্খাঃ সেনা রাজকুলং তথা।
সংযোগসেবনাভ্যাঞ্চ সদাঃ প্রাণহরাণি ষট্॥

অগ্নি জল নারী মূর্খ সেনা রাজান্বয়।
সংযোগ-সেবায় সদা প্রাণহর ছয়॥

বেশ্যাবৃত্তেঃ ক্লেশঃ।

(৩৮)

পরাধীনা নিদ্রা পরপুরুষচিত্তানুসরণং,
মুদা শূন্যং হাস্যং রুদিতমপি শোকেন রহিতম্।
পণে ন্যস্তঃ কায়ঃ করজ-দশনৈর্ভিন্নবপুষা-,
মহো কষ্টা-বৃত্তির্জগতি গণিকানাং বহুভয়া॥

ইচ্ছামাত্রে ঘুমাইতে না পারে গণিকা,
পর-মন যোগাইতে ব্যস্তা সমধিকা।
বিনা শোকে ক্রন্দনের করে অভিনয়,
কখন আনন্দ বিনা হাসে অতিশয়।

কামপথে ন্যস্ত রাখে সর্ব্বদা শরীর,
নখ-দন্তাঘাতে দেয় দেহের রুধির।
হায় কিবা কষ্টপ্রদ বৃত্তি গণিকার,
এমন ভয়দ বৃত্তি জগতে কাহার?

বিষবত্ত্যাজ্যম্।

(৩৯)

বৃদ্ধাং স্ত্রিয়ং নবং মদ্যং শুষ্কমাংসাদ্রমূলকম্।
রাত্রৌ বারি দিবা স্বপ্নং বিষবৎ পরিবর্জ্জয়েৎ॥

বৃদ্ধা নারী নব মদ্য রজনীতে জল,
দিবানিদ্রা শুষ্কমাংসে ক্ষীণ হয় বল।
তরুণ মূলক হয় বড় ক্ষতিকর,
বিষবৎ তেয়াগিবে ইহা বিজ্ঞ নর॥

(৪০)

বিষং বেশ্ম দরিদ্রস্য বৃদ্ধস্য তরুণী বিষম্।
অশিক্ষিতা বিষং বিদ্যাপ্যজীর্ণে ভোজনং বিষম্॥

দরিদ্রের গৃহবাস বিষবৎ হয়,
বৃদ্ধের যুবতী নারী বিষ সুনিশ্চয়।
অসম্পূর্ণ-শিক্ষিতের বিদ্যা বিষ হয়,
অজীর্ণে ভোজন বিষ নাহিক সংশয়॥

আয়ুষ্করাণি।

(৪১)

বালাতপঃ পর্ব্বণি মৈথুনঞ্চ,
শ্মশান-ধূমো মঠভোজনঞ্চ।

রজস্বলাবস্ত্র-নিরীক্ষণঞ্চ,
সুদীপ্তমপ্যায়ুরভি-দ্রবন্তি ॥

অষ্টমী ও চতুর্দ্দশী রবি সংক্রমণ,
পূর্ণিমা ও অমাবস্যা—পর্ব্বনিরূপণ।
এই পঞ্চ পর্ব্ব কালে রমণী-সম্ভোগ,
নবোদিত দিবাকর-রৌদ্রে দেহযোগ।
শ্মশানের চিতা "মঠ"-ঔষধ ভোজন,
রজস্বলা রমণীর বস্ত্র নিরীক্ষণ।
অত্যন্ত সুদীর্ঘ আয়ু সুনির্দ্দিষ্ট যার,
এই অনাচারে ক্ষীণ হয় আয়ু তার ॥

(৪২)

শুষ্কমাংসং স্ত্রিয়ো বৃদ্ধা বালার্কস্তরুণং দধি।
প্রভাতে মৈথুনং নিদ্রা সদ্যঃ প্রাণহরাণি ষট্ ॥

শুষ্ক মাংস বৃদ্ধা নারী সূর্য্য নবোদিত,
প্রভাতে মৈথুন নিদ্রা দধি সদ্য কৃত।
নিঃসংশয় এই ছয় বস্তু প্রাণহর,
ইহা ব্যবহার না করিবে বিজ্ঞ নর ॥

(৪৩)

শুষ্কং মাংসং পয়ো মীনং ভার্য্যা-মিত্রসুতৈঃ সহ।
ন ভক্ষয়েৎ প্রিয়ৈর্জাতু বিয়োগং কুরুতে ক্ষণাৎ

শুষ্ক মাংস রৌদ্র-শুষ্ক জল শুষ্ক মীন।
ভক্ষণ করিলে সবান্ধবে হয় ক্ষীণ।

আয়ুষ্করাণি।

(৪৪)

সদ্যঃ পক্বং ঘৃতং দ্রাক্ষা বালা স্ত্রী ক্ষীরভোজনম্।
উষ্ণোদকং তরুচ্ছায়া সদ্যঃ প্রাণকরাণি ষট্॥

সদ্য পক্ক ঘৃত দ্রাক্ষা আর ক্ষীরপান,
নব বধূ-সন্নিধানে নিত্য অবস্থান।
উষ্ণ জল তরুচ্ছায়া—এই বস্তু ছয়,
মানবের প্রাণ শক্তি করে উপচয়॥

সদ্যো বলাবলকরম্।

(৪৫)

সদ্যো বলকরণ্যাহুঃ স্নানং ক্ষীরাশনং পয়ঃ।
সদ্যো বলহরণ্যাহুরধ্বানং মৈথুনং জরা॥

স্নান জল ক্ষীরপান সদ্য বলকর।
অটন মৈথুন জরা সদ্য বলহর॥

সন্ধ্যাকাল-বর্জ্জ্যম্।

(৪৬)

চত্বারি ঘোররূপাণি সন্ধ্যাকালে পরিত্যজেৎ।
আহারং মৈথুনং নিদ্রাং স্বাধ্যায়ঞ্চ বিবর্জ্জয়েৎ॥
আহারাজ্জায়তে ব্যাধির্মূঢ়গর্ভশ্চ মৈথুনাৎ।
অলক্ষ্মীঃ শয়নাচ্চৈব স্বাধ্যায়াদায়ুষঃ ক্ষয়ঃ॥

ভোজন মৈথুন নিদ্রা আর অধ্যয়ন,
সন্ধ্যাকালে এই চা'র করিবে বর্জ্জন।

শয়নে দারিদ্র্য অধ্যয়নে আয়ুঃক্ষয়,
মৈথুনে গর্ভের শিশু অতি মূঢ় হয়,
রোগের উৎপত্তি হয় করিলে ভোজন,
অতএব তেয়াগিবে এ চারি ভীষণ॥

(৪৭)

সন্ধ্যায়াং গর্জ্জিতে মেঘে শাস্ত্রচিন্তাং করোতি যঃ
চত্বারি তস্য নশ্যন্তি হ্যায়ুর্বিদ্যা যশো বলম্॥

সন্ধ্যাকালে যদি হয় মেঘের গর্জ্জন,
তখনি করিবে ত্যাগ শাস্ত্র-অধ্যয়ন।
যে মূঢ় করিবে এই দুষ্ট-অনুষ্ঠান,
আয়ু বিদ্যা যশ বল তার হবে ম্লান॥

পুত্রলাভ-দুঃখম্।

(৪৮)

জায়মানো হরেদ্দারান্ বর্দ্ধমানো হরেচ্ছ্রিয়ম্।
ম্রিয়মাণো হরেৎ প্রাণান্ নাস্তি পুত্রসমো রিপুঃ॥

জন্মকালে নিজ-জননীরে দেয় ক্লেশ,
পোষণেও অর্থ ব্যয় হয় সবিশেষ।
মরিলে ত' হ'রে লয় একেবারে প্রাণ,
শত্রু বল কেবা আছে পুত্রের সমান॥

(৪৯)

পুত্রঃ স্যাদিতি দুঃখিনঃ সতি সুতে তস্যাময়ৈর্দুঃখিনঃ,
তদ্বস্ত্রাসনচিন্তয়াপ্যসুখিনস্তন্মৌর্খ্যতো দুঃখিনঃ।

জীবেদিত্যপি দুঃখিনো যদি মৃতঃ প্রাণান্তকং দুঃখিনঃ,
পুত্রব্যাজমুপাগতো রিপুরসৌ মা জায়তাং কস্যচিৎ॥

"হউক তনয়" দুঃখ—প্রথম আশয়ে,
হইলে দারুণ দুঃখ পুত্রের আময়ে।
তারপর দুঃখ তার পোষণ-চিন্তায়,
অতঃপর অতিদুঃখ তার মূর্খতায়।
জীবিত কালে ত' এই দুঃখ সমুদয়,
মরিলে প্রাণান্তকর দুঃখ অতিশয়।
অতএব বিধাতারে বলি বার বার,
পুত্রচ্ছলে শত্রু যেন না আসে কাহার॥

(৫০)

যস্য পুত্রো ন বিদ্বাংসো ন শূরা ন চ ধার্ম্মিকাঃ।
সান্ধকারং কুলং তস্য নষ্টচন্দ্রেব শর্ব্বরী॥

পুত্র বলহীন অধার্ম্মিক অবিদ্বান,
দুর্ভাগ্যের ফলে যার গৃহে বিদ্যমান।
থাকে তার গৃহ হ'য়ে ঘোর অন্ধকার,
চন্দ্রের আলোক হীন রাত্রির আকার॥

সুপুত্র লাভ-প্রশংসা।

(৫১)

নিশায়াং দীপকশ্চন্দ্রঃ প্রভাতে দীপকো রবিঃ।
পৃথিব্যাং দীপকো রাজা সুপুত্রঃ কুলদীপকঃ॥

রাত্রিতে প্রদীপ চন্দ্র দিনে দিবাকর।
পৃথিবীতে রাজা দীপ কুলে পুত্রবর॥

(৫২)

এতদেবায়ুষঃ সারং নিসর্গক্ষণভঙ্গিনঃ।
স্নিগ্ধৈর্মুগ্ধৈর্বিদগ্ধৈশ্চ যদযন্ত্রিতমাস্যতে ॥

সরল পণ্ডিত স্নিগ্ধ যদি পুত্র হয়,
যাহা হ'তে নাহি কোন বন্ধনের ভয়।
স্বাভাবিক ক্ষয়শীল জীবনের সার,
ইহাই জানিবে স্থির মনে আপনার ॥

লক্ষ্মীলাভোপায়ঃ।

(৫৩)

যেন কেন হি পুষ্পেণ পাণ্ডরেণ বিশেষতঃ।
শিরস্থ-ধার্য্যমাণেন হ্যলক্ষ্মীঃ প্রতিহন্যতে ॥

মস্তকে যে কোন পুষ্প করিলে ধারণ,
তাহা হয় মানুষের অলক্ষ্মী-নাশন।
বিশেষত শুক্ল-বর্ণ পুষ্প যদি হয়,
তাহার ধারণে লক্ষ্মীলাভ সুনিশ্চয় ॥

(৫৪)

তণ্ডুলাঃ স্বর্ণবদ্ যত্র ব্রীহয়ো যত্র রত্নবৎ।
পক্বান্নং ভস্মবদ্ যত্র তত্র শক্র বসাম্যহম্ ॥

তণ্ডুল সুবর্ণ-তুল্য যেখানে উজ্জ্বল,
রত্নসম দীপ্তকান্তি ধান্য সুনির্ম্মল।
পক্বান্ন যেখানে শুভ্র ভস্মের আকার,
সে স্থানে বসতি নিত্য হইবে রমার ॥

(৫৫)

বাজিনো যত্র তত্রাহং যত্রাহং তত্র বাজিনঃ।
ন তে যত্র ন তত্রাহং নাহং যত্র ন তত্র তে॥

যেখানে তেজস্বী অশ্ব সদা বিদ্যমান,
সেইখানে নিত্য হয় লক্ষ্মী-অধিষ্ঠান।
যেখানে কমলালয়া করেন বিরাজ,
সেইখানে অবস্থিত হয় হয়-রাজ।
যেখানে নাহিক অশ্ব, সেথা লক্ষ্মী নাই,
লক্ষ্মীহীন স্থানে অশ্ব দেখিতে না পাই॥

(৫৬)

শিরঃ সুধৌতং চরণৌ সুনির্ম্মলৌ
বরাঙ্গনাসেবনমল্পভোজনম্।
অনগ্নশায়িত্বমপর্ব্বমৈথুনং
চিরপ্রণষ্টাং শ্রিয়মানয়ন্তি ষট্॥

মস্তক মালিন্যহীন সুধৌত চরণ,
অপর্ব্ব মৈথুন আর অনগ্ন শয়ন।
আর যথাবিধি নিজ জায়ার সেবন,
অল্প-পরিমাণে নিত্য অন্নাদি ভোজন।
যদি দীর্ঘ-কালাবধি লক্ষ্মী ছেড়ে যায়,
তথাপি এ ছয়-গুণে টানি আনে তায়॥

লক্ষ্মীনাশ-কারণম্।

(৫৭)

কুচেলিনং দন্তমলপ্রধারিণং
মহাশনং নিষ্ঠুরবাক্যভাষণম্।
সূর্য্যোদয়ে চাস্তময়ে চ শায়িনং
জহাতি লক্ষ্মীরপি চক্রধারিণম্॥

মলিন অথবা ছিন্ন বসন ধারণ,
দশন মলিন আর নিষ্ঠুর ভাষণ।
অত্যন্ত ভোজন, প্রাতে সন্ধ্যায় শয়ন,
এ সকল কু-আচার যে করে গ্রহণ।
তুচ্ছ মানবের কথা কি করি বর্ণন,
বিষ্ণুরও হইলে লক্ষ্মী করেন বর্জ্জন॥

(৫৮)

মিথ্যা চ্ছেদস্তৃণানাং ক্ষিতিনখলিখনং পাদয়োরল্পপূজা,
দন্তানামল্পশৌচং বসনমলিনতা রূক্ষতা মূর্দ্ধজানাম্।
সন্ধ্যায়াং বহ্নিসেবা শিরসি বিকষণং সংহতাভ্যাং করাভ্যাং
স্বাঙ্গে পীঠে চ বাদ্যং হরতি ধনপতেঃ কেশবস্যাপি লক্ষ্মীম্

বিনা-প্রয়োজনে নখে তৃণের ছেদন,
ঐরূপ নখদ্বারা ক্ষিতিতে লিখন।
দশন বসন পদ একান্ত মলিন,
তৈল-বিনা রুক্ষ কেশরাশি প্রতিদিন।
দুই হাতে এককালে শিরঃ-কণ্ডূয়ন,
সন্ধ্যাকালে প্রজ্বলিত অনল-সেবন।

নিজ অঙ্গ—বিশেষতঃ পৃষ্ঠের বাজন,
কেশব কুবের ইথে লক্ষ্মীহীন হন॥

(৫৯)

দীপস্য পশ্চিমচ্ছায়া ছায়া শয্যাসনস্য চ।
রজকস্য চ যৎ ক্ষেত্রমলক্ষ্মীস্তত্র তিষ্ঠতি॥

দীপের পশ্চাতে যাহা ছায়াপাত হয়,
আসন, শয্যার ছায়া—এই স্থানত্রয়।
রজক যে স্থানে বস্ত্র করে প্রক্ষালন,
এ সকল হয় নিত্য অলক্ষ্মী-ভবন॥

রজোবিচারঃ।

(৬০)

গজাশ্বরথধান্যানাং গবামপি রজঃ শুভম্।
অশুভন্তু বিজানীয়াৎ খরোষ্ট্রমহিষী-রজঃ॥

গজ-অশ্ব-রথ-ধান্য-গো-রজ শুভদ।
গর্দ্দভ-মহিষী-উষ্ট্র-রজ অনিষ্টদ॥

(৬১)

গবাং রজো ধান্যরজঃ পুত্রস্যাঙ্গগতং রজঃ।
রজাংস্যেতানি পুণ্যানি পাপমেভিঃ প্রণশ্যতি॥

তনয়ের অঙ্গজাত রজঃ শুদ্ধ হয়,
গো-রজ, ধান্যের রজ, শুদ্ধ সুনিশ্চয়।
গৃহস্থের অঙ্গে যদি লাগে এ সকল,
পাপ দূরে যায়—পায় সকল সুফল॥

(৬২)

অজাবি-গর্দ্দভোষ্ট্রাণাং মার্জ্জারমূষিকস্য চ।
রজাংস্যেতানি পাপানি সর্ব্বতঃ পরিবর্জ্জয়েৎ॥

মার্জ্জার মূষিক উষ্ট্র অজ মেষ খর,
ইহাদের রজে হয় পাপ ভয়ঙ্কর।
অতএব সংসারের সুখকামী জন,
এ সকল রজ সদা করিবে বর্জ্জন॥

বাতবিচারঃ।

(৬৩)

শূর্পবাতং নখাগ্রাম্বু স্নানবস্ত্রচ্যুতোদকম্।
শিবনির্ম্মাল্যকেশাম্বু পুণ্যং হন্তি পুরাকৃতম্॥

কুলার বাতাস আর নখসিক্ত জল,
স্নান-বস্ত্র-নিপীড়িত জল—এ সকল।
শিবের নির্ম্মাল্য আর কেশযুক্ত জল,
মানবের নাশে পূর্ব্বকৃত পুণ্যফল॥

স্নানগুণঃ।

(৬৪)

স্নানং নাম মনঃপ্রসাদজননং দুঃস্বপ্নবিধ্বংসনং
শৌচস্যায়তনং মলাপহরণং সংবর্দ্ধনং তেজসঃ।
রূপোদ্যোতকরং রিপুপ্রমথনং কামাগ্নিসন্দীপনং
নারীণাঞ্চ মনোহরং শ্রমহরং স্নানে দশৈতে গুণাঃ।

স্নানের অশেষ গুণ শাস্ত্রে সুলিখিত,
নিত্যস্নানে সাধিবেক সেই আত্মহিত।
হৃদয়ের প্রসন্নতা দুঃস্বপ্ন-নাশন,
মন-মল-নাশ সর্ব্বশুদ্ধি-সংসাধন।
রূপের ঔজ্জ্বল্য দেহ-তেজ সংবর্দ্ধন,
শত্রু-উপশম কামানল-সন্দীপন,
নারীমনোহর আর সদা শ্রান্তিহর,
এই দশ গুণ স্নানে লভে নিত্য নর॥

তাম্বুলগুণঃ।

(৬৫)

তাম্বূলং কটুতিক্তমিশ্রমধুরং ক্ষারং কষায়ান্বিতং
পিত্তঘ্নং কফনাশনং কৃমিহরং দুর্গন্ধিনির্নাশনম্।
বক্ত্রস্যাভরণং বিশুদ্ধিকরণং কামাগ্নিসন্দীপনং
তাম্বূলস্য সখে ত্রয়োদশ গুণাঃ স্বর্গেঽপি তদ্দুর্লভম্

পিত্তঘ্ন কফঘ্ন মন্দগন্ধ-বিনাশন,
বদনের আভরণ কামাগ্নি-দীপন।
কটু তিক্ত মধু মিশ্র এই রস চারি,
কষায় শোধনকর ক্ষার কৃমিহারী।
তাম্বুলে এ তেরগুণ আছে অবস্থিত,
স্বর্গেও দুর্লভ এই বস্তু সুনিশ্চিত॥

(৬৬)

কামং প্রদীপয়তি রূপমভিব্যনক্তি
সৌভাগ্যমাবহতি বক্ত্রসুগন্ধিতাঞ্চ।

ওজঃ করোতি কফজাংশ্চ নিহন্তি রোগান্,
তাম্বূলমেব স্বপরাংশ্চ গুণান্ করোতি॥

তাম্বুল হইতে হয় কাম উদ্দীপন,
আর হয় সুখ-সৌভাগ্যের সংঘটন।
মুখের মাধুর্য্য আর দুষ্টগন্ধ দূর,
বিনষ্ট কফজ-রোগ, ওজঃ সুপ্রচুর।
অন্যান্য অনেক শ্রেষ্ঠ গুণ করে দান,
তাম্বুল বিধির কিবা অপূর্ব্ব নির্ম্মাণ॥

পণ্ডিতোৎকর্ষঃ।

(৬৭)

গজতুরগশতৈঃ প্রয়ান্তু মূর্খা,
ধনহীনা বিবুধাঃ প্রয়ান্তু পদ্ভ্যাম্।
গিরিশিখরগতাপি কাকপঙ্‌ক্তিঃ,
পুলিনগতৈর্ন সমেতি রাজহংসৈঃ॥

শত অশ্ব কিংবা শত-গজ-যুক্ত যান,-
আরোহণে মূর্খ নহে কভু পায় মান।
নির্ধন পণ্ডিত যদি পদব্রজে যান,
সকলের সন্নিধানে পূজা মান পান।
পর্ব্বতের শৃঙ্গে কাক আপন কুলায়,
নদীর পুলিনে হংস চরিয়া বেড়ায়।
কিন্তু কাক আর হংসে তুলনা না হয়,
আসনের উচ্চতায় কাক শ্রেষ্ঠ নয়॥

(৬৮)

যদ্বিত্তাঢ্যাঃ প্রখলপুরুষাঃ সাধবো বিত্তহীনা,
নাস্মিন্নর্থে বচনপটুভির্নিন্দনীয়া মলশ্রীঃ।
বিত্তভ্রষ্টান্ গণয়তি সমান্ কস্তৃণেনাপি মূর্খান্,
বিদ্বাংসস্তু প্রকৃতিসুভগাঃ কস্য নাভ্যর্হণীয়াঃ॥

সাধু ধনহীন আর খল ধনবান,
ইহাতে দুঃখের কিছু নাহি বিদ্যমান।
মল-শ্রীর নিন্দা না করেন বাগ্মিগণ,
ধন হীন ব'লে নহে মূর্খের নিন্দন।
মূর্খ ধনবান নিঃস্ব যাই কেন হয়,
তৃণতুল্য তুচ্ছ হয় নাহিক সংশয়।
ধনহীন হইলেও কিন্তু সুধীজন,
স্বভাব সৌভাগ্যগুণে পূজনীয় হন॥

(৬৯)

নিত্যং প্রমুদিতা মূর্খা জ্ঞানবিজ্ঞানবর্জ্জিতাঃ।
পণ্ডিতা নিত্যশোকার্ত্তা জ্ঞানাঙ্কুশ-বশীকৃতাঃ॥

জ্ঞানের গণ্ডীতে বাধ্য সর্ব্বদা পণ্ডিত,
চলেন বিচার করি তাই হিতাহিত।
সুতরাং নিত্যক্লেশ ঘটিবে তাঁহার,
মূর্খ কিন্তু তার নাহি ধারে কোন ধার।
জ্ঞান ও বিজ্ঞানহীন অতিমূর্খ জন,
হায় কত সুখভোগ করে অনুক্ষণ॥

বৈচিত্রম্।

(৭০)

কিং চিত্রং যদি শব্দশাস্ত্রকুশলো বিপ্রো ভবেৎ পণ্ডিতঃ,
কিং চিত্রং যদি দণ্ডনীতিনিপুণো রাজা ভবেদ্ধার্ম্মিকঃ।
তচ্চিত্রং যদি রূপযৌবনবতী সাধ্বী ভবেদঙ্গনা,
তচ্চিত্রং যদি নির্ধনোঽপি পুরুষঃ পাপং ন কুর্য্যাৎ কচিৎ॥

শব্দশাস্ত্রে সুকুশল হইলে পণ্ডিত,
তাহাতে বৈচিত্র্য কিবা থাকে যথোচিত।
রাজা হন যদি দণ্ডনীতিতে নিপুণ
হবেন ধার্ম্মিক ইহা স্বাভাবিক গুণ।
রূপবতী পত্নী যদি পতিব্রতা হয়,
সংসারে জানিবে তাহা বিচিত্রতাময়।
পাপ যদি নাহি করে কদাপি নির্ধন,
তাহাও বৈচিত্র্যময় কন বিচক্ষণ॥

(৭১)

পঠনাচ্চ তপস্বী চ শূরশ্চাপ্যকৃতব্রণঃ।
মধ্যমা স্ত্রী সতী চেতি রাজন্ ন শ্রদ্দধাম্যহম্॥

বিদ্যাভ্যাস ক'রে যদি সুতপস্বী হয়,
বীর যদি যুদ্ধক্ষেত্রে অক্ষতই রয়।
সৌন্দর্য্যে মধ্যমাকারা যে রমণী হয়,
তার যদি পাতিব্রত্য সুরক্ষিত রয়।
ইহাতে গৌরব বল কি আছে অধিক,
ইহা ত' অগত্যা তাহাদের স্বাভাবিক।

অজ্ঞানের তপস্বিতা অবীরের রণ,
সুন্দরীর পাতিব্রত্য প্রশংসা-কারণ॥

কস্য কিং বলম্।

(৭২)

বাহুবীর্য্যবলং রাজ্ঞো ব্রাহ্মণো ব্রহ্মবিদ্বলী।
রূপযৌবনমাধুর্য্যং স্ত্রীণাং বলমনুত্তমম্॥

বাহুবলে নরপতি বলী বলি গণ্য,
ব্রহ্মবিদ্যা-বলীয়ান্ বিপ্র হন ধন্য।
সৌন্দর্য্য মাধুর্য্য আর যৌবন নারীর,
অনুত্তম বল ব'লে জানিবে সুস্থির॥

অত্যন্ত-সরলতা-দোষঃ।

(৭৩)

নাত্যন্তং সরলৈর্ভাব্যং গত্বা পশ্য বনস্থলীম্।
ছিদ্যন্তে সরলাস্তত্র কুব্জাস্তিষ্ঠন্তি পাদপাঃ॥

নিতান্ত সরল নাহি হবে কদাচন,
বনে গিয়া কর তার দৃষ্টান্ত দর্শন।
সর্ব্বদা সরল তরুগণ কাটা যায়,
বাঁকা বৃক্ষগণ বনে সদা রক্ষা পায়।

স্বর্গীয়-পুরুষ-পরীক্ষা।

(৭৪)

স্বর্গস্থিতানামিহ জীবলোকে,
চত্বারি চিহ্নানি বসন্তি দেহে।

দানপ্রসঙ্গো মধুরা চ বাণী,
দেবার্চ্চনং ব্রাহ্মণ-তর্পণঞ্চ ॥

স্বর্গস্থ পুরুষ যদি মর্ত্ত্যদেহ পায়,
এই চারি চিহ্ন তার দেহে দেখা যায়।
দানের প্রবৃত্তি আর মধুর ভাষণ,
দেব-পূজারতি, বিপ্র-সন্তোষ-সাধন ॥

নারকীয়-পুরুষ-পরীক্ষা।

(৭৫)

অত্যন্তকোপঃ কটুকা চ বাণী,
দরিদ্রতা চ স্বজনেষু বৈরম্।
নীচপ্রসঙ্গঃ কুলহীন-সেবা,
চিহ্নানি দেহে নরকস্থিতানাম্ ॥

অতিক্রোধ, কটুবাক্য আর দরিদ্রতা,
নীচসঙ্গ হীনসেবা স্বজন-বৈরতা।
নারকীয় নরদেহে এ সব লক্ষণ,
প্রকাশিত এ সংসারে হয় অনুক্ষণ ॥

স্থানাস্থান-বিচারঃ।

(৭৬)

গম্যতে যদি মৃগেন্দ্রমন্দিরং
লভ্যতে করিকপোল-মৌক্তিকম্ ॥

জম্বুকালয়গতে চ লভ্যতে,
বৎসপুচ্ছ-খরচর্ম্ম-খণ্ডনম্ ॥

যদি কেহ কভু যায় সিংহের গুহায়,
হস্তীর মস্তক-জাত মুক্তা-রত্ন পায়।
কিন্তু শৃগালের গর্ত্তে গমন করিলে,
বাছুরের পুচ্ছ কিংবা শুষ্ক চর্ম্ম মিলে ॥

বিদ্যাপ্রশংসা।

(৭৭)

শুনঃ পুচ্ছমিব ব্যর্থং জীবিতং বিদ্যয়া বিনা
ন গুহ্যগোপনে শক্তং ন চ দংশনিবারণে ॥

কুকুরের কোঁকড়া লেজ বৃথাই ধারণ,
গুহ্য নাহি ঢাকে নহে দংশ নিবারণ।
সেইরূপ বিদ্যাহীন জীবন জানিবে,
বৃথাই বহন—কোন কাজে না লাগিবে ॥

(৭৮)

উপার্জ্জিতানাং বিদ্যানাং ত্যাগ এব হি রক্ষণম্
তড়াগোদর-সংস্থানাং পরিস্রুতিরিবাম্ভসাম্ ॥

উপার্জ্জিত ধন করে যত বিতরণ,
ততই জানিবে তার হইল রক্ষণ।
তড়াগ হইতে জল যত তুলি লয়,
ততই আসিয়া তাহা পরিপূর্ণ হয়।

দয়াপ্রশংসা।

(৭৯)

বাচাং শৌচঞ্চ মনসঃ শৌচমিন্দ্রিয়নিগ্রহঃ।
সর্ব্বভূতদয়া শৌচমেতচ্ছৌচং পরার্থিনাম্ ॥

বাক্যশুদ্ধি মনঃশুদ্ধি ইন্দ্রিয়-সংযম,
শুদ্ধিমধ্যে এ সকল অতীব উত্তম।
কেবল পরার্থপর যাঁরা সাধুজন,
ভূতদয়া তাঁহাদের শুদ্ধিতে গণন ॥

আত্মপ্রকাশদোষঃ।

(৮০)

পাতালতলবাসী চ বারিপ্রাকারনিহ্নুতঃ।
যদি ন স্বাঙ্কুরোদ্ভেদো বিষঃ কেনোপলভ্যতে ॥

জলের পরিখামধ্যে অধোদেশে বাস,
মৃণাল অঙ্কুর ভেদি হয় সুপ্রকাশ।
তাই অনায়াসে লোক দেখিবারে পায়,
মৃণালে ছেদন ক'রে লয়ে চ'লে যায় ॥

ছিদ্রগুপ্তিঃ।

(৮১)

নাত্মচ্ছিদ্রং পরে দদ্যাৎ পরচ্ছিদ্রাণি লক্ষয়েৎ।
গূহেৎ কূর্ম্ম ইবাঙ্গানি পরভাবং পরীক্ষয়েৎ ॥

কূর্ম্ম যথা হস্ত আদি আত্মরক্ষা তরে,
লুকাইয়া ফেলে নিজ কায় অভ্যন্তরে।

তেমনি নিজের ছিদ্র করিয়া গোপন,
করিবে পরের ছিদ্রে সদা অন্বেষণ॥

মন্ত্রগুপ্তিঃ।

(৮২)

ষট্‌কর্ণো ভিদ্যতে মন্ত্রশ্চতুষ্কর্ণোঽপি ধার্য্যতে
দ্বিকর্ণস্য তু মন্ত্রস্য ব্রহ্মাপ্যন্তং ন গচ্ছতি॥

ছয় কর্ণে করে যদি প্রবেশ মন্ত্রণা,
সর্ব্বত্র প্রকাশ হ'য়ে যায় সে ঘটনা।
চারিকর্ণে মন্ত্রগুপ্তি কোন মতে হয়,
দ্বি-কর্ণের মন্ত্র গুপ্ত হয় অতিশয়।
সামান্য নরের আর কি দিব তুলনা,
ব্রহ্মাও বিদিত নন তাদৃশ মন্ত্রণা॥

হিতকারি-রক্ষণম্।

(৮৩)

মূষিকো গৃহজাতোঽপি হন্তব্যোঽপ্যপকারকঃ।
ঘৃতপ্রদানৈর্ম্মার্জ্জারো হিতকৃৎ প্রার্থ্যতেঽন্যতঃ॥

মূষিক যদিও গৃহ মধ্যে জন্ম লয়,
তথাপি অহিতকারী তাই বধ্য হয়।
হিতকারী মার্জ্জারের ঘৃতাহার দানে,
বাহির হইতে আনে সাদর আহ্বানে॥

মূর্খস্বরূপণ।

(৮৪)

কোকিলানাং স্বরো রূপং লজ্জারূপং কুলস্ত্রিয়ঃ
বিদ্যায়াঃ পটুতা রূপং রূপং মূর্খস্য মৌনতা॥

কোকিল সুন্দর হয় সুমধুর রবে,
নারী হয় রূপবতী সতীত্ব-গৌরবে।
বাগ্মিতায় বিদ্বানের অতি-শোভা হয়,
মূর্খ শোভে যতকাল চুপ ক'রে রয়॥

অকৃতার্থতা।

(৮৫)

শাঠ্যেন মৈত্রং কপটেন ধর্ম্মং,
পরোপতাপেন সমৃদ্ধি-ভারম্।
সুখেন বিদ্যাং পরুষেণ নারীং,
বাঞ্ছন্তি যে নূনমপণ্ডিতাস্তে॥

শঠ ব্যবহারে শুদ্ধ মিত্রতা স্থাপন,
কপট আচারে তথা ধর্ম্ম আচরণ।
পরজনে পীড়া দিয়া ধন উপার্জ্জন,
কভু নাহি হয় সিদ্ধ হেন অঘটন।
কোন ক্লেশ না করিয়া বিদ্যা অধ্যয়ন,
অকোমল ব্যবহারে রমণী গ্রহণ।
এ সকল বিপরীত অভিলাষ যার,
অপণ্ডিত ব'লে হয় অখ্যাতি তাহার॥

বাসস্থৈর্য্যম্।

(৮৬)

যত্রোদকং তত্র বসন্তি হংসা-
স্তথৈব শুষ্কং পরিবর্জ্জয়ন্তি।
ন হংসতুল্যেন নরেণ ভাব্যং
পুনস্ত্যজন্তঃ পুনরাশ্রয়ন্তঃ॥

যেথা থাকে জল তথা হংস করে বাস,
জল শুকাইয়া গেলে ছাড়ে সে আবাস।
হংসতুল্য নর যেন কখন না হয়,
বার-বার ত্যাগ আর আলয়-আশ্রয়॥

প্রীতেরনুভূতিঃ।

(৮৭)

প্রিয়ং গীতমকণ্ঠস্য বৃদ্ধস্য তরুণী প্রিয়া।
প্রিয়ং দানং দরিদ্রস্য নীচস্যোচ্চাসনং প্রিয়ম্॥

কণ্ঠস্বর-হীন গান করিবারে চায়,
বৃদ্ধ মুগ্ধ হ'য়ে থাকে তরুণী ভার্য্যায়।
ধনদানে বাঞ্ছা করে সদা দীন জন,
নীচ ব্যক্তি চায় নিত্য সু-উচ্চ আসন॥

(৮৮)

ভূগৃহং বরনারী চ কার্পাসং নাগজং জলম্।
শীতকালে ভবেদুষ্ণমুষ্ণকালে চ শীতলম্॥

ভূগৃহ কার্পাস শ্যামানারী কূপজল।
শীতকালে উষ্ণ গ্রীষ্মকালে সুশীতল॥

(৮৯)

কূপোদকং বটচ্ছায়া শ্যামা স্ত্রী ইষ্টকালয়ঃ।
শীতকালে ভবেদুষ্ণং গ্রীষ্মকালে চ শীতলম্॥

বটতরুচ্ছায়া আর শ্যামবর্ণা নারী,
ইষ্টকনির্ম্মিত গৃহ আর কূপবারি।
শীতকালে থাকে উষ্ণ গ্রীষ্মে সুশীতল,
ইহা বিধি-বিনির্ম্মিত বস্তুগত ফল॥

সতর্কতা।

(৯০)

বৈরিণা সহ সন্ধ্যায় বিশ্বস্তো যঃ স্বপেৎ স্বয়ম্।
স বৃক্ষাগ্রে কৃতঃ স্বপ্নঃ পতিতঃ প্রতিবুধ্যতে॥

শত্রুর সহিত সন্ধি করিয়া স্থাপন,
নিশ্চিন্ত হইয়া নিদ্রা যার অনুক্ষণ।
বৃক্ষাগ্রে নিদ্রার ন্যায় তার সে শয়ন,
বুঝিতে পারিবে যবে হইবে পতন॥

(৯১)

য এব রাজন্ মৃদুমন্দভাষী
স এব দূরাৎ পরিবর্জ্জনীয়ঃ।
অভ্রাদ্‌বিমুক্তস্য দিবাকরস্য
মরীচয়স্তীক্ষ্ণতরা ভবন্তি॥

যে শত্রু কেবল মৃদুমন্দ কথা কয়,
অন্তরের ভাব তার প্রায় ভাল নয়।
অতএব তার সঙ্গ করিবে বর্জ্জন,
মেঘ-মুক্ত তীক্ষ্ণ-সূর্য্য-করের মতন॥

(৯২)

ন বিশ্বসেৎ পূর্ব্বপরাজিতস্য
শত্রোশ্চ মিত্রত্বমুপাগতস্য।
দগ্ধাং গুহাং পশ্য উলূকপূর্ণাং
কাকপ্রলীনেন হুতাশনেন॥

পরাজিত শত্রু আসি মিত্র যদি হয়,
বিশ্বাস তাহার প্রতি সমুচিত নয়।
পূর্ব্বশত্রু কাক আসি উলূকের দলে,
বিশ্বাস স্থাপন করে কুটিল কৌশলে।
পর্ব্বত গুহায় দিয়া কৌশলে অনল,
পোড়াইয়া মারে শেষে উলূকের দল॥

মৃদুমাহাত্ম্যম্।

(৯৩)

মৃদুনৈব মৃদুং হন্তি মৃদুনা হন্তি দারুণম্।
নাসাধ্যং মৃদুনা কিঞ্চিত্তস্মাত্তীক্ষ্ণাৎ পরো মৃদুঃ॥

মৃদুতায় মৃদুজনে বাধ্য করা যায়,
দারুণেও বাধ্য করা যায় মৃদুতায়।
মৃদুর অসাধ্য কিছু নাহিক নিশ্চয়,
অতএব তীক্ষ্ণ হ'তে মৃদু শ্রেষ্ঠ হয়।

ক্ষমাগুণঃ।

(৯৪)

ক্ষমাবলমশক্তানাং শক্তানাং ভূষণং ক্ষমা।
ক্ষমাবশীকৃতো লোকঃ ক্ষময়া কিং ন সাধ্যতে॥

অশক্ত জনের ক্ষমা শ্রেষ্ঠবল হয়,
সমর্থ-জনের ক্ষমা ভূষণ নিশ্চয়।
বশীভূত হয় লোক কেবল ক্ষমায়,
ক্ষমার অসাধ্য কিবা আছে এ ধরায়॥

অপাত্রপ্রীতিঃ।

(৯৫)

অপাত্রে রমতে নারী গিরৌ বর্ষতি বাসবঃ।
খলমাশ্রয়তে লক্ষ্মীঃ প্রাজ্ঞঃ প্রায়েণ নির্ধনঃ॥

নারীর প্রায়শঃ হয় অপাত্রেই রতি,
অস্থান—পর্ব্বতোপরি বর্ষে সুরপতি।
লক্ষ্মী খল-জনে দয়া করেন বর্ষণ,
প্রায় প্রাজ্ঞগণ হন সংসারে নির্ধন॥

(৯৬)

লক্ষ্মীর্লক্ষণহীনেঽস্তি জাতিহীনে সরস্বতী।
অপাত্রে রমতে নারী গিরৌ বর্ষতি বাসবঃ॥

লক্ষণ-হীনেও লক্ষ্মী হন কৃপান্বিত,
জাতিহীন জনে সরস্বতী বিরাজিত।
অপাত্রে নারীর রতি প্রায় দেখা যায়,
পর্ব্বত ভাসায় ইন্দ্র ভীষণ বর্ষায়।

সুগতি-দুর্গতি-কথা ।

(৯৭)

বিধেঃ কন্যাযুগ্মং সুগতিরপরা দুর্গতিরভূৎ
তয়োরাদ্যং মোহাৎ কুলগুণবিহীনায় স দদৌ ।
ততঃ পশ্চাত্তাপাদিব তদনুজাং দাতুমধুনা
কুলীনং বিদ্বাংসং বরমিহ বরেণ্যং বরয়তে ॥

বিধাতার দুই কন্যা "সুগতি" "দুর্গতি",
সুগতির হ'ল কুল-গুণ-হীন পতি ।
মোহ বশে বিধি করে হেন বিপরীত,
পশ্চাতে হলেন তিনি অত্যন্ত তাপিত ।
দুর্গতি দ্বিতীয়া কন্যা দান তার পরে,
করিলেন সুপণ্ডিত কুলীনের করে ॥

মঙ্গল চিন্তা ।

(৯৮)

ক্ষুতোৎপতন-জৃম্ভাসু স্থানাদ্বায়ুঃ প্রকুপ্যতে ।
অতস্তচ্ছান্তয়ে কুর্য্যাৎ জীবোত্তিষ্ঠাঙ্গুলিধ্বনীন্ ॥

হাঁচি দেওয়া হাই তোলা আর উৎপতন,
ইথে কিছু বায়ু-কোপ হয় সংঘটন ।
হাঁচি দিলে কেহ মুখে "জীব" যদি বলে,
"তুড়ি" যদি দেয় হাই সম্মুখে তুলিলে ।
চলিতে চলিতে যদি কেহ পড়ে যায়,
"উত্তিষ্ঠ" বলিয়া যদি আশ্বাসে তাহায় ।

তাহা হ'লে হয় সেই বায়ু-প্রশমন,
অতএব উহা করিবেন বিচক্ষণ॥

(৯৯)

ক্ষৌরস্নান-প্রয়াণেষু নববস্ত্রাদিসঙ্গমে।
নক্ষত্রগ্রহমাঙ্গল্যং নোপেক্ষেত বিচক্ষণঃ॥

ক্ষৌর স্নান যাত্রা নববস্ত্রাদি-ধারণে।
শুভগ্রহ তারা দেখিবেন বিজ্ঞ জনে॥

মহাত্ম-লক্ষণম্।

(১০০)

বিপদি ধৈর্য্যমথাভ্যুদয়ে ক্ষমা
সদসি বাক্‌পটুতা যুধি বিক্রমঃ।
যশসি চাভিরুচির্ব্যসনং শ্রুতৌ
প্রকৃতিসিদ্ধমিদং হি মহাত্মনাম্॥

উন্নতি সময়ে ক্ষমা বিপদে ধীরতা,
সমরে বিক্রম শাস্ত্রপাঠে একান্ততা।
যশে অভিলাষ আর বাগ্মিতা সভায়,
স্বাভাবিক এই গুণ থাকে মহাত্মায়॥

ক্ষুধাকাতর্য্যম্।

(১০১)

বীণা বংশশ্চন্দনং চন্দ্রভাসঃ
চন্দ্রাভাসা যৌবনস্থা রমণ্যঃ।

নৈতদ্রম্যং ক্ষুৎপিপাসাতুরাণাং
সর্ব্বারম্ভাস্তণ্ডুল-প্রস্থমূলাঃ ॥

বীণা বেণু জ্যোৎস্না আর সুগন্ধি চন্দন,
যুবতী রমণী যদি চন্দ্রের বরণ।
যে কাতর ক্ষুধা-পিপাসায় অতিশয়,
এ সকল তা'র কাছে রমণীয় নয়।
তাদৃশ জনের এক প্রস্থতি তণ্ডুল,
একমাত্র হয় সুখ-সৌভাগ্যের মূল ॥

(১০২)

শাস্ত্রঞ্চ হন্যতে কাব্যৈঃ কাব্যং গীতেন হন্যতে।
গীতন্তু স্ত্রীবিলাসেন স্ত্রীবিলাসো বুভুক্ষয়া ॥

শাস্ত্রালাপ মধ্যে যদি কাব্য-কথা হয়,
কাব্যরসে শাস্ত্রালাপ হ'য়ে যায় লয়।
সেই কাব্য-কথা-রস গীতে করে গ্রাস,
গীতে গ্রাসে আসে যদি মনে স্ত্রীবিলাস।
স্ত্রীবিলাসে বুভুক্ষায় নাশে সেইক্ষণে,
বুভুক্ষা-রাক্ষসী-নাশ-চিন্তা কর মনে।

উচ্চজন-সঙ্গতি-ক্রমঃ।

(১০৩)

গুণুঃ পূর্ব্বং বৃহৎ পশ্চাদ্ভবত্যার্য্যেণ সঙ্গতিঃ।
বিপরীতমনার্য্যেণ যথেচ্ছসি তথা কুরু ॥

প্রথমে সাধুর সঙ্গ অত্যল্প মাত্রায়,
ক্রমে তাহা বৃদ্ধি পায় সঙ্গ-মহিমায়।
অসাধুর সনে ইহা বিপরীত হয়,
অগ্রে বেশী পরে অল্প ক্রমে পায় লয়।
শুনে রাখ শুভাশুভ দুইটী আভাস,
তার পর কর কার্য্য যথা অভিলাষ॥

পশ্বাদি-সাহিত্যদোষঃ।

(১০৪)

কেচিন্মৃগমুখা ব্যাঘ্রাঃ কেচিদ্ব্যাঘ্রমুখা মৃগাঃ।
তৎস্বরূপবিপর্য্যস্তাদ্বিশ্বাসো হ্যাপদাং পদম্॥

কোন ব্যাঘ্র মৃগ তুল্য শান্তভাব হয়,
কোন মৃগ ব্যাঘ্র সম উগ্র অতিশয়।
এইরূপ স্বরূপের হয় বিপর্য্যয়,
শ্বাপদে বিশ্বাস তাই সমুচিত নয়॥

(১০৫)

যান্তি ন্যায়প্রবৃত্তস্য তির্য্যঞ্চোঽপি সহায়তাম্।
অপন্থানন্তু গচ্ছন্তং সোদরোঽপি বিমুঞ্চতি॥

ন্যায় পথে যে মানব করে বিচরণ,
সহায়তা করে তার পশুপক্ষিগণ।
অপথে চলিলে নিজ সহোদর তায়,
ত্যাগ করে—তার দিকে ফিরেও না চায়॥

উপপত্নীদোষঃ।

(১০৬)

নাশ্নন্তি পিতরঃ পিণ্ডং নাশ্নন্তি বৃষলীপতেঃ।
স্ত্রীজিতস্য চ নাশ্নন্তি যস্যোপগৃহিণী গৃহে॥

অসতীর পতি, ক্লীব, উপপত্নী যার।
পিতৃগণ কভু পিণ্ড নাহি খান তার॥

উপকার-বৈমুখ্য-দোষঃ।

(১০৭)

মরণায়ৈব জায়ন্তে ম্রিয়ন্তে জন্মনে পুনঃ।
ন পরাত্মোপকারায় তৃণানীবেতরে জনাঃ॥

মরিবার জন্য জন্ম জন্মার্থ মরণ,
ঘুরে ফিরে করে যথা তুচ্ছ তৃণগণ।
যে জন না করে আত্মপর-উপকার,
জানিবে তাহারে তুচ্ছ তৃণের আকার॥

আত্মদর্শনোপায়ঃ।

(১০৮)

চিত্তায়ত্তং ধাতুবদ্ধং শরীরং,
চিত্তে নষ্টে ধাতবো যান্তি নাশম্।
তস্মাচ্চিত্তং সর্ব্বতো রক্ষণীয়ং,
স্বস্থে চিত্তে বুদ্ধয়ঃ সম্ভবন্তি॥

ধাতুতে গঠিত দেহ চিত্তের অধীন,
চিত্ত নষ্ট হ'লে হয় ধাতু পরিক্ষীণ।
অতএব চিত্ত রক্ষা একান্ত উচিত,
চিত্ত সুস্থ হলে বুদ্ধি হয় সুসঞ্চিত॥

(১০৯)

আহারার্থং কর্ম্ম কুর্য্যাদনিন্দ্যং,
কুর্য্যাত্তঞ্চ প্রাণ-সন্ধারণার্থম্।
প্রাণা ধার্য্যা তত্ত্ববিজ্ঞানহেতো-
স্তত্ত্বং জ্ঞেয়ং যেন ভূয়ো ন জন্ম॥

ন্যায্য-কার্য্যে আহার্য্যের করিবে সঞ্চয়,
যে আহার্য্যে অনিবার্য্য প্রাণ রক্ষা হয়।
তত্ত্ব-বিজ্ঞানের জন্য প্রাণের ধারণ,
যে তত্ত্ব বিজ্ঞানে হয় জন্ম নিবারণ॥

(১১০)

পুষ্পে গন্ধং তিলে তৈলং কাষ্ঠেঽগ্নিং পয়সি ঘৃতম্
ইক্ষৌ গুড়ং তথা দেহে পশ্যাত্মানং বিবেকতঃ॥

পুষ্পে গন্ধ কাষ্ঠে অগ্নি দুগ্ধে ঘৃত মিলে,
ইক্ষুদণ্ডে যথা গুড় তৈল মিলে তিলে।
সেইরূপ নিজ দেহে আত্মার দর্শন,
বিশুদ্ধ বিবেক-বলে কর সাধুজন॥

সপ্তম অধ্যায় সমাপ্ত॥ ৭ ।

অষ্টমঃ অধ্যায়ঃ।

ভাবশুদ্ধিঃ।

(১)

অগ্নিহোত্রং বিনা বেদা ন চ দানং বিনা ক্রিয়া।
ন ভাবেন বিনা সিদ্ধিস্তস্মাদ্ ভাবো হি কারণম্॥

অগ্নিহোত্র না থাকিলে বৃথা বেদজ্ঞান,
অনুষ্ঠান হীন হলে বৃথা হয় দান।
ভাবশুদ্ধি বিনা সিদ্ধি কভু নাহি হয়।
ভাবেই সকল ক্রিয়া সিদ্ধি সুনিশ্চয়॥

(২)

কাষ্ঠপাষাণ-ধাতূনাং কৃত্বা ভাবেন সেবনম্।
শ্রদ্ধয়া চ তথা সিদ্ধিস্তস্য বিষ্ণোঃ প্রসাদতঃ॥

ধাতু দ্রব্য কিংবা কাষ্ঠ অথবা পাষাণে,
ইষ্ট-অধিষ্ঠান হয় ভাবযুক্ত ধ্যানে।
শ্রদ্ধায় সেবিলে সিদ্ধি বিষ্ণুর কৃপায়,
কাষ্ঠাদিতে ইষ্ট নর দেখিবারে পায়॥

(৩)

ন দেবো বিদ্যতে কাষ্ঠে ন পাষাণে ন মৃন্ময়ে।
ভাবে হি বিদ্যতে দেবস্তস্মাদ্‌ভাবো হি কারণম্॥

কেবল মৃত্তিকা কাষ্ঠে কি পাষাণময়,—
প্রতিমায় দেব অধিষ্ঠান নাহি হয়,
ভাবেই দেবতাগণ নিত্য অধিষ্ঠিত,
ভাবই কারণ বলি হয় অভিহিত॥

অব্রতঘ্নানি।

(৪)

ইক্ষুনপঃ পয়ো মূল' তাম্বুলং ফলমৌষধম্।
ভক্ষয়িত্বাপি কর্ত্তব্যাঃ স্নানদানাদিকাঃ ক্রিয়াঃ॥

অসক্ত মানব ইক্ষু রস জল মূল,
কিংবা দুগ্ধ ফল কিম্বা ঔষধ তাম্বূল।
এ সকল খাইয়াও ক্রিয়া আচরিবে,
তবু স্নান দান আদি কার্য্য না ত্যজিবে॥ *

কলি-মহিমা।

(৫)

ধর্ম্মঃ প্রব্রজিতস্তপঃ প্রচলিতং সত্যঞ্চ দূরঙ্গতং,
পৃথ্বী মন্দফলা জনাঃ কপটিনো রৌদ্রে স্থিতা ব্রাহ্মণাঃ।
রাজা দণ্ডধরো বিচাররহিতঃ পুত্রাঃ পিতুর্দ্বেষিণঃ,
ভার্য্যা ভর্ত্তৃবিরোধিনী কলিযুগে ধন্যা নরা যে মৃতাঃ॥

ধর্ম্ম দেশত্যাগী তপ গিয়াছে চলিয়া,
সত্য বহু দূরে গিয়া রয়েছে বসিয়া।
পৃথিবী প্রসব নাহি করে বহু ফল,
অত্যন্ত শঠতা পূর্ণ মানুষ-সকল।
বহু অপকার্য্যে রত ব্রাহ্মণনিচয়,
রাজা দণ্ডকারী কিন্তু সুবিচারী নয়।
পুত্র পিতৃদ্বেষী ভার্য্যা ভর্ত্তৃ-বিরোধিনী,
হায় কিবা কলি-কীর্ত্তি সর্ব্ববিনাশিনী।

---

* ইহা দেশবিশেষের আচার-বিশেষ।

হেন বিগর্হিত কলিযুগে যারা মৃত,
তাহারাই ধন্য পুণ্য সুখিত সুকৃত॥

(৬)

দেশস্তস্করদূষিতো গতঘৃণো রাজা দয়া দুর্জ্জনে-
ঘায়াসঃ স্বজনেষু দুর্নয়রতো লোকো ভয়ঞ্চাধ্বনি।
মিত্রং ছিদ্ররতং গুণেষ্বগুণতা ক্রূরে ধনং বান্ধবাঃ,
নিঃস্নেহা বত বঞ্চনাপি তনয়ে স্বাস্থ্যং শরীরে কৃতঃ॥

তস্করের দোষে দেশ হয়েছে দূষিত,
রাজা ঘৃণাহীন, লোক দুষ্টে দয়াম্বিত।
স্বজনের প্রতি সবে শুষ্ক ব্যবহারী,
দুর্নীতিতে রতিযুক্ত সদা কদাচারী।
পথ নহে নিরাপদ্ মিত্র ছিদ্ররত,
গুণিজনে দিতে দোষ সুপটু সতত।
ক্রূর ধনী, বন্ধুগণ স্নেহ-হীন হয়,
তনয়ে বঞ্চনা আর কেহ সুস্থ নয়॥

(৭)

বুদ্ধিঃ পৌরুষমার্জ্জবং গুণরতির্বিদ্যা কুলং সেবনং,
কালেঽস্মিন্ বিকলত্বমেব সকলং হেতুৎপুরঃ স্বামিনাম্॥
যো দোষঃ কুরুতে পরস্য মুখরং ধীরস্য যো রোধকো
যঃ পাপ-দ্রবিণস্য বর্দ্ধনকরস্তেষাং ভবেৎ সঃ প্রিয়ঃ॥

বুদ্ধি বিদ্যা সরলতা গুণের গৌরব,
পৌরুষ স্বামীর সেবা কৌলীন্য এ সব।
কলিকালে বিকলতা-প্রাপ্ত অতিশয়,
দোষরাশি হয় কলি-সুপ্রিয়-নিলয়।

ধীরের রোধক মহা কলহ-কারক,
পাপ পথে ধনবৃদ্ধি-উপায়-সাধক।
যে দোষে মানুষ হয় এরূপ নিন্দিত,
তাহাই কলির প্রিয় জানিবে নিশ্চিত॥

(৮)

অতিক্রান্তঃ কালঃ সুচরিত-শতামোদসুভগঃ,
গতাঃ শুক্লা ধর্ম্মা নবনলিন-সূত্রাংশু-তনুতাম্
পরিম্লানঃ প্রায়ো বুধজনকথা-সারনিপুণো,
নিরানন্দং জাতং জগদিদমতীতোৎসবমিব॥

পবিত্র-চরিত্র-কথা করি উপক্রম,
কত না আনন্দ ভোগ হ'ত অনুপম।
গৃহে গৃহে এ সৌভাগ্য ছিল যে সময়,
হায় সে শোভন কাল হইয়াছে লয়।
পদ্মনালসূত্র সম সত্ত্ব-ধর্ম্ম ক্ষীণ,
পণ্ডিতের উপদেশ ব্যর্থ অনুদিন।
যাত্রাদি উৎসব যেথা হয় একবার,
ভাঙ্গিলেও কিছু কিছু চিহ্ন থাকে তার।
সেইরূপ এ জগত নিরানন্দময়,
ভগ্নোৎসব স্থান তুল্য অনুমিত হয়।

(৯)

কলৌ দশসহস্রাণি বিষ্ণুস্তিষ্ঠতি ভূতলে।
তদর্দ্ধং জাহ্নবীতোয়ং তদর্দ্ধং গ্রাম্যদেবতা॥

কলির প্রথম দশ সহস্র বৎসর,
বিষ্ণু বাস করিবেন এই ধরাপর।

তার অর্দ্ধ থাকিবেন জাহ্নবীর জল,
থাকেন তার অর্দ্ধ গ্রামাদেবতা সকল॥ *

ধন্যবাদার্হঃ।

(১০)

ধন্যাস্তে যে ন পশ্যন্তি দেশভঙ্গং কুলক্ষয়ম্।
পরচিত্তরতাং নারীং পুত্রঞ্চ ব্যসনে স্থিতম্॥

স্বদেশের সুপ্রাচীন রীতি-বিবর্ত্তন,
কুলের কলঙ্ক স্ত্রীতে দোষ সঙ্ঘটন।
তনয় ব্যসনযুক্ত—এই সমুদয়,
ধন্য তিনি—যাঁর ইহা প্রত্যক্ষ না হয়॥

বিড়ম্বনা।

(১১)

বৃদ্ধকালে মৃতা ভার্য্যা বন্ধুহস্তগতং ধনম্।
ভোজনঞ্চ পরাধীনং তিস্রঃ পুংসাং বিড়ম্বনাঃ॥

বৃদ্ধ কালে হয় যদি ভার্য্যার মরণ,
বন্ধু হস্তে ন্যস্ত যদি হয় নিজধন।

---

* পৃথিবী গঙ্গয়া হীনা ভবিষ্যত্যন্তিমে কলৌ। তদেব বিষ্ণুস্ত্যক্ষতি পৃথিবীং নরপুঙ্গব।" এই বরাহপুরাণোক্ত বচনে "অন্তিমে কলৌ" অর্থাৎ চতুর্দ্দশমন্বন্তরীয় শেষ কলিতে গঙ্গাদি পৃথিবী ত্যাগ করিবেন, স্পষ্ট লিখিত-আছে: সুতরাং "কলি" শব্দের অর্থ "অন্তিমকলি"। অতএব "অন্তিম" কলিতে অর্থাৎ চতুর্দ্দশমন্বন্তরীয় শেষ কলিতেই গঙ্গাদির পৃথিবী ত্যাগ সম্ভব। বর্ত্তমান কলিতে অর্থাৎ সপ্তমমন্বন্তরীয় কলিযুগে গঙ্গাদির পৃথিবীত্যাগের কোনও সম্ভাবনা নাই।

নিজের ভোজন যদি হয় পরাধীন,
সংসারে জানিবে বিড়ম্বনা এই তিন ॥

(১২)

খলং খণ্ডঞ্চ পাণ্ডিত্যং ক্রয়ক্রীতঞ্চ মৈথুনম্।
ভোজনঞ্চ পরায়ত্তং তিস্রঃ পুংসাং বিড়ম্বনাঃ

তর্ক দ্বারা পুনঃপুন পাণ্ডিত্য খণ্ডিত,
অর্থদানে রতিক্রীড়া যাহা অনুষ্ঠিত,
পরের অধীন যেবা দৈনিক ভোজন,
এই তিনি মানুষের অতি বিড়ম্বন ॥

(১৩)

বণিক্প্রমাদী ভৃতকশ্চ মানী,
ভিক্ষুর্বিলাসী বিধনশ্চ কামী।
বেশ্যাঙ্গনা চাপ্রিয়বাদিনী চ,
প্রজাপতের্দুশ্চরিতানি পঞ্চ ॥

বণিক-প্রমাদ কর্ম্মচারি-অভিমান,
ভিক্ষুকে বিলাস কামী নহে ধনবান্।
বেশ্যায় অপ্রিয়ালাপ—পাঁচ ব্যতিক্রম,—
দেখে মনে হয়,—ইহা প্রজাপতি-ভ্রম ॥

(১৪)

দাতা দরিদ্রঃ সধনশ্চ লোভী,
সেব্যঃ কদর্যাস্তনয়োঽবিধেয়ঃ।
পরোপকারাভিরতস্তু মৃত্যুঃ,
প্রজাপতের্দুশ্চরিতানি পঞ্চ ॥

দাতার দারিদ্র্য লোভ ধনী মানবের,
প্রভুর দৈন্য অবাধ্যতা তনয়ের।
পর-উপকার রত জনের মরণ,
বিধাতার এই পাঁচ অন্যায়-করণ॥

(১৫)

দানে তপসি শৌর্য্যে চ যস্য ন প্রথিতং যশঃ।
বিদ্যায়ামর্থলাভে চ মাতুরুচ্চার এব সঃ॥

দান শৌর্য বিদ্যা অর্থাগম তপস্যায়,
সুযশ যাহার নাহি সদা বৃদ্ধি পায়।
মাতার পুরীষ-মূত্র-ত্যাগের সমান,
কেবল "ভূমিষ্ঠ" মাত্র তার অভিধান॥

(১৬)

যস্য ত্রিবর্গ-শূন্যানি দিনানি যান্তি দেহিনঃ।
স লোহকার-ভস্ত্রেব শ্বসন্নপি ন জীবতি॥

ধর্ম্ম-অর্থ-মোক্ষচিন্তা-হীন দিন যার,
কামারের ভস্ত্রাতুল্য অবস্থা তাহার।
ভস্ত্রাও প্রশ্বাস শ্বাস ফেলে টানি লয়,
তথাপি জীবন-হীন বলি গণ্য হয়।

(১৭)

নোপাত্তং দ্রবিণং কুলং ন গণিতং মিত্রং নচোপার্জ্জিতং,
শাস্ত্রং নাধিগতং তপো ন চরিতং ন ক্রীড়িতং বাজিভিঃ।
কান্তাকোমল-পল্লবাধর-রসং পীতং ন চন্দ্রোদয়ে,
তারুণ্যং গতমেব নিষ্ফলতয়া শূন্যালয়ে দীপবৎ॥

যথাকালে কুল-সেবা ধন-উপার্জ্জন,
সুপাত্রে মিত্রতা আর বিদ্যা অধ্যয়ন।
অশ্ব আরোহণে ধাবনাদি ক্রীড়াচয়,
কায়-ক্লেশ করি বহু তপস্যা-সঞ্চয়।
পল্লব-কোমল কান্তা-অধরের সীধু
পান—যবে গগনে উদিত হয় বিধু।
যৌবনে না হ'লে ইহা ভোগ অবিরত,
সব বৃথা শূন্যালয়ে প্রদীপের মত॥

(১৮)

অহিত-হিতবিচার-শূন্যবুদ্ধেঃ,
শ্রুতি-সময়ৈর্ব্বহুভির্ব্বহিষ্কৃতস্য।
উদর-ভরণমাত্রে কেবলেচ্ছো-
র্মনুজপশোশ্চ পশোশ্চ কো বিশেষঃ॥

হিতাহিত-বিনিশ্চয়ে নাই যার জ্ঞান,
না করে পালন নানা বেদের বিধান।
নিজের উদর জন্য মাত্র চিন্তা যার,
নর-পশু বলি হয় গণনা তাহার।
হেন নর-পশু আর পশুতে প্রকৃত,
বৈশিষ্ট্য বিশেষ কিছু হয় কি স্বীকৃত॥

(১৯)

নোপকারায় সুহৃদাং নাপকারায় বৈরিণাম্
জননীগর্ভবাসায় মূঢ়ানাং জন্ম কেবলম্॥

সুহৃদের উপকার যে দেহে না হয়,
অথবা যে দেহে শত্রু নিপীড়িত নয়।

মূঢ় মানবের সেই দেহ অনর্থক,
গর্ভবাসে জননীর যতনা-দায়ক॥

(২০)

পূর্ব্বং যৈন কৃতং সুতীর্থমরণং বিপ্রা ন সন্তর্পিতাঃ,
হব্যং নৈব হুতং হুতাশনমুখে নারাধিতঃ শঙ্করঃ।
দত্তং নৈব হিরণ্যমন্নবসনং গাবস্তিলা মেদিনী,
তে তিষ্ঠন্তি কুচেলভক্তনিধনা নিত্যং নরা দুঃখিতাঃ॥

পূর্ব্বজন্মে নহে যার সুতীর্থে মরণ,
করে নাই পরিতুষ্ট বিপ্রগণ মন।
দেয় নাই ঘৃতাহুতি হুতাশন মুখে,
আরাধনা করে নাই হর পঞ্চমুখে।
গাভী ভূমি তিল অন্ন কাঞ্চন বসন,
দেয় নাই—তায় ইহজন্মে সে অধন!
কুভোজন কুবসন ঘটে ভাগ্যে তার,
সংসারে অশেষ দুঃখভোগ অনিবার॥

(২১)

ক্লিষ্টং বৃথা যত্তপসা ন তীর্থে,
দত্তং বৃথা যৎ ক্ষুধিতে ন পাত্রে।
ভুক্তং বৃথা নো রুচিরং ন পথ্যং,
মৃত্যুর্বৃথা যন্ন রণে ন তীর্থে॥

তীর্থে তপঃক্লেশ বিনা বৃথা অন্য ক্লেশ,
ক্ষুধিতে না দিলে ভিক্ষা দানে কি বিশেষ?
সুপথ্য অথবা রুচিকর যদি নয়,
ভোজন বলিয়া তাহা গণ্য নাহি হয়।

তীর্থে মৃত্যু না হইলে বৃথা সে মরণ,
বিশেষ বীরের বৃথা মৃত্যু বিনা-রণ॥

(২২)

নাচ্ছাদয়তি কৌপীনং ন দংশমশকাপহম্।
শূনঃ পুচ্ছমিবানর্থং পাণ্ডিত্যং ধর্ম্মবর্জ্জিতম্॥

কৌপীনে কভু না হয় দেহ আবরণ,
নাহি হয় দংশ আর মশকবারণ।
ধর্ম্ম-বিবর্জ্জিত পাণ্ডিত্যও বৃথা হয়,
কুকুরের লেজ যথা কার্য্যকর নয়॥

(২৩)

কিং কোকিলস্য রণিতেন গতে বসন্তে,
কিং কাতরস্য বহুশাস্ত্রসুশিক্ষিতেন।
কিং গর্জ্জিতেন সুভটস্য পরাঙ্মুখস্য,
কিং জীবিতেন রিপুণাঙ্গুলিদর্শনেন॥

কি ফল কোকিলরবে বসন্ত অতীতে,
কি ফল অনন্ত-শাস্ত্রে কাতর-সেবিতে
কি ফল গর্জ্জনে রণপরাঙ্মুখ বীরে,
কি ফল জীবনে শত্রু-ন্যক্কৃত-শরীরে॥

মানধনম্।

(২৪)

অধমা ধনমিচ্ছন্তি ধনং মানঞ্চ মধ্যমাঃ।
উত্তমা মানমিচ্ছন্তি মানো হি মহতাং ধনম্॥

অধমের সদা ধনলাভে অভিলাষ,
মধ্যমের ধন-মান উভয়ে প্রয়াস।
মানমাত্র লাভে উত্তমের বাঞ্ছা মনে,
শ্রেষ্ঠজন মানেরেই ধন ব'লে গণে॥

দুঃখনাশমূলানি।

(২৫)

বশ্যাঃ সুতা বিত্তকরী চ বিদ্যা,
নারী-কথা সজ্জনসঙ্গতিশ্চ।
ইষ্টা চ ভার্য্যা বশবর্ত্তিনী চ,
দুঃখস্য মূলো রণানি পঞ্চ॥
সাধুসঙ্গ বশ্য পুত্র বিদ্যা অর্থকরী,
বশীভূত পত্নী সর্ব্বাভীষ্ট সহচরী।
আর ধর্ম্মপত্নী সহ বিশ্রব্ধ ভাষণ,
দুঃখমূল উন্মূলনে এ পঞ্চ কারণ॥

বিষয়ভোগদোষঃ।

(২৬)

কুরঙ্গ-মাতঙ্গ-পতঙ্গ-ভৃঙ্গ-
মীনা হতাঃ পঞ্চভিরেব পঞ্চ।
একঃ প্রমাদী স কথং ন বধ্যঃ,
যঃ সেবতে পঞ্চভিরেব পঞ্চ।
ব্যাধের বাঁশীর 'শব্দে' হরিণ-মরণ,
করিণীর 'স্পর্শ'আশে করীর বন্ধন।

পতঙ্গ পাবক 'রূপে' প'ড়ে প্রাণে মরে,
ভৃঙ্গ 'রস'-লোভে বদ্ধ পদ্মের অন্তরে।
আমিষের 'গন্ধে' মীন অন্ধ হ'য়ে যায়
বড়শী গিলিয়া জলে জীবন হারায়।
এক এক জীবে সেবি একটী বিষয়,
বিষয়ের গুণে বদ্ধ হয় নিঃসংশয়।
যে জন এ পঞ্চ বিষয়ের ভোগ করে,
বিস্ময়ের কথা বটে—সে কেন না মরে!

বিরক্তলক্ষণম্।

(২৭)

বিমাননং দুশ্চরিতানুকীর্ত্তনং,
কথাভিঘাতো বচনেষু বিস্ময়ঃ।
অদৃষ্টদানং কৃতপূর্ব্বনাশনং,
বিরক্তভাবস্য নরস্য লক্ষণম্॥

অবজ্ঞার প্রদর্শন নিন্দার কীর্ত্তন,
কথায় কথায় বাধা বিস্ময় জ্ঞাপন।
দেখা দিতে কুণ্ঠা উপকার অস্বীকার,
বিরক্তের চিহ্ন এ সকল ব্যবহার॥

স্নেহকথা।

(২৮)

স্নিগ্ধং পশ্যতি সুস্মিতং কথয়তি হস্তেন হস্তং স্পৃশন্,
ভোক্তুং নেচ্ছসি পার্শ্বতো বিশ্বণুতে কর্ত্তব্যমন্তর্গতম্।

দোষান্ সংবৃণুতে গুণান্ কথয়তে নো যাচিতে খিদ্যতে,
শংসামেব পরোক্ষমাচরতি যৎ স্নেহস্য তল্লক্ষণম্ ॥

মন্দমন্দ হাস্যযুক্ত স্নেহ বিলোকন,
হস্তে হস্ত দিয়া প্রিয় বাক্য আলাপন।
ভোজনে অনভিলাষ যদ্যপি প্রকাশে,
নির্ব্বন্ধ জানায় সদা থাকি পাশে পাশে।
গুণের কীর্ত্তন আর দোষ আবরণ,
কিছু না চাহিলে করে বেদনা যে জন।
পরোক্ষে প্রশংসা করে অকপট মনে,
স্নেহের লক্ষণ ইহা বলে বিজ্ঞজনে ॥

(২৯)

যন্ন নির্যন্ত্রণসুখং যন্ন বিশ্বাসভাজনম্।
যন্ন নির্ব্যাজসস্নেহং রিপুত্বং তত্র সৌহৃদম্ ॥

যা' হ'তে না হয় সারল্যের সুখোদয়,
আর যা না হয় কভু বিশ্বাস আলয়।
ছলহীন স্নেহ যেথা নহে বিদ্যমান,
সেখানে সৌহার্দ্দ হয় শত্রুতা সমান ॥

কন্যাজন্ম-বিভীষিকা।

(৩০)

সুখং স্বপিতি নিশ্চিন্তঃ প্রসারিত-পদদ্বয়ঃ
মানভঙ্গীকরী কন্যা কুলে যস্য ন জায়তে

দুই পাও ছড়াইয়া পড়িয়া সটান,
থাকুক নিশ্চিন্ত মনে সে জন শয়ান।

কন্যা কুল-মান কন্যা কুল-অলঙ্কার,
কিন্তু মানভঙ্গকরী কন্যা নাই যার ॥

(৩১)

স্থিরঃ সুহৃদ্ ভৃত্যচয়োঽনুকূলঃ,
স্বামী গুণজ্ঞঃ সুখিতশ্চ দেশঃ ।
পত্নী সতী যস্য কুলে ন কন্যা,
প্রসার্য্য পাদৌ স সুখেন শেতে ॥

সুদৃঢ় সুহৃদ্ ভৃত্যগণ অনুকূল,
গুণগ্রাহী প্রভু দেশ সুখদ অতুল ।
সতী পত্নী আর কন্যাহীন কুল যার,
প্রসারিত পদে নিদ্রা হয় সুখে তার ॥

(৩২)

জাতেতি চিন্তাং মহতীং প্রসূতে,
দেয়াত্র নো বেত্তি বিচার-দুঃখম্ ।
দত্তা সুখং তিষ্ঠতি বা নবেতি,
কন্যাপিতৃত্বং হ্যতি কষ্টমেব ॥

ঐ বুঝি কন্যা জনমিল ব'ল ভয়,
জন্মিলে কোথায় দেয় চিন্তা অতিশয় ।
দিলেও স্বচ্ছন্দে থাকে কিম্বা দুঃখে থাকে,
এ দুঃখে থাকিতে হয় কন্যার পিতাকে ।

———

নায়কাশঙ্কা।

(৩৩)

অনায়কা বিনশ্যন্তি নশ্যন্তি বহুনায়কাঃ।
স্ত্রীনায়কা বিনশ্যন্তি নশ্যন্তি শিশুনায়কাঃ॥

স্ত্রী-নায়ক অনায়ক বালক নায়ক।
অনেক নায়ক সর্ব্বনাশের সাধক॥

(৩৪)

হতং জ্ঞানং ক্রিয়াহীনং হতশ্চাজ্ঞানতো নরঃ।
হতং নির্ণায়কং সৈন্যং স্ত্রিয়ো নষ্টা হ্যভর্ত্তৃকাঃ॥

ক্রিয়াহীন জ্ঞানে নাহি হয় ফলোদয়,
অজ্ঞান হইতে নর সদা নষ্ট হয়।
নায়ক বিহীন হ'লে সেনার বিনাশ,
পতিহীন স্ত্রীলোকের হয় সর্ব্বনাশ॥

আততায়ি-প্রসঙ্গঃ।

(৩৫)

অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ।
ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ॥

(৩৭)

নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চনঃ।
কৃতং প্রতিকৃতং কুর্য্যাদ্ হিংসিতং প্রতিহিংসিতম্॥

(৩৭)

আততায়িনমায়ান্তমপি বেদান্তপারগম্।
জিঘাংসন্তং জিঘাংসীয়ান্ন তেন ব্রহ্মহা ভবেৎ॥

দহিতে যে করে গৃহে অগ্নির সংযোগ,
নাশিতে জীবন করে বিষের প্রয়োগ।
পরানিষ্ট সাধিবারে সদা শস্ত্রধারী,
ধনহারী ক্ষেত্রহারী আর দারাহারী।
আততায়ী বলে গণ্য এই ছয় জন,
দেখিলেই ইহাদের বধিবে জীবন॥
বেদজ্ঞ ব্যক্তিও যদি আততায়ী হয়,
তার বধে ব্রহ্মহত্যা পাপ গণ্য নয়॥
যে করে হনন তারে করিবে হনন,
ইহাতে হন্তার পাপ না হয় কখন।
যে যেমন করে তার প্রতি সেইরূপ,
হিংসকে করিবে হিংসা তার অনুরূপ॥

———

সার্থকজন্ম।

(৩৮)

স যাতো যেন যাতেন যাতি বংশঃ সমুন্নতিম্।
পরিবর্ত্তিনি সংসারে পরৈর্জাতৈর্ম্ৃতৈশ্চ কিম্?

যে জাতক হ'তে হয় বংশ সমুজ্জ্বল,
জানিবে তাহারি জন্ম নিশ্চয় সফল।
জগতের অনিয়ত গতি ইহা হয়,
মরিয়া সংসারে কেবা জন্ম নাহি লয়॥

(৩৯)

যজ্জীবনং ক্ষণমপি প্রথিতং মনুষ্যৈ,
বিজ্ঞান-বিক্রম-যশোহভিরমন্যমাণম্।

তন্নাম জীবিতমিহ প্রবদন্তি সন্তঃ,
কাকোঽপি জীবতি চিরায় বলিঞ্চ ভুঙ্‌ক্তে॥

বিজ্ঞান বিক্রম কীর্ত্তি দ্বারা রম্যমাণ,
ক্ষণেকের তরে রক্ষা যদি হয় প্রাণ।
যে জীবন মানব সমাজে সুপ্রথিত,
শিষ্টেরা বলেন তাহা চিরপ্রতিষ্ঠিত।
আহারে যে প্রাণরক্ষা কাকেও তা করে,
কাকের জীবন ধন্য ব'লে কেবা ধরে।

ক্ষণস্থায়িনঃ।

(৪০)

অভ্রচ্ছায়া খলপ্রীতির্বেশ্যারাগো বিভূতয়ঃ।
মহীভুজাং প্রসাদশ্চ পঞ্চৈতে চঞ্চলাঃ স্মৃতাঃ॥

জলদের ছায়া, খল-প্রীতি-প্রদর্শন,
বেশ্যা-অনুরাগ আর নানাবিধ ধন।
নৃপতির অনুগ্রহ এ পঞ্চ বিষয়,
অত্যন্ত চঞ্চল বলি জানিবে নিশ্চয়॥

(৪১)

অজাযুদ্ধং দ্বিজশ্রাদ্ধং প্রভাতে মেঘডম্বরম্।
দম্পত্যোঃ কলহশ্চৈব ক্ষণমেকং ভবিষ্যতি॥

ছাগের বিগ্রহ, প্রাতে মেঘ-আড়ম্বর,
পতি ও পত্নীর বিসংবাদ পরস্পর।
ব্রাহ্মণের শ্রাদ্ধ আদি ক্রিয়া সমুদয়,
আরম্ভেই আড়ম্বর, কাজে অল্প হয়॥

চিরস্থায়িনঃ ।

(৪২)

অস্থিরং জীবিতং লোকে যৌবনং ধনমস্থিরম্ ।
অস্থিরং পুত্র-দারাদি ধর্ম্মঃ কীর্ত্তির্যশঃ স্থিরম্ ॥

আয়ু ধন পুত্র পত্নী যৌবন অস্থির,
কীর্ত্তি যশঃ ধর্ম্মে স্থির জানেন সুধীর ॥

উত্তম অভ্যুদয়ঃ ।

(৪৩)

তজ্জ্ঞানং যদগর্ব্বিতং স পুরুষো যঃ খিদ্যতে নেন্দ্রিয়ৈঃ,
তদ্দানং যদকত্থনং স বিভবো যঃ সাধু সাধারণঃ ।
সাশীর্ষা ন মদং করোতি স সুখী যো নোহ্যতে তৃষ্ণয়া,
তন্মিত্রং যদযন্ত্রিতং স উদয়ো লোকোপকারায় যৎ ॥

গর্ব্বশূন্য জ্ঞানে সত্য জ্ঞান বলা যায়,
জিতেন্দ্রিয় জন খ্যাত পুরুষ আখ্যায় ।
দানমধ্যে গণ্য—নাই যাতে দম্ভলেশ,
বিভব বিষয়ে, আছে উদ্দেশ্য বিশেষ ।
সাধারণে সাধুভাবে ভোগ যাহা করে,
তারেই বিভব বলেছেন বিজ্ঞ নরে ।
মত্ততা যাহাতে নাই তাই আশীর্ব্বাণী,
তৃষ্ণার তাড়নাহীনে সুখী ব'লে জানি ।
যাহাতে কাপট্য নাই সেই মিত্র হয়,
লোকহিত হয় যাতে তাই অভ্যুদয় ॥

(৪৪)

ন সা সভা যত্র ন সন্তি বৃদ্ধাঃ,
বৃদ্ধা ন তে যেন বদন্তি ধর্ম্মম্।
ধর্ম্মঃ স নো যত্র ন সত্যমস্তি,
সত্যং ন তদ্‌যচ্ছলদোষযুক্তম্॥

সে সভা কি সভা যেথা বৃদ্ধ নাহি রয়,
সে বৃদ্ধ কি বৃদ্ধ যে না ধর্ম্মকথা কয়।
সে ধর্ম্ম কি ধর্ম্ম যাহা সত্য নাহি হয়,
সে সত্য কি সত্য যায় ছলদোষ রয়॥

(৪৫)

তন্মঙ্গলং যত্র মনঃ প্রসন্নং,
তজ্জীবনং যত্র পরোপকারঃ।
তদর্জ্জিতং যদ্‌দ্বিজভুক্তশেষং,
তদ্‌গর্জ্জিতং যৎ সমরে নিযুক্তম্॥

সেই সে মঙ্গল যেথা সুপ্রসন্ন মন,
সেই সে জীবন যাতে পরার্থ সাধন।
দ্বিজভুক্ত শেষ যাহা তাই উপার্জ্জিত,
তাহাই গর্জ্জন যদি যুদ্ধে নিয়োজিত॥

সন্তোষ-সুখম্।

(৪৬)

সর্ব্বা সম্পত্তয়স্তস্য সন্তুষ্টং যস্য মানসম্।
উপানদ্‌গুঢ়পাদস্য নন্থ চর্ম্মাবৃতেব ভূঃ॥

এ সংসারে সসন্তোষ সদা যার মন,
সম্পত্তি তাহার এই অখিল ভুবন।
জুতায় আবৃত থাকে পদদ্বয় যার,
চর্ম্মাবৃত ভূমিতল অনুমিত তার॥

(৪৭)

ক্রোধো বৈবস্বতো রাজা তৃষ্ণা বৈতরণী নদী।
বিদ্যা কামদুঘা ধেনুঃ সন্তোষো নন্দনং বনম্॥

যমের সমান ক্রোধ অদম্য জানিবে,
বৈতরিণী সম তৃষ্ণা দুস্তর ভাবিবে,
বিদ্যা হয় কামদুঘা ধেনুর সমান,
সন্তোষ সর্ব্বদা যেন নন্দন উদ্যান॥

কল্যাণকৃৎকুশলম্।

(৪৮)

যথা যথাহি পুরুষঃ কল্যাণে কুরুতে মতিম্।
তথা তথাস্য সর্ব্বার্থাঃ সিধ্যন্তি নাত্র সংশয়ঃ॥

সাধু কার্য্যে মানবের যদি মতি হয়।
তাহার সর্ব্বার্থসিদ্ধি হয় নিঃসংশয়॥

(৪৯)

মঙ্গলাচ্ছ্রীঃ প্রভবতি প্রাগল্‌ভ্যাৎ প্রকটী ভবেৎ।
তদ্রক্ষা কুরুতে মূলং সংযমাৎ স্থৈর্য্যমশ্নুতে॥

সাধু কার্য্য হ'তে লক্ষ্মী ধ্রুব লাভ হয়,
ব্যয়াদি ব্যাপারে ব্যক্ত হয় অতিশয়।
সংযমে সুস্থির সদা মানবের ঘরে,
সে সংযম-লক্ষ্মী মূল ধর্ম্মে রক্ষা করে॥

আয়ুঃক্ষয়-প্রসঙ্গঃ।

(৫০)

ভুক্তজীবিতমত্যল্পং রাত্রিস্তদর্দ্ধহারিণী।
ব্যাধি-শোক-জরায়াসৈরর্দ্ধং তদপি নিষ্ফলম্॥

একেত জীবন-কাল অতি অল্প হয়,
রজনীর নিদ্রাদিতে তার অর্দ্ধ ক্ষয়।
অবশিষ্ট তার পর যে অর্দ্ধেক অংশ,
ব্যাধি শোক জরা শ্রমে তাহা হয় ধ্বংস॥

(৫১)

আয়ুর্ব্বর্ষশতং নৃণাং পরিমিতং রাত্র্যা তদর্দ্ধং হৃতং,
তস্যার্দ্ধস্য চ কিঞ্চিদেব জরয়া বাল্যেন কিঞ্চিদ্ হৃতম্।
কিঞ্চিদ্ব্যাধি-বিয়োগদুঃখমরণৈর্ভূপালসেবাদিভি-
র্নষ্টং শিষ্টমতস্তরঙ্গতরলং পুংসাং সুখং ক্ব ক্ষণে॥

মানুষের শতবর্ষ আয়ু পরিমাণ,
রাত্রিতে অর্দ্ধেক অংশ তার ক্ষীয়মাণ।
জরা কিংবা অন্যান্য কারণে কিছু যায়,
কিছু যায় ব্যাধি শোক রাজার সেবায়।
অবশিষ্ট—যাহা—তা'ও তরঙ্গ-চপল,
পুরুষের সুখ কোথা—দুঃখই সকল॥

(৫২)

যজ্ঞে নশ্যত্যসত্যেন তপঃ ক্রোধেন নশ্যতি।
আয়ুর্বিপ্রাবমানেন দানঞ্চ পরিকীর্ত্তনাৎ॥

অসত্যে যজ্ঞের নাশ তপ নাশ রোষে।
আয়ু বিপ্র-অপমানে দান যদি ঘোষে॥

(৫৩)

গতশ্রীর্গণকান্ দ্বেষ্টি গতায়ুশ্চ চিকিৎসকান্।
গতায়ুশ্চ গতশ্রীশ্চ ব্রাহ্মণান্ দ্বেষ্টি ভারত॥

গ্রহের বৈগুণ্যে লক্ষ্মী-নাশের সময়,
গণকের প্রতি দ্বেষ বাড়ে অতিশয়।
পীড়ায় ভুগিয়া যার আয়ু হয় শেষ,
তাহার—বৈদ্যের প্রতি বিশেষ বিদ্বেষ।
আর যার আয়ু লক্ষ্মী বিনষ্ট উভয়,
ব্রাহ্মণের প্রতি তার অতি দ্বেষ হয়॥

দয়ায়াঃ উৎকর্ষঃ।

(৫৪)

শান্তিতুল্যং তপো নাস্তি ন সন্তোষাৎ পরং সুখম্
ন তৃষ্ণায়াঃ পরো ব্যাধির্ন চ ধর্ম্মো দয়াসমঃ॥

শান্তির সমান নাই তপস্যা অপর,
সন্তোষ হইতে কিছু নাহি সুখকর।
তৃষ্ণাতুল্য রোগ নাই পাই দেখিবারে,
দয়া সম ধর্ম্ম নাই কিছু এ সংসারে॥

(৫৫)

গচ্ছতস্তিষ্ঠতো বাপি জাগ্রতঃ স্বপতোঽপি বা।
যন্ন ভূতহিতার্থায় তৎপশোরিব চেষ্টিতম্॥

কি গমন অবস্থান নিদ্রা জাগরণ,
আর যাহা যাহা হয় লোক-আচরণ
সব হ'তে হয় যেন পর-উপকার,
না হলে সে সব হবে পশু-ব্যবহার॥

(৫৬)

দানমর্থাদৃতং বাক্যাৎ কীর্ত্তিধর্ম্মৌ চ চেতসঃ।
দেহাৎ পরোপকারশ্চ সংসারাৎ সারমুদ্ধরেৎ॥

সার্থক করিবে অর্থ নিত্য করি দান,
সত্যে বাক্য, কীর্ত্তি-ধর্ম্মে মন মহীয়ান্।
দেহ হ'তে সাধি সদা পর-উপকার,
অসার সংসারে সার করিবে উদ্ধার॥

অনাদরণীয়ঃ।

(৫৭)

অধীরঃ কর্কশঃ স্তব্ধঃ কুচেলঃ স্বয়মাগতঃ।
এতে পঞ্চ ন পূজ্যন্তে বৃহস্পতিসমা অপি॥

কর্কশ-স্বভাব স্তব্ধ কুবসনধারী,
অধীর, আহ্বান বিনা আগমনকারী।
বৃহস্পতিতুল্য যদি এই পঞ্চজন,
বঞ্চিত আদরে তারা হয় অনুক্ষণ॥

:।

(৫৮)

পর্ব্বতারোহণে তোয়ে গোকুলে শ্বান-বিগ্রহে
পতিতস্য সমুত্থানে যষ্টেঃ পঞ্চ গুণাঃ স্মৃতাঃ॥

গিরি-আরোহণে জলাভূমিতে চলিতে,
গোরুর বাথানে কুক্কুরেরে ভয় দিতে।
পতিতের সমুত্থান—এ পাঁচ ব্যাপারে,
যষ্টি হ'তে ইষ্ট লাভ হয় এ সংসারে॥

সস্থানস্থিতিগুণঃ।

(৫৯)

স্থানভ্রষ্টা ন পূজ্যন্তে দন্তাঃ কেশা নখা নরাঃ।
স্থানস্থিতাশ্চ শোভন্তে পবিত্রত্বং ভজন্তি বৈ॥

দন্ত কেশ নখ স্থান-স্থিত যতক্ষণ,
ততক্ষণ পবিত্রতা—দেখিতে শোভন।
স্থানচ্যুত হলে পূত সুশোভন নয়,
স্থানভ্রষ্ট মানবও সেই মত হয়॥

শত্রুদ্ধার-কথা।

(৬০)

নোপেক্ষিতব্যো বিদ্বদ্ভিঃ শত্রুরল্পবলোঽপি সন্।
বহ্নিরল্পোঽপি সংবৃদ্ধো ভস্মসাৎ কুরুতে বনম্॥

হইলেও শত্রু অল্পশক্তি—বিজ্ঞজন,-
নাহি করিবেন ঔদাসীন্য প্রদর্শন।
স্বল্পও অনল যদি প্রজ্বলিত হয়,
দহিয়া বিপুল বন করে ভস্মময়॥

(৬১)

ঋণশেষোঽগ্নিশেষশ্চ শত্রুশেষস্তথৈব চ।
পুনঃপুনঃ প্রবর্দ্ধন্তে তস্মান্নিঃশেষমাচরেৎ॥

ঋণ অগ্নি আর শত্রু নিঃশেষ করিবে।
না করিলে শেষ ইহা পুনশ্চ বাড়িবে॥

(৬২)

কণ্টকস্য বিমার্গস্থ দন্তস্য পলিতস্য চ।
অমাত্যস্য চ দুষ্টস্য মূলাদুদ্ধরণং সুখম্॥

কণ্টক শরীর-বিদ্ধ বিপথ-চলিত,
বদন-দশন যদি একান্ত গলিত,
আর নীচ জন যদি হয় দুষ্টাচার,
মূল হ'তে উৎপাটন উচিত তাহার॥

দূরযাত্রা কৌশলম্।

(৬৩)

যদিচ্ছেৎ পুনরাগন্তুং নাতিদূরমনুব্রজেৎ।
উদকান্তান্নিবর্ত্তেত স্নিগ্ধচ্ছায়াচ্চ পাদপাৎ॥

ফিরিতে বাসনা যার গৃহে পুনরায়,
অতিদূরে পদব্রজে যেন সে না যায়।
যাইতে যাইতে পথে পড়ে স্রোতো জল,
স্নিগ্ধচ্ছায়া তরুহীন প্রান্তর সকল।
তা'হলে সে তরুচ্ছায়া জল অবধি গিয়া,
আর না যাইবে—যাবে স্বগৃহে ফিরিয়া॥

পরলোক-সেবা।

(৬৪)

পৃষ্ঠতোঽর্কং নিষেবেত জঠরেণ হুতাশনম্।
স্বামিনং সর্ব্বভাবেন পরলোকমমায়য়া॥

পৃষ্ঠ দিয়া দিবাকরে সেবন করিবে,
উদরে আসন দিয়া হুতাশে সেবিবে।
সর্ব্বভাবে স্বামিসেবা সমুচিত হয়,
নিঃসন্দেহে পরলোক সেবিবে নিশ্চয়॥

দূরদর্শিতা।

(৬৫)

আয়ত্যাং গুণদোষজ্ঞস্তদাপ্তৌ ক্ষিপ্রনিশ্চয়ঃ।
অতীতে কার্য্যশেষজ্ঞঃ শত্রুভির্নাভিভূয়তে॥

আরব্ধ কার্য্যের ভবিষ্যতে দোষ গুণ,
বুঝিতে যে বিজ্ঞজন বিশেষ নিপুণ।
বর্ত্তমান কার্য্যে যদি কোন প্রশ্ন হয়,
সত্বর সিদ্ধান্ত যিনি করেন নিশ্চয়।
সমাপ্ত করিলে কার্য্যে ত্রুটি নাই যাঁর,
কিছু না করিতে পারে কভু শত্রু তাঁর॥

নব গোপ্যানি।

(৬৬)

ধনং ধর্ম্মশ্চ বিদ্যা চ রূপং শীলং কুলং তথা
সুখমায়ুর্যশশ্চৈব নব গোপ্যানি যত্নতঃ।

বিদ্যা রূপ শীল কুল সুখ ধর্ম্ম ধন।
আয়ু যশ নব যত্নে করিবে গোপন॥

আতুর-কাতরতা।

(৬৭)

অর্থাতুরাণাং ন সুহৃন্ন বন্ধুঃ,
কামাতুরাণাং ন ভয়ং ন লজ্জা।
বিদ্যাতুরাণাং ন সুখং ন নিদ্রা,
ক্ষুধাতুরাণাং ন বপুর্ন তেজঃ।

বন্ধু ও সুহৃদ হীন হয় অর্থাতুর,
ভয় লজ্জা একেবারে ত্যজে কামাতুর।
বিদ্যাতুর সুখনিদ্রা কভু নাহি চায়,
ক্ষুধার্ত্তের তনু তেজ সব ক্ষয় পায়॥

(৬৮)

কুতো নিদ্রা দরিদ্রস্য পরপ্রেষ্যকরস্য চ।
পরনারী-প্রসক্তস্য পরদ্রব্যহরস্য চ॥

পরনারী অপহারী সেবক তস্কর।
কোথায় বা দরিদ্রের নিদ্রা সুখকর॥

অভ্যুদয়সীমা।

(৬৯)

আচারো গ্রামবাসান্তো গৃহান্তা প্রভুতা স্ত্রিয়ঃ।
নৃপশ্রীর্ব্রহ্মশাপান্তা ফলান্তং ব্রহ্মবর্চ্চসম্॥

যাবৎ স্বদেশে বাস তাবৎ আচার,
বাহির হ'লেই হয় ব্যত্যয় তাহার।
স্বীয় গৃহে থাকে সুগৃহিণী যতক্ষণ,
অক্ষুণ্ণ প্রভুতা তার থাকে ততক্ষণ॥
যাবত না ব্রহ্মশাপ নৃপতির প্রতি,
তাবৎ রাজশ্রী করে তাঁহাতে বসতি।
ব্রহ্মতেজে প্রতিষ্ঠিত জানিবে তাবত,
তপস্যার পরিপাকে ফল না যাবত॥

(৭০)

সর্ব্বে ক্ষয়ান্তা উদয়াঃ পতনান্তা সমুচ্ছ্রয়াঃ।
সংযোগা বিপ্রয়োগান্তা মরণান্তঞ্চ জীবিতম্॥

সর্ব্ববিধ উদয়ের হয়ে থাকে ক্ষয়,
অত্যুচ্চের কভু পাত সংঘটিত হয়।
সংযোগ হ'লেই বিয়োগের সম্ভাবনা,
মরণান্ত জীবনের জানিবে ধারণা॥

অসত্য-সন্তানানি।

(৭১)

অসত্যস্য বণিগ্ মূলং শাখা তস্য পরাঙ্গনা।
কামস্তৎপত্রপুষ্পাণি ফলানি দ্যূতকারকঃ।

অসত্য-তরুর মূল বণিকেরে কয়,
পরের রমণী তার শাখা সমুদয়।
কাম পুষ্প পত্র দ্যূতক্রীড়া তার ফল,
সাধু সাবধান হও বুঝি এ সকল॥

স্ত্রী-রত্নম্।

(৭২)

সর্ব্বেষামেব রত্নানাং স্ত্রীরত্নং রত্নমুত্তমম্।
তদর্থং রত্ননিচয়ং তস্মিন্ ত্যক্তে ধনেন কিম্

স্ত্রীরত্ন জগতীতলে সর্ব্বরত্নসার,
সেই রত্ন ভিন্ন কিবা রত্ন আছে আর।
সে রমণীরত্নে যার মিলন না হয়,
অন্য সব ধনে তার কিবা সুখোদয়॥

(৭৩)

জয়ো ধরিত্র্যাঃ পরমেব সারং,
পরং গৃহং সদ্মনি দেবদেশঃ।

তত্রাপি শয্যা শয়নে বরা স্ত্রী,
রত্নোজ্জ্বলা রাজসুখস্য সারম্ ॥

শ্রেষ্ঠতর সার পৃথিবীর জয় হয়,
আর সার হয় নিত্য সুখদ নিলয়।
স্বর্গের আবাস হয় তাহা হ'তে সার,
যদি সুশয্যায় সুরমণী মিলে আর।
রত্নে সমুজ্জ্বল যদি সে রমণী হয়,
সর্ব্বসার—রাজসুখ তারে সবে কয় ॥

(৭৪)

আকারং বিনিগূহতাং রিপুবলং জেতুং সমুত্তিষ্ঠতাং
তন্ত্রং চিন্তয়তাং কৃতাকৃতশতব্যাপার-শাখাকুলম্'।
মন্ত্রিপ্রোক্ত নিষেবিণাং ক্ষিতিভুজামাশঙ্কতাং সর্ব্বতঃ
দুঃখাম্ভোনিধিবর্ত্তিনাং সুখলবং কান্তাসমালিঙ্গনম্ ॥

সর্ব্বদা রাখিতে হয় আকার গোপন,
সদা রিপুজয়ে যুদ্ধে আত্ম-নিয়োজন।
কৃতাকৃত শত শাখা ব্যাপার সঙ্কুল,—
তন্ত্রের চিন্তায় চিত্ত সতত আকুল।
সতত সেবিতে হয় মন্ত্রীর মন্ত্রণা,
তথাপি থাকিতে হয় সুশঙ্কিতমনা।
দুঃখের সাগরে মগ্ন এ হেন রাজার,
কান্তা-আলিঙ্গন সুখ একমাত্র সার ॥

(৭৫)

শ্রুতং দৃষ্টং স্পৃষ্টং স্মৃতমপি হৃদাহ্লাদজনকং,
ন রত্নং স্ত্রীভ্যোঽন্যৎ ক্বচিদপি কৃতং লোকপতিনা।

তদর্থং ধর্ম্মার্থৌ সুতবিষয়-সৌখ্যানি চ ততঃ,
গৃহে লক্ষ্ম্যো মান্যাঃ সতত-সবলাঃ সন্তি বিভবৈঃ

হৃদয়-আহ্লাদকর অনেক রতন,
করেছি স্মরণ স্পর্শ শ্রবণ দর্শন।
স্ত্রীরত্ন হইতে কিন্তু কিছু শ্রেষ্ঠতর,
বিধাতার সৃষ্টিমধ্যে না হ'ল গোচর।
ধর্ম্ম অর্থ সুখ সৌখ্য যাবত বিষয়,
পত্নীর অধীন তাই মান্যা অতিশয়।
অন্য কোন বল নাই তাই সে "অবলা",
পূর্ব্বোক্ত-বিভবে কিন্তু সে সদা "সবলা"॥

(৭৬)

ধিক্ তস্য মূঢ়মনসঃ কুকবেঃ কবিত্বং
যঃ স্ত্রীমুখস্য শশিনশ্চ সমীকরোতি।
ভ্রূভঙ্গ-বিভ্রম-কটাক্ষ-নিরীক্ষণানি
কোপপ্রসাদহসিতানি কুতঃ শশাঙ্কে॥

যে করে তুলনা নারীমুখ চন্দ্রমায়,
ধিক্ সে কুকবি বিমূঢ়ের কবিতায়।
ভ্রূভঙ্গ বিভ্রম সুকটাক্ষ নিরীক্ষণ,
কোপ প্রসন্নতা হাস্য যুক্ত স্ত্রীবদন।
চন্দ্রে নাই এ সকল কামিনী-বিভব,
কেন না হইল ইহা কবি-অনুভব॥

(৭৭).

অসারে খলু সংসারে সারং সারঙ্গলোচনা।
তদর্থং ধনমিচ্ছন্তি তত্ত্যাগেন ধনেন কিম্॥

অসার সংসারে সার হরিণ-নয়না,
তার জন্য লোকে করে ধনের কামনা।
এহেন রমণীরত্নে যে করে বর্জ্জন,
কি ফল করিয়া তার ধন-উপার্জ্জন॥

(৭৮)

নূনং হি তে কবিবরা বিপরীত-বোধাঃ,
যে নিত্যমাহুরবলা ইতি কামিনীনাম্।
যাভির্ব্বিলোলতরতারকদৃষ্টিপাতৈঃ,
শক্রাদয়োঽপি বিজিতা হ্যবলাঃ কথং তাঃ॥

যে কবি "অবলা" নিত্য কামিনীরে ক'ন,
বিপরীত বুদ্ধি তাঁর হয়েছে ঘটন।
তরল-তারকাযুক্ত দৃষ্টিতে যাহার,
ইন্দ্র আদি দেববৃন্দ বিজিত দুর্ব্বার।
হেনরূপ "সবলা"য় "অবলা"ত্ব হায়,
জানিনা কেমনে আরোপিত করা যায়!

(৭৯)

শীতাংশৌ যদি সৌরভং যদি ভবেদিন্দীবরে রক্তিমা,
মাধুর্য্যং যদি বিদ্রুমে তরলতা কন্দর্পচাপে যদি।
রম্ভায়াং যদি বিপ্রতীপবলনং লব্ধোপমানং সদা,
তদ্বক্ত্রঞ্চ তদীক্ষণং তদধরস্তদ্ভ্রূস্তদূরুদ্বয়ম্॥

চন্দ্রের সুগন্ধ ইন্দীবরের রক্তিমা,
স্মর চাপে চাঞ্চল্য বিদ্রুমে মধুরিমা।
মূল হ'তে মস্তক পর্য্যন্ত হ'লে স্থূল,
রমণীর উপমায় হ'ত সমতুল।

সৌরভ রমণী মুখে রক্তিমা নয়নে,
অধরে মাধুর্য্য, ভ্রূতে চাঞ্চল্য চাহনে,
জানু হ'তে উরুদেশ ক্রমশঃ সুস্থূল,
তাই নারী সনে নহে হ'ল সমতুল॥

(৮০)

অবলেতি পরীবাদো বৃথা হি হরিণীদৃশাম্।
যাসাং নেত্রনিপাতেন নটবদ্ঘূর্ণ্যতে জগৎ॥

যাহাদের নেত্রপাতে নটের মতন,
জগত ব্রহ্মাণ্ড বিঘূর্ণিত অনুক্ষণ।
এ হেন "সবলা" মৃগনেত্রা রমণীর,
"অবলা" এ অপবাদ মিথ্যা জেনো স্থির॥

(৮১)

লাবণ্যদ্রবিণব্যয়ো ন গণিতঃ ক্লেশো মহান্ স্বীকৃতঃ
স্বচ্ছন্দস্য সুখং জনস্য বসতশ্চিন্তানলো দীপিতঃ।
এষাপি স্বয়মেব তুল্যরমণাভাবাদ্বরাকী হতা,
কোঽর্থশ্চেতসি বেধসা বিনিহিতস্তন্ব্যাস্তনুং তন্বতা॥

অগণ্য লাবণ্য-ধন ব্যয়ে অতি ক্লেশে,
সৃজিয়া রমণী বিধি বিড়ম্বিত শেষে।
নিশ্চিন্তের চিন্তানল জ্বলিয়া উঠিল,
সমান রমণাভাবে নারীও মরিল॥

(৮২)

নামৃতং ন বিষং কিঞ্চিদেকেন তু নিতম্বিনী।
সৈবামৃতানুরক্তা স্ত্রী বিরক্তা বিষবল্লরী॥

অন্যত্র অমৃত বিষ নাই একাধারে,
একমাত্র আছে নিতম্বিনীর ভাণ্ডারে।
অনুরক্তা হলে সে অমৃতে পরিণত,
বিরক্তা হইলে বিষবল্লরীর মত॥

(৮৩)

বিদগ্ধবনিতাপাঙ্গদর্শনাদেব যৎ সুখম্।
ন তৎ প্রাকৃতনারীণাং গাঢ়ালিঙ্গনচুম্বনৈঃ॥

সুবিদুষী বনিতার অপাঙ্গ-দর্শনে,
যেরূপ অসীম সুখ হয় মনে মনে।
গ্রাম্য নারী-গাঢ় অলিঙ্গন ও চুম্বনে,
না পায় সেরূপ সুখ সুরসিক জনে॥

প্রণয়িনঃ প্রত্যুক্তিঃ।

(৮৪)

গন্তব্যং যদি নাম নিশ্চিতমহো গন্তাসি কেয়ং ত্বরা,
দ্বিত্রাণ্যেব পদানি তিষ্ঠতু ভবান্ পশ্যামি যাবন্মুখম্।
সংসারে ঝটিকাপ্রবাহ-বিগলদ্ধারাসমে জীবিতে,
কো জানাতি পুনস্ত্বয়া সহ মম স্যাদ্বা নবা সঙ্গমঃ॥

নিশ্চিতই যাবে যদি কেন ব্যস্ত হও,
যাইতে পারিবে অগে ক্ষণকাল রও।
কর দুই তিন পদ মাত্র প্রতীক্ষণ,
যাবত তোমার মুখ করি নিরীক্ষণ॥
ঝটিকার বেগ সম আয়ু ব'য়ে যায়,
জানি না হবে কি তব সঙ্গ পুনরায়॥

(৮৫)

যদি যাস্যসি নাথ নিশ্চিতং,
যামি যামীতি বচনন্তু মা বদ।
অশনৈঃ পতনে ন বেদনা,
পতনজ্ঞানমতীব দুঃসহম্ ॥

হে কান্ত! একান্ত যদি যাইতেই হয়,
"যাই যাই" কিন্তু বলা সমুচিত নয়।
বজ্রপাত হ'য়ে গেলে কি আর ভাবনা,
"পড়িবে" এ জ্ঞানে হয় অসহ্য যাতনা॥

সৌহার্দ্দ্যম্।

(৮৬)

গিরৌ কলাপী গগনে পয়োদঃ,
লক্ষান্তরে ভানু জলে চ পদ্মম্।
ইন্দুর্দ্বিলক্ষে কুমুদস্য বন্ধুঃ,
যো যস্য হৃদ্যো নহি তস্য দূরম্ ॥

পর্ব্বতে ময়ূর মেঘ গগনে উদিত,
জলে পদ্ম ও আকাশে সূর্য্য অবস্থিত।
ইহাদের মধ্যে পরস্পর ব্যবধান,
গণিতের মতে লক্ষ যোজন প্রমাণ।
কুমুদের বন্ধু ইন্দু দ্বিলক্ষ অন্তরে,
তবু ইহাদের গাঢ় প্রেম পরস্পরে।
থাকে যদি অকপট প্রণয় প্রচুর,
যেখানে থাকুক তাহা নহে অতিদূর॥

(৮৭)

ন চ ভবতি বিয়োগো দুঃখ-বিচ্ছেদহেতোঃ,
জগতি গুণনিধীনাং সজ্জনানাং কদাচিৎ।
ঘনপটল-নিরুদ্ধো দূরসংস্থোঽপি চন্দ্রঃ,
কিমু কুমুদবনানাং প্রেমভঙ্গং করোতি॥

জগতে সজ্জন যাঁরা গুণের ভাজন,
তাঁদের বিরহ নহে তাপের কারণ।
ঘন-মেঘাবৃত চন্দ্র সুদূর-সংস্থিত,
কুমুদে করে কি কভু প্রেমে প্রবঞ্চিত॥

উপপতি-প্রীতিব্যাজঃ।

(৮৮)

সমস্তৈর্নায়কগুণৈর্ভূষিতঃ সখি মে পতিঃ।
স এব যদি জারঃ স্যাৎ সফলং জীবিতং ভবেৎ॥

সকল নায়ক-গুণে গুণী মম পতি।
সব ঠিক হ'ত তিনি হ'লে উপপতি॥

(৮৯)

আকারেণ শশী গিরা পরভৃতঃ পারাবতশ্চুম্বনে,
হংসশ্চক্রমণে গুণে সুরগুরু রত্যাং প্রমত্তো গজঃ।
ইত্থং ভর্ত্তরি মে সমস্তযুবতিশ্লাঘ্যৈগুণৈঃ সেবিতে,
ক্ষুণ্ণং নাস্তি বিবাহিতঃ পতিরসৌ স্যান্নৈকদোষো যদি॥

আকারে চন্দ্রমা পতি সুস্বরে কোকিল,
চুম্বনে কপোত হংসতুল্য গতিশীল।

গুণে সুরগুরু, মত্ত মাতঙ্গ রতিতে,
হেন নারীশ্লাঘ্যগুণ আমার পতিতে।
কিন্তু সুখ হত সখি তাঁহার সেবায়,
"বিবাহিত" এই দোষ না থাকিত তাঁয়॥

উচ্চগ্রীবতা।

(৯০)

এক এব পরো মানী বনে বসতি চাতকঃ।
পিপাসিতো বা ম্রিয়েত যাচতে বা পুরন্দরম্॥

একমাত্র শ্রেষ্ঠ মানী চাতকে জানিবে,
বরং পিপাসিত হয়ে অরণ্যে থাকিবে।
অথবা মরিবে সুভীষণ পিপাসায়,
মেঘজল ভিন্ন অন্য তবু নাহি চায়॥

(৯১)

রে রে চাতক পাতিতোঽসি মরুতা গঙ্গাজলে চেত্তদা,
পেয়ং নীরমশেষপাতকহরং কাশা পুনর্জীবনে।
মৈবং ব্রূহি লঘীরসো যমভয়াদুদ্‌গ্রীবতা নোজ্‌ঝিতা,
গঙ্গাম্ভঃ পিবতা ময়া নিজকুলে স্থাপ্যতে কিং দুর্যশঃ।

উপদেশ— রে মূর্খ চাতক! যদি প্রবল বাত্যায়,
ভাগ্যে গঙ্গাজলে তব পড়িয়াছে কায়।
অশেষপাতক-হর বারি কর পান,
কেন আর আশা বৃথা বাঁচাইতে প্রাণ॥

উপেক্ষা— দিওনা এহেন অযাচিত উপদেশ,
সামান্য যমের ভয় করি না বিশেষ।

গ্রীবা নোয়াইয়া ক’রে গঙ্গাজল পান,
কেমনে করিব কুলে কলঙ্ক প্রদান॥

(৯২)

অবশ্যায়কণৈঃ প্রাণান্ সন্ধারয়তি ভিস্তিরঃ।
যাচ্ঞাভঙ্গভয়াদ্‌ভীতো ন দেবমপি যাচতে

নীহারের কণামাত্র করিয়া আহার,
বাঁচায় ভিস্তির পক্ষী প্রাণ আপনার।
যাচ্ঞা ভঙ্গ-ভয়ে তবু ইন্দ্রসন্নিধানে,
করে না প্রার্থনা—রক্ষা করে নিজমানে॥

যাচক-লঘুত্বম্।

(৯৩)

কণ্ঠগদ্‌গদতা স্বেদো মুখে বৈবর্ণ্যবেপথূ।
ম্রিয়মাণস্য চিহ্নানি যানি তান্যেব যাচতঃ॥

কণ্ঠে গদ্গদতা ঘর্ম্ম মুখবিবর্ণতা,
স্বেদ কম্প—এ সকল দেহবিবশতা।
ম্রিয়মাণে এ লক্ষণ স্পষ্ট দৃষ্ট হয়,
যাচক জনেও ইহা রয় সুনিশ্চয়॥

(৯৪),

কুব্জস্য কীটখাতস্য দাবনিষ্কুষিতত্বচঃ।
তরোরপ্যূষরস্থস্য বরং জন্ম ন চার্থিনঃ॥

কুব্জ কীটগর্ত্তযুক্ত বরং মরুস্থিত,
দাবানলে দগ্ধত্বক্ তরু গুণান্বিত।
তা’হতে যাচক কিন্তু হেয় অতিশয়,
তাই বলি যাচকের জন্ম কিছু হয়॥

(৯৫)

তাবত্তপস্বী তেজস্বী শূরঃ প্রাজ্ঞঃ কুলোন্নতঃ।
পুমানিত্যুচ্যতে তাবদ্ যাবদর্থী ন কস্যচিৎ॥

পরের নিকটে যাচ্ঞা না করে যাবত,
মানব স্বপদে স্থির থাকিবে তাবত।
তপস্বী তেজস্বী শূর প্রাজ্ঞ উচ্চকুল,
পুরুষ বলিয়া পায় সুখ্যাতি অতুল॥

(৯৬)

জগতাং পতিরর্থিত্বাদ্বিষ্ণুর্বামনতাং গতঃ।
কোঽন্যোঽধিকতরস্তস্মাদ্‌যোঽর্থী যাতি ন লাঘবম্

সামান্য নরের কথা কি বলিব আর,
সর্ব্বাধিক বিষ্ণু জ্ঞাত মহিমা যাহার।
প্রার্থনায় কেবা বল লঘুতা না পায়,
জগতের পতি বিষ্ণু বামন যাচ্ঞায়॥

(৯৭)

লজ্জাবতঃ কুলীনস্য বিত্তং যাচিতুমিচ্ছতঃ।
কণ্ঠে পারাবতস্তস্য বাক্ করোতি গতাগতম্॥

যাচ্ঞায় বাঞ্ছা যদি কুলীনেরও হয়,
লজ্জায় তাঁহার কণ্ঠ কাঁপে অতিশয়।
"বকুবকুম" শব্দকালে কণ্ঠ কপোতের,
যেমন কাঁপিতে থাকে—তথা যাচকের॥

(৯৮)

ভাস্করোঽপি যদি ব্রূয়াদ্দেহীতি কৃপণং বচঃ।
দীপ্তো রশ্মিসহস্রেণ সোঽপি শীতলতাং গতঃ॥

'দেহি' এই যাচ্ঞাবাক্য সূর্য্য যদি কন।
হ'লেও কিরণ-দীপ্ত লুপ্ততেজ হন॥

(৯৯)

সন্তোষৈশ্বর্য্যসুখিনাং দূরে দুর্গতিভূময়ঃ।
ভোগাশাপাশবদ্ধানামপমানঃ পদে পদে॥

সন্তোষ ঐশ্বর্য্যে যাঁরা সদা সুখী রন,
তাঁহার দুর্গতি দূরে করে পলায়ন।
ভোগরূপ আশা-পাশে বদ্ধ লোক সব,
পদে পদে অপমান করে অনুভব॥

অন্নানুরূপ-প্রজা।

(১০০)

দীপো ভক্ষয়তে ধ্বান্তং কজ্জলঞ্চ প্রসূয়তে।
যদন্নং ভক্ষতে নিত্যং জায়তে তাদৃশী প্রজা॥

যেমন ভোজন নিত্য তেমনি সন্তান,
সৃষ্টিকার্য্যে ইহাই ত বিধির বিধান।
দীপালোক খায় দেখ সদা অন্ধকার,
প্রসবে কজ্জল কালো বুঝে লও সার॥

গুণিজনে দানপ্রশংসা।

(১০১)

বিত্তং দেহি গুণান্বিতেষু মতিমন্নান্যত্র দেহি কচিৎ,
প্রাপ্তং বারিনিধের্জ্জলং ঘনমুখে মাধুর্য্যযুক্তং সদা।
জীবন্ স্থাবর-জঙ্গমাংশ্চ সকলান্ সঞ্জীব্য ভূমণ্ডলং,
ভূয়ঃ পশ্যতি দেব কোটিগুণিতং গচ্ছেত্তমম্ভোনিধিম্॥

গুণান্বিত জনে ধন দাও মতিমন্!
গুণহীনে ধনদান করো না কখন।
গুণী জন পেলে ধন একা নাহি খায়,
প্রয়োজন মত সব জীবেরে বিলায়।
মেঘ মুখে তুলে লয়ে নোণা অব্ধি-জল,
মধুময় করি দেয় জীবে অবিরল।
স্থাবর জঙ্গমময় এ মহীমণ্ডল,
সকলেই পায় তাহা হ'তে দেহে বল।
এইরূপে সব জীবে করিয়া জীবিত,
পুনঃ হয় সেই জল সাগরে পতিত।

স্বভাব-চণ্ডালতা।

(১০২)

চণ্ডালানাং সহস্রৈশ্চ সূরিভিস্তত্ত্বদর্শিভিঃ।
একো হি যবনঃ প্রোক্তো ন নীচো যবনাৎ পরঃ॥

সহস্র চণ্ডাল তুল্য একটী যবন,
তত্ত্বদর্শী পণ্ডিতের ইহা নিরূপণ।
এহেন যবন হ'তে কেবা নীচ হয়,
ইহা অতি সার কথা জানিবে নিশ্চয়॥

(১০৩)

তৈলাভ্যঙ্গে চিতাধূমে মৈথুনে ক্ষৌরকর্ম্মণি।
তাবদ্ভবতি চণ্ডালো যাবৎ স্নানং সবাচরেৎ॥

তৈলাভ্যঙ্গে স্ত্রীপ্রসঙ্গে ক্ষৌর কার্য্যে আর,
চিতাধূম যদি লাগে দেহে আপনার।

যে পর্য্যন্ত নাহি করে স্নান-আচরণ,
তাবৎ চণ্ডালদেহ শাস্ত্রের ভাষণ॥

জলপান-নীতিঃ।

(১০৪)

অজীর্ণে ভেষজং বারি জীর্ণে বারি বলপ্রদম্।
ভোজনে চামৃতং বারি ভোজনান্তে বিষপ্রদম্॥

অজীর্ণে ঔষধ জল বিজ্ঞ-বিনির্ণয়,
খাদ্য জীর্ণ হলে পান বলপ্রদ হয়।
ভোজনে জলেরে জেনো অমৃত সমান,
ভোজনান্তে বিষসম হয় জলপান॥ *

(১০৫)

অত্যম্বুপানাৎ প্রভবন্তি রোগাঃ,
স্বাম্বুপানে চ তথৈব দোষাঃ।
তস্মান্নরো বহ্নিবিবর্দ্ধনায়,
মুহুর্ম্মুহুর্ব্বারি পিবেদভূরি॥

অতিশয় জলপানে নানা রোগ হয়,
অল্পপানে আনে দোষ সেই সমুদয়।
অতএব জঠরাগ্নি করিতে বর্দ্ধন,
বার বার অল্প অল্প করিবে গ্রহণ॥

* কেহ খাইতে খাইতে অল্প অল্প জল খান, কেহ বা আহারান্তে যথেষ্টরূপ পান করেন, আবার কেহবা আহারের অনেক পরে জল পান করিয়া থাকেন। যাহার যাহা অভ্যাস, তাহার পক্ষে তাহাই সাত্ম্য।

ভোগাভোগ-কথা।

(১০৬)

গুণো ভূষয়তে রূপং শীলং ভূষয়তে কুলম্।
সিদ্ধির্ভূষয়তে বিদ্যাং ভোগো ভূষয়তে ধনম্॥

স্বভাব নির্ম্মল হ'লে কুল শোভা পায়,
রূপ হয় বিভূষিত সর্ব্বদা বিদ্যায়।
সিদ্ধিলাভ সে বিদ্যার হয় অলঙ্কার,
ধন বিভূষিত ভোগে জেনো ইহা সার॥

(১০৭)

নির্গুণস্য হতং রূপং দুঃশীলস্য হতং কুলম্।
অসিদ্ধস্য হতা বিদ্যা হ্যভোগেন হতং ধনম্॥

নির্গুণের রূপরাশি জা'নবে বিফল,
দুঃশীল হইলে কুল না হয় উজ্জ্বল।
সিদ্ধি না হইলে বিদ্যা বিফল নিশ্চয়,
ভোগের অভাবে বৃথা ধনের সঞ্চয়॥

সন্তুষ্ট-ব্রাহ্মণ প্রশংসা।

(১০৮)

শুদ্ধভূমিগতং তোয়ং শুদ্ধা নারী পতিব্রতা।
শুচিঃ ক্ষেমকরো রাজা সন্তুষ্টো ব্রাহ্মণঃ শুচিঃ॥

মৃত্তিকা সম্পর্কে জল শুদ্ধ সদা রয়,
পাতিব্রত্য ধর্ম্মে শুচি রমণীর হয়।
নৃপতির শুদ্ধি থাকে প্রজাগণ-হিতে,
ব্রাহ্মণের শুচি যদি তৃপ্তি থাকে চিতে॥

অসন্তুষ্ট-দ্বিজনিন্দা।

(১০৯)

অসন্তুষ্টা দ্বিজা নষ্টাঃ সন্তুষ্টাশ্চ মহীভৃতঃ।
সলজ্জা গণিকা নষ্টা নির্লজ্জাশ্চ কুলাঙ্গনাঃ॥

ধ্রুব নষ্ট হন অসন্তুষ্ট দ্বিজগণ,
একান্ত সন্তোষ নহে রাজার শোভন।
বেশ্যারে অবশ্য নষ্ট জানিবে লজ্জায়,
লজ্জাহীনা কুলাঙ্গনা নষ্ট হ'য়ে যায়॥

বিদ্বদ্-গৌরবম্।

(১১০)

কিং কুলেন বিশালেন বিদ্যাহীনেন দেহিনাম্।
দুষ্কুলঞ্চাপি বিদুষো দেবৈরপি সুপূজ্যতে॥

সুবিশাল কুলে জন্ম লভি কিবা ফল,
যদি বিদ্যাহীন তবে সকলি বিফল।
বিদ্যালাভ করে যদি হীনের সন্তান,
হেন জনে দেবগণে করেন সম্মান।

(১১১)

বিদ্বান্ প্রশস্যতে লোকে বিদ্বান্ সর্ব্বত্র গৌরবম্।
বিদ্যয়া লভতে সর্ব্বং বিদ্যা সর্ব্বত্র পূজ্যতে॥

সংসারে বিদ্বান্ সদা হন প্রশংসিত,
বিদ্বান্ মানব হন, গৌরবে অন্বিত।
'কি অধিক,—বিদ্যা হ'তে সব লাভ হয়,
সর্ব্বত্র বিদ্যার পূজা জানিবে নিশ্চয়॥

দারিদ্র্য পীড়া ।

(১১২)

কুলং শীলঞ্চ সত্যঞ্চ প্রজ্ঞা তেজো ধৃতির্বলম্ ।
গৌরবং প্রত্যয়ঃ স্নেহো দারিদ্র্যেণ বিনশ্যতি ॥

কুল শীল সত্য প্রজ্ঞা তেজ ধৃতি বল ।
গৌরব প্রত্যয় স্নেহ—দারিদ্র্যে বিফল ॥

(১১৩)

কুটুম্বচিন্তাকুলিতস্য পুংসঃ,
কুলঞ্চ শীলঞ্চ গুণাশ্চ সর্ব্বে ।
অপক্ককুম্ভে নিহিতা ইবাপঃ,
প্রয়ান্তি তেনৈব সমং বিনাশম্ ॥

পরিবার-পোষণের চিন্তায় আকুল,—
জনের নাহিক শীল গুণ আর কুল ।
কাঁচা মৃত্তিকার কুম্ভে ঢালি দিলে জলে,
মাটী গলাইয়া নিজে পড়ে ভূমিতলে ॥

(১১৪)

উত্তিষ্ঠ ক্ষণমেকমুদ্বহ সখে দারিদ্র্যভারং গুরুং,
শ্রান্তস্তাবদহং চিরান্মরণজং সেবে ত্বদীয়ং সুখম্ ।
ইত্যুক্তো ধনবর্জ্জিতেন বিদুষা সুপ্তঃ শ্মশানে শবঃ,
দারিদ্র্যান্মরণং বরং সুখমিতি জ্ঞাত্বা স তূষ্ণীং স্থিতঃ

একদা বিদ্বান এক দারিদ্র্য-তাড়নে,
শবে সম্বোধিয়া কন দাঁড়ায়ে শ্মশানে ।

উঠ সখে শব! ক্ষণ দারিদ্রের ভার,
আমি চির শ্রান্ত—বয়ে লও একবার।
তব মৃত্যু-সুখ আমি করি অনুভব,
এত বলি শু'য়ে পড়ে যান যেন শব।
দারিদ্র্য হইতে মৃত্যু-সুখ ভাল জানি,
রন চুপ ক'রে আপনাকে সুখী মানি॥

(১১৫)

বরং বনে ব্যাঘ্রগজেন্দ্রসেবিতে,
দ্রুমালয়ে পত্রফলাম্বুসেবনম্।
তৃণেষু শয্যা শতজীর্ণ-বল্কলং,
ন বন্ধুমধ্যে ধনহীনজীবনম্॥

ব্যাঘ্র-গজাকীর্ণ বন কিছু শ্লাঘ্য হয়,
কিংবা তৃণ-শয্যা তরু-কোটর আলয়।
শত ছিদ্রযুক্ত বস্ত্র বৃক্ষের বল্কল,
আহার বরং ভাল পত্র ফল জল।
কিন্তু বন্ধুগণ মধ্যে হইয়া নির্ধন,
বিবিধ সুখের বাস হয় বিড়ম্বন॥

অষ্টম অধ্যায় সমাপ্ত॥ ৮॥

নবমঃ অধ্যায়ঃ।

বসুন্ধরাভারভূতঃ।

(১)

মাংসভক্ষৈঃ সুরাপানৈ-র্মূর্খৈশ্চাক্ষরবর্জ্জিতৈঃ।
পশুভিঃ পুরুষাকারৈর্ভারাক্রান্তাস্তি মেদিনী॥

মাংসভোজী মদ্যপায়ী কিংবা মূর্খ নর,
পরিচিত নহে যার একটী অক্ষর।
পশুর সমান সেই পুরুষ আকার,
জানিবে তাহারে মাত্র বসুন্ধরা-ভার॥

(২)

যেষাং ন বিদ্যা ন তপো ন দানং,
ন চাপি শীলং ন গুণো ন ধর্ম্মঃ।
তে মর্ত্ত্যলোকে ভুবি ভারভূতাঃ,
মনুষ্যরূপেণ মৃগাশ্চরন্তি॥

যাহাদের নাহি বিদ্যা ধর্ম্ম তপ দান,
নাহি থাকে গুণ কিংবা কুলশীল মান।
পৃথিবীর ভারভূত সেই নরগণ
সংসারে ঘুরিয়া মরে পশুর মতন॥

শীলগুণঃ।

(৩)

দরিদ্রতা ধীরতয়া বিরাজতে,
কুবস্ত্রতা শুভ্রতয়া বিরাজতে।

কদন্নতা চোষ্ণতয়া বিরাজতে,
কুরূপতা শীলতয়া বিরাজতে।

দরিদ্রও ধৈর্য্যগুণে সদা শোভা পায়,
বস্ত্র স্বচ্ছ হ'লে ছিন্ন দোষ ঢাকা যায়।
উষ্ণতা থাকিলে কদন্নের সমাদর,
স্বভাবের গুণে শোভে কদাকার নর॥

(৪)

শীতলং চন্দনং লোকে চন্দনাদপি চন্দ্রমাঃ।
চন্দ্রচন্দনয়োর্ম্মধ্যে শীতলঃ সাধুসঙ্গমঃ॥

চন্দন শীতল লোকে হয় অতিশয়,
তা'হ'তেও সুশীতল শশধর হয়।
এই দুই হইতেও অতি সুশীতল,
সংসারে পবিত্র সাধুসঙ্গ সুনির্ম্মল॥

প্রাধান্যবিচারঃ।

(৫)

সর্ব্বৌষধীনামমৃতা প্রধানা সর্ব্বেষু সৌখ্যেষ্বশনং প্রধানম্।
সর্ব্বেন্দ্রিয়াণাং নয়নং প্রধানং সর্ব্বেষু গাত্রেষু শিরঃ প্রধানম্॥

সকল ওষধি মধ্যে প্রধান গুরুচি,
সৌখ্যের প্রাধান্য হয় ভোজনে সুরুচি।
ইন্দ্রিয়গণের মধ্যে প্রধান নয়ন,
সর্ব্বগাত্র মধ্যে শির প্রধানে গণন॥

(৬)

অস্মাকং বদরী বক্ষে যুষ্মাকং বদরী গৃহে।
বাদরায়ণসম্বন্ধাদ্ যূয়ং যূয়ং বয়ং বয়ম্॥

আবাল্য ব্যাসের বাস বদরীর বনে,
সে বদরী খায় ইতরেরা সযতনে।
বদরী সম্বন্ধ হয় দু'এ পরস্পর,
তুল্য নহে—ব্যাস ব্যাস ইতর ইতর॥

উপেক্ষণীয়ঃ।

(৭)

যস্মিন্ রুষ্টে ভয়ং নাস্তি তুষ্টেনৈব ধনাগমঃ।
নিগ্রহোঽনুগ্রহো নাস্তি স রুষ্টঃ কিং করিষ্যতি॥

যিনি রুষ্ট হলে নাই ভয়ের কারণ,
তুষ্ট হলে ধন লাভ হবে না কখন।
নিগ্রহ ও অনুগ্রহে শক্তি নাই যার,
হেন জন তুষ্ট রুষ্ট হ'ক যা হবার॥

(৮)

নির্ব্বিষেণাপি সর্পেণ কর্ত্তব্যা মহতী ফণা।
বিষমস্তু নবাপ্যস্তু ফটাটোপো ভয়ঙ্করঃ॥

নির্ব্বিষ সর্পও শির করি উত্তোলন,
করে মহা ফণা বিস্তারিয়া প্রদর্শন।
থা'ক্ বা না থা'ক্ বিষ ফণা ভয়ঙ্কর,
দেখাইয়া করে নিজ বীর্য্য-আড়ম্বর॥

(৯)

প্রাপ্তাঃ শ্রিয়ঃ সকলকামদুঘস্ততঃ কিং,
দত্তং পদং শিরসি বিদ্বিষতাং ততঃ কিম্।

সন্তর্পিতাঃ প্রণয়িনো বিভবৈস্ততঃ কিং,
কল্পং স্থিতিস্তনুভৃতাং তনুভিস্ততঃ কিম্ ॥

যাহা চাও তাহা পাও এরূপ সম্পদ্,—
যদি পেয়ে থাক—আর চাও কোন্ পদ?
শত্রুর মস্তকে যদি দিয়া থাক পদ,
তবে আর কিবা চাও প্রভুত্ব আস্পদ্?
তৃপ্ত করে থাক যদি নিজ প্রিয়জন,
তা' হলে বিভবে বল কিবা প্রয়োজন।
কল্পকাল আয়ুষ্কাল নিরূপিত যার,
সুতনুর কামনায় কি কাজ তাহার॥

(১০)

সুখার্থী চেত্ত্যজেদ্বিদ্যাং বিদ্যার্থী চেত্ত্যজেৎ সুখম্।
সুখার্থিনঃ কুতো বিদ্যা সুখং বিদ্যার্থিনঃ কুতঃ॥

সুখে বাসনা সদা যে জন করিবে,
বিদ্যালাভ তার ভাগ্যে কভু না ঘটিবে।
বিদ্যালাভে সদা বাঞ্ছা থাকিবে যাহার,
সে জন করিবে সদা সুখ পরিহার॥
সুখার্থীর এ সংসারে বিদ্যা নাহি হয়,
বিদ্যার্থীর সুখাসক্তি উচিত না হয়॥

(১১)

অন্তঃসারবিহীনানামুপদেশো ন জায়তে।
মলয়াচলসংসর্গান্ন বেণুশ্চন্দনায়তে॥

অন্তঃসারশূন্য জনে দিলে উপদেশ,
ফল কিছু নাহি ফলে তাহাতে বিশেষ।

মলয় সম্পর্কে তরু হ'লেও চন্দন,
বাঁশের কপালে তাহা না ঘটে কখন॥

(১২)

যস্য নাস্তি স্বয়ং প্রজ্ঞা শাস্ত্রং তস্য করোতি কিম্।
লোচনাভ্যাং বিহীনস্য দর্পণঃ কিং করিষ্যতি॥

অল্পমাত্র বুদ্ধিশক্তি না আছে যাহার,
শাস্ত্র উপদেশ বল কি করিবে তার।
একবারে নাই যার দুইটী নয়ন,
কি ফল তাহার কাছে ধরিয়া দর্পণ॥

(১৩)

দুর্জ্জনং সজ্জনং কর্ত্তুমুপায়ো নহি ভূতলে।
অপানং শতধা ধৌতং ন শ্রেষ্ঠমিন্দ্রিয়ং ভবেৎ

দুর্জ্জন মানবে সাধুশীল করা যায়,
ভুতলে না দেখি প্রায় এ হেন উপায়।
বহুযত্নে যদি ধৌত কর শতবার,
ইন্দ্রিয়ে শ্রেষ্ঠত্ব নাহি পায় মলদ্বার॥

স্বভাবরিপুঃ।

(১৪)

অন্নহীনো দহেদ্রাষ্ট্রং মন্ত্রহীনশ্চ ঋত্বিজঃ।
যজমানং দানহীনো নাস্তি যজ্ঞসমো রিপুঃ

অন্নদান হীন যজ্ঞে রাজ্য দগ্ধ হয়,
মন্ত্রহীনে পুরোহিত-বিনাশ নিশ্চয়।
দান হীন হ'লে নষ্ট হয় যজমান,
রিপু নাই তথাবিধ যজ্ঞের সমান॥

(১৫)

লুব্ধানাং যাচকঃ শত্রুর্মূর্খাণাং বোধকো রিপুঃ।
জারস্ত্রীণাং পতিঃ শত্রুশ্চৌরাণাং চন্দ্রমা রিপুঃ॥

লোভিজন সন্নিধানে যে করে প্রার্থনা,
সে তাহার শত্রু বলি হইবে গণনা।
মূর্খের প্রবোধদাতা অসতীর পতি,
চোরের চন্দ্রমা শত্রু চৌর্য্যনাশী অতি।

বিধিবৈচিত্র্যম্।

(১৬)

গন্ধঃ সুবর্ণে ফলমিক্ষুদণ্ডে নাকারি পুষ্পং খলু চন্দনস্য।
বিদ্বান্ ধনী ভূমিপতিশ্চিরায়ুর্ধাতুঃ পুরা কোঽপি ন বুদ্ধিদোঽভূৎ॥

নাহি দিল স্বর্ণে গন্ধ ইক্ষু দণ্ডে ফল,
না দিল চন্দনে পুষ্প বিধাতা বিমল।
না দিল বিদ্বানে ধন দীর্ঘায়ু রাজায়,
বিধাতার বুদ্ধিদাতা কেহ নাহি হায়।

(১৭)

দূতো ন সঞ্চরতি খে ন চলেচ্চ বার্ত্তা,
পূর্ব্বং ন জল্পিতমিদং ন চ সঙ্গমোঽস্তি।
ব্যোম্নি স্থিতং রবিশশি-গ্রহণং প্রশস্তং,
জানাতি যো দ্বিজবরঃ স কথং ন বিদ্বান্॥

দূত না যাইতে পারে বার্ত্তা নাহি চলে,
তত্রত্য বৃত্তান্ত নাহি কেহ দেয় ব'লে।

নাহি হয় দেখা আকাশের লোক সনে,
চন্দ্র-সূর্য্য-গ্রহণই বা জানিবে কেমনে ?
যে গণক জানে ইহা তাহাকে বিদ্বান্,
কেন বা না বলিবেন বল মতিমান॥

(১৮)

রঙ্কং করোতি রাজানং রাজানং রঙ্কমেব চ।
ধনিনং নির্ধনঞ্চৈব নির্ধনং ধনিনং বিধিঃ॥

বিধি করে নৃপতিরে দরিদ্র কখন,
দরিদ্রেও করে রাজা প্রসন্ন যখন।
আরো দেখ অধনেরে ধনবান করে,
কখনও দরিদ্র করে ধনবান্ নরে॥

স্ত্রীবর্জ্জ্যতা।

(১৯)

জল্পন্তি সাকমন্যেন পশ্যন্ত্যন্যং স বিভ্রমম্।
হৃদ্গতং চিন্তয়ন্ত্যন্যং প্রিয়ঃ কো নাম যোষিতাম্॥

কাহার সহিত করে গুপ্ত সম্ভাষণ,
সমাদরে অন্যজনে করে বিলোকন।
অন্য কোন জনে চিন্তে হৃদয়ে সতত,
রমণী কেমনে তবে প্রিয় সুসম্মত॥

(২০)

বন্ধ্যাষ্টমে স্ত্রী ত্যাজ্যা তু নবমে তু মৃতপ্রজা।
একাদশে স্ত্রীজননী সদ্যস্ত্বপ্রিয়বাদিনী॥

বীজসেক কাল হতে অষ্ট সংবৎসর,—
পর্য্যন্ত অপেক্ষা করিবেক বিজ্ঞনর।
ইতিমধ্যে যে রমণী পুত্রবতী নয়,
বন্ধ্যা বলে বর্জ্জনীয় নীতি শাস্ত্রে কয়।
পুত্র কন্যা হয়ে হয়ে মরে যায় যার,
উচিত নবমবর্ষে বর্জ্জন তাহার।
যে নারী কেবল করে কন্যা-উৎপাদন,
একাদশে ত্যজ তারে—কে করে বারণ।
অপ্রিয়বাদিনী সদা অশান্তি-আধার,
তারে সদ্য কর ত্যাগ না ক'রে বিচার॥

(২১)

মাতা যস্য গৃহে নাস্তি ভার্য্যা চাপ্রিয়বাদিনী।
অরণ্যং তেন গন্তব্যং যথারণ্যং তথা গৃহম্॥

স্নেহময়ী মাতৃদেবী ঘরে নাই যার,
অপ্রিয় বচন পত্নীমুখে সদা আর।
গৃহ ত্যজি অরণ্যে সে করুক গমন,
তার পক্ষে হয় তুল্য—গৃহ আর বন॥

(২২)

অনর্থিত্বান্মনুষ্যাণাং ভয়াৎ পরিজনস্য চ।
মর্য্যাদায়ামমর্য্যাদাঃ স্ত্রিয়স্তিষ্ঠন্তি ভর্ত্তৃষু॥

প্রার্থীর অভাবে আর পরিজন ভয়ে।
মর্য্যাদায় থাকে নারী পতির আলয়ে॥

মুক্তেরুপায়ঃ।

(২৩)

মুক্তিমিচ্ছসি চেত্তাত বিষয়ান বিষবত্ত্যজ।
ক্ষমার্জবদয়াশৌচং সত্যং পীযূষবদ্ভজ॥

ওহে বৎস! মুক্তিলাভে যদি বাঞ্ছা হয়,
ত্যাগ কর বিষবত্ অবশ্য বিষয়।
ক্ষমা সরলতা দয়া শৌচ সত্য কথা,
সুধাসম ইহা সেবা করিও সর্ব্বথা॥

নবম অধ্যায় সমাপ্ত॥ ৯।

দশমঃ অধ্যায়ঃ।

প্রবোধঃ।

(১)

বিদ্যার্থী সেবকঃ পান্থঃ ক্ষুধার্ত্তো ভয়কাতরঃ।
ভাণ্ডারী প্রতিহারশ্চ সপ্ত সুপ্তান্ প্রবোধয়েৎ॥

পথিক বিদ্যার্থী ভৃত্য ক্ষুধা-প্রপীড়িত,
ভাণ্ডারী ও দ্বারপাল আর ভয়-ভীত।
কার্য্যকালে সুপ্ত হলে এই সপ্তজন।
তখনি তুলিয়া দিবে করি সম্বোধন॥

অপ্রবোধ্যঃ।

(২)

অহিং নৃপঞ্চ শার্দ্দূলং বিটিঞ্চ বালকং তথা।
পরশ্বানঞ্চ মূর্খঞ্চ সপ্ত সুপ্তান্ ন বোধয়েৎ॥

সর্প নৃপ ব্যাঘ্র শিশু কুকুর পরের,
মূর্খ ও শূকর এই সাতটী জীবের।
নিদ্রা না ভাঙ্গিবে কভু বিচক্ষণ জন,
ভাঙ্গিলে অবশ্য হবে বিপদ ঘটন॥

অধমদ্বিজাঃ।

(৩)

অর্থাধীতাশ্চ যৈর্ব্বেদাস্তথা শূদ্রান্নভোজিনঃ।
তে দ্বিজাঃ কিং করিষ্যন্তি নির্ব্বিষা ইব পন্নগাঃ॥

ধন ল'য়ে করে যারা বেদ-অধ্যাপন,
শূদ্রান্ন শূদ্রের গৃহে যে করে ভোজন।
বিষহীন সর্প সম তাদৃশ ব্রাহ্মণে,
অকর্ম্মণ্য ভাবি মনে কভু নাহি মানে॥

বিপ্রাত্মরক্ষা।

(৪)

বিপ্রো বৃক্ষস্তস্য মূলঞ্চ সন্ধ্যা,
বেদাঃ শাখা ধর্ম্মকর্ম্মাণি পত্রম্।
তস্মান্মূলং যত্নতো রক্ষণীয়ং,
ছিন্নে মূলে নৈব শাখা ন পত্রম্॥

বিপ্ররূপ মহাবৃক্ষ সংসার-কাননে,
সুশীতল করে জীবে স্নিগ্ধ ছায়া দানে।
চতুর্ব্বেদ শাখা তার ধর্ম্ম কর্ম্ম পত্র,
মূল তার সন্ধ্যা আদি নানারূপ সত্র।

অতএব যত্নে মূল করিবে রক্ষণ,
সন্ধ্যা আদি শুদ্ধ সদাচারে অনুক্ষণ।
যদি সেই বৃক্ষমূল রক্ষিত না হয়,
শাখা পত্র নাশ তার হইবে নিশ্চয়॥

পুষ্টিকরাহারঃ।

(৫)

অন্নাদষ্টগুণং পিষ্টং পিষ্টাদষ্টগুণং পয়ঃ।
পয়সোঽষ্টগুণং মাংসং মাংসাদষ্টগুণং ঘৃতম্॥

অন্ন হ'তে অষ্টগুণ পিষ্টক অধিক,—
সারবান্ উক্ত আয়ুর্ব্বেদে বাস্তবিক।
পিষ্টক হইতে দুগ্ধ আটগুণ হয়,
দুগ্ধ হ'তে মাংস আটগুণ সুনিশ্চয়।
মাংস হ'তে ঘৃত আটগুণ সারবান্,
তাই বলি ঘৃত খাও—হবে আয়ুষ্মান্॥

(৬)

শাকেন রোগা বর্দ্ধন্তে পয়সা বর্দ্ধতে তনুঃ।
ঘৃতেন বর্দ্ধতে বীর্য্যং মাংসান্মাংসং প্রবর্দ্ধতে॥

শাকে রোগ দুগ্ধে দেহ ঘৃতে বাড়ে বল।
মাংস হইতে মাংস বৃদ্ধি হইবে কেবল॥

গুপ্তকথা-প্রকাশদোষঃ।

(৭)

পরস্পরস্য মর্ম্মাণি যে ভাষন্তে নরাধমাঃ।
ত এব বিলয়ং যান্তি বল্মীকোদরসর্পবৎ॥

গুপ্ত কথা কয়ে যাঁরা ব্যক্ত পরস্পর,
অতীব দুর্গতি পায় সে সকল নর।
বল্মীক উদরে সর্প যথা দৃষ্ট হয়,
তথাবিধ অধমেরা তথা পায় লয়॥

স্বহস্ত-কৃতবস্তু দোষঃ।

(৮)

স্বহস্তগ্রথিতা মালা স্বহস্তঘৃষ্টচন্দনম্।
সহস্তলিখিতং স্তোত্রং শক্রস্যাপি শ্রিয়ং হরেৎ॥

স্বহস্ত-গ্রথিত মাল্য গলায় ধারণ
চন্দন স্বকর-ঘৃষ্ট দেহে বিলেপন।
স্বহস্ত-লিখিত স্তোত্র-পুস্তক পঠন,
ইন্দ্রেরও ইহাতে হয় ঐশ্বর্য্য হরণ।

মর্দ্দনগুণঃ।

(৯)

ইক্ষুদণ্ডাস্তিলাঃ শূদ্রাঃ কান্তা হেম চ মেদিনী।
চন্দনং দধি তাম্বুলং মর্দ্দনং গুণবর্দ্ধনম্॥

ইক্ষুদণ্ড তিল কান্তা সুবর্ণ চন্দন,
মেদিনী তাম্বুল দধি আর শূদ্রগণ।
যতই করিবে এ সকলে বিমর্দ্দিত,
ততই হইবে ইথে গুণ বিবর্দ্ধিত॥

পৃথিবীসেবাপ্রকারঃ।

(১০)

সুবর্ণপুষ্পাং পৃথিবীং চিন্বন্তি পুরুষাঃ স্ত্রিয়ঃ।
শূরশ্চ কৃতবিদ্যশ্চ যশ্চ জানাতি সেবিতুম্॥

সুবর্ণ পুষ্পের মত পৃথ্বীদেবী হন,
স্ত্রী-পুরুষ অবিরত করিছে চয়ন।
কিন্তু পৃথিবীর সেবা জানেন যে জন,
শূর কৃতবিদ্য বলি তাঁহার গণন॥

যৌবন-নির্ণয়ঃ।

(১১)

জবো যৌবনমশ্বানাং ফলং বৃক্ষস্য যৌবনম্।
স্ত্রিয়াঃ স্তনৌ যৌবনং স্যাদ্ধনং পুংসাং হি যৌবনম্

অশ্বের যৌবন বেগ পাদপের ফল।
কামিনীর স্তন পুরুষের ধনবল॥

সংসর্গ-মহিমা।

(১২)

মাতা চৈকা পিতা চৈকো মম তস্য চ পক্ষিণঃ
অহং মুনিভিরানীতঃ স চানীতো গবাশনৈঃ॥

(১৩)

গবাশি-বাক্যানি স বক্তি নিত্যম্,
অহং মুনীনাং বচনানি বচ্মি।

প্রত্যক্ষমেতদ্ ভবতৈব দৃষ্টং,
সংসর্গজা দোষগুণা ভবন্তি॥

একই জনক এক মাতা উভয়ের,
তথাপি স্বভাবে ভিন্ন পতত্রিদ্বয়ের।
তারমধ্যে পাখী এক মুনিগণানীত,
অন্য পাখী নীচ মুচীগণের রক্ষিত।
একপাখী মুনি সঙ্গে শাস্ত্র কথা কয়,
মুচি-সঙ্গদোষে মন্দভাষী অন্য হয়।
সংসর্গের দোষগুণ না হয় অন্যথা,
ইহা হ'তে এ সিদ্ধান্ত সুসিদ্ধ সর্ব্বথা।

কালবিপর্য্যয়-কথা।

(১৪)

স এব গুণবান্ ধন্যো হ্যধন্যঃ কালপর্য্যয়ে।
স এব পুরুষো দাতা পুনর্ভবতি যাচকঃ॥

গুণবান্ ধন্য—সেও অধন্য সময়ে।
দাতাও অদাতা হয় কাল-বিপর্য্যয়ে॥

(১৫)

যস্যোপায়সহস্রেণ বধমিচ্ছামি রাঘব।
তস্যৈব শ্রেয় ইচ্ছামি কার্য্যাণাং চঞ্চলা গতিঃ॥

সহস্র চেষ্টায় যার বধে ইচ্ছা হয়।
তাহার শুভার্থ কালে চিত্ত ব্যগ্র হয়॥

শূদ্রস্য বিদ্যানধিকারঃ।

(১৬)

অশ্বং শ্রান্তং গজং মত্তং বৃষভং কামমোহিতম্।
শূদ্রমক্ষরসংযুক্তং দূরতঃ পরিবর্জ্জয়েৎ॥

শ্রান্ত অশ্ব মত্ত গজ কামোন্মত্ত ষাঁড়।
শূদ্র বিদ্যাযুক্ত ত্যাজ্য জানিবেক সার॥

ব্যবহার-নিরূপণম্।

(১৭)

প্রত্যক্ষে গুরবস্তুল্যাঃ পরোক্ষে মিত্রবান্ধবাঃ।
ভৃত্যাঃ কর্ম্মণি সম্প্রাপ্তে পুত্রা হেবামৃতপ্রবাঃ॥

প্রত্যক্ষে সমান-মান্য হন গুরুগণ,
পরোক্ষে বান্ধব মিত্র তুল্য-মান্য হন।
কার্য্যাসক্ত কর্ম্মচারী পায় তুল্য মান,
প্রীতিকর পুত্র পায় আদর সমান॥

(১৮)

দৃষ্টিপূতং ন্যসেৎ পাদং বস্ত্রপূতং পিবেজ্জলম্।
শাস্ত্রপূতং বদেদ্বাক্যং মনঃপূতং সমাচরেৎ॥

কণ্টকাদি আছে কি না দেখিয়া নয়নে,
পথে পাদক্ষেপ করিবেক সাবধানে॥
পানীয় করিবে পান ছাঁকিয়া বসনে,
শাস্ত্রপূত বাক্য সদা বলিবে যতনে,
মনে যা উত্তম বলি করিবে ধারণ,
করিবে সর্ব্বত্র সেইমত—আচরণ॥

(১৯)

একবৃক্ষ-সমারূঢ়া নানাবর্ণা বিহঙ্গমাঃ।
প্রভাতে দিক্ষু দশস্থ যান্তি কা পরিদেবনা॥

একবৃক্ষে নানা পক্ষী নানা দিক্ হ'তে,
সন্ধ্যায় আসিয়া বাস করে রজনীতে।
প্রভাত হইলে তারা দশদিকে যায়,
ক্লিষ্ট নহে কেহ কার বিরহ-ব্যথায়॥

(২০)

মাতা চ কমলা দেবী পিতা দেবো জনার্দ্দনঃ।
বান্ধবা বিষ্ণুভক্তাশ্চ স্বদেশো ভুবনত্রয়ম্॥

মাতা হন লক্ষ্মীদেবী পিতা জনার্দ্দন।
বন্ধু বিষ্ণুভক্ত নিজ দেশ ত্রিভুবন॥

অসন্তুষ্টগতিঃ।

(২১)

সন্তঃ সন্তোষ-শৃঙ্গস্থা তৃষ্ণাকল্লোলিনীজলে।
উন্মগ্নাশ্চ নিমগ্নাশ্চ পশ্যন্তি জনসন্ততিম্॥

সু-উচ্চ-সন্তোষ-শৃঙ্গে ব'সে সাধুজন,
দেখেন নীচের দিকে করিয়া দর্শন।
দুঃখের সাগরে পড়ে জনসমুদয়,
ডুবিতেছে ভাসিতেছে না পেয়ে আশ্রয়॥

সময়-সদ্‌ব্যবহারঃ।

(২২)

প্রাতর্দ্যূতপ্রসঙ্গেন মধ্যাহ্নে স্ত্রীপ্রসঙ্গতঃ।
রাত্রৌ চোরপ্রসঙ্গেন কালো গচ্ছতি ধীমতাম্‌

পাশাখেলা মহাভারতের পুণ্যাখ্যান,
প্রাতে সে ভারতে রত থাকেন ধীমান।
সীতানারী হতে সমুদ্‌ভূত রামায়ণ,
তার অধ্যয়নে সুধী মধ্যাহ্নে মগন।
চুরি করি খাইতেন কৃষ্ণ নবনীত,
ভাগবতে সে ব্যাপার বিস্তরে বর্ণিত।
সেই ভাগবত রাত্রে করি অধ্যয়ন,
বিজ্ঞগণ করিবেন কালের কর্ত্তন।

সর্ব্বহীনতা।

(২৩)

ধনহীনো ন হীনশ্চ ধনিকঃ স সুনিশ্চয়ঃ।
বিদ্যারত্নেন যো হীনঃ স হীনঃ সর্ব্ববস্তুষু।

ধনহীন নহে হীন সে যদি বিদ্বান্‌,
বিদ্যায় নিশ্চয় লোক হয় ধনবান্‌।
এহেন উত্তম রত্নে যে হয় বঞ্চিত,
সকল বিষয়ে হেয় সে হয় কথিত॥

কুলক্ষয়-কারণম্‌।

(২৪)

আপ্তদ্বেষাদ্‌ ভবেন্মৃত্যুঃ পরদ্বেষাদ্‌ ধনক্ষয়ঃ
রাজদ্বেষাদ্‌ভবেন্নাশো ব্রহ্মদ্বেষাৎ কুলক্ষয়ঃ॥

আপ্তবাদী ঋষি প্রতি যারা দ্বেষ করে,
সেই পাপে তাহারাই অসময়ে মরে।
করিলে পরের দ্বেষ ধনক্ষয় হয়,
রাজদ্বেষে নাশ বিপ্রদ্বেষে কুলক্ষয়॥

বুদ্ধিবলম্।

(২৫)

বুদ্ধির্যস্য বলং তস্য নির্ব্বুদ্ধেশ্চ কুতো বলম্।
বনে সিংহো মদোন্মত্তো জম্বুকেন নিপাতিতঃ॥

বুদ্ধি যার বল তার জানিবে নিশ্চয়,
অবোধের বল দৃঢ় কিছুতেই নয়।
অরণ্যের রাজা সিংহ মহা বলবান্,
শৃগাল কৌশলে কিন্তু বধে তার প্রাণ॥

(২৬)

কবয়ঃ কিং ন পশ্যন্তি কিং ন কুর্ব্বন্তি যোষিতঃ।
মদ্যপাঃ কিং ন জল্পন্তি কিং ন খাদন্তি বায়সাঃ॥

না দেখেন কিবা ক্রান্ত-দর্শী কবিগণ,
নারী না করিতে পারে কি আছে এমন।
কি না বলে মদ্যপায়ী মদের নেশায়,
কিবা হেন দ্রব্য নাই কাকে নাহি খায়॥

ভগবান্নির্ভরতা।

(২৭)

কা চিন্তা মম জীবনে যদি হরির্বিশ্বম্ভরো গীয়তে,
নোচেদর্ভকজীবনায় জননীস্তন্যং কথং নিঃসরেৎ।
ইত্যালোচ্য মুহুর্ম্মুহুর্যদুপতে লক্ষ্মীপতে কেবলং,
ত্বৎপাদাম্বুজসেবনেন সততং কালো ময়া নীয়তে॥

ভরণ করেন বিশ্বে তাই "বিশম্ভর,"
যদ্যপি শ্রীহরির হয় নামান্তর।
আমিও সে বিশ্বমধ্যে তাঁর একজন,
তবে কেন করি চিন্তা জীবন কারণ।
সন্তান প্রসব যদি করিল জননী,
স্তন হইতে ক্ষীর তার ক্ষরিত অমনি।
তাহা না হইলে শিশু বাঁচিত কেমনে,
তাই ভাবি তব পাদপদ্মের সেবনে,—
নিয়ত নিযুক্ত থাকি ওহে লক্ষ্মীপতি,
সময় কাটাই আমি সানন্দে সম্প্রতি॥

রুচিবৈচিত্র্যম্।

(২৮)

গীর্ব্বাণ-বাণীষু বিশিষ্টবুদ্ধিস্তথাপি ভাষান্তরলোলুপোঽহম্।
যথা সুরাণামমৃতে চ সেবিতে স্বর্গাঙ্গনানামধরাসবে রুচিঃ॥

সংস্কৃত ভাষায় থাকিলেও অধিকার,
লিখিতে অপর ভাষা ইচ্ছা নহে কার।
করিলেও অমরেরা অমৃত সেবন,
স্বর্গ-নারীসুধামৃতে সুরুচি কেমন!

গুণি-মহিমা।

(২৯)

খড়্গস্য গুণহীনস্য তৈক্ষ্ণ্যং সুপরুষং বপুঃ।
যুক্তং নতু গুণাঢ্যস্য ধনুষঃ প্রাণিহিংসনম্॥

খড়্গ তীক্ষ্ণ সুকর্কশ গুণহীন রয়,
প্রাণিহিংসা তাই তার যুক্তিযুক্ত হয়।
কিন্তু ধনু গুণযুক্ত হইয়া কেমনে,
প্রাণিহিংসা করে তাই ভাবি মনে মনে॥

(৩০)

গুণবানেব নমতে পুরুষঃ কার্ম্মুকং যথা।
স এব স্তব্ধতামেতি নির্গুণঃ কার্ম্মুকং যথা॥

গুণবান্ ধনুকের মত হয় নত।
নির্গুণ—নির্গুণ স্তব্ধ কার্ম্মুকের মত॥

(৩১)

গুণাঃ সর্ব্বত্র পূজ্যন্তে পিতৃবংশো নিরর্থকঃ।
বাসুদেবং নমস্যন্তি বসুদেবং ন কেচন॥

সংসারে সর্ব্বত্র গুণ মাত্র পূজা পায়,
বংশ-গৌরবের দিকে কেহ নাহি চায়।
“বাসুদেবে” করে সর্ব্বলোকে নমস্কার,
নমস্য কি “বসুদেব” জনক তাঁহার ?॥

(৩২)

ভ্রষ্টং জন্মভুবস্ততোঽম্বুধিপয়ঃপূরেণ দূরীকৃতং,
লগ্নং তীরবনে বনেচরশতৈরাপ্তং ততঃ খণ্ডিতম্।

বিক্রীতং তুলিতং ততঃ খরশিলাঘৃষ্টং জনৈশ্চন্দনং,
বন্দস্তে করটে বিপৎস্বপি গুণৈঃ কো নাম নো পূজ্যতে

চন্দনের জন্মস্থান পর্ব্বত মলয়,
স্থানভ্রষ্ট হয়ে জলে নিপতিত হয়।
সাগরে ভ্রমিয়া আসি লাগে পুনঃ তটে,
বিক্রী করে লোকে নিয়া বণিক নিকটে।
খণ্ড খণ্ড ক'রে তুলাদণ্ডে তুলি দিয়া,
তারাও বিক্রয় করে মাপিয়া মাপিয়া।
তার পর সুপ্রখর শিলায় ঘর্ষণ,
হেনরূপে চন্দনের কত নিপীড়ন।
তথাপি সে তার গুণ কভু নাহি ছাড়ে,
তাই ত সম্মান তার সর্ব্বত্রই বাড়ে॥

(৩৩)

গুণাঃ খলু গুণা এব ন গুণা ধনহেতবঃ।
অর্থসঞ্চয়কর্ত্তৃণি ভাগ্যানি পৃথগেব হি॥

গুণ হয় গুণ তার ধন হেতু নয়।
ভাগ্যফলে হ'য়ে থাকে অর্থের সঞ্চয়॥

(৩৪)

গুণা গুণজ্ঞেষু গুণা ভবন্তি,
তে নির্গুণং প্রাপ্য ভবন্তি দোষাঃ।
সুস্বাদুতোয়প্রভবা হি নদ্যঃ,
সমুদ্রমাসাদ্য ভবন্ত্যপেয়াঃ॥

গুণজ্ঞের সনে গুণ হইলে মিলিত,
হইবে গুণীর গুণ অতি বিকশিত।

কিন্তু যদি নির্গুণের সহিত সঙ্গতি,
দোষরাশি আসি তায় দেখা দেয় অতি।
স্বাদু জলা যদি নদী সাগরে মিশায়,
লবণের দোষে পান করা নাহি যায়॥

(৩৫)

গুণৈর্ন কিঞ্চিদ্ বিদুষাং প্রয়োজনং,
খলোঽর্থভাগী সুগুণশ্চ নির্ধনঃ।
যথা হি কাকো লভতে গৃহাদ্‌বলিং,
তথা ন হংসো ন শুকো ন চাতকঃ॥

বিদ্বানের গুণ থাকিলেই কিবা হয়,
খল অর্থভাগী গুণী নির্ধন নিশ্চয়।
গৃহস্থের গৃহে খাদ্য কাক নিত্য পায়,
চাতক ও হংস শুক বঞ্চিত তাহায়॥

পারিভাষিক-দ্বিজাদি-লক্ষণম্।

(৩৬)

একাহারেণ সন্তুষ্টঃ ষট্‌কর্ম্মনিরতঃ সদা।
ঋতুকালাভিগামী চ স বিপ্রো দ্বিজ উচ্যতে॥

অধ্যয়ন অধ্যাপন যজন যাজন,
দান প্রতিগ্রহ এই ষট্‌কর্ম্ম সাধন।
ঋতুকালে পত্নীসেবী একাহারে প্রীত,
তথাবিধ বিপ্র দ্বিজ নামে অভিহিত॥

(৩৭)

অকৃষ্টফলমূলানি বনবাসরতিঃ সদা।
কুরুতেঽহরহঃ শ্রাদ্ধমৃষির্বিপ্রঃ স উচ্যতে॥

চাষে বিনা সমুৎপন্ন ফলমূলাহার,
বারমাস বনবাসে পূর্ণপ্রীতি যার।
করেন প্রত্যহ শ্রাদ্ধ শ্রদ্ধার সহিত,
সেই বিপ্র "ঋষি"-নামে হন অভিহিত।

(৩৮)

লৌকিকে কর্ম্মণি রতঃ পশূনাং পরিপালকঃ।
বাণিজ্যকৃষিকর্ম্মা যঃ স বিপ্রো বৈশ্য উচ্যতে॥

সংসারিক কর্ম্মে রত গবাদিপালক,
কৃষি বাণিজ্যাদি দ্বারা অর্থের সাধক।
হইলেও তিনি জন্মগত বিপ্রজাতি,
শাস্ত্র কিন্তু দিয়াছেন "বৈশ্য" তাঁর খ্যাতি।

(৩৯)

লাক্ষাদি-তৈল-নীলানাং কৌসুম্ভ-মধুসর্পিষাম্।
বিক্রেতা মদ্য-মাংসানাং স বিপ্রঃ শূদ্র উচ্যতে॥

লৌহ তৈল ঘৃত মধু লাক্ষাদি লবণ,
নীল মদ্য মাংস আর কৌসুম্ভ রঙ্গণ।
যে বিপ্র এ সকলের করেন বিক্রয়,
"শূদ্র" বলি তাঁর নাম অভিহিত হয়।

(৪০)

পরকার্য্যবিহন্তা চ দাম্ভিকঃ স্বার্থসাধকঃ।
ছলী দ্বেষী মৃদুঃ ক্রূরো বিপ্রো মার্জ্জার উচ্যতে॥

প্রবঞ্চক দ্বেষকারী স্বার্থের সাধক,
মৃদু দম্ভী ক্রূর পরকার্য্য-বিঘাতক।

এ সকল বিগর্হিত প্রকৃতি যাহার,
সেই-বিপ্রে সুনিশ্চিত জানিবে "মার্জ্জার"॥

(৪১)

বাপীকূপতড়াগানামারাম-সুরবেশ্মনাম্।
উচ্ছেদনে নিরাশঙ্কঃ স বিপ্রো ম্লেচ্ছ উচ্যতে॥

বাপী কূপ দেবালয় তড়াগ আরাম,
যে বিপ্র উচ্ছেদ ইহা করে অবিরাম।
নাহি থাকে পাপাশঙ্কা এই সব কাজে,
"ম্লেচ্ছ" বলি আখ্যা তার হইবে সমাজে॥

(৪২)

দেবদ্রব্যং গুরুদ্রব্যং পরদারাভিমর্শনম্।
নির্ব্বাহঃ সর্ব্বভূতেষু বিপ্রশ্চণ্ডাল উচ্যতে॥

দেবদ্রব্য গুরুদ্রব্য পরস্ত্রী-হরণ।
সকল জাতির অন্ন যে করে ভোজন,
তথাবিধ বিপ্র হয় অতীব নিন্দিত,
চণ্ডাল বলিয়া তার সংজ্ঞা অভিহিত॥

অঙ্গীকৃতপালনম্।

(৪৩)

বিন্ধ্যঃ পুরা রবিরথাবধিরূদ্ধমূর্দ্ধা,
নিম্নত্বমাপ বচনাৎ কিল কুম্ভযোনেঃ।
নাদ্যাপি লঙ্ঘয়তি সত্যমতিঃ প্রতিজ্ঞা,-
মঙ্গীকৃতং সুকৃতিনঃ পরিপালয়ন্তি॥

আকাশ অবধি কায় করি উচ্চ অতি,
বিন্ধ্যগিরি বন্ধ করে সূর্য্য-রথগতি।
অগস্ত্য আসিয়া পুনঃ সূর্য্য-প্রার্থনায়,
নত হ'তে অঙ্গীকৃত করেন তাঁহায়।
গুরু অগস্ত্যের বাক্যে বিন্ধ্য চির নত,
অদ্যাপি অব্যর্থ তাঁর প্রতিজ্ঞা সতত।
সুকৃতীর ইহা স্বাভাবিক আচরণ,
অঙ্গীকৃত বাক্য তাঁরা করেন পালন॥

(৪৪)

অদ্যাপি নোজ্ঝতি হরঃ কিল কালকূটং,
শেষো বিভর্ত্তি ধরণীং খলু মস্তকেষু।
অম্ভোনিধির্বহতি দুর্ব্বহ-বাড়বাগ্নিম্,
অঙ্গীকৃতং সুকৃতিনঃ পরিপালয়ন্তি॥

অদ্যাপি না করে ত্যাগ কালকূট হর,
শেষ নাগ শিরে রাখে ধরণীর ভর।
বাড়ব-অনলে রাখে জলধি উদরে,
সুকৃতী স্ব-অঙ্গীকৃত বাক্য রক্ষা করে॥

(৪৫)

উদয়তি যদি ভানুঃ পশ্চিমে দিগ্‌বিভাগে,
বিকশতি যদি পদ্মং পর্ব্বতানাং শিখাগ্রে।
প্রচলতি যদি মেরুঃ শীততাং যাতি বহ্নিঃ,
ন চলতি খলু বাক্যং সজ্জনানাং কদাচিৎ॥
উদিত পশ্চিম দিকে যদি দিবাকর,
বিকশিত যদি পদ্ম পর্ব্বত উপর।

মেরু প্রচলিত শৈত্য যদ্যপি অনলে,
সজ্জনের বাক্য কদাচিত নাহি টলে॥

(২৬)

যুগান্তে প্রচলেন্মেরুঃ কল্পান্তে সপ্তসাগরাঃ।
সাধবঃ প্রতিপন্নার্থা ন চলন্তি কদাচন॥

যুগ-অবসানে মেরু হয় বিচলিত,
সাগর কল্পাবসানে হয় বিক্ষোভিত।
কিন্তু সাধুজন যাহা করেন স্বীকার,
অন্যথাচরণ কভু না করেন তার॥

দশম অধ্যায় সমাপ্ত॥ ১০ ॥

একাদশঃ অধ্যায়ঃ।

সহজ-গুণঃ।

(১)

দাতৃত্বং প্রিয়বক্তৃত্বং ধীরত্বমুচিতজ্ঞতা।
অভ্যাসেন ন লভ্যন্তে চত্বারঃ সহজা গুণাঃ॥

দাতা প্রিয়বক্তা ধীর ন্যায়-পরায়ণ,
অভ্যাস করিয়া কেহ না হয় কখন।
যেগুণ থাকিলে লোক সেইরূপ হয়,
মানবের সহজাত তাহা সুনিশ্চয়॥

(২)

কঃ কণ্টকানাং প্রকরোতি তৈক্ষ্ণ্যং,
বিচিত্রভাবং মৃগপক্ষিণাঞ্চ।

মাধুর্য্যমিক্ষৌ কটুতা চ নিম্বে,
স্বভাবতঃ সর্ব্বমিদং হি সিদ্ধম্ ॥

নিম্বে তিক্তরস আর ইক্ষুতে মিষ্টতা,
কণ্টকে তীক্ষ্ণতা পক্ষি-মৃগে বিচিত্রতা।
ইহা কারো করা নয় আপনিই হয়,
স্বভাবতঃ সিদ্ধ ইহা জানিবে নিশ্চয়।

আত্মবর্গত্যাগ-দোষঃ।

(৩)

আত্মবর্গং পরিত্যজ্য পরবর্গং সমাশ্রয়েৎ।
স্বয়মেব লয়ং যাতি যথা রাজ্যমধর্ম্মতঃ ॥

নিজ জন ত্যাগ করি পরের আশ্রয়,
যে লয় সে অবশ্যই লয়-প্রাপ্ত হয়।
রাজ্যের রক্ষক ধর্ম্ম তাই সে স্বজন,
নাশক—অধর্ম্ম তাই হয় পরজন।
ধর্ম্ম ত্যজি যে রাজ্যের অধর্ম্ম আশ্রয়,
অচিরে সে রাজ্যনাশ অবশ্যই হয় ॥

মৌনভোজন প্রশংসা ॥

(৪)

যে তু সংবৎসরং পূর্ণং নিত্যং মৌনেন ভুঞ্জতে।
যুগকোটি-সহস্রান্তং পূজ্যন্তে স্বর্গবিষ্টপে ॥

মৌনী হয়ে সংবৎসর যে করে আহার।
কোটী-যুগ-সহস্রান্ত স্বর্গে বাস তার ॥

বিদ্যার্থি-বর্জ্জ্যম্।

(৫)

কামক্রোধৌ তথা লোভং স্বাদু শৃঙ্গারকৌতুকে।
অতিনিদ্রাতিসেবে চ বিদ্যার্থী হ্যষ্ট বর্জ্জয়েৎ॥

কাম, ক্রোধ, লোভ,, স্বাদু-সতৃষ্ণ-আহার,
অতিনিদ্রা, অতিসেবা কৌতুক শৃঙ্গার।
যদি বিদ্যালাভে থাকে একান্ত মনন,
বিদ্যার্থী—এই অষ্ট বস্তু করিবে বর্জ্জন॥

(৬)

গৃহাসক্তস্য নো বিদ্যা নো দয়া মাংসভোজিনঃ।
দ্রব্যলুব্ধস্য নো সত্যং চৌরস্য ন পবিত্রতা॥

গৃহাসক্ত ব্যক্তি বিদ্যালাভে শক্ত নয়,
মাংসভোজি-দেহে দয়া প্রায় নাহি রয়।
লোভি-জনে নাহি থাকে সত্যব্যবহার,
অপবিত্র হয় সদা চোরের আচার॥

অপরিহার্য্যতা।

(৭)

ন দুর্জ্জনঃ সাধুদশামুপৈতি বহুপ্রকারৈরপি শিক্ষ্যমাণঃ।
আমূলসিক্তঃ পয়সা ঘৃতেন ন নিম্ববৃক্ষো মধুরত্বমেতি॥

বিবিধ প্রকারে শিক্ষা পেলেও দুর্জ্জন,
সাধুভাব কোনকালে না করে গ্রহণ।
দুগ্ধঘৃতে করিয়াও আমূল সেচন,
নিম্ববৃক্ষে মধুরতা না আসে কখন॥

(৮)

অন্তর্গতমলো দুষ্টস্তীর্থস্নানশতৈরপি।
ন শুধ্যতি যথা ভাণ্ডং সুরায়া দাহিতঞ্চ যৎ॥

অগ্নিদাহে সুরাপাত্র পবিত্র না হয়,
অপর দৃষ্টান্ত এক শুন এবিষয়।
হৃদয়ের অন্তর্গত পাপরাশি যার,
শততীর্থস্নানে তাহা নাহি যায় তার

(৯)

• পত্রং নৈব যদা করীর-বিটপে দোষো বসন্তস্য কিং,
নোলূকোঽপ্যবলোকতে যদি দিবা সূর্য্যস্য কিং দূষণম্।
বর্ষা নৈব পতেন্তু চাতকমুখে মেঘস্য কিং দূষণং,
যৎ পূর্ব্বং বিধিনা ললাটলিখিতং তন্মার্জ্জিতুং কঃ ক্ষমঃ।

বসন্তে করীর বৃক্ষ-পত্র পড়ে যায়,
বসন্তের দোষ কিছু আছে কি তাহায়।
দিবান্ধ পেচক দিনে দেখিতে না পায়,
কিবা দোষ ইথে দিবাকরে দেখা যায়?
যদি বৃষ্টি নাহি পড়ে চাতকের মুখে,
তাহাতে মেঘের দোষ দিবে কোন্ মুখে।
বিধি পূর্ব্বে যাহা করে ললাটে লিখন,
কে সক্ষম বল তাহা করিতে খণ্ডন?

সাধুসঙ্গ-প্রসঙ্গঃ।

(১০)

সৎসঙ্গাদ্ ভবন্তি হি সাধুতা খলানাং,
সাধূনাং নহি খলসঙ্গতঃ খলত্বম্।

আমোদং কুসুমভবং মৃদেব ধত্তে,
মৃদ্গন্ধং নহি কুসুমানি ধারয়ন্তি ॥

সাধু-সঙ্গে খল সাধু হয় সুনিশ্চয়,
খল-সঙ্গে সাধু খল প্রায় নাহি হয়।
কুসুম-সৌরভে দেখ মৃত্তিকা কারণ,
মৃদ্গন্ধ কুসুম কভু না করে ধারণ ॥

(১১)

সাধুনাং দর্শনং পুণ্যং তীর্থভূতা হি সাধবঃ।
কালেন ফলতে তীর্থং সদ্যঃ সাধুসমাগমঃ ॥

অতীব পবিত্র হয় সাধুসন্দর্শন,
তীর্থতুল্য এসংসারে সদা সাধুগণ।
কোনকালে মিলে সেই তীর্থসেবা-ফল,
সাধুসেবা হয়ে থাকে সদ্যই সফল ॥

(১২)

সানন্দং সদনং সুতাস্তু সুধিয়ঃ কান্তা প্রিয়ালাপিনী,
ইচ্ছাপূর্ত্তিধনং স্বযোষিতি রতিঃ স্বাজ্ঞাপকাঃ সেবকাঃ।
আতিথ্যং শিবপূজনং প্রতিদিনং মিষ্টান্নপানং গৃহে,
সাধোঃ সঙ্গমুপাসতে চ সততং ধন্যো গৃহস্থাশ্রমঃ ॥

ভবন আনন্দময় তনয় বিদ্বান্,
প্রতিদিন অতিথির গৃহে অধিষ্ঠান।
সুভাষিণী পত্নী ইচ্ছামাত্রে ধনাগম,
নিত্য শিবপূজা গৃহে সাধুর সঙ্গম।
সেবকেরা আজ্ঞাকারী নিজস্ত্রীতে রতি,
মিষ্টান্ন পানীয়ে প্রীত সকলের মতি।

এই সব উপাদান সুখের নিদান,
ধন্য সেই গৃহাশ্রম যথা বিদ্যমান॥

(১৩)

ত্যজ দুর্জ্জন-সংসর্গং ভজ সাধুসমাগমম্।
কুরু পুণ্যমহোরাত্রং স্মর নিত্যমনিত্যতাম্॥

দূরে পরিহর দুর্জ্জনের সহবাস।
সাধুসঙ্গে চিরকাল করহ নিবাস॥
রাত্রিদিন পুণ্য কর্ম্ম কর আচরণ।
সংসারের অনিত্যতা করহ স্মরণ॥

(১৪)

যস্য চিত্তং দ্রবীভূতং কৃপয়া সর্ব্বজন্তুষু।
তস্য জ্ঞানেন মোক্ষেণ কিং জটাভস্মলেপনৈঃ॥

সকল প্রাণীর প্রতি যাহার হৃদয়,
সদা দয়া-প্রদর্শনে দ্রবীভূত হয়।
জ্ঞান, মোক্ষ, শিরে জটা, ভস্মবিলেপন,
কিছুতেই তাঁর নাহি কোন প্রয়োজন॥

(১৫)

সংসার-কটুবৃক্ষস্য দ্বে ফলে অমৃতোপমে।
সুভাষিতঞ্চ সুস্বাদু সঙ্গতিঃ সুজনেন চ॥

সংসার সুকটুবৃক্ষে অমৃত-সমান,—
দুইটী মধুর ফল সদা বিদ্যমান।
একটী রসাল প্রিয় বাক্য মধুময়,
দ্বিতীয় সজ্জন-সঙ্গ জানিবে নিশ্চয়॥

অন্তর্গতগুণমহিমা।

(১৬)

হস্তী স্থূলতনুঃ স চাঙ্কুশবশঃ কিং হস্তিমাত্রোঽঙ্কুশো,
দীপে প্রজ্বলিতে প্রণশ্যতি তমঃ কিং দীপমাত্রং তমঃ।
বজ্রেণাপি হতাঃ পতন্তি গিরয়ঃ কিং বজ্রমাত্রা নগা-
স্তেজো যস্য বিরাজতে স বলবান্ স্থূলেষু কঃ প্রত্যয়ঃ॥

আকারে হ'লেও ক্ষুদ্র অঙ্কুশ নিমিষে,
প্রহারিয়া স্থূল-তনু হস্তী আনে বশে।
তাই বলি হাতী হ'তে বৃহৎ আকারে,
অঙ্কুশেরে কেহ নাহি পারে বলিবারে।
প্রদীপ সুক্ষুদ্র এক জ্ব'লে একবার,
নষ্ট করে বহুদূরব্যাপী অন্ধকার।
তথাপি সে ক্ষুদ্র দীপে বলা নাহি যায়,
অন্ধকার হইতে সে বৃহত্ মাত্রায়!
পর্ব্বত হইতে ক্ষুদ্র বজ্রের আকার,
তবুও পর্ব্বতে বজ্র করে চূরমার।
তবু বজ্র হ'তে বড় বলে কি অচলে,
স্থূলের তুলনা তেজীয়ানে নাহি চলে॥

গুণবিচার-মূঢ়তা।

(১৭)

ন বেত্তি যো যস্য গুণপ্রকর্ষং স তং সদা নিন্দতি নাত্র চিত্রম্।
যথা কিরাতী করিকুম্ভলব্ধাং মুক্তাং পরিত্যজ্য বিভর্ত্তি গুঞ্জাম্॥

অপরের গুণাধিক্য না জানে যে জন,
সে জন যে করে তার কুকীর্ত্তি কীর্ত্তন।

এবিষয়ে নাহি করি কিছুই বিস্ময়,
অপূর্ব্ব দৃষ্টান্ত এক আছে এবিষয়।
কিরাতরমণী গজমুক্তা পরিহরি,
গৌরবিত হয় গুঞ্জামালা গলে পরি॥

অতিসঞ্চয় ...যঃ।

(১৮)

দেয়ং ভোজ্যধনং ধনং সুকৃতিভির্নো সঞ্চয়স্তস্য বৈ,
শ্রীকর্ণস্য বলেশ্চ বিক্রমপতেরদ্যাপি কীর্ত্তিঃ স্থিতা
অস্মাকং মধুদানভোগরহিতং নষ্টং চিরাৎ সঞ্চিতং,
নির্ব্বাণাদিতি নৈজপাদযুগলং ঘর্ষন্ত্যহো মক্ষিকাঃ॥

পুণ্যবান করে দান ভোগযোগ্য ধন,
ধনের সঞ্চয় তারা না করে কখন।
শ্রীবিক্রমাদিত্য দাতা কর্ণ বলিরাজে,
কীর্ত্তিমান বলি ঘোষে আজিও সমাজে।
আক্ষেপ করিয়া মধু... ...রা কয়—
"দানভোগ না করি... ...রিনু সঞ্চয়,
হায় আমাদের ধন ... বিনষ্ট,
স্বসঞ্চিত দ্রব্যে মো... ...ঞ্চিত—কি কষ্ট
এরূপে নির্ব্বিণ্ণ হ'য়ে ...কার দল,
বিঘর্ষিত করে নিজ ...পযুগল॥

প্রা... ...ম্।

(১...)

মাতৃবৎ পরদারাংশ্চ পরদ্রব্যাণি লোষ্টবৎ।
আত্মবৎ সর্ব্বভূতেষু যঃ পশ্যতি স পণ্ডিতঃ

পরস্ত্রীকে দেখে যেন মাতার সমান,
পরধন ঢিল হেন সদা যার জ্ঞান,
সকল প্রাণীকে দেখে আপনার মত,
এজগতে সেই হয় সজ্জনসম্মত॥

(২০)

ধর্ম্মে তৎপরতা মুখে মধুরতা দানে সমুৎসাহতা,
মিত্রেঽবঞ্চকতা গুরৌ বিনয়তা চিত্তেঽতিগম্ভীরতা।
আচারে শুচিতা গুণে রসিকতা শাস্ত্রেষু বিজ্ঞাতৃতা,
রূপে সুন্দরতা শিবে ভজনতা ত্বয্যস্তু ভো রাঘব॥

ধর্ম্মে তৎপরতা মুখে মধুরতা আর,
দানে সমুৎসাহ মিত্রে পূত ব্যবহার।
চিত্তে গম্ভীরতা আর গুরুতে বিনয়,
গুণে রসিকতা শুচি আচার-বিষয়।
শাস্ত্রে সুবিজ্ঞতা আর সুন্দরতা রূপে,
ভক্তি-প্রবণতা নিত্য শিব বিশ্বরূপে।
হে রাঘব! এ অমোঘ গুণ সমুদয়।
আশীর্ব্বাদ করি যেন তোমাতেই রয়॥

(২১)

কাষ্ঠং কল্পতরুঃ সুমেরুরচলশ্চিন্তামণিঃ প্রস্তরঃ,
সূর্য্যস্তীব্রকরঃ শশী ক্ষয়করঃ ক্ষারো হি বারাংনিধিঃ।
কামো নষ্টতনুর্ব্বলির্দিতিসুতো নিত্যং পশুঃ কামগোঃ,
নৈতাংস্তে তুলয়ামি ভো রঘুপতে কস্যোপমা দীয়তে॥

কাষ্ঠ কল্পতরু চিন্তামণি শিলা হয়,
পর্ব্বত অচল আর অব্ধি ক্ষারময়।

শশী নিত্য ক্ষয়শীল সূর্য্য তীক্ষ্ণকর,
কাম নষ্টতনু দৈত্য বলি নৃপবর।
কামধেনু হয় নিত্য পশু মধ্যে গণ্য,
তোমার উপমা রঘু কিবা আছে অন্য॥

(২২)

গতে শোকো ন কর্ত্তব্যো ভবিষ্যং নৈব চিন্তয়েৎ।
বর্ত্তমানেন কালেন প্রবর্ত্তন্তে বিচক্ষণাঃ॥

অতীতের অনুতাপে কিবা ফলোদয়,
ভাবী বিষয়ের চিন্তা উচিত না হয়।
বর্ত্তমান কার্য্যাকার্য্য করিয়া বিচার,
করিবেন বিচক্ষণ তার সারোদ্ধার॥

দানাদি-প্রসঙ্গঃ।

(২৩)

আর্ত্তেষু বিপ্রেষু দয়ান্বিতশ্চ যচ্ছ্রদ্ধয়া স্বল্পমুপৈতি দানম্॥
অনন্তপারং সমুপৈতি রাজন্ যদ্দীয়তে তন্ন লভেদ্দ্বিজেভ্যঃ॥

আর্ত্ত বিপ্রে দয়া-শ্রদ্ধাযুক্ত স্বল্পদান,
পরলোকে হয় বহু সুখের নিদান।
হে রাজন্! যাহা নাহি দেয় দ্বিজকরে,
পরজন্মে তাহা নাহি পায় কভু নরে॥

(২৪)

হস্তৌ দানবিবর্জ্জিতৌ শ্রুতিপটৌ সারস্বতদ্রোহিণৌ,
নেত্রে সাধুবিলোকনেন রহিতে পাদৌ ন তীর্থঙ্গতৌ।

অন্যায়ার্জ্জিতবিত্তপূর্ণমুদরং গর্ব্বেণ তুঙ্গং শিরো,
রে রে জম্বুক মুঞ্চ মুঞ্চ সহসা নীচং সুনিন্দ্যং বপুঃ॥

দীনে দান যদি নাহি করে হস্তদ্বয়,
শাস্ত্র-পাঠে পরাঙ্মুখ কর্ণদ্বয়—হয়।
সাধু সন্দর্শনে নেত্র যদি না উৎসুক,
তীর্থ-পর্য্যটনে পাদ একান্ত বিমুখ।
অন্যায়ে অর্জ্জিত অর্থে শরীর পোষণ,
আর দেখ গর্ব্বভরে শির উত্তোলন।
তাদৃশ নিন্দিত দেহ হইবে যাহার,
সংসারে শৃগাল বলি গণনা তাহার।
তাই বলি রে শৃগাল-প্রকৃতি মানব,
ত্যজ সদা নিন্দ্য ব্যবহার ঐ সব॥

(২৫)

ন বিপ্রপাদোদককর্দ্দমানি ন বেদশাস্ত্রধ্বনিগর্জ্জিতানি।
স্বাহাস্বধাকারবিবর্জ্জিতানি শ্মশানতুল্যানি গৃহাণি তানি॥

বিপ্র-পাদ-কর্দ্দমে যে গৃহ আর্দ্র নয়,
বেদশাস্ত্র-উচ্চ-ধ্বনি যে গৃহে না হয়।
যে গৃহে না হয় স্বাহা স্বধা বষট্‌কার,
সে গৃহে জানিবে ঘোর শ্মশান-আকার॥

(২৬)

ক্ষীয়ন্তে সর্ব্বদানানি যজ্ঞহোমবলিক্রিয়াঃ।
ন ক্ষীয়ন্তে পাত্রদানমভয়ং সর্ব্বদেহিনাম্॥

যজ্ঞ হোম বলি ক্রিয়া আদি সর্ব্বদান,
কালে এ সকল হ'তে পারে ক্ষীয়মাণ।

দানের প্রধান সর্ব্বজীবের অভয়,
যোগ্য পাত্রে দিলে তাহা নাহি হয় ক্ষয়॥

(২৭)

জলে তৈলং খলে গুহ্যং পাত্রে দানমনাগপি।
প্রাজ্ঞে শাস্ত্রং স্বয়ং যাতি বিস্তারং বস্তুশক্তিতঃ॥

খলে গুপ্তকথা, জলে তৈল, পাত্রে দান,
প্রাজ্ঞ জনে বিতরিত হ'লে শাস্ত্র-জ্ঞান।
হ'লেও অত্যল্প এই বিষয় সকল,
বস্তু শক্তি বলে বিস্তারিত অবিরল॥

কলাকৌশলম্।

(২৮)

দাক্ষিণ্যং স্বজনে দয়া পরজনে শাঠ্যং সদা দুর্জ্জনে,
প্রীতিঃ সাধুজনে স্ময়ঃ খলজনে বিদ্বজ্জনে চার্জ্জবম্।
শৌর্য্যং শত্রুজনে ক্ষমা গুরুজনে নারীজনে ধূর্ত্ততা,
ইত্থং যে পুরুষাঃ কলাসু কুশলাস্তেষ্বেব লোকস্থিতিঃ॥

প্রসন্নতা নিজ জনে দয়া পর-প্রতি,
শঠতা দুর্জ্জনে সদা সাধুজন-প্রীতি।
খল জনে গর্ব্ব সরলতা সুধীজনে,
ক্ষমা গুরুজনে শৌর্য্য শত্রুজন সনে,
ধূর্ত্ততা নারীর সনে যে করিতে জানে,
এ সকল কলাগুণে তারে সবে মানে॥

কৃষ্ণকথা-বিমুখ-নিন্দা।

(২৯)

যেষাং শ্রীমদ্‌যশোদাসুতপদকমলে নাস্তি ভক্তির্নরাণাং,
যেষামাভীরকন্যা-প্রিয়গুণকথনেনানুরক্তা রসজ্ঞা।
যেষাং শ্রীকৃষ্ণলীলাললিত-রসকথা সাদরৌ নৈব কর্ণৌ,
ধিক্ তান্ ধিক্ তান্ ধিগেতান্ কথয়তি সততং কীর্ত্তনস্থো মৃদঙ্গঃ॥

যশোদানন্দন কৃষ্ণ-পদে নাই ভক্তি,
কিংবা গোপীপ্রিয় গীতে নাই অনুরক্তি।
কৃষ্ণের কোমল লীলা মাধুর্য্য গ্রহণ,
না করে সাদরে নিত্য শ্রবণ শ্রবণ।
"ধিক্ তান্ ধিক্ তান্ ধিগেতান" বোলে,
কীর্ত্তনে মৃদঙ্গ নিন্দা তাহাদের তোলে।

পারিভাষিকবান্ধবাঃ।

(৩০)

সত্যং মাতা পিতা জ্ঞানং ধর্ম্মো ভ্রাতা দয়া সখা।
শান্তিঃ পত্নী ক্ষমা পুত্রঃ ষড়েতে মম বান্ধবাঃ॥

মাতা সত্য পিতা জ্ঞান ধর্ম্ম সহোদর,
দয়া সখা শান্তি পত্নী ক্ষমা পুত্রবর।
এছয় বান্ধবে যার গার্হস্থ্য গঠন,
কভু নাহি হয় তার নরকে পতন॥

ধর্ম্মসংগ্রহ-প্রসঙ্গঃ ।

(৩১)

অনিত্যানি শরীরাণি বিভবো নৈব শাশ্বতঃ ।
নিত্যং সন্নিহিতো মৃত্যুঃ কর্ত্তব্যো ধর্ম্মসংগ্রহঃ ॥

অনিত্য শরীর ধন নহে নিত্য হয়,
শিয়রে বসিয়া আছে যম মহাশয় ।
এইরূপ করি চিন্তা অন্তের সম্বল,
ধর্ম্মের সংগ্রহ জীব কর অবিরল ॥

(৩২)

নাহারং চিন্তয়েৎ প্রাজ্ঞো ধর্ম্মমেকং হি চিন্তয়েৎ
আহারো হি মনুষ্যাণাং জন্মনা সহ জায়তে ॥

না করিবে চিন্তা বিজ্ঞ আহার সংগ্রহে,
একমাত্র ধর্ম্মচিন্তা করিবে সাগ্রহে ।
জন্ম-সহ-জাত হয় মানব আহার,
অতএব তার চিন্তা কর পরিহার ॥

(৩৩)

জলবিন্দুনিপাতেন ক্রমশঃ পূর্য্যতে ঘটঃ ।
স হেতুঃ সর্ব্ববিদ্যানাং ধর্ম্মস্য চ ধনস্য চ ॥

বিন্দু বিন্দু জলে যথা ঘট পূর্ণ হয়,
সেইরূপ বিদ্যাধন ধর্ম্মের সঞ্চয় ।
অতএব অল্পে অল্পে করিয়া যতন,
কর ধন ধর্ম্ম আর বিদ্যা উপার্জ্জন ॥

(৩৪)

মুহূর্ত্তমপি জীবেচ্চ নরঃ শুক্লেন কর্ম্মণা ।
ন কল্পমপি কষ্টেন লোকদ্বয়বিরোধিনা ॥

ইহ পর দুই কাল বিনষ্ট করিয়া,
কি ফল যুগান্ত কাল জীবন ধরিয়া
নির্ম্মল পবিত্র কর্ম্ম করিয়া সাধন,
ক্ষণকাল বাঁচিলেও সফল জীবন॥

(৩৭)

ধর্ম্মং ধনঞ্চ ধান্যঞ্চ গুরোর্ব্বচনমৌষধম্।
সুগৃহীতঞ্চ কর্ত্তব্যমন্যথা তু ন জীবতি॥

ঔষধ গুরুর বাক্য, ধর্ম্ম ধান্য ধন,
অতিযত্নে এ সকল করিবে গ্রহণ।
অযত্নে রক্ষিত যদি এ সকল হয়,
জানিবে নিশ্চয় তাহে জীবন সংশয়॥

(৩৮)

ন ধ্যাতং পদমীশ্বরস্য বিধিবৎ সংসারবিচ্ছিত্তয়ে,
স্বর্গদ্বারকপাটপাটনপটুর্ধর্ম্মোঽপি নোপার্জ্জিতঃ।
নারী পীনপয়োধরোরুযুগলং স্বপ্নেঽপি নালিঙ্গিতং,
মাতুঃ কেবলমেব যৌবনবনচ্ছেদে কুঠারা বয়ম্॥

ভবের বন্ধন রজ্জু ছিন্ন করিবারে,
না ভজিনু যথাবিধি পরম আত্মারে।
সুদৃঢ় কপাটে রুদ্ধ আছে স্বর্গদ্বার,
সে কপাট বিপাটনে সাধ্য আছে কার।
ধর্ম্মই করিতে পারে তাহা বিপাটিত,
আমাদের সে ধর্ম্মও নহে উপার্জ্জিত।
নারী পীন পয়োধর কিংবা উরুদ্বয়,
স্বপ্নেও তা' আমাদের আলিঙ্গিত নয়।

অতএব ধর্ম্ম কাম, মোক্ষ বর্গত্রয়,
কোনটীই আমাদের উপাসিত নয়।
জননী-যৌবন-বৃক্ষ করিতে ছেদন,
মোদের কুঠাররূপে জনম গ্রহণ॥

(৩৭)

জীবন্তং মৃতবন্মন্যে দেহিনং ধর্ম্মবর্জ্জিতম্।
মৃতো ধর্ম্মেণ সংযুক্তো দীর্ঘজীবী ন সংশয়ঃ॥

জীবনেও মৃত ধর্ম্মহীন নর হয়,
ধার্ম্মিক হ'লেও মৃত জীবিত নিশ্চয়।
পাপীরে মৃতের মত মনে করে লোকে,
ধার্ম্মিক জীবিত তুল্য থাকে পরলোকে॥

(৩৮)

তদ্‌ভোজনং যদ্‌দ্বিজভুক্ত শেষং
তৎ সৌহৃদং যৎ ক্রিয়তে পরস্মিন্।
সা প্রাজ্ঞতা যা ন করোতি পাপং,
দম্ভং বিনা যঃ ক্রিয়তে স ধর্ম্মঃ॥

দ্বিজের ভোজন-শেষে যাহা পাত্রে রয়,
তাহাই ভোজন করা সমুচিত হয়।
পর প্রতি যাহা হয় সাধু-ব্যবহার,
নিশ্চয় জানিবে তাহা সৌহার্দ্দের সার।
যে জ্ঞান থাকিলে লোক পাপ নাহি করে,
তাহারেই প্রজ্ঞা বলে থাকে বিজ্ঞ নরে।
বিনা দম্ভে যদি ধর্ম্ম হয় অনুষ্ঠিত,
ধর্ম্ম বলি তাহা হয় লোকে অভিহিত॥

ব্রীরোৎসাহ-কথা।

(৩৯)

নিমন্ত্রণোৎসবা বিপ্রা গাবো নবতৃণোৎসবাঃ।
পত্যুৎসাহযুতা ভার্য্যা অহং কৃষ্ণ রণোৎসবঃ॥

নিমন্ত্রণে বিপ্রগণ হন আমোদিত,
নবতৃণে পশুগণ হয় প্রফুল্লিত।
পতি হয় রমণীর উৎসাহ কারণ॥
হে কৃষ্ণ! উৎসব মম যদি পাই রণ॥

কৈতবস্থানম্।

(৪০)

বিনয়ং রাজপুত্রেভ্যঃ পণ্ডিতেভ্যঃ সুভাষিতম্।
অনৃতং দ্যূতকারেভ্যঃ স্ত্রীভ্যঃ শিক্ষেত কৈতবম্॥

বিনয় শিখিবে সদা রাজপুত্র হ'তে,
সত্যকথা শিক্ষা হবে পণ্ডিত হইতে।
দ্যূতকারিজন হ'তে মিথ্যা ব্যবহার,
রমণী হইতে শিক্ষা কপট আচার॥

আয়াধিকব্যয়-ফলম্।

(৪১)

অনালোক্য ব্যয়ং কর্ত্তা অনাথঃ কলহপ্রিয়ঃ।
আতুরঃ সর্ব্বক্ষেত্রেষু নরঃ শীঘ্রং বিনশ্যতি॥

অবিচারে করে যেবা নিত্য ধনব্যয়,
নিঃসহায় হ'য়ে যে বিবাদে মগ্ন হয়।
সকল বিষয়ে সদা যে হয় ব্যাকুল,
নিশ্চয় সে জন হয় অচিরে নির্ম্মূল॥

শ্মশান-বৈরাগ্যম্।

(৪২)

ধর্ম্মাখ্যানে শ্মশানে চ রোগিণাং যা মতির্ভবেৎ।
সা সর্ব্বদৈব তিষ্ঠেচ্চেৎ কো ন মুচ্যেত বন্ধনাৎ॥

পুরাণের পুণ্য উপাখ্যান-অবসানে,
নরের নশ্বর দেহ দাহনে শ্মশানে।
অত্যন্ত যন্ত্রণাময় ব্যাধিতের মনে,
যেরূপ বৈরাগ্যবুদ্ধি হয় ক্ষণে ক্ষণে।
সদা মানবের যদি সেই মতি হয়,
সংসার-বন্ধন হ'তে বিমুক্তি নিশ্চয়॥

(৪৩)

শ্মশানান্তে রতেরন্তে পুরাণান্তে চ যা মতিঃ
সা মতির্দীয়তাং নাথ মম জন্মনি জন্মনি॥

শবদাহ শেষে আর পুরাণ-পাঠান্তে,
যেরূপ বৈরাগ্য মনে হয় রতি-ক্ষান্তে।
জন্মে জন্মে দিও মোরে নাথ! সেই মতি,
তা' হ'লে নিশ্চয় পাব তব পদে গতি॥

(৪৪)

উৎপন্নপশ্চাত্তাপস্য বুদ্ধির্ভবতি যাদৃশী।
তাদৃশী যদি পূর্ব্বং স্যাৎ কস্য ন স্যান্মহোদয়ঃ॥

করিয়া নিন্দিত কর্ম্ম অনুতাপ পরে,—
করিলে তাহাতে ফল কিছুই না ধরে।
পূর্ব্বে যদি হয় সেই বুদ্ধির উদয়,
সর্ব্বকার্য্যে সিদ্ধিলাভ অবশ্যই হয়॥

একাদশ অধ্যায় সমাপ্ত॥ ১১॥

দ্বাদশঃ অধ্যায়ঃ।

দারিদ্র-দৈন্যম্।

(১)

সন্তোঽপি ন প্রকাশন্তে দরিদ্রস্যাখিলা গুণাঃ।
ভাস্বানিব পদার্থানাং শ্রীর্গুণানাং প্রকাশিনী॥

সূর্য্যালোকাভাবে যথা পদার্থনিচয়,
হইলেও বহুগুণ প্রকাশিত নয়।
সেইরূপ দরিদ্রের গুণ সমুদয়,
ধনাভাব দোষে সদা চাপা পড়ে রয়॥

(২)

ত্যজন্তি মিত্রাণি ধনৈর্বিহীনং,
দারাশ্চ ভৃত্যাশ্চ সুহৃজ্জনাশ্চ।
তঞ্চার্থবন্তং পুনরাশ্রয়ন্তে,
অতোঽর্থো লোকে পুরুষস্য বন্ধুঃ।

মিত্র যদি কদাচিৎ ধনহীন হয়,
পত্নী ভৃত্য বন্ধু তারে ত্যজে সুনিশ্চয়।
পুন যদি সেই মিত্র ধনবান্ হয়,
পুনরায় তারা তারে করিবে আশ্রয়।
অতএব ইহলোকে মিত্র হয় ধন,
ইহা বুঝি ধনে যত্ন করে বিচক্ষণ॥

গুণগৌরবম্।

(৩)

গুণৈরুত্তমতাং যান্তি নোচ্চৈরাসনসংস্থিতাঃ।
প্রাসাদশিখরস্থোঽপি কাকঃ কিং গরুড়ায়তে॥

হইলেও নীচাসনে গুণী অবস্থিত,
গুণেই করিবে তারে ধ্রুব গৌরবিত।
বসিলে বায়স উচ্চ প্রাসাদ শিখরে,
গৌরব গরুড়-তুল্য তার কেবা করে ?

(৪)

গুণাঃ সর্ব্বত্র পূজ্যন্তে ন মহত্যোঽপি সম্পদঃ ।
পূর্ণেন্দুঃ কিং তথা বন্দ্যো নিষ্কলঙ্কো যথা কৃশঃ ॥

যে সম্মান সমভাবে সর্ব্বত্র গুণের,
সে আদর নাহি হয় বিপুল ধনের।
নিষ্কলঙ্ক ক্ষীণ চন্দ্রে বন্দনীয় হয়,
সকলঙ্ক পূর্ণ চন্দ্র তেমন ত' নয় ॥

আত্মপ্রশংসাদোষঃ ।

(৫)

বিবেকিনমনুপ্রাপ্তা গুণা যান্তি মনোজ্ঞতাম্ ।
সুতরাং রত্নমাভাতি চামীকরনিযোজিতম্ ॥

গুণ যদি বিবেকীর সঙ্গে যুক্ত হয়,
তবেই সে গুণ শোভা পায় অতিশয়।
কাঞ্চনের সঙ্গে রত্ন হইলে মিলিত,
সঙ্গগুণে রত্ন হয় অতীব শোভিত ॥

(৬)

গুণৈঃ সর্ব্বজ্ঞতুল্যোঽপি সীদত্যেকো নিরাশ্রয়ঃ ।
অনর্ঘ্যমপি মাণিক্যং হেমাশ্রয়মপেক্ষতে ॥

বহুগুণে ঈশ্বরের তুল্য যদি হয়,
দুঃখ পায় একা তায় হলে নিরাশ্রয়।
অমূল্য হলেও দেখ মাণিক রতন,
সুবর্ণের সঙ্গলাভে হয় সুশোভন॥

(৭)

গুণাঃ খলু গুণা এব ন গুণা ফলহেতবঃ।
সগুণো নিষ্ফলশ্চাপো নির্গুণঃ সফলঃ শরঃ॥

গুণ হয় গুণ তার ফল হেতু নয়।
ধনুক সগুণ তাই অ-ফলক হয়।
গুণহীন কিন্তু স-ফলক হয় বাণ,
গুণ ফল-হেতু নয়—বুঝ মতিমান্॥

(৮)

স জীবতি গুণা যস্য যস্য ধর্ম্মঃ স জীবতি।
গুণধর্ম্মবিহীনস্য জীবিতং নিষ্প্রয়োজনম্॥

গুণে ধর্ম্মে বিভূষিত হইবে যে নর,
এ জগতে তাহাকেই জানিবে অমর।
ধর্ম্মহীন গুণহীন যে মানব হয়,
বিফল জীবন তার জানিবে নিশ্চয়॥

আত্মপ্রশংসাদোষঃ।

(৯)

পরস্তুতগুণৈর্যস্তু নির্গুণোঽপি গুণী ভবেৎ।
ইন্দ্রোঽপি লঘুতাং যাতি স্বয়ং প্রখ্যাপিতৈর্গুণৈঃ॥

নির্গুণের করে যদি পড়ে স্তুতি গান,
সেও গুণী বলে গণ্য হয় খ্যাতিমান।

ইন্দ্র নিজ মুখে যদি নিজ গুণ গায়,
পরের নিকটে অতি লঘু হ'য়ে যায়।

শত্রুবশতাদৈন্যম্।

(১০)

অতিক্লেশেন যে অর্থা ধর্ম্মস্যাতিক্রমণে তু।
শত্রূণাং প্রণিপাতেন তে অর্থা মা ভবন্তু মে॥

যে বিভব অতিকষ্টে উপার্জ্জিত হয়,
যে অর্থের উপার্জ্জনে ধর্ম্ম নাহি রয়।
শত্রুসেবা হ'তে লাভ হয় যেবা ধন,
হেন ধন যেন মম না হয় কখন।

খল-নীচাশয়তা।

(১১)

বয়সঃ পরিণামেঽপি যঃ খলঃ খল এব সঃ।
সম্পক্কমপি মাধুর্য্যং নোপযাতীন্দ্রবারুণম্॥

হইলেও বয়সের সুষ্ঠু পরিণাম,
খল খল—নহে তার খলতা-বিরাম।
সুপক্ক হলেও তিক্ত যে ইন্দ্রবারুণ
তাই থাকে—নাহি ধরে কভু মিষ্ট গুণ।

(১২)

দহ্যমানাঃ সুতীব্রেণ নীচাঃ পরযশোঽগ্নিনা।
অশক্তাস্তৎপদং গন্তুং ততো নিন্দাং প্রকুর্ব্বতে॥

পরের সুকীর্ত্তিরূপ সুতীব্র অনলে,
নীচাশয় লোক সব অবিরত জ্বলে।

না করিতে পারে তার পক্ষ অধিকার,
তাই তার বৃথা নিন্দা করে অনিবার।

(১৩)

খলানাং কণ্টকানাঞ্চ দ্বিবিধৈব প্রতিক্রিয়া।
উপানন্মুখভঙ্গো বা দূরতো বা বিসর্জ্জনম্॥

কণ্টকের মুখ ভাঙ্গে জুতার ঘর্ষণে,
অথবা আপদ যায় দূরে নিক্ষেপণে।
খল কণ্টকের এই দ্বিবিধ উপায়,
প্রয়োগ করিয়া উপশম করা যায়॥

পণ্ডিত-প্রীতিকারণম্।

(১৪)

স্বভাবেন হি তুষ্যন্তি দেবাঃ সৎপুরুষাঃ পিতা।
জ্ঞাতয়ঃ স্নানপানাভ্যাং বাক্যদানেন পণ্ডিতাঃ॥

পবিত্র স্বভাবে দেব, পিতা, সাধু জন,
মানবের প্রতি সদা সুসন্তুষ্ট রন।
জ্ঞাতিগণে তুষ্ট কর স্নান অন্ন পানে
পণ্ডিতেরে কর তুষ্ট মিষ্টবাক্য-দানে॥

দুঃখনিদানম্।

(১৫)

যস্য স্নেহো ভয়ং তস্য স্নেহো দুঃখস্য ভাজনম্।
স্নেহমূলানি দুঃখানি তানি ত্যক্ত্বা বসেৎ সুখম্॥

অতি স্নেহ আছে যার দুঃখ তার হয়,
স্নেহই দুঃখের হেতু জানিবে নিশ্চয়।

পরিহার করি সেই স্নেহমূল দুখে,
সংসারে করিবে বাস নর মহাসুখে॥

(১৬)

বন্ধায় বিষয়াসঙ্গো মুক্ত্যৈ নির্ব্বিষয়ং মনঃ।
মন এব মনুষ্যাণাং কারণং বন্ধমোক্ষয়োঃ॥

বিষয়ের অত্যাসক্তি বন্ধের কারণ,
মুক্ত হয়—যুক্ত নয় তাহে যার মন।
কিবা বন্ধ কিবা মোক্ষ এই উভয়ের
কারণ জানিবে মন ধ্রুব মানবের॥

(১৭)

দেহাভিমানে গলিতে জ্ঞানেন পরমাত্মনঃ।
যত্র যত্র মনো যাতি তত্র তত্র সমাধয়ঃ॥

দৃঢ় হলে মানবের পরমাত্ম-জ্ঞান,
শ্লথ হ'য়ে যায় তবে দেহ-অভিমান।
সেই অবস্থায় যে যে স্থানে যায় মন,
সেই সেই স্থানে হয় সমাধি-মগন॥

(১৮)

ঈপ্সিতং মনসঃ সর্ব্বং কস্য সম্পদ্যতে সুখম্।
দৈবায়ত্তং যতঃ সর্ব্বং তস্মাৎ সন্তোষমাশ্রয়েৎ॥

ইচ্ছামত সব সুখ কার সিদ্ধ হয়?
দৈবের আয়ত্ত সুখ-দুঃখ সুনিশ্চয়।
অতএব দৈবে সদা করিয়া নির্ভর,
সন্তোষ আশ্রয়ে মাত্র সুখী হবে নর॥

পঞ্চ-সংজ্ঞাতানি।

(১৯)

আয়ুঃ কর্ম্ম চ বিত্তঞ্চ বিদ্যা-নিধনমেব চ।
পঞ্চৈতানি চ সৃজ্যন্তে গর্ভস্থস্যৈব দেহিনঃ॥

পরমায়, কর্ম্ম, ধন, বিদ্যা ও নিধন।
গর্ভস্থ শিশুর বিধি করেন সৃজন॥

মহাত্ম-মহিমা।

(২০)

অহোবত বিচিত্রাণি চরিতানি মহাত্মনাম্।
লক্ষ্মীং তৃণায় মন্যন্তে তদ্ভারেণ নমন্তি চ॥

চরিত্র বিচিত্র আহা কিবা মহাত্মার,
বিভব হ'লেও নাহি বিকার যাহার।
ঐশ্বর্য্য হইলে তৃণতুল্য মনে করে,
নাহি হয় অহঙ্কারী—নোয়ে পড়ে ভরে॥

ভবিষ্যৎ-প্রতীকার-কথা।

(২১)

অনাগতবিধাতা চ প্রত্যুৎপন্নমতিস্তথা।
দ্বাবেতৌ সুখমেধেতে যদ্ভবিষ্যো বিনশ্যতি॥

দূর ভবিষ্যতে দুঃখ করি সম্ভাবনা,
যে করে তাহায় প্রতিকারের সূচনা।
অথবা বিপদ্ আসি হ'লে উপস্থিত,
সদ্য বুদ্ধি বলে করে উপায় বিহিত।

সুখ লাভ করে লোকে এই দুইজন,
অন্যথা সংসারে হয় দুঃখের ভাজন।
"বিপদ্ আসিলে কদা হবে প্রতিকার"
এইরূপ বুদ্ধি যার বিনাশ তাহার॥

রাজানুরূপা প্রজা।

(২২)

রাজ্ঞি ধর্ম্মিণি ধর্ম্মিষ্ঠাঃ পাপে পাপঃ সমে সমাঃ।
রাজানমনুবর্ত্তন্তে যথা রাজা তথা প্রজা॥

ধার্ম্মিক হইলে রাজা প্রজা সাধু হয়,
পাপে পাপী সমে সম প্রজা সুনিশ্চয়।
রাজধর্ম্ম অনুসারে প্রকৃতি গঠন,
যেমন নৃপতি তাঁর প্রজাও তেমন।

নিরর্থক-জন্ম।

(২৩)

ধর্ম্মার্থকামমোক্ষাণাং যস্যৈকোঽপি ন বিদ্যতে।
অজাগলস্তনস্যেব তস্য জন্ম নিরর্থকম্॥

ধর্ম্ম অর্থ কাম মোক্ষ—বর্গ চতুষ্টয়,
এই চারি মধ্যে যার একটী না রয়।
অজাগল স্তনতুল্য জীবন তাহার,
নিরর্থক বহামাত্র মাংসপিণ্ড-ভার॥

অনবস্থিতচিত্ততা।

(২৪)

অনবস্থিতকার্য্যস্য ন জনে ন বনে সুখম্।
জনো দহতি সংসর্গাদ্ বনং সঙ্গবিবর্জ্জনাৎ।

যাহার স্থিরতা কভু নাই কোন কাজে,
তার সুখ নাহি বনে অথবা সমাজে।
তাদৃশ জনের সঙ্গদোষে দগ্ধ জন,
সংসর্গ বিহনে দগ্ধ হয়ে থাকে বন॥

গুরুগতবিদ্যালাভ-প্রসঙ্গঃ।

(২৫)

যথা খাত্বা খনিত্রেণ ভূতলে বারি বিন্দতি।
তথা গুরুগতাং বিদ্যাং শুশ্রূষুরধিগচ্ছতি॥

খন্তায় খুঁড়িয়া মাটি করিলে বিবর,
ভূতল হইতে জল পায় যথা নর।
সেইরূপ সযতনে শুশ্রূষা করিলে,
গুরুগত যাবতীয় বিদ্যা তার মিলে॥

(২৬)

একাক্ষরপ্রদাতারং যো গুরুং নাভিবন্দতে।
শ্বানযোনিং শতং ভুক্ত্বা চাণ্ডালেষ্বভিজায়তে॥

যে গুরু প্রদান করেছেন এক অক্ষর,
তাঁর প্রতি ভক্তি নাহি করে যে পামর।
সে শত কুক্কুর-যোনি করিয়া ভ্রমণ।
চণ্ডালের গৃহে জন্ম করিবে গ্রহণ॥

(২৭)

একমেবাক্ষরং যস্তু গুরুঃ শিষ্যং প্রবোধয়েৎ।
পৃথিব্যাং নাস্তি তদ্দ্রব্যং যদ্দত্ত্বা চানৃণী ভবেৎ॥

যে গুরু নিকটে একটী বর্ণ শিক্ষা পায়,
আজীবন থাকে ঋণী শিষ্য তাঁর পায়।
ধরায় এমন কভু না পাই দেখিতে,
যাহা দিয়া সেই ঋণ সে পারে শোধিতে॥

(২৮)

পুস্তকে প্রত্যয়াধীতং নাধীতং গুরুসন্নিধৌ।
সভামধ্যে ন শোভেত জারগর্ভা ইব স্ত্রিয়ঃ॥

কেবল পুস্তক প'ড়ে বিদ্যা নাহি হয়,
গুরুমুখী শিক্ষা হ'লে সুফলা নিশ্চয়।
উপপতি হ'তে গর্ভবতী নারী যথা,
সতী নারীগণ মধ্যে না শোভে সর্ব্বথা,
সেইরূপ পুথি মাত্র পড়ে বিদ্যা যার
বিদ্বানের সভামধ্যে শোভা নহে তার॥

কর্ম্মপ্রভাবঃ।

(২৯)

যথা ধেনুসহস্রেণ বৎসো গচ্ছতি মাতরম্।
তথা যচ্চ কৃতং কর্ম্ম কর্ত্তারমনুগচ্ছতি॥

যেরূপ হাজার ধেনু এক পালে যায়,
বাছুর বাছিয়া লয় আপন মাতায়।
সেইরূপ কর্ম্মরাশি পূর্ব্ব-আচরিত,
ঝটিতি কর্ত্তায় গিয়া হয় উপনীত॥

(৩০)

কর্ম্মায়ত্তং ফলং পুংসাং বুদ্ধিঃ কর্ম্মানুসারিণী।
তথাপি সুধিয়শ্চার্য্যাঃ সুবিচার্য্যৈব কুর্ব্বতে॥

যদিও কর্ম্মানুসারে বুদ্ধির উদয়,
কর্ম্ম অনুসারে ফলপ্রাপ্তি সুনিশ্চয়।
তথাপি সুবুদ্ধি ব্যক্তি করিয়া বিচার,
উপযুক্ত কার্য্য করিবেক আপনার॥

দ্বাদশ অধ্যায় সমাপ্ত॥ ১২॥

ত্রয়োদশঃ অধ্যায়ঃ।

অধ্যয়ন-প্রসঙ্গঃ।

(১)

সন্তোষস্ত্রিষু কর্ত্তব্যো দারেষু ভোজনে ধনে।
ত্রিষু চৈব ন কর্ত্তব্যোঽধ্যয়নে জাপদানয়োঃ॥

যথাপ্রাপ্ত পত্নী খাদ্যদ্রব্য আর ধনে,
এ তিনে সন্তোষ সদা রাখিবেক মনে।
কিন্তু মন্ত্র-জপ দান আর অধ্যয়ন
এই তিনে তৃপ্ত যেন নাহি রয় মন॥

(২)

দানে তপসি শৌর্য্যে বা বিজ্ঞানে বিনয়ে নয়ে।
বিস্ময়ো নহি কর্ত্তব্যো বহুরত্না বসুন্ধরা॥

বিজ্ঞান বিনয় নয় তপ শৌর্য্য দানে,
সুবিখ্যাত কত শত আছে স্থানে স্থানে।

বিস্ময় উচিত নহে কভু এ সকলে,
"বসুন্ধরা বহুরত্না" তাই লোকে বলে॥

(৩)

অনন্তশাস্ত্রং বহুলাশ্চ বিদ্যা অল্পশ্চ কালো বহুবিঘ্নতা চ।
যৎসারভূতং তদুপাসনীয়ং হংসো যথা ক্ষীরমিবাম্বু মধ্যাৎ॥

অপার অনন্ত শাস্ত্র সীমা নাহি হয়,
তাহা হ'তে আছে বহু শিক্ষার বিষয়।
তাহে আয়ু মানবের অল্পপরিমাণ,
তাহাতেও বহু বিঘ্ন সদা বিদ্যমান।
"হংসক্ষীর" ন্যায়ে সেই শাস্ত্রমধ্য হ'তে,
সারভূত শিক্ষা সব হইবে লইতে।
জলযুক্ত দুগ্ধ হ'তে হংস যথা ক্ষীর,
পৃথক্ করিয়া খায় পড়ে থাকে নীর॥

(৪)

পঠন্তি চতুরো বেদান্ ধর্ম্মশাস্ত্রাণ্যনেকশঃ।
আত্মানং নৈব জানন্তি দর্বী পাকরসং যথা॥

চারিবেদ অন্য, ধর্ম্ম-শাস্ত্র অধ্যয়ন,
আত্ম-জ্ঞান বিনা বৃথা বলিয়া গণন।
যে হাতায় পাকদ্রব্য সম্পাদিত হয়,
রস কিন্তু সে হাতার অনুভব নয়॥

(৫)

পুস্তকেষু চ যা বিদ্যা পরহস্তেষু যদ্ধনম্।
উপপন্নেষু কার্য্যেষু ন সা বিদ্যা ন তদ্ধনম্॥

পুঁথিগত বিদ্যা—মনে না হয় স্মরণ,
কার্য্যে নাহি লাগে পরহস্তগত ধন।
কার্য্য কালে যা' হ'তে না উপকার হয়,
সে বিদ্যা সে ধন কভু বিদ্যা ধন নয়॥

অতিথি-প্রত্যাখ্যানদোষঃ।

(৬)

দূরাগতং পথি শ্রান্তং বৃথা চ গৃহমাগতম্।
অনর্চ্চয়িত্বা যো ভুঙ্‌ক্তে স বৈ চাণ্ডাল উচ্যতে॥

বিনা প্রয়োজনে পথ চলিতে চলিতে,
যে অতিথি উপস্থিত গৃহীর বাটীতে;
পথ-পর্য্যটনে শ্রান্ত পথিক যে জন,
আর দূর হ'তে যেবা করে আগমন॥
এ হেন জনেরে অন্ন না দিয়া যে খায়।
নির্দ্দিষ্ট সে জন শাস্ত্রে চণ্ডাল আখ্যায়॥

সংহতি-শক্তিঃ।

(৭)

বহূনাং চৈব সত্ত্বানাং সমবায়ো রিপুঞ্জয়ঃ।
বর্ষাধারাধরো মেঘস্তৃণৈরপি নিবার্য্যতে॥

বহু ক্ষুদ্র ক্ষুদ্র জীব হ'লে একত্রিত,
প্রবল অরিও তারা করে পরাজিত।
অতিতুচ্ছ তৃণগুচ্ছ হইয়া মিলিত,
বর্ষার প্রবল ধারা করে নিবারিত।

বিপরীত-বুদ্ধিঃ।

(৮)

ন নির্ম্মিতা কেন ন দৃষ্টপূর্ব্বা ন শ্রূয়তে হেমময়ী কুরঙ্গী।
তথাপি তৃষ্ণা রঘুনন্দনস্য বিনাশকালে বিপরীতবুদ্ধিঃ॥

স্বর্ণমৃগ কেহ নাহি নির্ম্মাণ করিল,
অথবা তা' কোন কালে কেহ না দেখিল;
কর্ণেও তা' পূর্ব্বে কেহ না করে শ্রবণ,
তথাপি ব্যাকুল তায় শ্রীরঘুনন্দন।
বিনাশের কাল যবে হয় উপস্থিত,
সুবিজ্ঞ ব্যক্তির বুদ্ধি হয় বিপরীত॥

শরীরলাভ-কথা।

(৯)

বহু-জন্মসু চাভ্যস্তং দানমধ্যয়নং তপঃ।
তেনৈবাভ্যাসযোগেন দেহমভ্যস্যতে পুনঃ॥

বহু জন্ম ব্যাপী দান তপ অধ্যয়ন,
মানব একান্ত মনে যা' করে সাধন।
সে অভ্যাস যোগ অনুসারে বারে বারে,
আপন শরীর লাভ করে এ সংসারে॥

মূর্খ-প্রসঙ্গঃ।

(১০)

অগ্নিরাপঃ স্ত্রিয়োঃ মূর্খঃ সর্পো রাজকুলানি চ
নিত্যং যত্নেন সেব্যানি সদ্যঃ প্রাণহরাণি ষট্॥

অগ্নি জল নারী মূর্খ সর্প ও নৃপতি,
সদ্য প্রাণহর প্রতিকূল যার প্রতি।
অতএব এই ছয়ে হ'য়ে অবহিত,
নিয়ত সেবিও যদি চাও নিজহিত॥

ভাগ্যব্যাজঃ।

(১১)

উর্ব্ব্যাং কোহপি মহীধরো লঘুতরো দোর্ভ্যাং ধৃতো লীলয়া
তেন ত্বং দিবি ভূতলে চ বিদিতো গোবর্দ্ধনোদ্ধারকঃ।
ত্বাং ত্রৈলোক্যধরং বহামি কুচয়োরগ্রে ন তদ্গণ্যতে
কিংবা কেশব ভাষণেন বহুনা পুণ্যৈর্যশো লভ্যতে॥

মহীতলে লঘুতর গিরি গোবর্দ্ধন,
হেলায় দু'বাহু দিয়া করিলা ধারণ।
তেই "গোবর্দ্ধনধারী" নাম যে তোমার,
স্বর্গে আর মহীতলে হইল প্রচার।
তুমি যে ত্রিলোকধারী আমিও তোমায়,
কুচাগ্রে ধারণ করে রাখি যে হেলায়।
হায় ভাগ্য! কেহ তাহা না করে গণনা,
বিফল ইহাতে বহু জল্পনা কল্পনা।
মনে মনে বিচারিয়া বুঝিলাম সার,
পুণ্য বিনা যশ নহে সুলভ্য কাহার॥

যাচক-লাঘবম্।

(১২)

তৃণং লঘু তৃণাত্তূলং তূলাদপি চ যাচকঃ।
বায়ুনা কিং ন নীতোঽসৌ মাময়ং যাচয়িষ্যতি

যাবতীয় দ্রব্যে তৃণ অতি লঘু হয়,
তাহা হ'তেও তূলা লঘু হয় অতিশয়।
তা' হ'তেও হয় অতি লঘু অর্থিজন,
তথাপি উড়ায়ে তারে না লয় পবন।
অর্থী পাছে করে অর্থ প্রার্থনা পবনে,
তাই তারে উড়াইয়া না লয় গগনে॥

দৈবপ্রাবল্যম্।

(১৩)

ব্যায়ামিকোঽস্মি চতুরোঽস্মি বিচক্ষণোঽস্মি,
বিদ্যাধরোঽস্মি পটুরস্মি ন চাস্মি ভীরুঃ।
কার্য্যং করোমি সততং ন চ সিদ্ধিরস্তি,
দৈবং ন বাহয়তি কোঽত্র মমাপরাধঃ॥

চতুর ব্যায়ামবিত, পটু বিচক্ষণ,
নির্ভীক বিদ্বান্ আমি দক্ষ একজন।
তথাপি যে কার্য্য করি সিদ্ধি নাই তায়,
দৈব দে না ফল—দোষ কি আছে আমায়॥

(১৪)

জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তিঃ,
জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ।

কেনাপি দেবেন হৃদিস্থিতেন,
যথা নিযুক্তোঽস্মি তথা করোমি ॥

জানি ধর্ম্ম তবু তায় প্রবৃত্তি না হয়,
অধর্ম্মও জানি তাতে বিনিবৃত্ত নয়।
কে যেন দেবতা থাকি হৃদয়ে আমার,
যেরূপ চালায় চলি—কি আছে বিচার? ॥

(১৫)

সাধয়তি যৎ প্রয়োজন,-মজ্ঞোঽপি তদস্য কাকতালীয়ম
অবিদন্নপি হি কিমক্ষর,-মুল্লিখতি ঘুণোঽপি কাষ্ঠেষু।

অজ্ঞে যাহা ক'রে থাকে স্বকার্য্য সাধন,
হ'তে পারে তায় "কাকতালীয়" ঘটন।
যে জানে না কোন কালে একটী অক্ষর,
সেও কাঠ কেটে করে কত ঘুণাক্ষর॥

গুণিগুণয়োঃ কথা।

(১৬)

বিদ্বানেব হি জানাতি বিদ্বজ্জনপরিশ্রমম্।
নহি বন্ধ্যা বিজানাতি গুর্ব্বীং প্রসববেদনাম্।

বিদ্বান জানেন কত শ্রম বিদ্যার্জ্জনে।
নাহি জানে বন্ধ্যা ব্যথা প্রসববেদনে॥

(১৭)

কবিরেব কবের্ব্বেত্তি কবিকর্ম্মণি কৌশলম্।
শেষাহিরেব জানাতি ভুবো ভারস্য নিশ্চয়ম্।

কবি জানে কবি-কবিত্বের সুকৌশল।
শেষ জানে ধরাভারে কত লাগে বল॥

(১৮)

দেশে হি যত্র করভঃ কলভশ্চ তুল্যৌ,
যত্রাপি নাস্তি হয়রাসভয়োর্বিচারঃ।
কাচোপলস্য মণেশ্চ ন যত্র ভেদঃ,
কো নাম তত্র গুণিনামধিবাসরাগঃ॥

যে দেশে সমান মান করি-অশ্বতরে,
ঘোড়ায় গাধায় তুল্য-মূল্য জ্ঞান করে;
মণি-কাচে ভেদ নাই যে দেশ-বিচারে,
সে দেশের ভক্ত গুণী হইতে না পারে।

(১৯)

গুণা যত্র ন পূজ্যন্তে গুণিনাং তত্র কা কথা
নগ্ন-ক্ষপণকগ্রামে রজকঃ কিং করিষ্যতি॥

যেখানে কিছুই নাই গুণের আদর,
কেমনে পাইবে পূজা সেথা গুণী নর।
উলঙ্গ সন্ন্যাসিগণ থাকেন যেথায়,
রজক সেখানে গিয়া অন্ন নাহি পায়॥

(২০)

হংসো ন ভাতি বলিভোজনবৃন্দমধ্যে,
গোমায়ুমণ্ডলগতো ন বিভাতি সিংহঃ।
জাত্যো ন ভাতি তুরগঃ খরযূথমধ্যে,
বিদ্বান্ ন ভাতি পুরুষেষু নিরক্ষরেষু॥

কাক মধ্যে হংস কভু শোভা নাহি পায়,
সিংহ নাহি শোভা পায় শৃগাল-সভায়।
গর্দ্দভের দলে অশ্ব না শোভে কখন,
নিরক্ষর মূর্খ মধ্যে নহে সুধী জন॥

(২১)

উৎপলস্য চ পদ্মস্য মৎস্যস্য মৌক্তিকস্য চ।
একজাতিপ্রসূতানাং রূপং গন্ধঃ পৃথক্ পৃথক্॥

কুমুদ কমল মৎস্য মুক্তা জলে হয়।
রূপে গন্ধে কিন্তু কেহ একমত নয়॥

(২২)

মৃগা মৃগৈঃ সংখ্যমনুব্রজন্তি গোভিশ্চ গাবস্তুরগাস্তুরঙ্গৈঃ।
মূর্খৈশ্চ মূর্খাঃ কবয়ঃ কবীন্দ্রৈঃ সমানশীলাশ্চ সমানশীলৈঃ॥

মৃগসহ মৃগ-সৌখ্য সংস্থাপিত হয়,
গোর সনে গোর অশ্ব সৌখ্য হয়ে হয়।
মূর্খ সনে মূর্খ কবি-সহিত কবিব,
সমান-শীলের মৈত্রী হয় ধীর স্থির॥

(২৩)

চন্দ্রো ভাতি সুনির্ম্মলেঽথ গগনে তারা বিচিত্রেঽম্বরে,
হারো ভাতি চ কামিনীকুচতটে পীনোন্নতে যৌবনে।
হংসো ভাতি সরোবরে সনলিলে বৈদূর্য্যবর্ণোদকে,
রাজা ভাতি সুমন্ত্রিভিঃ পরিবৃতঃ শ্রীধাম্নি সিংহাসনে॥

নির্ম্মল গগনে চন্দ্র শোভে তারা আর,
যুবতীর পীন কুচতটে শোভে হার।

বৈদূর্য্য মণির মত বর্ণযুক্ত জল,
আর যদি থাকে তায় প্রফুল্ল কমল।
হংসের এহেন সর শোভার কারণ,
রাজার সুমন্ত্রিবৃত দিব্য সিংহাসন॥

(২৪)

মণিঃ শাণোল্লীঢ়ঃ সমরবিজয়ী হেতিনিহতঃ,
মদক্ষীণো নাগঃ শরদি সরিদাসাতুপুলিনা।
কলাশেষশ্চন্দ্রঃ সুরতমৃদুলা বালললনা,
ন নিম্নাঃ শোভন্তে ব্যয়িতবিভবাশ্চার্থিষু নরাঃ॥

ক্ষতাঙ্গ হইয়া যাহা সমর বিজয়,
শাণে মণি দিলে যাহা উজ্জ্বলিত হয়।
মত্ত-হস্তি-মদচ্যুতি চন্দ্র-কলাক্ষয়,
শরদে নদীর দেহ সঙ্কুচিত রয়।
বালিকা নারীর মৃদু সুরত ব্যাপার,
হলেও অত্যল্প ক্ষয় নিন্দার প্রচার॥

(২৫)

স্বচ্ছং সজ্জনচিত্তবল্লঘুতরং দীনার্ত্তিবচ্ছীতলং,
পুত্রালিঙ্গনবত্তথৈব মধুরং তদ্বালসম্ভাষবৎ।
জীবস্যাপি হি জীবিতং দ্রবিণবদ্দুঃখাপহং লোপ্তবৎ,
সদ্যঃ পাপহরং হরিশ্চরণবৎ পানীয়মানীয়তাম্॥

সজ্জনের চিত্ততুল্য সুস্বচ্ছ যে জল,
দীনের দৈন্যের মত অতীব তরল।
পুত্র আলিঙ্গন পুণ্য শীতল যা হয়,
বালক-ভাষণ সম মধুরতাময়।

জীবের জীবন বহু প্রিয় অতিশয়।
ধনতুল্য দুঃখনাশী দরিদ্র-আশ্রয়।
হরির স্মরণ তুল্য যথা পাপহারী,
পান করি শীঘ্র আনি দাও হেন বারি॥

(২৬)

ছিন্নোঽপি চন্দনতরুর্ন জহাতি গন্ধং,
বৃদ্ধোঽপি বারণপতির্ন জহাতি লীলাম্।
যন্ত্রার্পিতো মধুরতাং ন জহাতি চেক্ষুঃ,
ক্ষীণোঽপি ন ত্যজতি শীলগুণান্ কুলীনঃ॥

যদিও চন্দন তরু কভু ছিন্ন হয়,
গন্ধ নাহি করে ত্যাগ জানিবে নিশ্চয়।
বৃদ্ধ যদি কোন ক্রমে হয় গজপতি,
বিলাস না ত্যজে কভু করিণীর প্রতি।
ইক্ষুদণ্ড যদি যন্ত্রে সমর্পিত হয়,
ত্যজে না মাধুর্য্য রস ইহা নিঃসংশয়।
মনে মনে করি দেখ ইহা সুবিচার,
কুলীন হ'লেও ক্ষীণ না ত্যজে আচার॥

মোক্ষ-প্রসঙ্গঃ।

(২৭)

অর্থস্য মূলং বিকৃতির্যশশ্চ ধর্ম্মস্য কারুণ্যমকৈতবঞ্চ।
কামস্য বিত্তঞ্চ বপুর্যশশ্চ, মোক্ষস্য সর্ব্বার্থনিবৃত্তিরেব

কূট নীতি হয় অর্থ লাভের কারণ,
দয়া সরলতা হ'তে ধর্ম্মের সাধন।

বিত্ত বপু দুই মূল হয় কামনার,
সর্ব্বার্থ-নিবৃত্ত মুক্তি-মূল আপনার॥

(২৮)

যদীচ্ছসি বশীকর্ত্তুং জগদেকেন কর্ম্মণা।
পুরা পঞ্চদশাস্যেভ্যো গাং চরন্তীং নিবারয়॥

চক্ষু আদি পঞ্চ জ্ঞানেন্দ্রিয় মধ্যে গণ্য,
হস্ত আদি আছে কর্ম্মেন্দ্রিয় পাঁচ অন্য।
শব্দ আদি পাঁচ হয় ইন্দ্রিয় বিষয়,
এই পঞ্চ দশ মুখ মনের নিশ্চয়।
জগৎ করিতে বশ যদি থাকে মন,
একমাত্র কর এই কর্ম্ম আচরণ।
ইন্দ্রিয় বিহারী মনে করি আকর্ষণ,
পৃথক্ করিয়া হৃদে করহ স্থাপন॥

প্রিয়ানুষ্ঠান-প্রসঙ্গঃ।

(২৯)

যস্মাচ্চ প্রিয়মিচ্ছেত্তু তস্য ব্রূয়াৎ সদা প্রিয়ম্।
ব্যাধা মৃগবধং গন্তুং গীতং গায়ন্তি সুস্বরম্॥

যাহা হ'তে প্রিয় লাভে থাকে অভিলাষ,
তার সনে সদা করিবেক প্রিয়ভাষ।
ব্যাধ দেখ মৃগবধে হইয়া উদ্যত,
মৃগের মনোজ্ঞ গীত গায় অবিরত॥

(৩০)

প্রস্তাবসদৃশং বাক্যং প্রস্তাবসদৃশং প্রিয়ম্।
আত্মশক্তিসমং কোপং যো জানাতি স পণ্ডিতঃ॥

প্রসঙ্গের যোগ্য বাক্য শক্তিতুল্য রোষ,
প্রকৃতির অনুরূপ সর্ব্বদা সন্তোষ।
সংসারে যে জন ইহা নিয়োজিতে জানে,
পণ্ডিত বলিয়া তারে সবলোকে মানে॥

(৩১)

প্রিয়বাক্যপ্রদানেন সর্ব্বে তুষ্যন্তি জন্তবঃ।
তস্মাত্তদেব বক্তব্যং বচনে কিং দরিদ্রতা॥

বলিবে সরল মনে মধুর বচন,
মধুর বচনে তৃপ্ত হয় সর্ব্বজন।
অতএব মিষ্ট বাক্য বলাই উচিত,
বচনে কার্পণ্য কভু না হয় বিহিত॥

(৩২)

তাবন্মৌনেন নীয়ন্তে কোকিলৈশ্চৈব বাসরাঃ।
যাবৎ সর্ব্বজনানন্দদায়িনী বাক্ প্রবর্ত্ততে॥

সকলের প্রিয় কোকিলের কুহু হয়।
যাবৎ না ফোটে তারা নির্ব্বাক রয়॥

(৩৩)

পৃথিব্যাং ত্রীণি রত্নানি জলমন্নং সুভাষিতম্।
মূঢ়ঃ পাষাণখণ্ডেষু রত্নসংখ্যা বিধীয়তে॥

জল অন্ন সুভাষণ এই রত্নত্রয়,
পৃথিবীর পৃষ্ঠে সদা বিদ্যমান রয়।
কিন্তু দৃষ্টিহীন মূঢ় মানব-নিচয়,
পাষাণে রত্নের সংখ্যা করে বিনিশ্চয়॥

পরগৃহে স্বপ্রভাব-হানিঃ।

(৩৪)

অয়মমৃতনিধানং নায়কোঽপ্যোষধীনাম্,
অমৃতময়শরীরঃ কান্তিযুক্তোঽপি চন্দ্রঃ।
ভবতি বিগতরশ্মির্মণ্ডলং প্রাপ্য ভানোঃ,
পরসদন-নিবিষ্টঃ কো লঘুত্বং ন যাতি॥

অমৃত-আধার চন্দ্র ওষধির পতি,
দেহও অমৃতময় দেহকান্তি অতি।
সূর্য্যের মণ্ডলে গিয়া সেই শশধর
হারাইয়া ফেলে তার সুশীতল কর।
অতএব পরগৃহে করিয়া প্রবেশ,
কে না লঘু হ'য়ে যায় বুঝহ বিশেষ॥

(৩৫)

অলিরয়ং নলিনীদলমধ্যগঃ কমলিনীমকরন্দমদালসঃ।
বিধিবশাৎ পরদেশমুপাগতঃ কুটজপুষ্পরসং বহু মন্যতে॥

যে অলি প্রবেশ করি পদ্মকর্ণিকায়,
কমলের মধুপানে মত্ত হ'য়ে যায়।
বিধিবশে সেই অলি পরদেশে গিয়া,
কুটজের পুষ্পরসে তৃপ্ত করে হিয়া॥

মাতৃ-শ্রেষ্ঠতা।

(৩৬)

নান্নোদকসমং দানং ন তিথির্দ্বাদশীসমা।
ন গায়ত্র্যাঃ পরো মন্ত্রো ন মাতুর্দৈবতং পরম্॥

অন্ন জল দান তুল্য নাহি অন্য দান,
তিথি নাই পুণ্যপ্রদা দ্বাদশী সমান।
গায়ত্রীর তুল্য মন্ত্র অন্য কিছু নাই,
দেবতা মাতার তুল্য দেখিতে না পাই॥

(৩৭)

জনকো গুরুরেব স্যাদ্‌গুরুশ্চাপিমহাগুরুঃ।
গর্ভধারণপোষাভ্যাং জননী হ্যধিকা গুরুঃ

জনক জননী দুই মহাগুরু হয়,
জননীর গুরু পিতা অধিক নিশ্চয়।
কিন্তু গর্ভে ধরা আর পোষণ কারণ,
মাতাই অধিক গুরু শাস্ত্রের তাখন॥

ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত॥ ১৩॥

চতুর্দ্দশঃ অধ্যায়ঃ।

সংসার-বৃক্ষ-প্রসঙ্গঃ।

(১)

আত্মাপরাধবৃক্ষস্য ফলান্যেতানি দেহিনাম্।
দারিদ্র্যরোগদুঃখানি বন্ধনব্যসনানি চ॥

নিজ অপরাধ বীজ হ'য়ে অঙ্কুরিত,
হয় তাহা কালে মহাবৃক্ষে পরিণত।
দারিদ্র, বন্ধন, ব্যাধি দুঃখ এ সকল,
বিপদ্ জানিবে সেই বৃক্ষের কুফল॥

(২)

পুনর্বিত্তং পুনর্মিত্রং পুনর্ভার্য্যা পুনর্মহী।
এতৎ সর্ব্বং পুনর্লভ্যং ন শরীরং পুনঃপুনঃ॥

বিত্ত মিত্র ভার্য্যা ভূমি এই সমুদয়,
মানবের ভাগ্যে পুনঃ পুনঃ লাভ হয়।
কিন্তু এ মানব দেহ উহার মতন,
বার বার মানবের না ঘটে কখন॥

বিশেষেণাপ্রকাশ্যম্।

(৩)

সুসিদ্ধমৌষধং ধর্ম্মং গৃহচ্ছিদ্রঞ্চ মৈথুনম্।
কুভুক্তং কুশ্রুতঞ্চৈব মতিমান্ন প্রকাশয়েৎ॥

সুসিদ্ধ ঔষধ ধর্ম্ম গৃহের দূষণ,
মৈথুন নিন্দিত বাক্য আর কুভোজন।
অত্যন্ত গোপনে বিজ্ঞ রাখে এ সকল,
প্রকাশ করিলে হয় নিশ্চয় কুফল॥

ব্যবহার সমুচ্চয়ঃ।

(৪)

অত্যাসন্না বিনাশায় দূরস্থা ন ফলপ্রদাঃ।
সেব্যন্তাং মধ্যভাগেন রাজা বহ্নির্গুরুঃ স্ত্রিয়ঃ॥

রাজা অগ্নি গুরু নারী কভু এ সকল,
থাকিলে অত্যন্ত দূরে নাহি দেয় ফল।
থাকিলেও অতি সন্নিধানে নাশভয়,
তাই মধ্যভাগে সেবা সমুচিত হয়॥

(৫)

এক এব পদার্থস্তু ত্রিধা ভবতি বীক্ষিতঃ।
কুণপঃ কামিনী মাংসং যোগিভিঃ কামিভিঃ শ্বভিঃ ॥

শরীর কামিনী মাংস এই বস্তুত্রয়,
যদিও একই নরদেহ-রূপ হয়।
তবু তিনরূপে তিনে করে বিলোকন,
দেহে দেহমাত্ররূপে দেখে যোগিজন।
কামিনীরে কামভাণ্ড দেখে কামী জনে,
কুকুর কেবল খাদ্য মাংস করে মনে ॥

(৬)

দূরস্থোঽপি ন দূরস্থো যো যস্য মনসি স্থিতঃ।
যো যস্য হৃদয়ে নাস্তি সমীপস্থোঽপি দূরতঃ ॥

যে জন হৃদয়ে সদা অধিষ্ঠিত হয়,
দূরবর্ত্তী হ'লেও সে দূরবর্ত্তী নয়।
যে জন না করে কভু হৃদে অধিষ্ঠান,
হ'লেও সমীপে স্থিত দূরে বিদ্যমান ॥

অন্যায়-কার্য্যফলম্।

(৭)

অন্যায়োপার্জ্জিতং বিত্তং দশবর্ষাণি তিষ্ঠতি।
প্রাপ্তে চৈকাদশে বর্ষে সমূলঞ্চ বিনশ্যতি ॥

ধন যদি পাপকার্য্যে উপার্জ্জিত হয়,
তাহা দশবর্ষ মাত্র থাকিবে সঞ্চয়।
একাদশ বর্ষ যবে হবে উপস্থিত,
সমূলে বিনাশ তাহা হবে সুনিশ্চিত ॥

প্রভোরনুসরণ-দোষঃ।

(৮)

অযুক্তং স্বামিনো যুক্তং যুক্তং নীচস্য দূষণম্।
অমৃতং রাহবে মৃত্যুর্বিষং শঙ্করভূষণম্॥

অত্যন্ত প্রভাবশালী প্রভু যদি হয়,
অযোগ্য বস্তুও যোগ্য জন-সেব্য হয়।
নীচের যদ্যপি তথাবিধ আচরণ,
তাহা হয় তার উপহাসের কারণ।
দেবের দুর্লভ দ্রব্য অমৃত ভক্ষণে,
রাহুর মস্তক কাটে দেবে সেইক্ষণে।
এমন বিষম বিষ করিয়া ভক্ষণ,
নীলকণ্ঠ হইলেন দেবের ভূষণ॥

বন্ধনেঽপি সুখম্।

(৯)

বন্ধনানি খলু সন্তি বহূনি, প্রেমরজ্জুকৃতবন্ধনমন্যৎ।
দারুভেদনিপুণোঽপি ষড়ঙ্ঘ্রি র্নিষ্ক্রিয়ো ভবতি পঙ্কজকোষে॥

বহুবিধ ভেদ দেখ বন্ধনের হয়,
প্রেমরজ্জু দিয়া বাঁধা বন্ধনই নয়।
সুনিপুণ কাষ্ঠ ভেদে ক্লেশিত ভ্রমর,
পদ্ম মধ্যে বদ্ধ হ'য়ে সুখিত-অন্তর॥

মানভঙ্গাসহত্বম্।

(১০)

বরং প্রাণপরিত্যাগো মানভঙ্গেন জীবনম্।
প্রাণত্যাগে ক্ষণং দুঃখং মানভঙ্গে দিনে দিনে॥

মান যদি যায় তার বিফল জীবন,
সে জীবন হ'তে ভাল অবশ্য মরণ।
ক্ষণেকের তরে প্রাণনাশে কষ্ট হয়,
মাননাশে চিরদুঃখ জানিবে নিশ্চয়॥

গ্রাম্য-রসিকতা।

(১১)

বিপ্রাস্মিন্ নগরে মহান্ কথয় কস্তালদ্রুমাণাং গণঃ,
কো দাতা রজকো দদাতি বসনং প্রাতর্গৃহীত্বা নিশি।
কো দক্ষঃ পরবিত্তদারহরণে সর্ব্বোঽপি দক্ষো জনঃ,
কস্মাজ্জীবসি হে সখে বিষকৃমিন্যায়েন জীবাম্যহম্॥

প্রশ্ন—বিপ্র! এ নগরে বড় আছে কোন জন?
উত্তর—এ নগরে বড় হয় তালতরুগণ।
প্রশ্ন—বিপ্র! এ নগরে দাতা তবে কেবা হয়?
উত্তর—দিনে নেয় রাত্রে দেয় ধোবা মহাশয়।
প্রশ্ন—হে বটু! কে পটু পরস্ত্রীধন-হরণে?
উত্তর—তায় দক্ষ এ নগরবাসী জনে জনে।
প্রশ্ন—সখে! কোন্ সুখে তবে জীবন ধারণ?
উত্তর—বিষক্রিমি ন্যায়ে হয় জীবন সাধন।

বিষ কীট বিষ মধ্যে করে অবস্থান,
বিষ জ্বালা কভু নাহি হয় তার জ্ঞান॥

নারীবশ্যতা-দোষঃ।

(১২)

যো মোহান্মন্যতে মূঢ়ো রক্তেয়ং ময়ি কামিনী।
স তস্যা বশগো ভূত্বা নৃত্যেৎ ক্রীড়াশকুন্তবৎ॥

যে মানব মনে করে মহা-মোহ-বশে
থাকিবে রমণী এই নিত্য মম বশে।
সে মূঢ় হইয়া সেই কামিনীর বশ,
ক্রীড়া-পাখী সম নাচে হইয়া অবশ॥

হিংসিত-হিংসনম্।

(১৩)

কৃতে প্রতিকৃতিং কুর্য্যাদ্ধিংসনে প্রতিহিংসনম্।
তত্র দোষো ন পততি দুষ্টে দুষ্টং সমাচরেৎ॥

যে জন অল্পও মাত্র করে উপকার,
করিতে হইবে প্রতি-উপকার তার।
হিংসকের প্রতিহিংসা করিতে হইবে,
ইহাতে কোনই দোষ কভু না ঘটিবে।
শিষ্টে শিষ্টাচার দুষ্টে দুষ্ট ব্যবহার,
করাই উচিত ইহা নীতি-শাস্ত্র-সার॥

দৈবপ্রাবল্যম্।

(১৪)

অম্ভোধিঃ স্থলতাং স্থলং জলধিতাং ধূলীলবঃ শৈলতাং
মেরুর্ম্মৃৎকণতাং তৃণং কুলিশতাং বজ্রং তৃণপ্রায়তাম্।
বহ্নিঃ শীতলতাং হিমং দহনতামায়াতি যস্যেচ্ছয়া,
হেলাদুর্ললিতাদ্ভুতব্যসনিনে দেবায় তস্মৈ নমঃ॥

অব্ধি উচ্চ ভূমি, উচ্চ ভূমি রত্নাকর,
ধূলিকণা শৈল, শৈল বালুকা নিকর।

তৃণ বজ্র, বজ্র তৃণ, বহ্নি হিমপ্রায়,
হিম বহ্নি হয় যার ইচ্ছাতে হেলায়।
তা' হ'তে অদ্ভুত শিল্পী নাহি দেখি আর,
সেই দেবতার পদে করি নমস্কার॥

(১৫)

ভগ্নাশস্য করণ্ডপিণ্ডিততনোর্ম্লানেন্দ্রিয়স্য ক্ষুধা,
কৃত্বাখুর্বিবরং স্বয়ং নিপতিতো নক্তং মুখে ভোগিনঃ।
তৃপ্তস্তৎপিশিতেন সত্বরমসৌ তেনৈব যাতঃ পথা,
স্বস্থাস্তিষ্ঠতি দৈবমেব হি নৃণাং বৃদ্ধৌ ক্ষয়ে চোদ্যতম্॥

শরাবে আবৃত-মুখ হাঁড়ি অভ্যন্তরে,
প্রবেশিয়া ক্ষুধাক্লিষ্ট সর্প বাস করে।
শরা কাটি করি ছিদ্র মূষিক তখন,
সেই পাত্র মধ্যে ত্বরা করিল গমন।
মূষিকের মাংসে সর্প পূরিয়া উদর,
তার কৃত পথ দিয়া পলায় সত্বর।
একদিকে বিনায়াসে সর্পের আহার,
অন্যত্র আহার-ব্যগ্র মূষিক-সংহার;
অতএব মানুষের দৈবই প্রধান,
ক্ষতিবৃদ্ধি উভয়ের দৈবই প্রমাণ॥

দুর্জ্জন-সঙ্গপ্রসঙ্গঃ।

(১৬)

কোঽর্থান্ প্রাপ্য ন গর্ব্বিতো বিষয়িণঃ কস্যাপদোঽস্তং গতাঃ,
স্ত্রীভিঃ কস্য ন খণ্ডিতং ভুবি মনঃ কো নাম রাজপ্রিয়ঃ।

কঃ কালস্য ন গোচরত্বমগমৎ কোঽর্থী গতো গৌরবম্,
কো বা দুর্জ্জন-দুর্গমে নিপতিতঃ ক্ষেমেণ যাতঃ পথি ॥

অর্থলাভে কোন্ জন না হয় গর্ব্বিত?
বিষয়ী না হয় কেবা বিপদে পতিত?
না ভাঙ্গে চতুরা নারী বল কার মন?
ভূতলে রাজার প্রিয় হয় কোন জন?
কোন প্রাণী কালগর্ভে না করে প্রবেশ?
প্রার্থী জন পায় কোথা গৌরব বিশেষ?
দুর্জ্জন-দুর্গমীকৃত পথেতে পড়িয়া,
বিনা বিঘ্নে কেবা বল যায় উত্তরিয়া?

(১৭)

তক্ষকস্য বিষং দন্তে মক্ষিকায়া বিষং শিরে।
বৃশ্চিকস্য বিষং পুচ্ছে সর্ব্বাঙ্গে দুর্জ্জনে বিষম্ ॥

ভুজঙ্গের দন্তে বিষ মক্ষিকার শিরে।
বৃশ্চিকের পুচ্ছে দুর্জ্জনের স্বশরীরে ॥

অখ্যাতি-সূচনা।

(১৮)

লোভশ্চেদগুণেন কিং পিশুনতা যদ্যস্তি কিং পাতকৈঃ,
সত্যং চেত্তপসা চ কিং শুচি মনো যদ্যস্তি তীর্থেন কিম্।
সৌজন্যং যদি কিং গুণৈঃ সুমহিমা যদ্যস্তি কিং মণ্ডনৈঃ,
সদ্বিদ্যা যদি কিং ধনৈরপযশো যদ্যস্তি কিং মৃত্যুনা ॥

একে লোভ মহা হেয় গুণ মধ্যে গণ্য,
তাহাতে লোভীর যদি থাকে দোষ অন্য।

তাহার উল্লেখ বল কেবা আর করে,
লোভের প্রাধান্য সব দোষের উপরে।
তদ্রূপ খলতা দোষ পাপের প্রধান,
খলের অপর পাপ কে করে সন্ধান।
যদি সত্য থাকে কিবা করে তপস্যায়,
মনে শুচি কিবা ফল তীর্থের সেবায়।
সৌজন্য থাকিলে অন্য গুণে কিবা কাজ,
মহিমা থাকিলে কিবা বেশ-ভূষা সাজ।
সদ্‌বিদ্যা থাকিলে ধনে কিবা প্রয়োজন,
অকীর্ত্তিমানের মৃত্যু কে করে গণন॥

জাতিগত-গৌরবম্।

(১৯)

মণির্লুঠতি পাদাগ্রে কাচঃ শিরসি ধার্য্যতে।
ক্রয়-বিক্রয়বেলায়াং কাচঃ কাচো মণির্মণিঃ॥

পাদাগ্রে যদিও মণি হয় বিলুণ্ঠিত,
কাচ যদি, মস্তকেতে হয় অবস্থিত।
উপস্থিত হ'লে ক্রয়-বিক্রয় সময়,
কাচমূল্যে কাচ মণিমূল্যে মণি লয়॥

(২০)

ধন্যা দ্বিজময়ী নৌকা বিপরীতা ভবার্ণবে।
তরন্ত্যধো গতাঃ সর্ব্ব উপরিস্থাঃ পতন্ত্যধঃ॥

দ্বিজরূপ নৌকা ধন্য সংসার-সাগরে,
যাহার আশ্রয়ে লোকে ভবার্ণবে তরে।
সাধারণ তরণীর উপরে বসিয়া,
পরপারে লোক যায় অক্লেশে চলিয়া।

এ নৌকার ঊর্দ্ধভাগে যারা অবস্থিত,
তাহারাই অধোদেশে হইবে পতিত॥

ভাগ্যহীন-প্রসঙ্গঃ।

(২১)

খল্বাটো দিবসেশ্বরস্য কিরণৈঃ সন্তাপিতে মস্তকে,
বাঞ্ছন্ দেশমনাতপং দ্রুততরং বিল্বস্য মূলং গতঃ
তত্রাপ্যস্য মহাফলেন পততা ভগ্নং সশব্দং শিরঃ,
প্রায়ো গচ্ছতি যত্র ভাগ্য রহিতস্তত্রাপদাং ভাজনম্।

রৌদ্রতাপে খল্বাটের (১) মস্তক জ্বলিল,
সে সত্বর বিল্বমূল আশ্রয় করিল।
সেথা পাকা বেল প'ড়ে ভাঙ্গে শির তার,
দুর্ভাগা যেখানে যাক বিপদ্ তাহার॥

(২২)

হিত্বা বাড়বসন্নিধিং শশধরো যাতঃ শিরঃ শাম্ভবং,
তত্রাসৌ হরলোচনাগ্নি-গরল-জ্বালাভিরুত্তাপিতঃ।
তেনেন্দুর্দিবমাজগাম পতিতস্তত্রাপি রাহোর্মুখে,
প্রায়ো গচ্ছতি যত্র ভাগ্যরহিতস্তত্রৈব যান্ত্যাপদঃ॥

বাড়ব অনলে দগ্ধ চন্দ্র শিবশিরে,
শীতল হইতে যান শিরোগঙ্গানীরে।
সেখানেও সর্পবিষ আর নেত্রানলে,
উত্তাপিত হয়ে যান গগনমণ্ডলে।
সেখানেও রাহু আসে গ্রাস করিবারে,
অভাগা যেখানে যা'ক বিপন্ন সংসারে॥

(১) টেকো—যাহার মাথায় টাক পড়ায় চুল উঠিয়া যায়।

(২৩)

সিংহিকাসুত-সন্ত্রস্তঃ শশঃ শীতাংশুমাশ্রিতঃ।
জগ্রসে সাশ্রয়ং তত্র তমন্যঃ সিংহিকাসুতঃ॥

ক্ষুদ্র খরগোশ সিংহী-শাবকের ভয়ে,
দৌড়িয়া দাঁড়ায় গিয়া চন্দ্রের আশ্রয়ে।
সেখানেও রাহু গ্রাসে চন্দ্রের সহিত,
অভাগা কুত্রাপি নাহি লভে আত্মহিত॥

নিস্পৃহ-প্রসঙ্গঃ।

(২৪)

ধর্ম্মো যস্য পিতা ক্ষমা চ জননী শান্তিঃ সদা গেহিনী,
সত্যং সূনুরয়ং দয়া চ ভগিনী ভ্রাতা মনঃসংযমঃ।
শয্যা ভূমিতলং দিশোঽপি বসনং জ্ঞানামৃতং ভোজনং,
যস্যাস্তীহ কুটুম্বিনো বদ সখে কস্মাদ্‌ভয়ং যোগিনঃ॥

ধর্ম্ম পিতা ক্ষমা মাতা স্ত্রী শান্তি অপর,
সত্য পুত্র ভগ্নী দয়া সংযম সোদর।
শয্যা ভূমি দিক্ বস্ত্র জ্ঞানামৃত-পান,
এরূপ কুটুম্বে যোগী ভয় নাহি পান॥

(২৫)

পিতা বিবেকঃ সুমতির্জনিত্রী,
স্বসাপ্যহিংসা দয়িতা দয়ৈব।
ধর্ম্মঃ সহায়ঃ করুণা কুমারী,
যস্যাভয়ং সর্ব্বত এব তস্য॥

জনক বিবেক আর সুমতি জননী,
ভগিনী অহিংসা দয়া যাহার ঘরণী।

করুণা কুমারী ধর্ম্ম সুসহায় যার,
সর্ব্বত্র অভয় ভবে জানিবে তাহার

স্থানস্থিতি-প্রভাবঃ।

(২৬)

স্থানং প্রধানং ন বলং প্রধানং, স্থানস্থিতঃ কাপুরুষোঽপি সিংহঃ।
জানামি রে পন্নগ তে প্রভাবং, কণ্ঠস্থিতো গর্জ্জসি শঙ্করস্য॥

স্থানের প্রাধান্য—নহে বলের প্রাধান্য,
স্থানস্থিত কাপুরুষ সিংহসম মান্য।
রে পন্নগ! জানি তোর প্রভাব কেমন,
হরকণ্ঠে স্থিত তাই গর্জ্জিস্ এমন॥

পরাশ্রয়-ক্লেশকথা।

(২৭)

শিরসা ধার্য্যমাণেন সোমঃ সৌম্যেন শম্ভুনা।
তথাপি কৃশতাং ধত্তে কষ্টং খলু পরাশ্রয়ঃ॥

ধরিলেও চন্দ্রে শিরে সৌম্যমূর্ত্তি হর।
পরাশ্রয়-কষ্টে কৃশ তবু শশধর॥

লক্ষ্যাশ্চাঞ্চল্যম্।

(২৮)

আপদ্গতং হসসি কিং দ্রবিণান্ধ মূঢ়,
লক্ষ্মীঃ স্থিরা ন ভবতীতি কিমত্র চিত্রম্।
এতান্ন পশ্যসি ঘটান্ জলযন্ত্রমধ্যে,
রিক্তা ভবন্তি ভরিতা ভরিতাশ্চ রিক্তাঃ॥

রে ধনান্ধ মূঢ়! কেন হাসিস্ আপদে,
লক্ষ্মী যে চঞ্চলা হন নিত্য পদে পদে।
ইথে কি বৈচিত্র!—ইহা দেখ নাই হায়,
জলে দিলে শূন্য ঘট পূর্ণ হয়ে যায়।
পুনরপি সেই জল হয়ে গেলে ব্যয়,
সেই বারিহীন ঘট শূন্য পড়ে রয়॥

(২৯)

অধনোঽয়ং ধনং প্রাপ্য মাদ্যন্নুচ্চৈর্ন মাং স্মরেৎ।
ইতি কারুণিকো নূনং ধনং মে ভূরি নাদদৎ॥

যদি এ দরিদ্র মত্ত হয়ে যায় ধনে,
তা'হলে স্মরণ মম না করিবে মনে।
বিচার করিয়া ইহা বিধি কৃপাময়,
দেন নাই মোর হাতে ধন অতিশয়॥

ভগবদ্-ভক্তিঃ।

(৩০)

কিং পাদ্যং ভবতে ভবেৎ সুরসরিৎপাদোদকায় প্রভো,
কো দীপস্তরুণেক্ষণায় গরুড়ারূঢ়ায় কিং বাহনম্।
কিং ভোজ্যং জগদন্নদায় বসনং কিং দিব্যবাসোধৃতে,
কিং স্তোত্রং নিগমাগমায় তদলং ভক্তির্ভবত্বস্টয়ে॥

যাঁর পাদোদক গঙ্গা কি পাদ্য তাঁহার,
কি দিব প্রদীপ অতিতীক্ষ্ণ দৃষ্টি যাঁর।
কি বাহন দিব আমি গরুড়-বাহনে,
কিবা দিব বস্ত্র দিব্য বস্ত্র-পরিধানে।

যিনি অন্নদানে সৃষ্টি করেন পালন,
কোন অন্নে তাঁর তৃপ্তি করিব সাধন।
নিগম-আগমময়ে কি করিব স্তব,
করিব কেবল ভক্তি থাক ঐ সব।

(৩১)

ব্যাধস্যাচরণং ধ্রুবস্য চ বয়ো বিদ্যা গজেন্দ্রস্য কা,
কা জাতির্বিদুরস্য যাদবপতেরুগ্রস্য কিং পৌরুষম্।
কুব্জায়াঃ কিমু নাম রূপমধিকং কিন্তৎ সুদাম্নো ধনং
ভক্ত্যা তুষ্যতি কেবলং হরিরতো ভক্তিপ্রিয়ো মাধবঃ॥

ধ্রুবের বয়স আর গজেন্দ্রের জ্ঞান,
বিদুরের জাতি কি ব্যাধের অনুষ্ঠান।
কুব্জার সৌন্দর্য্য, বীর্য্য কি উগ্রসেনের,
ধনৈশ্বর্য্য ছিল কিবা সুদামা দ্বিজের।
কেবল ভক্তিতে তুষ্ট সদা হরি হন,
তাই তাঁরে ভক্তিপ্রিয় ভক্তগণ কন।

(৩২)

স্বর্গাপবর্গয়োঃ পুংসাং রসায়াং ভুবি সম্পদাম্।
সর্ব্বাসাং কার্য্যসিদ্ধীনাং মূলং তচ্চরণার্চ্চনম্॥

ইহ লোকে লক্ষ্মীলাভ অন্তে স্বর্গবাস,
মুক্তি আদি সব সিদ্ধি-মূল শ্রীনিবাস।

(৩৩)

ক্বাহং দরিদ্রঃ পাপীয়ান্ ক্ব কৃষ্ণঃ শ্রীনিকেতনঃ।
ব্রহ্মবন্ধুরিতি স্মাহং বাহুভ্যাং পরিরম্ভিতঃ

কোথায় দরিদ্র আমি অতি পাপী জন,
আর কোথা সেই কৃষ্ণ লক্ষ্মী-নিকেতন।

যদিও অধম আমি তিনি দয়াময়,
আলিঙ্গিলা মোরে প্রসারিয়া বাহুদ্বয়॥

অসঞ্চয়-দোষঃ।

(৩৪)

প্রপদ্য বিপুলাং লক্ষ্মীং যঃ করোতি ন সদ্ব্যয়ম্।
ধনানাঞ্চৈব বস্ত্রাণাং মূষকঃ স ইতি স্মৃতঃ॥

পেয়ে বহু ধন যে না করিল সদ্ব্যয়।
বস্ত্র ধন চোর তারে জানিবে নিশ্চয়॥

বিশেষ-দোষ-বিশ্লেষঃ

(৩৫)

শীতভীতশ্চ বিপ্রশ্চ রণভীতশ্চ ক্ষত্রিয়ঃ।
ধনাঢ্যো দানভীতশ্চ ত্রিভিঃ স্বর্গো ন গম্যতে॥

শীতভীত বিপ্র রণভীত যে ক্ষত্রিয়।
ধনবান দানভীত স্বর্গের অপ্রিয়॥

বিপ্রগৃহে ঐশ্বর্য্যাভাবব্যাজঃ।

(৩৬)

পীতোঽগস্ত্যেন তাতশ্চরণতলহতো বল্লভোঽন্যেন রোষা-
দাবাল্যাদ্বিপ্রবর্য্যৈঃ স্ববদনবিবরে ধার্য্যতে বৈরিণী মে।
গেহং মে ছেদয়ন্তি প্রতিদিবসমুমাকান্তপূজানিমিত্তম্,
তস্মাৎ খিন্না সদাহং দ্বিজকুলসদনং নাথ নিত্যং ত্যজামি॥

মহর্ষি অগস্ত্য মম জনক সাগরে,
গণ্ডুষে তুলিয়া এককালে পান করে।

ক্রোধিত মহর্ষি ভৃগু পতিরে আমার,
বক্ষোদেশে করিলেন পাদ-সম্প্রহার।
সরস্বতী শত্রু মোর—বিপ্রগণ মুখে,
ধারণ করিয়া রাখে সদা মহাসুখে।
বিল্ববৃক্ষে হয় মম সর্ব্বদা নিবাস,
তার পাতা ছিঁড়ে তারা পূজে কৃত্তিবাস।
এ কারণে খিন্ন হ'য়ে জানিবে নিশ্চয়।
করি পরিত্যাগ আমি বিপ্রের আলয়॥

ধনবৈফল্যম্।

(৩৭)

কিং তয়া ক্রিয়তে লক্ষ্ম্যা যা বধূরিব কেবলা।
যা তু বেশ্যেব সামান্যা পথিকৈরপি গৃহ্যতে॥

কার্য্যকালে যাহা নাহি হয় সুব্যয়িত,
কুলবধূ সম কোষে থাকে সুরক্ষিত।
অথবা গণিকা সম যাহা সাধারণ,
প্রকাশ্যে পথিক পারে করিতে গ্রহণ।
এহেন নিন্দিত ধন করিয়া সঞ্চয়,
মানবের নাহি হয় কিছু ফলোদয়॥

(৩৮)

ধনেষু জীবিতব্যে চ স্ত্রীষু চাহারকর্ম্মসু।
অতৃপ্তাঃ প্রাণিনঃ সর্ব্বে যাতা যাস্যন্তি যান্তি চ॥

ধনে স্ত্রীসম্ভোগে আর জীবনে আহারে,
এসংসারে নহি কেহ তৃপ্ত হতে পারে।
ভূত ভবিষ্যৎ বর্ত্তমান অবস্থায়,
অতৃপ্ত থাকিয়া সব প্রাণী চলে যায়॥

তপসঃ সর্ব্বসাধকত্বম্।

(৩১)

যদ্দূরং যদ্দুরারাধ্যং যচ্চ দূরে ব্যবস্থিতম্।
তৎসর্ব্বং তপসা সাধ্যং তপো হি দুরতিক্রমঃ॥

যাহা দুরারাধ্য যাহা দূরে অবস্থিত,
আর যাহা অতিদূরে আছে অধিষ্ঠিত।
সকল দুঃসাধ্য হয় সাধ্য তপস্যায়,
তপের অলভ্য কিবা আছে এ ধরায়॥

চতুর্দ্দশ অধ্যায় সমাপ্ত॥ ১৪ ॥

পঞ্চদশঃ অধ্যায়ঃ।

পতিভক্তিপ্রসঙ্গঃ।

(১)

পত্যুরাজ্ঞাং বিনা নারী হ্যুপোষ্যাব্রতচারিণী।
আয়ুরাহরতে ভর্ত্তুঃ সা নারী নরকং ব্রজেৎ॥

পতি-অনুমতি বিনা উপবাস ব্রত,
নারীর না হয় কভু শাস্ত্র-সুসম্মত।
করিলে পতির ইথে আয়ুঃক্ষয় হয়,
নারীরও নরকে গতি হবে সুনিশ্চয়॥

(২)

ন দানৈঃ শুধ্যতে নারী হ্যুপবাসশতৈরপি।
ন তীর্থসেবয়া তদ্বদ্ভর্ত্তুঃ পাদোদকৈর্যথা॥

শত উপবাসে কিংবা তীর্থ নিষেবণে,
না হয় নারীর শুদ্ধি ধন-বিতরণে।

একমাত্র পতি-পাদোদক করে পান,
রমণীর শুদ্ধ হয় সদা মন প্রাণ॥

দানপ্রশংসা।

(৩)

পিতা রত্নাকরো যস্য লক্ষ্মীর্যস্য সহোদরী।
শঙ্খো ভিক্ষাটনং কুর্য্যান্নাদত্তমুপতিষ্ঠতে॥

পিতা যার রত্নাকর লক্ষ্মী ভগ্নী যার,
সেই শঙ্খ ভিক্ষা করে ফিরে দ্বারে দ্বার।
বাদ্য বাজাইয়া করে সর্ব্বত্র অটন,
কোনোক্রমে নাহি দিলে মিলে না যে ধন॥

অশক্তস্য সাধুতাব্যাজঃ।

(৪)

অশক্তস্তু ভবেৎ সাধুর্ব্রহ্মচারী চ নির্ধনঃ।
ব্যাধিতো দেবভক্তশ্চ বৃদ্ধা নারী পতিব্রতা॥

অশক্ত ব্যক্তিরা সাধু সাজিয়া বেড়ায়,
নির্ধনের ব্রহ্মচর্য্য প্রায় দেখা যায়।
ব্যাধিগ্রস্ত সমস্তেই দেবভক্ত হয়,
অতীত যৌবনে পতিব্রতা কেবা নয়॥

জলস্যাশুদ্ধিঃ।

(৫)

পাদ্যশেষং পীতশেষং সন্ধ্যাশেষং তথৈব চ।
শ্বমূত্রসদৃশং তোয়ং পীত্বা চান্দ্রায়ণং চরেৎ॥

পাদধৌত অন্তে যাহা পাত্রে পড়ে রয়,
পান অবসানে যাহা অবশিষ্ট হয়।
সন্ধ্যাবন্দনার পর থাকে যেবা জল,
কুকুরের মূত্রসম জানিবে সকল।
হেন অপবিত্র জল পান যে করিবে,
চন্দ্রায়ণ-আচরণে সে বিশুদ্ধ হবে॥

উৎকর্ষহেতুস্তিঃ।

(৬)

দানেন পাণির্ন তু কঙ্কণেন,
স্নানেন শুদ্ধির্ন তু চন্দনেন।
মানেন তৃপ্তির্ন তু ভোজনেন,
জ্ঞানেন মুক্তির্ন তু মুণ্ডনেন॥

দানেই হস্তের শোভা, কিন্তু না কঙ্কণে,
স্নান বিনা দেহ শুদ্ধ না হয় চন্দনে।
সম্মানে মনের তৃপ্তি—না হয় ভোজনে,
জ্ঞান বিনা মুক্তি নাহি কেবল মুণ্ডনে॥

লক্ষ্মীনাশকরম্।

(৭)

নাপিতস্য গৃহে ক্ষৌরং পাষাণে গন্ধলেপনম্।
আত্মরূপং জলে পশ্যন্ শক্রস্যাপি শ্রিয়ং হরেৎ॥

নাপিতের গৃহে গিয়া ক্ষৌর-আচরণ,
পাষাণ হইতে তুলি চন্দন-লেপন।
আর জলমধ্যে নিজ ছায়ার দর্শন,
ইন্দ্রেরও হইবে ইথে ঐশ্বর্য্য হরণ॥

(৮)

সদ্যঃ প্রজ্ঞাহরা তুন্বী সদ্যঃ প্রজ্ঞাকরী বচা।
সদ্যঃ শক্তিহরা নারী সদ্যঃ শক্তিকরং পয়ঃ॥

অলাবু ভক্ষণে সদ্য বুদ্ধি ক্ষীণ হয়,
বচায় হইবে সদ্য বুদ্ধি-উপচয়।
কামিনী সেবায় শক্তি সদ্য হয় ক্ষয়,
দুগ্ধপানে সদ্য হয় শক্তির সঞ্চয়॥

পৌত্রমুখদর্শনানন্দঃ।

(৯)

যদি রামা যদি চ রমা, যদি খলু তনয়ো বিনয়গুণোপেতঃ
তনয়ে তনয়োৎপত্তিঃ, সুরবরনগরে কিমাধিক্যম্॥

যদি নিজ ধর্ম্মপত্নী হয় মনোরমা,
আর যদি সুপ্রসন্না গৃহে দেবী রমা।
নানাগুণে সমন্বিত যদ্যপি তনয়,
তনয়ের পুত্র—পৌত্র-মুখ দৃষ্ট হয়।
হেন মানবের মর্ত্ত্য নিত্য সুখকর,
বাসবের স্বর্গবাস কি অধিকতর?

পরোপকার-প্রশংসা।

(১০)

পরোপকরণং যেষাং জাগর্ত্তি হৃদয়ে সতাম্।
নশ্যন্তি বিপদস্তেষাং সম্পদঃ স্যুঃ পদে পদে॥

পরউপকার হৃদে সদা জাগে যাঁর,
তিনিই যথার্থ সাধু ধরণী মাঝার।

আপদ্ বিপদ্ তাঁর সব হয় দূর,
পদে পদে লাভ হয় সম্পদ্ প্রচুর।

পশুব্যবহারী নরঃ।

(১১)

আহার-নিদ্রা-ভয়-মৈথুনানি,
সমানি চৈতানি নৃণাং পশূনাম্।
জ্ঞানং নরাণামধিকো বিশেষো,
জ্ঞানেন হীনাঃ পশুভিঃ সমানাঃ॥

মৈথুন আহার নিদ্রা কিংবা আর ভয়,
পশুর মতন ইহা মানবেও রয়।
পশুরাও এসকল যথাকালে করে,
কিবা ভেদ বল তবে পশু আর নরে?
জ্ঞান হয় মানবের কেবল প্রধান,
সেই জ্ঞানহীন নর পশুর সমান॥

(১২)

অস্মান্ বিচিত্রবপুষশ্চিরপৃষ্ঠলগ্নান্,
কস্মাদ্বিমুঞ্চসি বিভো যদি মুঞ্চ মুঞ্চ।
হা হন্ত কেকিবর হানিরিয়ং তবৈব,
গোপালমৌলিমুকুটে ভবিতা স্থিতির্নঃ॥

ময়ূর আপন গাত্র করে কণ্ডুয়ন,
পাখাও খসার খেদে বলিল তখন।
নানাবর্ণে চিত্র মোরা তব পৃষ্ঠদেশ,
চির করি তোমা সুশোভিত সবিশেষ।

কেন আমাদের ত্যজ—ত্যজিলে তাহায়,
ওহে! কোকিবর হানি তোমারই হায়।
আমাদের দিবাস্থান আছে নির্দ্ধারিত,
গোপাল-মুকুটে মোরা সব বিরাজিত।

পরদুঃখানভিজ্ঞাঃ।

(১৩)

রাজা বেশ্যা যমশ্চাগ্নিস্তস্করো বালযাচকৌ।
পরদুঃখং ন জানন্তি অষ্টমো গ্রামকণ্টকঃ॥

রাজা বেশ্যা যম অগ্নি বালক তস্কর,
প্রার্থী আর নগরের সদা পীড়াকর।
পরদুঃখে ইহাদের দুঃখ নাহি হয়,
যত পারে নিরন্তর তত টানি লয়॥

প্রেমকৌতুকম্।

(১৪)

অধঃ পশ্যসি কিং বালে পতিতং তব কিং ভুবি
রে রে মূর্খ ন জানাসি গতং তারুণ্যমৌক্তিকম্॥

প্রশ্ন— হে প্রিয়সি! অধোমুখে কি দেখ চাহিয়া,
কোন বস্তু ভূমিতলে গিয়াছে পড়িয়া।
উত্তর— ওহে মূর্খ-প্রিয়! তুমি দেখ না কি হায়,
খসিয়া যৌবন-মুক্তা পড়েছে ধরায়॥

গুণোৎকর্ষে দোষোপেক্ষা।

(১৫)

ব্যালাশ্রয়াপি বিকলাপি সকণ্টকাপি,
বক্রাপি পঙ্কিলভবাপি দুরাসদাপি।
গন্ধেন বন্ধুরসি কেতকি সর্ব্বজন্তো,-
রেকো গুণঃ খলু নিহন্তি সমস্তদোষান্॥

যদিও কেতকী তুমি সর্পের আশ্রয়,
কণ্টকে আকীর্ণ দেহ ফলহীন হয়।
কর্দ্দমে জনম তব বক্র অবয়ব,
সহজে না পায় তোমা কখনো মানব।
কিন্তু গন্ধগুণে বন্ধু তুমি সকলের,
একগুণে উপশম সমস্ত দোষের॥

অনাদরমূঢ়তা।

(১৬)

দানার্থিনো মধুকরা যদি কর্ণতালৈঃ,
দূরীকৃতাঃ করিবরেণ মদান্ধবুদ্ধ্যা।
তস্যৈব গণ্ডযুগমণ্ডনহানিরেষা,
ভৃঙ্গাঃ পুনর্বিকচপদ্মবনে বসন্তি॥

মাতঙ্গের গণ্ডে মধুগন্ধে মধুকর,
মধুপান করে, হ'য়ে সানন্দ অন্তর।
কর্ণতালে করী যদি ভ্রমরে তাড়ায়,
তখনি ত্যজিয়া গণ্ড তারা উড়ে যায়।

ভ্রমরের ইথে কিছু নাহি হয় ক্ষতি,
করে গিয়া তারা পদ্ম-উপরে বসতি।
কমলের মধুপানে তারা তৃপ্তি পায়,
মদান্ধ করির গণ্ড বঞ্চিত শোভায়॥

পঞ্চদশ অধ্যায় সমাপ্ত॥ ১৫॥

ষোড়শঃ অধ্যায়ঃ।

প্রাজ্ঞ-প্রশংসা।

(১)

পণ্ডিতে চ গুণাঃ সর্ব্বে মূর্খে দোষা হি কেবলম্
তস্মান্মূর্খসহস্রেভ্যঃ প্রাজ্ঞ একো বিশিষ্যতে॥

যেহেতু পণ্ডিতে সর্ব্বগুণ-অধিষ্ঠান।
মূর্খে মাত্র দোষরাশি করে অবস্থান॥
অতএব সহস্র সহস্র মূর্খ হ'তে।
একজন জ্ঞানবান শ্রেষ্ঠ পৃথিবীতে॥

(২)

প্রাজ্ঞে নিযোজ্যমানে হি সন্তি রাজ্ঞস্ত্রয়ো গুণাঃ
যশঃ স্বর্গনিবাসশ্চ বিপুলশ্চ ধনাগমঃ॥

বিজ্ঞজনে কার্য্যভার বিন্যস্ত হইলে।
তিন গুণ ভূপতির অবশ্যই মিলে॥
যশ অনুপম আর স্বর্গে বাসস্থান।
বৈভব বিপুল মিলে অনেক সন্ধান॥

(৩)

নাপ্রাপ্যমভিবাঞ্ছন্তি নষ্টং নেচ্ছন্তি শোচিতুম্।
আপৎস্বপি ন মুহ্যন্তি নরাঃ পণ্ডিতবুদ্ধয়ঃ॥

অপ্রাপ্য বস্তুতে যাঁর নাহিক বাসনা।
বিনষ্ট বিষয়ে নাই কোনই শোচনা॥
বিপৎকালেও যাঁর বুদ্ধি স্থির রয়।
যথার্থ পণ্ডিত তিনি জানিবে নিশ্চয়॥

(৪)

শোকস্থানসহস্রাণি ভয়স্থানশতানি চ।
দিবসে দিবসে মূঢ়মাবিশন্তি ন পণ্ডিতম্॥

শোকস্থান এ সংসারে সহস্র সহস্র।
শত শত ভয়স্থান দেখিবে অজস্র॥
মূর্খই তাহাতে নিত্য হয় বিচলিত।
পণ্ডিত কখন নাহি হন আকুলিত॥

(৫)

পাপেঽপ্যপাপঃ পরুষেঽপ্যভিধত্তে প্রিয়াণি যঃ
মৈত্রী দ্রবান্তঃকরণস্তস্য স্বর্গ ইহৈব হি॥

শত্রুজনে থাকে যাঁর মিত্র-ব্যবহার।
নিষ্ঠুরভাষীর প্রতি প্রিয় বাক্য যাঁর॥
স্নেহরসে সিক্ত যাঁর সর্ব্বদা হৃদয়।
মর্ত্ত্যেই তাঁহার স্বর্গ বুঝিবে নিশ্চয়॥

(৬)

কুলীনৈঃ সহ সম্পর্কঃ পণ্ডিতৈঃ সহ মিত্রতাম্।
জ্ঞাতিভিশ্চ সমং মেলং কুর্ব্বাণো ন বিনশ্যতি।

থাকে যার কুলীনের সহ বান্ধবতা।
পণ্ডিতের সনে যার সুদৃঢ় মিত্রতা॥
যার থাকে মিল সদা জ্ঞাতির সহিত।
বিনাশ নাহিক তার জানিবে নিশ্চিত॥

বিদ্যাভূষণতা।

(৭)

শর্ব্বরীভূষণং চন্দ্রো নারীণাং ভূষণং পতিঃ।
পৃথিবীভূষণং রাজা বিদ্যা সর্ব্বস্ব ভূষণম্॥

নিশাকর-কর হয় ভূষণ রাত্রির।
এক মাত্র পতি অলঙ্কার রমণীর॥
নৃপতির সুশাসনে রাজ্য শোভা পায়।
সকলেই পায় শোভা কেবল বিদ্যায়॥

(৮)

ন চ বিদ্যাসমো বন্ধুর্ন চ ব্যাধিসমো রিপুঃ।
ন চাপত্যসমঃ স্নেহো ন চ দৈবাৎ পরং বলম্॥

বিদ্যার সদৃশ বন্ধু আর কেহ নাই।
ব্যাধির সমান শত্রু দেখিতে না পাই?
সন্তান-সমান স্নেহ অন্যে নাহি হয়।
দৈব হ'তে শ্রেষ্ঠ কেহ নাহিক নিশ্চয়॥

(৯)

নাস্তি বিদ্যাসমং চক্ষুর্নাস্তি সত্যসমং তপঃ।
নাস্তি রাগসমং দুঃখং নাস্তি ত্যাগসমং সুখম্॥

বিদ্যার সদৃশ আর নাহিক নয়ন।
সত্যের মতন নাই তপের সাধন॥
আসক্তির তুল্য আর কিছু নাহি দুখ।
সংসারে ত্যাগের তুল্য নাহি দেখি সুখ॥

(১০)

হস্তস্য ভূষণং দানং সত্যং কণ্ঠস্য ভূষণম্।
কর্ণস্য ভূষণং শাস্ত্রং ভূষণৈঃ কিং প্রয়োজনম্॥

হস্তের ভূষণ অকাতরে বিতরণ।
কণ্ঠের ভূষণ হয় সুসত্য ভাষণ॥
একমাত্র শাস্ত্রজ্ঞান কর্ণের ভূষণ।
কিবা আছে অন্য ভূষণের প্রয়োজন॥

সৎপুত্রকথা।

(১১)

কোঽর্থঃ পুত্রেণ জাতেন যো ন বিদ্বান্ ন ধার্ম্মিকঃ
কাণেন চক্ষুষা কিংবা চক্ষুঃপীড়ৈব কেবলম্।

জন্মিলে তনয় বল কি ফল হইবে।
যে তনয় যথাকালে শিক্ষা না লভিবে॥
বিদ্যাহীন ধর্ম্মহীন পুত্রে কি বা ফল?
কাণা চক্ষে ফল কিবা—কষ্টই কেবল॥

(১২)

অস্তি পুত্রো বশে যস্য ভৃত্যো ভার্য্যা তথৈব চ।
অভাবে সতি সন্তোষঃ স্বর্গস্থোঽসৌ মহীতলে॥

যাহার তনয় সদা বশীভূত হয়।
ভৃত্য ভার্য্যা যার সদা অনুরক্ত রয়॥
অভাব হ'লেও রয় তুষ্ট যাঁর মন।
মর্ত্ত্যেও স্বর্গের সুখ ভুঞ্জে সেই জন॥

(১৩)

দুর্লভং সুনৃতং বাক্যং দুর্লভঃ পণ্ডিতঃ সুতঃ।
দুর্লভা সদৃশী ভার্য্যা দুর্লভঃ স্বজনঃ প্রিয়ঃ॥

মনোহর হিতকর যথার্থ বচন।
মা বাপের প্রিয়কারী পণ্ডিত নন্দন॥
মনোমত পত্নী আর সুপ্রিয় সুজন।
সংসারে দুর্লভ হয় এ চারি রতন॥

দুর্জ্জন-প্রসঙ্গঃ।

(১৪)

দুর্জ্জনঃ প্রিয়বাদী চ নৈতদ্‌বিশ্বাসকারণম্।
মধু তিষ্ঠতি জিহ্বাগ্রে হৃদয়ে তু হলাহলম্॥

যদ্যপি দুর্জ্জন করে প্রিয় সম্ভাষণ।
সে কথাতে না করিবে বিশ্বাস স্থাপন॥
জিহ্বার অগ্রেতে তার সদা মধু রয়।
হলাহলে পূর্ণ কিন্তু তাহার হৃদয়॥

(১৫)

দুর্জ্জনঃ পরিহর্ত্তব্যো বিদ্যয়ালঙ্কৃতোঽপি সন্।
মণিনা ভূষিতঃ সর্পঃ কিমসৌ ন ভয়ঙ্করঃ॥

যদ্যপি দুর্জ্জন হয় বিদ্যায় ভূষিত।
তথাপি তাহারে ত্যাগ করাই উচিত॥
শিরোদেশে শোভা করে মণি মনোহর।
নহে কি সে বিষধর ফণী ভয়ঙ্কর?

(১৬)

সর্পঃ ক্রূরঃ খলঃ ক্রূরঃ সর্পাৎ ক্রূরতরঃ খলঃ।
মন্ত্রৌষধিবশঃ সর্পঃ খলঃ কেন নিবার্য্যতে॥

সর্প ক্রূর খল ক্রূর দু'ই দুষ্ট জন।
বিষধর হতে দুষ্টজনই ভীষণ॥

পরোপকার-কথা।

(১৭)

ধনানি জীবিতঞ্চৈব পরার্থে প্রাজ্ঞ উৎসৃজেৎ।
সন্নিমিত্তে বরং ত্যাগো বিনাশে নিয়তে সতি॥

পর-হিত কামনায় প্রাজ্ঞ ব্যক্তিগণ।
ধন প্রাণ করিবেন সদা বিসর্জ্জন॥
বিনাশ অবশ্য যার আছে সুনিশ্চিত।
সাধু কার্য্যে ব্যয় তার একান্ত উচিত॥

(১৮)

ক্ষময়া দয়য়া প্রেম্ণা সুনৃতেনার্জ্জবেন চ।
বশীকুর্য্যাৎ জগৎ সর্ব্বং বিনয়েন চ সেবয়া॥

ক্ষমা দয়া অকপট-হৃদয়-প্রণয়।
যথার্থ বচন আর ভকতি বিনয়॥
সদা সরলতা গুণ থাকিবে যাহার।
এ সবে সে বাধ্য করে সকল সংসার॥

অবশ্য-বর্জ্জ্যম্।

(১৯)

পরদারান্ পরদ্রব্যং পরীবাদং পরস্য চ।
পরিহাসং গুরোঃ স্থানে চাপল্যঞ্চ বিবর্জ্জয়েৎ॥

পরদার পরদ্রব্য করিবে বর্জ্জন।
না করিবে পরনিন্দা কদাচ কীর্ত্তন॥
গুরুজন-সন্নিধানে হাস্য পরিহাস।
কিংবা না করিবে কভু চাপল্য প্রকাশ॥

(২০)

অতি দর্পে হতা লঙ্কা অতিমানে চ কৌরবাঃ
অতিদানে বলির্ব্বদ্ধঃ সর্ব্বমত্যন্তগর্হিতম্ ॥

অতিদর্পে হত হ'ল লঙ্কার রাবণ।
অতিমানে সবংশে মরিল দুর্য্যোধন ॥
অতিদানে রসাতলে বলি বদ্ধ হয়।
অতিশয় বাড়াবাড়ি নিন্দিত নিশ্চয় ॥

(২১)

মূর্খে নিযোজ্যমানে তু ত্রয়ো দোষা মহীপতেঃ
অযশশ্চার্থনাশশ্চ নরকে গমনং তথা ॥

না বুঝিয়া মূর্খজনে দিলে কার্য্যভার।
এই তিন মহাদোষ ঘটে সে রাজার ॥
অপযশ অর্থনাশ হয় ইহ কালে।
নরকে নিবাস তার হয় পরকালে ॥

(২২)

বহুভির্মূর্খসংঘাতৈরন্যোন্যপশুবৃত্তিভিঃ।
প্রচ্ছাদ্যন্তে গুণাঃ সর্ব্বে মেঘৈরিব দিবাকরঃ।

পরস্পর পশুবৃত্তি-পরায়ণ জন।
এমত অনেক মূর্খ যাহার বেষ্টন ॥
মেঘ যথা সূর্য্যদেবে রাখে আচ্ছাদিয়া ॥
সেইরূপ তার গুণ রাখে চাপা দিয়া ॥

(২৩)

হেলা স্যাৎ কার্য্যনাশায় বুদ্ধিনাশায় নিঃস্বতা।
যাচ্ঞা প্রাণমাননাশায় সর্ব্বনাশায় কুক্রিয়া ॥

অবহেলা দোষে সব কার্য্য নষ্ট হয়।
দরিদ্রতা দোষে দেখ বুদ্ধি হয় ক্ষয়॥
যাচ্ঞায় নিশ্চয় হয় মানের বিনাশ।
যে করে কুক্রিয়া তার হয় সর্ব্বনাশ॥

(২৪)

তস্করস্য কুতো ধর্ম্মো দুর্জ্জনস্য কুতঃ ক্ষমা।
কৃপণস্য কুতো দানং কুতঃ সত্যঞ্চ লোভিনাম্॥

কোথা ধর্ম্ম আছে বল যে হয় তস্কর।
কোথা তার ক্ষমা গুণ দুর্জ্জন যে নর॥
দানশক্তি কভু নাহি থাকিবে কৃপণে।
সত্য ব্যবহার কভু নাহি লোভিজনে॥

(২৫)

কুদেশঞ্চ কুবৃত্তিঞ্চ কুভার্য্যাং কুনদীন্তথা।
কুদ্রব্যঞ্চ কুভোজ্যঞ্চ বর্জ্জয়েচ্চ বিচক্ষণঃ॥

নিন্দনীয় দেশে বাস কুবৃত্তি করণ।
কুজলা নদীর সেবা কুদ্রব্য গ্রহণ॥
কুলক্ষণা পত্নী আর কুখাদ্য ভোজন।
যথাসাধ্য ত্যজিবেক বিচক্ষণ জন॥

(২৬)

প্রেষিতস্য কুতো মানঃ কোপনস্য কুতঃ সুখম্।
দুর্ম্মুখস্য কুতঃ প্রীতিঃ কুতো মৈত্রং খলস্য চ॥ ১৬

পরের সেবক হ'লে কোথা মান তার।
কোপন জনের সুখ নাহি মিলে আর॥
দুর্ম্মুখ হইলে কোথা প্রীতি হয় মনে।
খলের প্রণয় নাহি থাকে কার সনে॥

যশঃ প্রশংসা।

(২৭)

যদি নিত্যমনিত্যেন নির্ম্মলং মলবাহিনা।
যশঃ কায়েন লভ্যেত তন্ন লব্ধং ভবেন্নু কিম্॥

দিয়া এই মলবাহী দেহ বিনশ্বর।
সতত নির্ম্মল যশ লভে যদি নর॥
সেই তবে পুণ্যবান্ তুচ্ছ ধন দিয়া।
অক্ষয় অমূল্য রত্ন লইল কিনিয়া॥

গুণমহিমা।

(২৮)

নমন্তি ফলিনো বৃক্ষা নমন্তি গুণিনো জনাঃ।
শুষ্ককাষ্ঠঞ্চ মূর্খশ্চ ভিদ্যতে ন তু নম্যতে॥

ফলবান বৃক্ষ ফলভরে নম্র হয়।
নিজগুণে গুণিগণ সদা নত রয়॥
কিন্তু শুষ্ক কাষ্ঠ আর বিদ্যাহীন জন।
ভাঙ্গে তবু নোয়ে নাহি পড়ে কদাচন॥

(২৯)

শরীরস্য গুণানাঞ্চ দূরমত্যন্তমন্তরম্।
শরীরং ক্ষণবিধ্বংসি কল্পান্তস্থায়িনো গুণাঃ॥

দেহে আর গুণে কভু তুলনা না হয়।
ক্ষণিক এ দেহ, গুণ—প্রলয়েও রয়॥

(৩০)

স জীবতি গুণা যস্য ধর্ম্মো যস্য স জীবতি।
গুণধর্ম্মবিহীনস্য জীবনং নিষ্প্রয়োজনম্॥

গুণে ধর্ম্মে বিভূষিত হয় যেই নর।
এ জগতে তাহাকেই জানিবে অমর॥
ধর্ম্মহীন গুণহীন যেই জন হয়।
বিফল জীবন তার জানিবে নিশ্চয়॥

(৩১)

সৎসঙ্গঃ কেশবে ভক্তির্গঙ্গাম্ভসি নিমজ্জনম্।
অসারে খলু সংসারে ত্রীণি সারাণি ভাবয়েৎ॥

সাধুসঙ্গ হরিভক্তি গঙ্গাজলে স্নান।
অসার সংসারে এই তিন সারবান্॥

(৩২)

আপদাং কথিতঃ পন্থা ইন্দ্রিয়াণামসংযমঃ।
তজ্জয়ঃ সম্পদাং মার্গো যেনেষ্টং তেন গম্যতাম্॥

আপদের পথ ইন্দ্রিয়ের অদমন।
সকল সুখের পথ ইন্দ্রিয়-শাসন॥
এইরূপ দুই পথ জানিয়া নিশ্চয়।
সেই পথে চল—যাহে শ্রেয়ো লাভ হয়॥

(৩৩)

সেবিতব্যো মহাবৃক্ষঃ ফলচ্ছায়াসমন্বিতঃ।
যদি দৈবাৎ ফলং নাস্তি ছায়া কেন নিবার্য্যতে॥

ছায়াফল যে বৃক্ষের দেখিতে পাইবে।
সেই মহাবৃক্ষকেই আশ্রয় করিবে॥
দৈববশে যদি তার নাহি মিলে ফল।
কেহ না ঘুচায় তার ছায়া সুশীতল॥

আয়ুঃ-সদ্ব্যবহারঃ।

(৩৪)

আয়ুষঃ ক্ষণ একোঽপি ন লভ্যঃ স্বর্ণকোটিভিঃ।
স চেন্নিরর্থকং নীতঃ কা নু হানিস্ততোঽধিকা॥

ক্ষণমাত্র জীবনের চলিয়া যাইলে।
না পাবে ফিরিয়া তাহা কোটি স্বর্ণ দিলে॥
অমূল্য জীবন সেই যদি বৃথা যায়।
তাহা হ'তে ক্ষতি কিবা আছে এ ধরায়?

(৩৫)

শরীরস্য গুণানাঞ্চ দূরমত্যন্তমন্তরম্।
শরীরং ক্ষণবিধ্বংসি কল্পান্তস্থায়িনো গুণাঃ॥

মানবের দেহ আর গুণরাশি যত।
পরস্পর দেখহ প্রভেদ তাহে কত॥
মানব-শরীর হয় সদা বিনশ্বর।
কল্পান্ত অবধি গুণ থাকে নিরন্তর॥

রোগপ্রতিক্রিয়া।

(৩৬)

ঋণশেষোঽগ্নিশেষশ্চ ব্যাধিশেষস্তথৈব চ।
পুনশ্চ বর্দ্ধতে যস্মাৎ তস্মাচ্ছেষং ন কারয়েৎ॥

ঋণ অগ্নি আর ব্যাধি নিঃশেষ করিবে।
না করিলে শেষে ইহা পুনশ্চ বাড়িবে॥

বলবিশেষঃ।

(৩৭)

দুর্ব্বলস্য বলং রাজা বালানাং রোদনং বলম্।
বলং মূর্খস্য মৌনিত্বং চৌরাণামনৃতং বলম্॥

একমাত্র নরপতি দুর্ব্বলের বল।
বালকগণের বল ক্রন্দন কেবল॥
মৌনই তাহার বল—মূর্খ যেই জন।
মিথ্যাই চোরের বল শাস্ত্রের কথন॥

(৩৮)

সমুদ্রাবরণা ভূমিঃ প্রাকারাবরণং গৃহম্।
নরেন্দ্রাবরণো দেশশ্চরিত্রাবরণাঃ স্ত্রিয়ঃ॥

পৃথিবীর পয়োনিধি হয় আবরণ।
গৃহ আবরণ দৃঢ় প্রাচীর-বেষ্টন॥
নরপতি সকল দেশের আবরণ।
রমণীর আবরণ সতীত্ব-রতন॥

মানমহিমা।

(৩৯)

বরং প্রাণপরিত্যাগো মানভঙ্গেন জীবনাৎ।
প্রাণত্যাগে ক্ষণং দুঃখং মানভঙ্গে দিনে দিনে॥

মান যদি যায় তবে বিফল জীবন।
জীবন হইতে ভাল অবশ্য মরণ॥
ক্ষণেকের তরে প্রাণনাশে কষ্ট হয়।
মান-নাশে চিরদুঃখ জানিহ নিশ্চয়॥

পত্নীতঃ সুখকথা।

(৪০)

সুভিক্ষং কৃষকে নিত্যং নিত্যং সুখমরোগিণঃ।
ভার্য্যা ভর্ত্তুঃ প্রিয়া যস্য তস্য নিত্যোৎসবং গৃহম্

নিত্যই প্রভূত অন্ন কৃষকের গৃহে।
দেখিবে নিত্যই সুখ রোগহীন দেহে॥
পতি-প্রিয়কার্য্যে যার পত্নী অনুরক্ত॥
নিত্যই তাহার গৃহ আমোদে পূরিত॥

ধর্ম্মকথা।

(৪১)

প্রথমে নার্জ্জিতা বিদ্যা দ্বিতীয়ে নার্জ্জিতং ধনম্।
তৃতীয়ে নার্জ্জিতং পুণ্যং চতুর্থে কিং করিষ্যতি॥

যে জন শৈশবকালে বিদ্যা না শিখিল।
যৌবনকালেও নাহি ধন উপার্জ্জিল॥
বৃদ্ধকালে ধর্ম্মকর্ম্ম যার না হইল।
সে জন অন্তিমকালে কি করিবে বল!॥

(৪২)

শীলেন হি ত্রয়ো লোকাঃ শক্যা জেতুং ন সংশয়ঃ।
ন হি কিঞ্চিদসাধ্যং বৈ লোকে শীলবতাং ভবেৎ

সুন্দর স্বভাব যেবা পারে শিখিবারে।
অসাধ্য তাহার কিছু নাহিক সংসারে॥
সুচরিত্রগুণে তিন লোক বশীভূত।
সুচরিত্রে সিদ্ধি সব জানিবে নিশ্চিত॥

বিদ্যাপ্রসঙ্গঃ।

(৪৩)

নাংশিভির্নীয়তে ভাগশ্চৌরেণাপি ন নীয়তে।
দানেন বর্দ্ধতে নিত্যং বিদ্যারত্নং মহাধনম্॥

অংশিজনে কভু অংশ না পারে লইতে।
নাহি পারে তস্করেও হরণ করিতে॥
ততই বাড়িবে নিত্য যত কর দান।
আছে কিবা মহাধন বিদ্যার সমান?॥

(৪৪)

অনেকসংশয়োচ্ছিদি. পরোক্ষার্থস্য দর্শনম্।
সর্ব্বস্য লোচনং শাস্ত্রং যস্য নাস্ত্যন্ধ এব সঃ॥

মনের সন্দেহ সব যে করে ছেদন।
পরোক্ষ বস্তুর যাহে মিলে দরশন॥
একমাত্র সেই শাস্ত্র সবার নয়ন।
সে নয়নহীন যে বা—অন্ধ সেইজন॥

(৪৫)

প্রবিচার্য্যোত্তরং দেয়ং সহসা ন বদেৎ ক্বচিৎ।
শত্রোরপি গুণা গ্রাহ্যা দোষাস্ত্যাজ্যা গুরোরপি॥

বিচার করিয়া অগ্রে উত্তর করিবে।
বুঝিয়া সুঝিয়া কথা সতত কহিবে॥
শত্রুতেও শ্রেষ্ঠ গুণ থাকিলে শিখিবে।
গুরুতে থাকিলে দোষ তাহাও ত্যজিবে॥

(৪৬)

অন্তঃপুরে পিতৃতুল্যাৎ মাতৃতুল্যাৎ মহানসে।
গোষু চাত্মসমং দদ্যাৎ স্বয়মেব কৃষিং ব্রজেৎ॥

অন্তঃপুর-ভার পিতৃতুল্যে নিয়োজিবে।
রন্ধন-গৃহের ভার মাতৃতুল্যে দিবে॥
গো-সেবার ভার আত্মতুল্যে সমর্পিবে।
আপনিই কৃষিকার্য্যে গমন করিবে॥

মহাত্ম-দুরাত্মানৌ।

(৪৭)

মনস্যন্যদ্‌বচস্যন্যৎ কর্ম্মণ্যন্যদ্‌দুরাত্মনাম্‌।
মনস্যেকং বচস্যেকং কর্ম্মণ্যেকং মহাত্মনাম্‌॥

মনে এক মুখে আর কার্য্যেও অপর।
যার দেখিবেক সেই দুরাত্মা পামর॥
মহাত্মার যাহা মনে বচনেও তাই।
কার্য্যেও দেখিবে তাহা অন্তভাব নাই॥

(৪৮)

আ জীবনান্তাৎ প্রণয়াঃ কোপাস্তু ক্ষণভঙ্গুরাঃ।
পরিত্যাগাশ্চ নিঃসঙ্গা ভবন্তি হি মহাত্মানাম্‌॥

যত দিন থাকে প্রাণ টলে না প্রণয়।
হ'লেও কখন ক্রোধ ক্ষণকালে লয়॥
কামনা বিহীন মন স্বার্থ-বিসর্জ্জন।
এ সকল মহাত্মার জানিবে লক্ষণ॥

দারিদ্রতা।

(৪৯)

কষ্টা বৃত্তিঃ পরাধীনা কষ্টো বাসো নিরাশ্রয়ঃ।
নির্ধনো ব্যবসায়শ্চ সর্ব্বকষ্টা দরিদ্রতা॥

পরাধীন হয়ে যেবা জীবন ধারণ।
আর পরবাস মহাকষ্টের কারণ॥
ব্যবসায়ে কষ্ট যদি ধন অপ্রচুর।
কভু দরিদ্রের কষ্ট নাহি হয় দূর॥

শত্রুদ্ধারঃ।

(৫০)

উপকারগৃহীতেন শত্রুণা শত্রুমুদ্ধরেৎ।
পাদলগ্নং করস্থেন কণ্টকেনৈব কণ্টকম্॥

উপকার করি শত্রু স্ববশে আনিবে।
এক শত্রু দিয়া অন্য শত্রু বিনাশিবে॥
কণ্টক যেরূপ এক স্বকরে ধরিয়া।
পাদবিদ্ধ কণ্টকেরে তুলে তাহা দিয়া॥

আকরদোষঃ।

(৫১)

অদাতৃত্বং বংশদোষাৎ কর্ম্মদোষাৎ দরিদ্রতা
রুগ্নতা মাতৃদোষেণ পিতৃদোষেণ মূর্খতা॥

স্বকুলের দোষে লোক দাতা নাহি হয়।
কর্ম্মদোষে মানুষের ধন নাহি রয়॥
জননীর দোষে পুত্র রুগ্নকায় হয়।
পিতৃদোষে পুত্র মূর্খ হইবে নিশ্চয়॥

নিষ্ঠুরতা।

(৫২)

যোঽত্তি যস্য যদা মাংসমুভয়োঃ পশ্যতান্তরম।
একস্য ক্ষণিকা প্রীতিরন্যঃ প্রাণৈর্বিমুচ্যতে॥

এক জীব দেখ অপরের মাংস খায়।
পরস্পর কি প্রভেদ বুঝহ তাহায়॥
ক্ষণমাত্র খাদকের সুখের উদয়।
হতভাগ্য খাদ্য জীব প্রাণে ম'রে যায়॥

(৫৩)

স্বচ্ছন্দবনজাতেন শাকেনাপি প্রপূর্য্যতে।
অস্য দগ্ধোদরস্যার্থে কঃ কুর্য্যাৎ পাতকং মহৎ॥

আপনা হইতে শাক বনে জন্মি রয়।
তাহাতেই উদরের পরিপূর্ত্তি হয়॥
তবে এই পোড়া পেট পূরণের তরে।
কেন বা পামর নর মহাপাপ করে॥

গুণ-প্রশংসা।

(৫৪)

শরীরস্য গুণানাঞ্চ দূরমত্যন্তমন্তরম্।
শরীরং ক্ষণবিধ্বংসি কল্পান্তস্থায়িনো গুণাঃ॥

মানবের দেহ আর গুণরাশি যত।
পরস্পর দেখহ প্রভেদ তায় কত॥
মানব-শরীর হয় সদা বিনশ্বর।
কল্পান্ত অবধি গুণ থাকে নিরন্তর॥

খলনিন্দা।

(৫৫)

প্রেষিতস্য কুতো মানঃ কোপনস্য কুতঃ সুখম্।
দুর্ম্মুখস্য কুতঃ প্রীতিঃ কুতো মৈত্রং খলস্য চ॥

পরের সেবক হ'লে কোথা মান তার।
কোপন জনের সুখ নাহি মিলে আর॥
দুর্ম্মুখ হইলে কোথা প্রীতি হয় মনে।
খলের প্রণয় নাহি থাকে কার সনে॥

ধর্ম্মগৌরবম্।

(৫৬)

এক এব সুহৃদ্ধর্ম্মো নিধনেঽপ্যনুযাতি যঃ।
শরীরেণ সমং নাশং সর্ব্বমন্যত্তু গচ্ছতি॥ ১৭

অসার সংসার মাঝে ধর্ম্ম মাত্র সার।
ধর্ম্মকে আশ্রয় করি হও ভব পার॥
মরণ হ'লেও ধর্ম্ম না ছাড়ে মানবে।
আর সব দেহসনে বিলুপ্ত হইবে॥

(৫৭)

জীর্ণমন্নং প্রশংসেচ্চ ভার্য্যাঞ্চ গতযৌবনাম্।
রণাৎ প্রত্যাগতং শূরং শস্যঞ্চ গৃহমাগতম্॥

যতক্ষণ ভুক্ত অন্ন জীর্ণ নাহি হয়।
যৌবন ভার্য্যার দেহে যত দিন রয়॥
রণে জয়ী হয়ে বীর যবে নাহি ফিরে।
ততক্ষণ প্রশংসা না করিবে তাহারে॥

অসম্ভাব্যমপ্রকাশ্যম্।

(৫৮)

অসম্ভাব্যং ন বক্তব্যং প্রত্যক্ষমপি দৃশ্যতে।
শিলা তরতি পানীয়ে গীতং গায়ন্তি বানরাঃ॥

অসম্ভব কথা কভু নাহি প্রকাশিবে।
প্রত্যক্ষ হ'লেও তবু কভু না কহিবে॥
শিলা জলে ভাসি যায়, কপি গীত গায়।
কভু সম্ভবিতে পারে—কে করে প্রত্যয়॥

অহঙ্কার-মত্তত্য।

(৫৯)

অবংশপতিতো রাজা মূর্খস্ত পণ্ডিতঃ সুতঃ।
অধনশ্চ ধনং প্রাপ্য তৃণবন্মন্যতে জগৎ॥

কুবংশ পতিত যদি পায় রাজ্যভার।
সুপণ্ডিত হয় যদি মূর্খের কুমার॥
ধনহীন জন যদি পায় বহুধন।
জগৎ তৃণের মত করে দরশন॥

অসার্থকতা।

(৬০)

হতমশ্রোত্রিয়ং শ্রাদ্ধং হতো যজ্ঞস্ত্বদক্ষিণঃ।
হতা রূপবতী বন্ধ্যা হতং সৈন্যমনায়কম্॥

বেদজ্ঞ ব্রাহ্মণ বিনা শ্রাদ্ধ বৃথা যায়।
দক্ষিণাবিহীন যজ্ঞ সিদ্ধি নাহি পায়॥

কন্যা তারে বলি রূপবতী বন্ধ্যা হ'লে।
সেনাপতি বিনা সেনা নষ্ট রণস্থলে ॥

ষোড়শ অধ্যায় সমাপ্ত ॥ ১৬ ॥

সপ্তদশঃ অধ্যায়ঃ।

কুশলতা।

(১)

বিদ্যাঘাতো হ্যনভ্যাসঃ স্ত্রীণাং ঘাতঃ কুচেলতা।
ব্যাধীনাং ভোজনাজ্জীর্ণং শত্রোর্ঘাতঃ প্রপঞ্চতা ॥

(২)

তস্করস্য বধো দণ্ডঃ কুমিত্রস্যাল্পভাষণম্।
পৃথক্ শয্যা তু নারীণাং ব্রাহ্মণস্যানিমন্ত্রণম্ ॥

কুবসনে নারী ম্লান, শাস্ত্র অচর্চ্চায়,
জীর্ণে রোগ, চোর দণ্ডে শত্রু বিস্পর্দ্ধায়;
মন্দ মিত্র অল্প ভাষে, স্ত্রী ভিন্ন শয্যায়,
বিপ্রের অনিমন্ত্রণে বেশ শিক্ষা পায় ॥

(৩)

দুর্জ্জনাঃ শিল্পিনো দাসা দুষ্টাশ্চ পটহাঃ স্ত্রিয়ঃ।
তাড়িতা মার্দ্দবং যান্তি ন তে সৎকারভাজনম্ ॥

শিল্পী দাস দুষ্ট ঢক্কা নারী ও দুর্জ্জন।
তাড়নেই মৃদু—নহে সৎকারভাজন ॥

কৃপণকথা।

(৪)

উপভোক্তুং ন জানাতি কদাপি কৃপণো জনঃ।
আকণ্ঠজলমগ্নোঽপি কুক্কুরো লেঢ়ি জিহ্বয়া॥

কৃপণের ধন হয় অত্যন্ত অসার,
কভু নাহি ভোগ করে—মায়া হয় তার।
কুক্কুর আকণ্ঠ জলে যায় পিপাসায়,
চেটে চেটে মরে তবু মুখ না ডুবায়॥

স্বভাবঃ।

(৫)

ন মাতা শপতে পুত্রং ন দোষো লভতে মহীম্।
ন হিংসাং কুরুতে সাধুর্ন দেবঃ সৃষ্টিনাশকঃ॥

তনয়েরে শাপ মাতা না দেন কখন,
পৃথ্বী অপবিত্র নাহি হন কদাচন।
সাধুজন হিংসা কার্য্যে না হন উন্মুখ,
দেবতাও সৃষ্টি নাশে সদা পরাঙ্মুখ॥

(৬)

পাদপানাং ভয়ং বাতাৎ পদ্মানাং শিশিরাদ্ ভয়ম্
পর্ব্বতানাং ভয়ং বজ্রাৎ সাধুনাং দুর্জ্জনাদ্ ভয়ম্॥

বৃক্ষের বাতাস আর পদ্মের শিশির।
সাধুর দুর্জ্জন হ'তে ভয়-জেনো স্থির॥

প্রয়োজন-প্রশস্ততা।

(৭)

পুত্রপ্রয়োজনা দারাঃ পুত্রঃ পিণ্ডপ্রয়োজনম্।
হিতপ্রয়োজনং মিত্রং ধনং সর্ব্বপ্রয়োজনম্॥

পুত্র জন্য সুপত্নীর প্রয়োজন হয়,
পিণ্ডার্থ সুপুত্র প্রয়োজন সুনিশ্চয়।
হিতপ্রাপ্তি তরে সুহৃদের প্রয়োজন,
সকল বিষয়ে প্রয়োজন হয় ধন॥

নিষ্প্রভতা।

(৮)

প্রদোষে নিহতঃ পন্থাঃ পতিতা নিহতাঃ স্ত্রিয়ঃ।
অল্পবীজং হতং ক্ষেত্রং ভৃত্যদোষাৎ হতপ্রভুঃ॥

সন্ধ্যাকালে অন্ধকারে পথ হত হয়,
দূষিত-চরিত্র নারী হত অতিশয়।
অল্প বীজ ক্ষেত্রে দিলে বিফল বপন,
ভৃত্য-দোষে ধ্রুব হয় প্রভুর পতন॥

(৯)

ব্রহ্মহাপি নরঃ পূজ্যো যস্যাস্তি বিপুলং ধনম্।
শশিনঃ সমবংশোঽপি নির্ধনঃ পরিভূয়তে॥

অত্যন্ত হীনও পূজ্য যদি ধনবান্।
নির্ধন নির্ম্মল-বংশ নাহি পায় মান॥

(১০)

রোগী চিরপ্রবাসী পরান্নভোজী পরাবসথশায়ী।
যজ্জীবতি তন্মরণং যন্মরণং সোঽস্য বিশ্রামঃ॥

রোগী চির-বিদেশস্থ পরান্ন-জীবন,
আর যার চির পর-আবাসে শয়ন;
বাঁচিয়া থাকাই তার মরণ নিশ্চয়,
মরণ বিশ্রান্তি বলে গণ্য তার হয়।

(১১)

যস্মিন্ কর্ম্মণি সিদ্ধেঽপি ন দৃশ্যতে ফলোদয়ঃ।
বিপত্তৌ চ মহদ্দুঃখং তদবুধঃ কথমাচরেৎ॥

যে কার্য্যে হ'লেও সিদ্ধি নাহি ফলোদয়।
অসিদ্ধে বিপদ্—তাহা প্রাজ্ঞ-ত্যাজ্য হয়॥

কৃপণ-পরিণামঃ।

(১২)

নগ্না ব্যসনিনো রুক্ষাঃ কপালাঙ্কিতপাণয়ঃ।
দর্শয়ন্তীহ লোকস্য অদাতুঃ ফলমীদৃশম্॥

(১৩)

শিক্ষয়ন্তি ন যাচন্তি দেহীতি কৃপণাঃ জনাঃ।
অবস্থেয়মদানস্য মাভূদেবং ভবানপি॥

সঞ্চিত কৃপণ-ধন যদি নষ্ট হয়,
কপালে করিয়া করাঘাত ইহা কয়।
"করি নাই ব্যয় তাই হ'ল ধন ক্ষয়,
না করিও কেহ যেন এরূপ সঞ্চয়।"
এই ব'লে "দেহি দেহি" রবে ভিক্ষা করে,
সে ভিক্ষায় যেন শিক্ষা দেয় সর্ব্বকারে॥

(১৪)

ন দেবেভ্যো ন বিপ্রেভ্যো বন্ধুভ্যো নৈব চাত্মনি।
কদর্য্যস্য ধনং যাতি অগ্নিতস্কররাজসু॥

নিজে নাহি খায় নাহি দেয় দেবতায়,
বিপ্র ও বান্ধবে এক কড়ি না বিলায়।
অগ্নি চোর কিংবা রাজা যে কেহ তাহার,
সে ধনের অধিকারী হয় অনিবার॥

কাম-দুর্ব্বারতা।

(১৫)

নাগ্নিস্তৃপ্যতি কাষ্ঠানাং নাপগানাং মহোদধিঃ।
নান্তকঃ সর্ব্বভূতানাং ন পুংসাং বামলোচনা॥

পাবকের বাড়ে ক্ষুধা কাষ্ঠ যত খায়।
সাগরের তৃষ্ণা বাড়ে যত জল পায়।
সর্ব্বভূতে করি গ্রাস অন্তক যেমন,—
অতৃপ্ত, কামিনীসেবী জানিবে তেমন॥

(১৬)

ন জাতুঃ কামঃ কামানামুপভোগেন শাম্যতি।
হবিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্দ্ধতে॥

উপভোগে উপশম কামের না হয়।
ঘৃত যোগে বহ্নিতুল্য বর্দ্ধিতই রয়॥

(১৭)

ন তৃপ্তিরস্তি শিষ্টানাং মিষ্টানাং প্রিয়বাদিনাম্।
দুঃখানাঞ্চ সুতানাঞ্চ জীবিতস্য বরস্য চ॥

শিষ্টসনে মিষ্টালাপে প্রিয়সম্ভাষণে।
স্বকীয় দুঃখের বার্ত্তা বলে অন্যজনে।
পুত্র কিংবা নিজ আয়ু বিষয়ে কখন।
আকাঙ্ক্ষার অন্ত কেহ না করে দর্শন॥

বিদ্যার্থি-কর্ত্তব্যম্।

(১৮)

ভোজনে ভোজনং চিত্তং ন কুর্য্যাচ্ছাস্ত্রসেবকঃ
সুদূরমপি বিদ্যার্থী ব্রজেদ্ গরুড়বেগবৎ।

বিদ্যার্থী ভোজনে নাহি আসক্ত হইবে।
বিদেশে গরুড়বেগে গমন করিবে॥

দুর্দৈব-সুদৈবে।

(১৯)

অনর্থা হ্যর্থরূপেণ অর্থাশ্চানর্থরূপিণঃ।
ভবন্তি হি বিনাশায় দৈবাত্তত্তস্য রোচতে॥

(২০)

কার্য্যকালোচিতাপায়ৈর্মতির্বুদ্ধির্বিহীয়তে।
সানুকূলা তু বৈ দৈবাৎ পুংসঃ সর্ব্বত্র জায়তে॥

দুর্দৈবে অনর্থ অর্থরূপে উপস্থিত,
অর্থও অনর্থরূপে হয় বিপরীত।

অনর্থেই মানবের রুচি বেশী হয়।
তাহাতেই নাশপ্রাপ্ত হয় সুনিশ্চয়॥

সেই দৈব সানুকূল হইবে যখন।
অহিত বিনষ্ট আর হিত সংঘটন॥

(২১)

উদ্‌যোগিনং পুরুষসিংহমুপৈতি লক্ষ্মীঃ,
দৈবেন দেয়মিতি কাপুরুষা বদন্তি।
দৈবং নিহত্য কুরু পৌরুষমাত্মশক্ত্যা,
যত্নে কৃতে যদি ন সিধ্যতি কোঽত্র দোষঃ॥

উদ্‌যোগী পুরুষসিংহে লক্ষ্মীরূপা হয়,
দৈব দেন এই কথা কাপুরুষে কয়।
দৈব দূরে রাখি কর সাধনে উদ্যম,
বৈফল্যে জানিবে তব আছে কোনো ভ্রম॥

দৈব-পুরুষকার-কথা।

(২২)

উদ্‌যোগেন কৃতে কার্য্যে সিদ্ধির্যস্য ন বিদ্যতে।
দৈবং তস্য প্রমাণং হি কর্ত্তব্যং পৌরুষং তদা॥

উদ্‌যোগ করিলে যদি সিদ্ধি নাহি হয়,
দৈবাধীন বলে তাহা বুঝিবে নিশ্চয়।
কিন্তু তাই বলে তায় ক্ষান্ত না হইবে,
পুনশ্চ পুরুষকার অবশ্য করিবে॥

(২৩)

দৈবং পুরুষকারশ্চ দ্বাবেতৌ পুরুষার্থদৌ।
পূর্ব্বজন্মকৃতং কর্ম্ম তদ্দৈবমিহ কথ্যতে॥

দৈব ও পুরুষকার দুই প্রয়োজন,
দু'এর সংযোগে পুরুষার্থের সাধন।
পূর্ব্ব কৃত কর্ম্মে হয় সাধনে যতন,
তাহাই একালে দৈব শাস্ত্রের কথন॥

---

(২৪)

উভাভ্যামের পক্ষাভ্যাং যথা খে পক্ষিণাং গতিঃ।
তথা দৈবেন যুক্তন্ত পৌরুষং ফলসাধকম্॥

উভয় পাখায় যথা করিয়া নির্ভর,
পক্ষীরা উড়িয়া যায় গগন উপর।
দৈব ও পুরুষকার তদ্রূপ উভয়,
মানুষের সিদ্ধিপথে প্রয়োজন হয়॥

সম্পূর্ণ।

—:০:—